دیوان عزیز

দিওয়ান-ই আযীয

[উচ্চারণসহ বাংলা অনুবাদ]

মূল

ইমামে আহলে সুন্নাত, পীরে ত্বরীক্বত, তাজুল ওলামা, রঈসুল ফুক্বাহা, জামালুল মুতাকাল্লিমীন [illegible] শারফুল মুনাযিরীন, ফখরুল ওয়া'ইযীন [illegible] মুসান্নিফুল ইসলাম, মুজাহিদে আ'যম, আশিক্বে রসূল-ই মোক্তার [illegible]

সৈয়দ মুহাম্মদ আযীযুল হক শেরে বাংলা আল্-ক্বাদেরী

[রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি]

বাংলা অনুবাদঃ মাওলানা মুহাম্মদ আবদুল মান্নান

প্রকাশক
সাহেবযাদা মাওলানা সৈয়দ মুহাম্মদ বদরুল হক আল্-ক্বাদেরী

নিরীক্ষণ
শের-ই মিল্লাত মুফতী ওবাইদুল হক নঈমী
উস্তাযুল ওলামা মাওলানা আহমদুল হক (পটিয়া)
মাওলানা মুফতী মুহাম্মদ ইব্রাহীম আল্-ক্বাদেরী
মাওলানা মুহাম্মদ ফজলুল করীম

প্রুফ রিডিং সহযোগী
মাওলানা মুহাম্মদ রিদ্ওয়ান

প্রকাশকাল
দ্বিতীয় প্রকাশ : ২০০০ কপি
১২ রজব, ১৪৩৩হিজরি
জুন, ২০১২ইং

প্রথম প্রকাশ
২০০০ কপি
১১ রবিউল আখির ১৪৩০ হিজরী
২৪ চৈত্র ১৪১৫ বাংলা
৭ এপ্রিল, ২০০৯ ইংরেজী

মুদ্রণ
সাগরিকা প্রিন্টার্স
চট্টগ্রাম।

হাদিয়া : ২৫০/= টাকা মাত্র

সর্বস্বত্ব প্রকাশকের

'Dewan-i-Aziz' written by Imam-i-Ahle Sunnat Allama Ghazi Syed Muhammad Azizul Haq Al-Qaderi Rahmatullahi Alaihi, translated in bengali with pronounciation by Moulana Muhammad Abdul Mannan and published by Sahibzada Moulana Syed Muhammad Badrul Haq Al-Qadery (Darbar Sharif, Imam Ghazi Sher-i-Bangla, Hathazari, Chittgagong, Bangladesh), price Tk.250/= Only

অভিমত

বিসমিল্লাহির রাহমানির রাহীম
নাহমাদুহূ ওয়া নুসাল্লী ওয়া নুসাল্লিমু আলা হাবীবিহিল কারীম
ওয়া 'আলা আলিহী ওয়া আসহাবিহী আজমা'ঈন

খৃষ্টীয় বিংশ শতাব্দীর মাঝামাঝিতে যখন বিভিন্ন বাতিল সম্প্রদায় এ দেশের মানুষের ঈমান-আক্বীদা ও আমলের উপর বিভিন্নভাবে হামলা চালিয়ে আসছিলো, তখন যে মর্দে মুজাহিদ তাঁর খোদাপ্রদত্ত অসাধারণ জ্ঞান ও অপ্রতিরোধ্য খোদা ও রসূলপ্রেম, দ্বীন ও মাযহাব এবং মানুষের প্রতি ভালবাসার সমরসাজে এগিয়ে এসেছিলেন এবং সমস্ত বাতিলের সাথে সফল মোকাবেলা করে জয়ী হয়েছিলেন আর এ দেশের বুকে ইসলামের প্রকৃত আদর্শকে প্রতিষ্ঠা করেছিলেন তিনি হলেন ইমামে আহলে সুন্নাত সুন্নী মুসলমানদের নয়নমণি আল্লামা গাযী আযীযুল হক্ব শেরে বাংলা আল্-ক্বাদেরী রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি। বলা বাহুল্য, তদানীনন্তন কালীন বাতিলপন্থীদের মধ্যে বেশি তৎপর ছিলো ওহাবী-দেওবন্দী, মওদূদী ও কাদিয়ানী মতবাদের লোকেরা। আল্‌হামদু লিল্লাহ্! আমাদের প্রাণপ্রিয় ইমামে আহলে সুন্নাত সব ক'টি চলমান বাতিলপন্থীর সাথে সফল মোকাবেলা করে তাদেরকে চিহ্নিত করে দিতে সক্ষম হয়েছিলেন। এ ক্ষেত্রে তাঁর বহুমুখী অবদানের মধ্যে তাঁর লিখনীগুলো অন্যতম। তাঁর লিখনীগুলোর মধ্যে 'দিওয়ান-ই আযীয' সর্বাধিক প্রসিদ্ধ। এতে বহু বিষয়ের অকাট্য প্রমাণাদি ও যুগোপযোগী বহু প্রশ্নের উত্তর বিদ্যমান, যেগুলো সুন্নী মুসলমানদের জন্য পাথেয় ও বিপক্ষীয়দের জন্য সঠিকপথের দিকনির্দেশনা। বলাবাহুল্য, তাঁর অন্য কিতাবগুলোও একেকটি প্রামাণ্য পুস্তক। 'দিওয়ান-ই আযীয' খোদ্ রচয়িতা মহোদয় মুদ্রণের ব্যবস্থা করে পাঠকসমাজের হাতে পৌঁছিয়েছিলেন। আমি জেনে খুশি হলাম যে, 'দিওয়ান-ই আযীয' বাংলা অনুবাদ ও উচ্চারণসহ পুনঃপ্রকাশ হচ্ছে। এতে সর্বস্তরের পাঠকসমাজ বিশেষভাবে উপকৃত হবে। আমি কিতাবটির বহুল প্রচার কামনা করছি।

শুভেচ্ছান্তে-

ছৈয়দ মোহাম্মদ আমিনুল হক আলকাদেরী
সম্মানিত রচয়িতা মহোদয়ের জ্যেষ্ঠ সাহেবযাদা

প্রকাশকের বক্তব্য

বিসমিল্লাহির রাহমানির রাহীম

সুন্নী মুসলমানদের নয়নমণি, আলিমকুল শিরমণি, অসাধারণ জ্ঞান, বেলায়তী শক্তি ও অকৃত্রিম অদম্য ইশক্বে রসূলের ধারক, ইসলামের প্রকৃত রূপরেখা আহলে সুন্নাত ওয়া জামা'আতের অদ্বিতীয় শীর্ষস্থানীয় কর্ণধার, সর্বস্তরে সুন্নিয়ত প্রতিষ্ঠার অদম্য অনুপ্রেরণার শক্তিশালী উৎস, উস্তাযুল ওলামা, হযরতুল আল্লামা গাযী শেরে বাংলা আল্-ক্বাদেরী রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি 'ইমাম-ই আহলে সুন্নাত' হিসেবে আজীবন অসাধারণ অবদান রেখে মুসলিম সমাজের জন্য দৃষ্টান্ত কায়েম করে গেছেন। দ্বীনী জ্ঞানচর্চা, শিক্ষকতা, ওয়ায-নসীহত, মুনাযারা, সংগঠন প্রতিষ্ঠা, জনসেবা ও আদর্শ রাজনীতি ইত্যাদির সাথে সাথে তিনি সময়োচিত যথেষ্ট লিখনীর কাজও চালিয়ে গেছেন। তাঁর প্রামাণ্য ও নির্ভুল ওই লিখনীগুলোর মধ্যে 'দিওয়ান-ই আযীয' বিশেষভাবে প্রসিদ্ধ। ফার্সী ভাষায় রচিত তাঁর এ বিরাটাকার কাব্য শুধু ফার্সী কাব্যে তাঁর পাণ্ডিত্যই প্রমাণ করেনি, বরং এ কাব্যে তিনি দেশ-বিদেশের শত শত ওলী-বুযুর্গ, আলিম-ই দ্বীন, সমাজসেবক ও রাজনীতিক ব্যক্তিবর্গের জীবনের বিভিন্ন দিক তুলে ধরেছেন, অন্যদিকে এ গ্রন্থে তিনি বহু যুগজিজ্ঞাসার জবাবও অকাট্যভাবে দিয়েছেন। মোটকথা, বহুবিধ বৈশিষ্ট্যে সমৃদ্ধ এ কাব্যগ্রন্থ মুসলিম সমাজের জন্য একটি সঠিক দিক-নির্দেশক হিসেবে বিবেচিত হয়ে আসছে।

পরম সম্মানিত রচয়িতা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি তাঁর জীবদ্দশায় কাব্যগ্রন্থটি অতি সুন্দর ও নিখুঁতভাবে প্রকাশ করে গেছেন। দীর্ঘদিন যাবৎ তাঁরই প্রকাশিত কপিগুলোই সরবরাহ হয়ে আসছিলো। এক পর্যায়ে কপিগুলো সমাপ্ত হয়ে গেলে, সম্মানিত পাঠকদের চাহিদানুসারে গ্রন্থটির পুনঃমুদ্রণের প্রয়োজনীয়তা দেখা দেয়। সুতরাং বাংলাভাষী পাঠকদের সুবিধার্থে গ্রন্থটি বাংলায় উচ্চারণ ও অনুবাদসহ প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করি। এ যুগোপযোগী কাজটি সমাধা করে দিলেন- আমার স্নেহভাজন, বিশিষ্ট আলিম-ই দ্বীন, নির্ভিক লেখক ও গবেষক, পবিত্র ক্বোরআনের বিশুদ্ধ অনুবাদ ও তাফসীরগ্রন্থ 'কানযুল ঈমান ও খাযাইনুল ইরফান', 'কানযুল ঈমান ও নূরুল ইরফান' এবং 'মিরআতুল মানাজীহ শরহে মিশকাতুল মাসাবীহ'সহ বহু গ্রন্থের সফল অনুবাদক ও সংগঠক মাওলানা মুহাম্মদ আবদুল মান্নান। কিতাবটি বৃহত্তর অবয়বে (বাংলা অনুবাদ ও উচ্চারণসহকারে) যথাসময়ে ছাপিয়ে সম্মানিত পাঠক সমাজের হাতে উপস্থাপন করতে পেরে নিজেকে ধন্য মনে করছি। এ মহান কাজটি সমাধার জন্য মহা-পরাক্রমশালী আল্লাহ ও তাঁর মহান হাবীবের পবিত্রতম দরবারে শোকরিয়া আদায় করছি। ধন্যবাদ জানাচ্ছি- স্নেহভাজন অনুবাদক, নিরীক্ষকগণ ও অন্যান্য সহযোগীদেরকে।

সবশেষে, কিতাবটির এ সংস্করণটিও সম্মানিত পাঠকসমাজে সমাদৃত হলে নিজেদের পরিশ্রম ও উদ্যোগ সার্থক হবে। আল্লাহ্ পাক কবূল করুন! আমীন!!

ধন্যবাদান্তে

সৈয়দ মুহাম্মদ বদরুল হক আলকাদেরী

সম্মানিত রচয়িতা মহোদয়ের ছোট সাহেবযাদা

অনুবাদকের কথা

বিসমিল্লাহির রাহমানির রাহীম

নাহমাদুহূ ওয়া নুসাল্লী ওয়া নুসাল্লিমু আলা হাবীবিহিল কারীম ওয়া 'আলা আলিহী ওয়া আসহাবিহী আজমা'ঈন

মুসলিম সমাজের নির্ভুল পথপ্রদর্শক ও অনুকরণীয় আদর্শ, ইশক্বে রসূলের উজ্জ্বলতম পাযকর, সত্য, ন্যায় ও সুনিয়ত প্রতিষ্ঠার যথার্থ প্রেরণার অন্যতম উৎস, আমাদের প্রাণপ্রিয় ইমাম হযরতুল আল্লামা গাযী শেরে বাংলা সৈয়দ মুহাম্মদ আযীযুল হক্ব আল্-ক্বাদেরী রাহমাতুল্লাহি আলায়হির লিখিত 'দিওয়ান-ই আযীয' সুন্নী মুসলমানগণ তথা গোটা মুসলিম সমাজের জন্য অমূল্য প্রামাণ্য ফার্সী কাব্যগ্রন্থ। এতে রয়েছে উচ্চাঙ্গের ফার্সী ভাষায় লেখা হাম্দ, না'তসহ কয়েকশ' ওলী-বুযুর্গের প্রশংসা, তাঁদের মাযারগুলোর অবস্থান ও রূহানী প্রভাবের বিবরণ এবং কিছু সংখ্যক রাজনৈতিক ব্যক্তিত্বের আলোচনা আর কতিপয় বর্জনীয় লোকের কুকীর্তির বর্ণনা। এতে স্থান পেয়েছে তাঁর শিক্ষামূলক সফরনামা, সর্বোপরি এমন বহু মাসআলা-মাসাইলের সপ্রমাণ-সমাধান, যেগুলো নিয়ে বাতিলপন্থীরা সুন্নী মুসলমানদের সাথে বিতর্ক করে। তাই এ কিতাবটির বাংলা অনুবাদ হওয়ার প্রয়োজনীয়তা এবং এর মর্মকথা ব্যাপকভাবে পাঠকদের বোধগম্যতায় আনার আবশ্যকতা দীর্ঘদিন যাবৎ অনুভব করি।

সৌভাগ্যক্রমে সম্প্রতি সম্মানিত রচয়িতা রাহমাতুল্লাহি আলায়হির সাহেবযাদা আলহাজ্ব সৈয়দ বদরুল হক্ব আলক্বাদেরী এ কাব্যগ্রন্থ অনুবাদ সহকারে পুনঃপ্রকাশের ইচ্ছা ও সিদ্ধান্ত ব্যক্ত করলেন এবং আমাকে তা অনুবাদ করে দেয়ার জন্য সদয় আহ্বান জানালেন। আমি বিরাটাকার হাদীসগ্রন্থ 'মিরআতুল মানাজীহ ও মিশকাতুল মাসাবীহ'সহ কয়েকটা গুরুত্বপূর্ণ গ্রন্থের অনুবাদ, সম্পাদনা ও মুদ্রণের কাজের ব্যস্ততা সত্ত্বেও এ মহান কাজটি সম্পন্ন করাকে নিজের জন্য সৌভাগ্যের বিষয় বিবেচনা করে সম্মত হলাম।

ফার্সী ভাষার এ কাব্যগ্রন্থের অনুবাদ একটি কঠিন কাজ। তবুও এ ভরসায় এ কঠিন কাজে হাত দিলাম যে "প্রচেষ্টা আমার আর পূর্ণতা আসবে আল্লাহ্ জাল্লা শানুহুর পক্ষ থেকে।" হুযূর রাহমাতুল্লিল আলামীনের কৃপাদৃষ্টি, তদুপরি মহান রচয়িতা ও গ্রন্থে আলোচিত শত শত বুযুর্গদের রূহানী ফয়য তো থাকবেই আলহামদু লিল্লাহ। ২০০৮ সনের প্রথম তারিখে অনুবাদ আরম্ভ করি। দীর্ঘ ছ'মাসের ব্যবধানে অনুবাদ সমাপ্ত হয়।

অনুবাদকর্ম নিরীক্ষণ, সুন্দরভাবে ফার্সীর শব্দবিন্যাস ও প্রুফ রিডিং ইত্যাদির ক্ষেত্রে বিশেষ পরামর্শ ও সহযোগিতা দিয়েছেন আমার পরম শ্রদ্ধেয় শিক্ষাগুরু শেরে মিল্লাত শায়খুল হাদীস হযরতুল আল্লামা মুফতী ওবাইদুল হক নঈমী ও আমার পরম শ্রদ্ধেয় ওস্তাদ ও ফার্সী ভাষাবিশারদ হযরত মাওলানা আহমদুল হক (পটিয়া), মাওলানা মুহাম্মদ ফজলুল করীম, বন্ধুবর মাওলানা মুফতী মুহাম্মদ ইব্রাহীম আলক্বাদেরী, সুপ্রিয় মাওলানা মুহাম্মদ সিরাজুম্মুনীর শু'আঈব ও মাওলানা মুহাম্মদ রিদ্ওয়ান। এ কাব্যগ্রন্থটির উন্নত প্রকাশনা সুন্নীসমাজ তথা গোটা মুসলিম সমাজকে উপকৃত করবে- ইন্শা আল্লাহ্। আল্লাহ্ পাক আমাদের এ প্রয়াস কবূল করুন। আমীন।

(মাওলানা) মুহাম্মদ আবদুল মান্নান

দিওয়ান-ই আযীয

সূচীপত্র

ক্রম	বিষয়	পৃষ্ঠা
•	**সম্মানিত রচয়িতার জীবনী**	১৪
১	মহান আল্লাহর প্রশংসা	২৯
২.	সরওয়ার-ই কা-ইনাত সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর না'ত শরীফ	৩০
৩.	হযরত ইব্রাহীম আলায়হিস সালাম-এর প্রশংসা	৩৮
৪.	হযরত খাজা খিদ্বির আলায়হিস সালাম-এর প্রশংসা	৩৯
৫.	হযরত শেরে খোদা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু'র প্রশংসা	৩৯
৬.	মুজতাহিদ ইমামগণের প্রশংসা	৪১
৭.	হযরত ইমাম-ই আ'যমের প্রশংসা	৪২
৮.	হযরত গাউসুল আ'যম জীলানী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর প্রশংসা	৪৩
৯.	হযরত খাজা আজমীরীর প্রশংসা	৪৬
১০.	তাঁর শুভাগমনে অভিনন্দন	৪৮
১১.	হযরত খাজা নক্বশবন্দীর প্রশংসা	৪৯
১২.	হযরত খাজা সোহরাওয়ার্দী	৫০
১৩.	হযরত ওয়াইস ক্বরনীর প্রশংসা	৫০
১৪.	সুলতান বায়েযীদ বোস্তামী	৫১
১৫.	হযরত আবুল হাসান শাযালী	৫৪
১৬.	ইমাম গাযযালীর প্রশংসা	৫৫
১৭.	হযরত আহমদ ইবনে রেফা'ঈ	৫৭
১৮.	হযরত মুহাম্মদ সালেহ দামেস্কী	৫৮
১৯.	হাফেয জালালুদ্দীন সুয়ূতীর প্রশংসা	৬০
২০.	মুজাদ্দিদ আলফে সানীর প্রশংসা	৬১
২১.	হযরত রাবি'আহ্ বসরীর প্রশংসা	৬৪
২২.	হযরত মোল্লা সা'দীর প্রশংসা	৬৬
২৩.	হযরত বূ-'আলী ক্বলন্দর শাহ্	৬৭
২৪.	হযরত শাহ্ জালাল সিলেটী	৬৯
২৫.	হযরত ইবনুল আরবীর প্রশংসা	৭১
২৬.	হযরত সাইয়্যেদ ইবনে আলোয়ান	৭২
২৭.	হযরত সাইয়্যেদ মুহাম্মদ ইবনে সুলায়মান জাযূলীর প্রশংসা	৭৩
২৮.	হযরত মুহাম্মদ আবদুর রহমান জামীর প্রশংসা	৭৪
২৯.	হযরত ওবায়দুল্লাহ্ আহরার	৭৫
৩০.	হযরত আমীর খুসরুর প্রশংসা	৭৬
৩১.	হযরত জালালুদ্দীন রূমীর প্রশংসা	৭৮
৩২.	হযরত ফরীদ উদ্দীন আত্তার	৭৯
৩৩.	হযরত দাতা গঞ্জ বখশ লাহোরী	৮০
৩৪.	হযরত সাইয়্যেদ মূসা কাযেম রাদ্বিয়াল্লাহু আনহু'র প্রশংসা	৮১
৩৫.	হযরত জুনায়দ্ বাগদাদীর প্রশংসা	৮২
৩৬.	হযরত শায়খ শিবলীর প্রশংসা	৮৪
৩৭.	হযরত নি'মাত উল্লাহ্ কাশ্মীরী	৮৫
৩৮.	হযরত আবুল হাসান খারক্বানী	৮৬
৩৯.	হযরত হাসান বসরীর প্রশংসা	৮৮
৪০.	হযরত ইব্রাহীম আদহামের প্রশংসা	৮৯
৪১.	খাজা গরীব নাওয়াযের চার খলীফা	৯০
৪২.	হযরত মুহাজির-ই মক্কীর প্রশংসা	৯৪
৪৩.	হযরত আবদুল হক্ব মুহাদ্দিস দেহলভীর প্রশংসা	৯৭
৪৪.	হযরত শাহ্ আবদুল আযীয মুহাদ্দিস দেহলভীর প্রশংসা	৯৮
৪৫.	হযরত সাইয়্যেদ আবদুল হামীদ বাগদাদীর প্রশংসা	১০০
৪৬.	আ'লা হযরত বেরলভীর প্রশংসা	১১২
৪৭.	হযরত মাওলানা হাশমত আলী খান লক্ষ্ণৌভীর প্রশংসা	১১৪

ক্রম	বিষয়	পৃষ্ঠা
৪৮.	হযরত সদরুল আফাযিল নঈম উদ্দীন মুরাদাবাদীর প্রশংসা	১১৬
৪৯.	হযরত সদরুশ শরী'আহ্ আমজাদ আলী সাহেবের প্রশংসা	১১৭
৫০.	হযরত সাইয়্যেদ আহমদ উল্লাহ্ মাইজভাণ্ডারীর প্রশংসা	১১৯
৫১.	হযরত বাবাজান কেবলার প্রশংসা	১২২
৫২.	হযরত শহর কুতুব আমানত শাহ্	১২৪
৫৩.	হযরত বদর শাহ্'র প্রশংসা	১২৭
৫৪.	হযরত বার আউলিয়ার প্রশংসা	১২৯
৫৫.	হযরত গরীব উল্লাহ্ শাহ্'র প্রশংসা	১৩১
৫৬.	হযরত মুহসিন আউলিয়ার প্রশংসা	১৩২
৫৭.	হযরত মিসকীন শাহ্'র প্রশংসা	১৩৩
৫৮.	হযরত শাহ্পীর আউলিয়ার প্রশংসা	১৩৫
৫৯.	হযরত শাহ্চান্দ আউলিয়ার প্রশংসা	১৩৬
৬০.	মাওলানা আবদুল হাই মির্যাখীলী	১৩৭
৬১.	হযরত ফখরে বাঙলার প্রশংসা	১৩৯
৬২.	হযরত সফীকুর রহমানের প্রশংসা	১৪২
৬৩.	হযরত সরদার আহমদ লায়লপুরী	১৪৪
৬৪.	হযরত সাইয়্যেদ আহমদ শাহ্ সিরিকোটীর প্রশংসা	১৪৫
৬৫.	হযরত মাওলানা ইক্বাম উদ্দীন কুরিয়ানগর (সাতকানিয়া)	১৪৭
৬৬.	হযরত আবদুল আযীয বুলনতী	১৪৯
৬৭.	সূফী আবদুল খালেক্ব (ওকছড়ি)	১৫১
৬৮.	হযরত পেঠান শাহ্ (পদুয়া)	১৫২
৬৯.	হযরত মাওলানা নযীর আহমদ শাহ্ (চুনতী)-এর প্রশংসা	১৫৩
৭০.	হযরত আবুল খায়র (সদাহা)	১৫৫
৭১.	হযরত গোলাম কাদের চৌধুরী (রসুলাবাদ)'র প্রশংসা	১৫৬
৭২.	হযরত আবদুল হাকীম (পশ্চিমবঙ্গ)	১৫৭
৭৩.	হযরত হামযাহ্ আল মাদানী	১৫৯
৭৪.	হযরত আবুল হাসান মুন্সেফ সাহেব (চান্দগাঁও)	১৬০
৭৫.	হযরত মুঈন উদ্দীন (কাট্টলী)	১৬২
৭৬.	শহর কুতুব নযীর শাহ্ (চট্টগ্রাম)	১৬৩
৭৭.	হযরত আবদুল বারী কাসেমী (বরকল, পটিয়া)	১৬৪
৭৮.	হযরত আমীর উদ্দীন শালশী	১৬৬
৭৯.	হযরত যমীর উদ্দীন সাহেব (শীলা)	১৬৭
৮০.	হযরত হাকীম শামসুদ্দোহা (কুতুবদিয়া)	১৬৮
৮১.	হযরত শাহ্ রাহাত উল্লাহ্ (নবিয়াম নগর)'র প্রশংসা	১৭০
৮২.	হযরত আবদুর রায্যাক্ব বুলবুলে বাংলা (রাঙ্গুনিয়া)	১৭১
৮৩.	হযরত নেসার উল্লাহ্ (রাঙ্গুনিয়া)	১৭২
৮৪.	হযরত শাহ্ বড়া ফক্বীর (রাঙ্গুনিয়া)	১৭৩
৮৫.	হযরত নূরুল হক্ব শাহ্	১৭৫
৮৬.	হযরত আহসান উল্লাহ্ (শিকলবাহা)	১৭৬
৮৭.	হযরত মাওলানা আশরাফ আলী (শিকলবাহা, পটিয়া)	১৭৭
৮৮.	হযরত হাফেয শাহ্ ফযলুর রহমান (বেতাগী)-এর প্রশংসা	১৭৮
৮৯.	হযরত ওয়াহিদ উল্লাহ্ শাহ্ (কালারপুল)	১৮০
৯০.	হযরত শেখ মুহাম্মদ সাহেব (ঢাকা)	১৮১
৯১.	হযরত শাহ্ ইজাবত উল্লাহ্ (সুলতানপুর, রাউজান)	১৮৩
৯২.	হযরত মাওলানা হামীদুল হক্ব ওরফে হামদু ফক্বীর (মাদার্শা)	১৮৪
৯৩.	হযরত মাওলানা আবদুল হাদী শীতলপুরীর প্রশংসা	১৮৫
৯৪.	হযরত কালু শাহ্ ফক্বীর সলীমপুরী	১৮৭
৯৫.	হযরত মাওলানা আবদুল লতীফ (মীরসরাই)	১৮৮
৯৬.	হযরত মাওলানা ওবায়দুল হক (সীতাকুণ্ড)	১৮৯
৯৭.	কাযী শাহ্ আসাদ আলী (আহলা, বোয়ালখালী)	১৯০

ক্রম	বিষয়	পৃষ্ঠা
৯৮.	হযরত শাহ্ আনার উল্লাহ্ (হামিদচর, চট্টগ্রাম)	১৯১
৯৯.	হযরত খাজা শরফুদ্দীন চিশতী বাবা (ঢাকা)	১৯৩
১০০.	হযরত শাহ্ আলী বাগদাদী (মীরপুর, ঢাকা)	১৯৪
১০১.	হযরত সূফী আহসান উল্লাহ্ (ঢাকা)	১৯৫
১০২.	হযরত সূফী দা-ইম (আযীমপুরা, ঢাকা)	১৯৭
১০৩.	এ. কে. ফযলুল হক শেরে বাংলা (ঢাকা)	১৯৮
১০৪.	মালিক ইয়ামেনী শাহ্র কুত্ব্ (ঢাকা)	১৯৯
১০৫.	হযরত আমীরুজ্জমান শাহ্ (পটিয়া)	২০১
১০৬.	হযরত বাচা ফক্বীর (ফতেহপুর, হাটহাজারী)	২০২
১০৭.	হযরত মাওলানা হাশমত আলী (নাঙ্গলমোড়া, হাটহাজারী)	২০৩
১০৮.	হযরত সাইয়্যেদ মসীর উল্লাহ্ (মীর্যাপুর, হাটহাজারী)	২০৪
১০৯.	হযরত মু'ইয উদ্দীন (গুমানমর্দন, হাটহাজারী)	২০৫
১১০.	হযরত মুহাম্মদ ইয়া'ক্বূব সাহেব (মেখল, হাটহাজারী)	২০৭
১১১.	হযরত মুহাদ্দিস মুহাম্মদ হুসাইন (মেখল, হাটহাজারী)	২০৮
১১২.	হযরত আবুল ফারাহ (মেখল)	২১০
১১৩.	হযরত মাওলানা সাইয়্যেদ আবদুল হামীদ আল-বাগ্দেরী, এ পুস্তক প্রণেতার পিতা মহোদয়, মেখল, হাটহাজারী-এর প্রশংসা	২১১
১১৪.	হাফেয আবদুল মজীদ (এ পুস্তক প্রণেতার চাচা)'র প্রশংসা	২১২
১১৫.	মাওলানা ইসলামাবাদী (পটিয়া)	২১৩
১১৬.	হযরত আবদুস্ সালাম (বরলিয়া)	২১৫
১১৭.	হযরত মাওলানা আমীনুল হক ফরহাদাবাদী (হাটহাজারী)	২১৬
১১৮.	ফয়যুল্লাহ্ (মেখল, হাটহাজারী)	২১৯
১১৯.	হযরত সাইয়্যেদ মা'রূফ শাহ্ (স্বরণদ্বীপ, বোয়ালখালী)	২২১
১২০.	হযরত ওয়াসিয়্যুর রহমান (চরণদ্বীপ)	২২২
১২১.	হযরত আবদুল মজীদ (কধুরখীল)	২২৩
১২২.	হযরত শাহ্ জামাল ও শাহ্ কামাল (টাইগারপাস)	২২৫
১২৩.	হযরত মীর ইয়াহ্ইয়া (ক্বাযীর দেউড়ী)	২২৬
১২৪.	হযরত আমীর আলী শাহ্ (ইসলামাবাদ মার্কেট)	২২৭
১২৫.	হযরত ফযলুর রহমান (সাতবাড়িয়া)	২২৯
১২৬.	হযরত মুনীর আহমদ (মনশা)	২৩০
১২৭.	হযরত জালাল উদ্দীন বোখারী (দোহাজারী)	২৩১
১২৮.	হযরত শাহ্গদী (উনাইনপুর, পটিয়া)	২৩৩
১২৯.	হযরত মাওলানা ইয়াসীন শাহ্ (হুলাইন, পটিয়া)	২৩৪
১৩০.	হযরত শাহ্ আফযাল (নলাঙ্কা, পটিয়া)	২৩৫
১৩১.	হযরত সাইয়্যেদ হাসানুয্ যামান (চিকনদণ্ডী, হাটহাজারী)	২৩৬
১৩২.	হযরত মুক্বীম শাহ্ (হাটহাজারী)	২৩৭
১৩৩.	হযরত আশরাফ শাহ্ ও আবূ শাহ্ (কদলপুর, রাউজান)	২৩৮
১৩৪.	হযরত শাহ্ জালালুদ্দীন বোখারী (ফতেহাবাদ, হাটহাজারী)	২৪০
১৩৫.	হযরত শাহ্ আযীযুর রহমান ও হযরত শাহ্ সামী উদ্দীন (মোয়াপাড়া)	২৪১
১৩৬.	হযরত মাওলানা নূর আহমদ (মোহরা, হাটহাজারী)	২৪২
১৩৭.	হযরত পোয়া ফক্বীর (রামদাসহাট, হাটহাজারী)	২৪৪
১৩৮.	হযরত মাওলানা ওয়াজেদ আলী (প্রতিষ্ঠাতা, [illegible] কলেজ, [illegible], চট্টগ্রাম)	২৪৫
১৩৯.	হযরত রুহুল আমীন (কাগতিয়া)	২৪৭

ক্রম	বিষয়	পৃষ্ঠা
১৪০.	সৈয়দ আবিদ শাহ্ (গোলশহর)	২৪৮
১৪১.	হযরত টাক শাহ্ মিয়া (পেরেড ময়দান)	২৪৯
১৪২.	হযরত মুহাম্মদ আলী শাহ্ (চকবাজার)	২৫০
১৪৩.	হযরত জুন শাহ্ (চৈতন্যগলি)	২৫১
১৪৪.	হযরত ভন্ডী শাহ্ (চট্টগ্রাম রেলওয়ে স্টেশন)	২৫২
১৪৫.	হযরত মাওলানা আবদুল কুদ্দুস (হাওলা, বোয়ালখালী)	২৫৪
১৪৬.	হযরত হামীদ শাহ্ (চান্দগাঁও)	২৫৫
১৪৭.	হযরত আশরাফ আলী শাহ্ [illegible]	২৫৬
১৪৮.	হযরত সামী'উদ্দীন শাহ্ [illegible]	২৫৭
১৪৯.	হযরত আলী শাহ্ মিয়া (হালিশহর)	২৫৯
১৫০.	সূফী আমজাদ আলী (কাঞ্চননগর)	২৬০
১৫১.	বদীউল আলম শাহ্ ডিপুটী (কালীপুর)	২৬১
১৫২.	সূফী সিফাত উল্লাহ(ডুমরা, বাঁশখালী)	২৬২
১৫৩.	হযরত বদনা শাহ্ (চট্টগ্রাম মেডিকেল কলেজ সংলগ্ন)	২৬৪
১৫৪.	হযরত চান্দ শাহ্ (ফিরিঙ্গী বাজার)	২৬৫
১৫৫.	হযরত হাজী সামী উদ্দীন (চন্দ্রঘোনা)	২৬৬
১৫৬.	হযরত শাহ্ সুন্দর (কোতোয়ালী)	২৬৭
১৫৭.	হযরত গাযারী শাহ্ (দেবপাহাড়)	২৬৮
১৫৮.	হযরত আবদুল আযীয (কদলপুর)	২৭০
১৫৯.	হযরত বাহার শাহ্(বাবু বাজার, ঢাকা)	২৭১
১৬০.	হযরত শাহ্ নেযাম উদ্দীন (দক্ষিণ পতেঙ্গা, বন্দর, চট্টগ্রাম)	২৭২
১৬১.	হযরত আবদুল আযীয ওরফে ফক্বীর মৌলভী (পাঠানটুলী)	২৭৩
১৬২.	হযরত মাওলানা আবদুল আযীয (খিতাপচর, বোয়ালখালী)	২৭৪
১৬৩.	হযরত শোক্বর আলী শাহ্ (ইমাম আলী চর, বোয়ালখালী)	২৭৫
১৬৪.	হযরত জলীল শাহ্ (খিতাপচর, বোয়ালখালী)	২৭৭
১৬৫.	হযরত মাওলানা আবদুস সাত্তার (সরোয়াতলী, বোয়ালখালী)	২৭৮
১৬৬.	হযরত সাইয়্যেদ মক্কী সাহেব (রসূলাবাদ)	২৭৯
১৬৭.	হযরত সাইয়্যেদ জালালুদ্দীন, বোখারী, সাইয়্যেদ শাহ্ আফযল, হযরত সাইয়্যেদ শাহ্ কুত্বুব উদ্দীন, হযরত শাহ্ সাইয়্যেদ জালাল, উদ্দীন (আনোয়ারা)	২৮১
১৬৮.	হযরত নাসির উদ্দীন চেরাগদেহলী	২৮২
১৬৯.	হযরত মাওলানা নযীর আহমদ, খলীফা-ই বাগদাদী (মেখল)	২৮৪
১৭০.	হযরত কাতাল শাহ্ (কাতালগঞ্জ)	২৮৫
১৭১.	হযরত শাহ্ জাহান (ভাটিয়ারী)	২৮৬
১৭২.	হযরত ডাল-চাউল মিয়া (কুমিরা)	২৮৭
১৭৩.	হযরত চুন্নী মাস্তান (ধুম)	২৮৮
১৭৪.	হযরত আবদুর রহমান চৌহরভী হাযারভী (পেশোয়ার, পাকিস্তান)	২৮৯
১৭৫.	হযরত লাল মিয়া ফক্বীর (উর্কিরচর, নোয়াপাড়া)	২৯১
১৭৬.	হযরত আমীনুল হক হারবাঙ্গী (চরণদ্বীপ, বোয়ালখালী)	২৯২
১৭৭.	হযরত মুস্তাফীযুর রহমান(কক্সবাজার)	২৯৩
১৭৮.	হযরত হাজী দৌলত (হাইলধর)	২৯৪
১৭৯.	হযরত শাহ্ মীর আউলিয়া (শাহমীরপুর, পটিয়া)	২৯৫
১৮০.	হযরত ওমর শাহ্ (হারবাং)	২৯৭
১৮১.	হযরত ইসমাঈল শাহ্ (তকছড়ি)	২৯৮
১৮২.	হযরত কুত্বুব শাহ্ (সৈয়দপুর, বোয়ালখালী)	২৯৯
১৮৩.	হযরত সমদ শাহ্ (আনোয়ারা)	৩০১
১৮৪	হযরত ক্বোরবান আলী শাহ্ (হালিশহর)	৩০২
১৮৫.	হযরত শাহ্ সোনা (ঈদগাহ, ডবলমুরিং)	৩০৩
১৮৬.	হযরত তাজ উদ্দীন শাহ্ (বাকলিয়া, পাঁচলাইশ)	৩০৪
১৮৭.	হযরত মু'মিন শাহ্ মীর্যাপুরী (হাটহাজারী)	৩০৫

ক্রম	বিষয়	পৃষ্ঠা
১৮৮.	হযরত মীনা শাহ্ (দোহাজারী)	৩০৬
১৮৯.	হযরত শাহমীর (হাশিমপুর)	৩০৭
১৯০.	হযরত মনু ফকীর (সাতবাড়িয়া)	৩০৯
১৯১.	হযরত হাকীম মিয়া (কালিপুর)	৩১০
১৯২.	হযরত বাহাদুর শাহ্ (কালিপুর)	৩১১
১৯৩.	হযরত ইয্যাত উল্লাহ শাহ্ (পাঁচলাইশ)	৩১২
১৯৪.	হযরত মাওলানা ওলীয়ুর রহমান (ফতেহাবাদ, হাটহাজারী)	৩১৩
১৯৫.	হযরত মতিয়ুর রহমান (ফরহাদাবাদ, হাটহাজারী)	৩১৪
১৯৬.	হযরত রহম আলী শাহ্ (গোরনখাইন, পটিয়া)	৩১৬
১৯৭.	হযরত নূর মুহাম্মদ শাহ্, হযরত হুসাইন শাহ্ (পটিয়া)	৩১৭
১৯৮.	হযরত মাওলানা গোলাম সুবহান (মনশা, পটিয়া)	৩১৮
১৯৯.	হযরত শাহ্ মনশা (পটিয়া)	৩১৯
২০০.	হযরত দেওয়ান আলী শাহ্ (আফযল নগর, সাতকানিয়া)	৩২০
২০১.	হযরত মাওলানা শাহ্ আলাউদ্দীন (রামু, কক্সবাজার)	৩২২
২০২.	হযরত সাইয়্যেদ আবদুল জাব্বার (দেওয়ান বাজার সংলগ্ন)	৩২৪
২০৩.	হযরত মাওলানা আমীন উল্লাহ্ (জোয়ারা)	৩২৫
২০৪.	হযরত ভোলা শাহ্ (আনোয়ারা)	৩২৬
২০৫.	হযরত মাওলানা আবদুল জলীল সিরাজুদ্দীন (আঁধার মাণিক, রাউজান)	৩২৭
২০৬.	হযরত মাওলানা ইমাম উদ্দীন	৩২৯
২০৭.	হযরত মাব্বুল ফকীর (ফতেহপুর, হাটহাজারী)	৩৩০
২০৮.	হযরত সূফী আহসান উল্লাহ্ খান ডাইরেক্টর (নালতা, খুলনা)	৩৩১
২০৯.	হযরত মাওলানা আবূ বকর সাহেব (ফুরফুরা)	৩৩৩
২১০.	হযরত দায়েম শাহ্ বশু ফকীর (ফতেহাবাদ, হাটহাজারী)	৩৩৪
২১১.	হযরত মাওলানা সফিউল্লাহ্ (কলকাতা, ভারত)	৩৩৫
২১২.	হযরত মাওলা আলী (কলকাতা)	৩৩৭
২১৩.	হযরত মাওলানা নাজমুদ্দীন (মাদার্শা, হাটহাজারী)	৩৩৮
২১৪.	হযরত মদ্রাজী বাবা (কলকাতা)	৩৩৯
২১৫.	মার্চেন্ট আবদুল অদুদ চৌধুরী	৩৪০
২১৬.	হযরত মাওলানা আহমদ সা'ঈদ কাযেমী (ভাওয়ালপুর, পাকিস্তান)	৩৪৩
২১৭.	হযরত মুফতী আহমদ ইয়ার খান সাহেব (গুজরাত, পাকিস্তান)	৩৪৫
২১৮.	হযরত আরিফুল্লাহ্ শাহ্ (রাওয়ালপিণ্ডি, পাকিস্তান)	৩৪৭
২১৯.	হযরত আবদুস সালাম বান্ধভী (পাকিস্তান)	৩৪৮
২২০.	আল্লামা শফী উকাড়ভী (করাচী, পাকিস্তান)	৩৫০
২২১.	হযরত সাইয়্যেদ হাসান উদ্দীন (ভাওয়ালপুর)	৩৫১
২২২.	হযরত মাওলানা ওক্বার উদ্দীন বেরলভী	৩৫২
২২৩.	হযরত আবদুল হামীদ বদায়ূনী	৩৫৪
২২৪.	হযরত মাওলানা শাহ্ আহমদ নূরানী (করাচী)	৩৫৬
২২৫.	ক্বায়েদ আ'যম জিন্নাহ	৩৫৭
২২৬.	ক্বায়েদে মিল্লাত লিয়াক্বত আলী খান	৩৬১
২২৭.	মুহাম্মদ আইয়ুব খান	৩৬২
২২৮.	সাইয়্যেদ আবদুল ক্বাদের গীলানী	৩৬৩
২২৯.	পাকিস্তান যুদ্ধের মূল্যায়ন	৩৬৫
২৩০.	শাহানশাহে আ'লা বকতানুস রোক্বামী	৩৬৬
২৩১.	দ্বিতীয় শাহানশাহ্-ই আ'লা জাহাঙ্গীর রোক্বামী	৩৬৮
২৩২.	বাদশাহ্ ফরীদ মিয়া	৩৭০
২৩৩.	তাঁর আরো কিছু প্রশংসা	৩৭১

ক্রম	বিষয়	পৃষ্ঠা
২৩৪.	শাহযাদা ইব্রাহীম	৩৭২
২৩৫.	মাওলানা সাইয়্যেদ শাহ্ আবদুর রহীম হাযারভী ওরফে পরীপাক শাহ্ (ঢাকা)	৩৭৩
২৩৬.	মাওলানা আমানগাজী (কলকাতা)	৩৭৫
২৩৭.	মাওলানা মুহিব্বুল্লাহ্ বিহারী	৩৭৬
২৩৮.	হযরত দেওয়ান আলী শাহ্ (চট্টগ্রাম)	৩৭৮
২৩৯.	সাইয়্যেদ আলী আ'যম শাহ্ (চট্টগ্রাম)	৩৭৯
২৪০.	কবি আলাওল (হাটহাজারী)	৩৮০
২৪১.	হাফেয নযীর আহমদ (পাঠানটুলী)	৩৮১
২৪২.	হযরত কুত্বব শাহ্ (কুতুবদিয়া)	৩৮৩
২৪৩.	হযরত আল্লামা জালাল আহমদ (হাসানদণ্ডী, হাটহাজারী)	৩৮৪
২৪৪.	হযরত ক্বাযী সুলতান উদ্দীন (ঘাটফরহাদবেগ)	৩৮৫
২৪৫.	হযরত জঙ্গী শাহ্ (কাপাসগোলা)	৩৮৬
২৪৬.	শাহ্ ওমর (জলদী, বাঁশখালী)	৩৮৭
২৪৭.	হযরত জঙ্গলী শাহ্ (কাঞ্চনা, সাতকানিয়া)	৩৮৮
২৪৮.	মাওলানা আবদুর রশীদ (সাতবাড়িয়া)	৩৯০
২৪৯.	সূফী নূর মুহাম্মদ (নিযামপুর)	৩৯১
২৫০.	সূফী আসগর আলী শাহ্ (শাকপুরা)	৩৯২
২৫১.	হযরত পেতন শাহ্ (চট্টগ্রাম)	৩৯৩
২৫২.	হযরত শাহ্ আলীম উদ্দীন ও শাহ্ সমদ (কধুরখীল, বোয়ালখালী)	৩৯৪
২৫৩.	হযরত ফকীর মাওলানা (মাদার্শা, সাতকানিয়া)	৩৯৫
২৫৪.	হযরত ফকীর মাওলানা আবদুল বারী (আফযল নগর, সাতকানিয়া)	৩৯৬
২৫৫.	আল্লামা সাইয়্যেদ মুহাম্মদ মক্কী আল-ক্বাদেরী	৩৯৮
২৫৬.	হযরত মনসূর শাহ্ (ডলুরকুল, সাতকানিয়া)	৩৯৯
২৫৭.	হযরত শাহ্ রওশন, শাহ্ হাসান, শাহ্ আসগর, শাহ্ মুহসিন	৪০১

ক্রম	বিষয়	পৃষ্ঠা
২৫৮.	সূফী ফতেহ্ আলী (সাতকানিয়া) (মাযার-কোলকাতা)	৪০২
২৫৯.	হযরত ইমদাদ উল্লাহ্ শাহ্, ফযলুর রহমান ও শাহ্ মাহদী মিয়া (ত্রিপুরা)	৪০৩
২৬০.	হযরত আমজাদ আলী শাহ্ ও হাফেয শাহ্ মুহাম্মদ (নোয়াখালী)	৪০৫
২৬১.	সূফী শাহ্ আলম (সাতবাড়িয়া)	৪০৬
২৬২.	হযরত পাগলা মিয়া (ফেনী)	৪০৭

মাসআলা-মাসাইল

ক্রম	বিষয়	পৃষ্ঠা
২৬৩.	সামা'র বিধান	৪০৮
২৬৪.	সাজদাহ্-ই তাহিয়্যাহ্ (তা'যীমী সাজদা)'র বিধান	৪১০
২৬৫.	আউলিয়া-ই কেরামের মাযারের জন্য মোমবাতি-তেল মান্নত করা	৪১১
২৬৬.	বুযুর্গদের আস্তানায় চুমু খাওয়া	৪১২
২৬৭.	ওলী বুযুর্গদের মাযারের উপর গিলাফ ও ফুল দেওয়া	৪১২
২৬৮.	আলিম ও পরহেযগার ব্যক্তিদের কদমবুচি করা	৪১২
২৬৯.	ওলী-বুযুর্গ ও আলিমদের মাযার নির্মাণ করা	৪১৩
২৭০.	ওলীগণের কবর (মাযার) পাকা করা ও মোমবাতি ইত্যাদি জ্বালানো	৪১৪
২৭১.	নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর ওরস শরীফ উদ্‌যাপন ও অন্যান্য ওরস	৪১৪
২৭২.	ওই সব পশুর গোশত খাওয়া, যেগুলো বুযুর্গদের নামে মান্নত করা হয়	৪১৫
২৭৩.	নবী ও ওলীগণের নিকট সাহায্য চাওয়া	৪১৬
২৭৪.	অনুপস্থিত কাউকে আহ্বান করা	৪১৭
২৭৫.	মাযারের উপর ফাতেহাখানি ও ক্বোরআন মজীদের অন্যান্য আয়াতসমূহ পাঠ করা	৪১৮
২৭৬.	জুমু'আর রাতে মৃতের রূহগুলোর আগমন	৪১৯

ক্রম	বিষয়	পৃষ্ঠা
২৭৭.	'মৃতের ঈসালে সাওয়াবের জন্য প্রস্তুতকৃত খাদ্য কলবকে মেরে ফেলে' - হাদীস নয়	৪২০
২৭৮.	ক্বিয়ামের বিধান	৪২১
২৭৯.	মুআয্যিনকে 'আশহাদু...' বলতে শুনলে দু'বৃদ্ধাঙ্গুলীতে চুমু খেয়ে দু'চোখে মসেহ করা	৪২৫
২৮০.	আশূরার দিনে উন্নত খাবার তৈরি করা ও হাফ্ত দানা	৪২৬
২৮১.	নতুন ফলমূলের উপর ফাতিহা ও দো'আ	৪২৭
২৮২.	মৃত্যুর পঞ্চদশ দিনে মৃতের জন্য রুটি-হালুয়া প্রদান	৪২৮
২৮৩.	'মান তাশাব্বাহা বিক্বওমিন' হাদীস	৪২৯
২৮৪.	শবে বরাতে হালুয়া-রুটি তৈরি করা, কবরগুলোর যিয়ারত করা ও ফাতিহাখানি	৪৩০
২৮৫.	বরকতময় রাতগুলোতে নফল নামায জামা'আত সহকারে পড়া	৪৩১
২৮৬.	শবে ক্বদর ও শবে বরাতে নফল নামাযের রাক'আতের সংখ্যা নির্ধারণ করা	৪৩৩
২৮৭.	ফরয নামাযের পর হাত তুলে মুনাজাত করার বিধান	৪৩৩
২৮৮.	মাহফিলগুলোতে লাউড স্পীকার ব্যবহার করার বিধান	৪৩৫
২৮৯.	মুর্শিদের বিবরণ	৪৩৬
২৯০.	**রচয়িতার সফরনামা** দিল্লী ভ্রমণ	৪৩৭
২৯১.	বার্মার রেঙ্গুন ভ্রমণ	৪৩৯
২৯২.	সবুজ শহর চট্টগ্রামের প্রশংসা	৪৪২
২৯৩.	হুযূর রহমাতুল্লিল আলামীন-এর মহান দরবারে মদীনা মুনাওয়ারায় হাযির হয়ে ফরিয়াদ	৪৪৫

রচয়িতাকে অভিনন্দন

ক্রম	বিষয়	পৃষ্ঠা
২৯৪.	জনাব আমীনুল হক মির্যাপুরী (হাটহাজারী)'র পক্ষ থেকে	৪৪৬
২৯৫.	জনাব আবুল খায়র মুহাম্মদ শামসীর পক্ষ থেকে	৪৫১
২৯৬.	জনাব আহমদুর রহমান (জুইদণ্ডী)-এর পক্ষ থেকে	৪৫৬
২৯৭.	জনাব মুহাম্মদ আবদুল জব্বার জুযখুলভীর পক্ষ থেকে	৪৫৯
২৯৮.	শাহচান্দ আউলিয়া মাদরাসার শিক্ষকমণ্ডলী ও ছাত্রদের পক্ষ থেকে	৪৬০
২৯৯.	জনাব বজলুর রহমান (কক্সবাজার)-এর পক্ষ থেকে	৪৬২
৩০০.	শায়ের নাইয়্যের'র পক্ষ থেকে	৪৬৩
৩০১.	জনাব আবদুল মা'বুদ (খিতাপচর মাদরাসার মুহতামিম)'র পক্ষ থেকে	৪৬৫
৩০২.	জনাব মুহাম্মদ নূরুল ইসলাম (ওয়াজেদিয়া মাদরাসা)'র পক্ষ থেকে	৪৬৮
৩০৩.	সুলতানুল মুহাদ্দিসীন আহমদ সা'ঈদ (কুরিয়ানগর)'র পক্ষ থেকে	৪৭০
৩০৪.	জনাব মাওলানা আহমদুল হক (জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়া)'র পক্ষ থেকে	৪৭৩
৩০৫.	জমিয়তে তোলাবা (মেখল, ফকীরহাট)'র পক্ষ থেকে	৪৭৫
৩০৬.	মাওলানা আবদুল আযীয (ইয়াসীন নগর, রাউজান)-এর পক্ষ থেকে	৪৭৭
৩০৭.	জনাব আহসান উল্লাহ্ সাহেবের পক্ষ থেকে	৪৭৯
৩০৮.	জলসার কৃতজ্ঞতা	৪৮০
৩০৯.	জলসার কৃতজ্ঞতা	৪৮২
৩১০.	হাই মাদরাসা আমীনুল উলূম (মালিয়ারা, পটিয়া) পক্ষ থেকে	৪৮৫
৩১১.	জনাব রচয়িতার স্নেহের কন্যার মৃত্যুতে শোকগাঁথা কবিতা	৪৮৭
৩১২.	মহান আল্লাহর দরবারে মুনাজাত	৪৮৯
৩১৩.	জনাব আব্বাস আল-মালেকী আল মক্কীর পক্ষ থেকে অভিনন্দন	৪৯০
৩১৪.	জনাব শাকির আহমদ মাদানী	৪৯৩

ক্রম	বিষয়	পৃষ্ঠা
	আযহারীর পক্ষ থেকে।	
৩১৫.	আল্লামা আহমদ সা'ঈদ কাযেমীর পক্ষ থেকে	৪৯৪
৩১৬.	জনাব হাশমত আলী সাহেবের পক্ষ থেকে	৪৯৮
৩১৭.	হযরত আরিফ উল্লাহ্ শাহ্ সাহেবের পক্ষ থেকে	৫০০
৩১৮.	মাওলানা সিরাজ উদ্দীন সাহেব (সাতকানিয়া)-এর পক্ষ থেকে	৫০৩
৩১৯.	আল্লামা মুসলেহ উদ্দীন সাহেব (এম এ)-এর পক্ষ থেকে লিখিত প্রশংসাগাঁথাপত্র	৫০৩

আরো কয়েকজন বুযুর্গের প্রশংসো

ক্রম	বিষয়	পৃষ্ঠা
৩২০.	হযরত সাইয়্যেদ আহমদ পীসু দারায ওরফে কল্লা শহীদ-এর প্রশংসো	৫০৫
৩২১.	আলহাজ্ব মুহাম্মদ আসগর হুসাইন সিদ্দীক্বীর প্রশংসো	৫০৬
৩২২.	জনাব ওয়াজীহ উল্লাহ্ সন্দ্বীপী	৫০৮
৩২৩.	হযরত আকবর শাহ্	৫১০

মহান রচয়িতার সংক্ষিপ্ত জীবনী

শেরে বাংলা আল্লামা গাযী
সৈয়দ মুহাম্মদ আজিজুল হক আল্-ক্বাদেরী

কোন আদর্শ এবং ওই আদর্শের অনুসারী জনগোষ্ঠীর যখন ক্রান্তিকাল অতিবাহিত হয়, যুগোপযোগী ও যথাযথ উদ্যোগের অভাবে যখন ওই আদর্শ ও আদর্শের অনুসারীরা ক্ষতিগ্রস্ত হয়, বিরুদ্ধবাদী চক্র যখন তৎপর হয়ে নিজেদের অবস্থান গড়ে নেয় এবং ওই আদর্শের বিরুদ্ধে দাঁড়িয়ে সেটাকে ক্ষতিগ্রস্ত করে সমাজে আদর্শ বিরোধী মতবাদ প্রচার ও প্রতিষ্ঠার অপচেষ্টায় লিপ্ত হয়, তখন ওই আদর্শের কোন প্রকৃত কর্ণধার নির্বিকার হয়ে বসে থাকতে পারেন না। তখন তিনি ওই সব প্রতিকূলতা ও আশঙ্কার সফল মোকাবেলার জন্য অস্থির হয়ে ওঠেন, পালন করেন অতন্দ্র সিপাহসালারের ভূমিকা। এদেশে সুন্নিয়াতের ইতিহাসে ইমামে আহলে সুন্নাত আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিও এমনি একজন প্রকৃত কর্ণধার (ইমাম) ছিলেন। সুন্নিয়াতের ক্রান্তিকালে তিনিও সুন্নিয়াতের প্রতি তাঁর অকৃত্রিম আন্তরিকতা ও অসাধারণ ত্যাগের চির অম্লান উদাহরণ প্রতিষ্ঠা করে গেছেন। আদর্শের সৈনিকরা তাঁর আদর্শ জীবন থেকে সত্য প্রতিষ্ঠার ও বাতিলের মোকাবেলার অনুপ্রেরণা লাভ করেন। আল্লাহ তা'আলা তাঁর মধ্যে বংশীয় গৌরব, জ্ঞান-গভীরতা, আত্মবিশ্বাস ও অসাধারণ সৎসাহসসহ বহু গুণ ও বৈশিষ্ট্য দান করেছিলেন। তিনি বেলায়তের উঁচু মর্যাদারও অধিকারী ছিলেন।

জন্ম

আল্লামা গাযী শেরে বাংলা বিগত ১৩২৩ হিজরী/১৯০৬ ইংরেজীর একটি বিশেষ দিনের এক শুভ মুহূর্তে চট্টগ্রাম জিলার হাটহাজারী থানার মেখল গ্রামে এক সম্ভ্রান্ত 'সাইয়্যেদ' পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা হযরত সাইয়্যেদ আবদুল হামীদ আল-ক্বাদেরী এবং দাদা হযরত সাইয়্যেদ মুহাম্মদ হাশমত উল্লাহও ছিলেন যুগখ্যাত আলিম-ই দ্বীন ও বুযুর্গ ব্যক্তিত্ব। তাঁর আম্মাজান সাইয়্যেদা মায়মুনা খাতুনও ছিলেন বিদূষী, পুণ্যবতী ও রত্নগর্ভা। পিতা ও মাতা উভয়ের দিক দিয়ে তিনি ছিলেন খাঁটি আওলাদে রসূল।

শিক্ষাজীবন

হযরত আল্লামা আজিজুল হক আল্-ক্বাদেরী ছিলেন অসাধারণ মেধাশক্তি ও উন্নত চরিত্রের অধিকারী। তিনি স্থানীয় মাদ্রাসাগুলো থেকে নিয়মিতভাবে অধ্যয়ন করে টাইটেল পাশ করার পর ভারতের প্রসিদ্ধ ফতেহপুর মাদরাসা থেকে হাদীস ও ফিক্বহ ইত্যাদি শাস্ত্রে উচ্চতর শিক্ষা লাভ করেন। পুঁথিগত ও অধ্যয়নগত শিক্ষায় তিনি ছিলেন এক অপ্রতিদ্বন্দ্বী আলিম-ই দ্বীন। ভারতে অধ্যয়নকালে তিনি দেওবন্দ মাদরাসার শিক্ষা ব্যবস্থা ও শিক্ষকমণ্ডলীর জ্ঞানের গভীরতা সম্পর্কে জানার জন্য সেখানে যান। বাংলাদেশসহ এতদঞ্চলে প্রসারিত ওহাবিয়াতের সুতিকাগার এ দেওবন্দ মাদরাসার অবস্থান যাচাই করা ভবিষ্যতে তাঁর কর্মময় জীবনের জন্য অতি গুরুত্বপূর্ণ ছিলো। কারণ এতদ্ঞ্চলের মুসলিম সমাজ

থেকে ইসলামী আল-খেল্লা পরিহিত, আল্লাহ্ ও রসূলের দুশমনদের উৎখাত কিংবা চিহ্নিত করে সুন্নিয়াতের পতাকাকে উড্ডীন করতে তিনি ছিলেন দৃঢ়প্রত্যয়ী। তিনি প্রথমে ছাত্র বেশে দেওবন্দ মাদরাসায় গিয়ে মুহাদ্দিস আশফাকুর রহমান সহ তাদের অন্যান্য শীর্ষস্থানীয় শিক্ষকদের মুখোমুখি হন। তারা তাঁকে ভর্তিচ্ছু ছাত্র মনে করে কতিপয় প্রশ্ন করেন। তিনি তাদের সব প্রশ্নের যথাযথ জবাব দেন। অতঃপর তাদের অনুমতি নিয়ে তিনিও কয়েকটা প্রশ্ন করলেন। কিন্তু তারা তাঁর একটি প্রশ্ন ব্যতীত বাকী প্রশ্নগুলো এড়িয়ে যান। সুতরাং তিনি ওই দিনই বলে এসেছিলেন, "আল্-হামদু লিল্লাহ্। আমি আপনাদের নিকট থেকে শিক্ষা গ্রহণ নয়, বরং আপনাদেরকে শিক্ষা দেওয়ারই উপযোগী।" তিনি তা-ই করেছিলেন জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত। ওহাবী-দেওবন্দীসহ সমসাময়িক সব ধরনের বাতিলের সফল মোকাবেলা করেছিলেন তিনি।

জ্ঞানগত দক্ষতা

আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র দৃঢ় প্রত্যয় ছিলো যে, তিনি জ্ঞানাস্ত্র দ্বারাই সত্য প্রতিষ্ঠা ও সব ধরনের বাতিলের মোকাবেলা করবেন। তাই তিনি প্রথমে প্রাতিষ্ঠানিক ও পুঁথিগত শিক্ষার ক্ষেত্রে উচ্চ শিক্ষায় শিক্ষিত হন। তাছাড়া আল্লাহ্ তা'আলা তাঁকে ইলমে লাদুন্নী দ্বারাও সমৃদ্ধ করেছিলেন। এক শুভ মুহূর্তে তিনি হযরত খাদ্বির আলায়হিস্ সালাম-এরও সাক্ষাৎ পেয়ে যান। হযরত খাদ্বির আলায়হিস্ সালাম তাঁর সাথে সস্নেহে আলিঙ্গন করেন এবং পবিত্র হাদীস শরীফ থেকে চারটি সবক পড়িয়ে অদৃশ্য হয়ে যান। এর মাধ্যমে তাঁর মধ্যে ইলমে লাদুন্নীও স্থান পায়। তদুপরি তাঁর ধমনীতে ছিলো নবী পাক সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর পবিত্র বংশের রক্ত, হৃদয়ে ছিলো অকৃত্রিম খোদা ও রসূলপ্রেম। অধিকন্তু তাঁর মধ্যে ছিলো অসাধারণ ও নির্ভুল জ্ঞানানুসারে আমল করার অদম্য স্পৃহা। আরো ছিলো রূহানী শক্তি। সর্বোপরি, কুদরতিভাবে তাঁর মধ্যে খোদাপ্রেম ও ইশক্বে রসূল এমনভাবে স্থান পেয়েছিলো যে, আল্লাহ্-রসূলের শানমান রক্ষার জন্য তিনি সত্যিকার অর্থে সব সময় অতন্দ্র-সচেষ্ট ও অকুতোভয় ছিলেন। এর ফলে তিনি তজ্জন্য নিজের জীবনের সবকিছু, এমনকি নিজের প্রাণটুকু পর্যন্ত উৎসর্গ করতে দ্বিধাবোধ করেন নি।

আল্লামা গাযী শেরে বাংলা ছিলেন জ্ঞানসমুদ্র। তিনি ইলমে লাদুন্নী দ্বারাও সমৃদ্ধ তো ছিলেনই। যাহেরী ও বাতেনী জ্ঞানের এ অপূর্ব সমন্বয় ছিল তাঁর মধ্যে। আরবী, ফার্সী ও উর্দ্ ভাষায় ছিলো তাঁর অসাধারণ পাণ্ডিত্য। ফার্সী ও উর্দ্ ভাষায় তিনি উচ্চাঙ্গের কবি ছিলেন, 'দীওয়ান-ই আযীয' শরীফই এর প্রকৃষ্ট প্রমাণ।

কর্মজীবন

ভারত থেকে তিনি দেশে ফিরে দ্বীন ও মাযহাবের খিদমতে আত্মনিয়োগ করেন। তাঁর কর্ম জীবনে দেখা যায় যে, রসূলে পাকের সুন্নাত পালনের জন্য তিনি বিবাহ-শাদী করেছেন সত্য, কিন্তু যাবতীয় যোগ্যতাকে পুঁজি করে পার্থিব জীবনকে বর্ণাঢ্য করার দিকে তাঁর কোন আগ্রহই ছিলো না। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি একথাই প্রমাণ করেছেন- "মাইতো বীমারে নবী হোঁ!" (আমি তো নবীর প্রেমরোগেই ভুগছি)। এ জন্য তিনি কতগুলো বাস্তব ও ফলপ্রসূ পদক্ষেপও গ্রহণ করেছেন। স্বদেশে এসে তিনি দেখতে পান-

প্রথমতঃ এদেশে প্রকৃত দ্বীনি শিক্ষা (সুন্নী মতাদর্শের শিক্ষা)'র ব্যাপক প্রসার একান্ত দরকার। **দ্বিতীয়তঃ** মুসলিম সাধারণকে ওয়ায-নসীহতের মাধ্যমেও হিদায়ত করা যেতে পারে। **তৃতীয়তঃ** বিক্ষিপ্ত সুন্নী মুসলমানদেরকে সুসংগঠিত করা প্রয়োজন। **চতুর্থতঃ** রাজনৈতিক এবং সামাজিক অঙ্গনেও সুন্নীদের অংশগ্রহণ অপরিহার্য। **পঞ্চমতঃ** ভারতের দেওবন্দ মাদরাসা থেকে শিক্ষা ও দীক্ষা নিয়ে এসে কতিপয় লোক এদেশের বিভিন্ন এলাকায় ওহাবী-খারেজী মাদরাসা ও অন্যান্য প্রতিষ্ঠান গড়ে বিনা বেতনে ও ফ্রি খোরপোষ দিয়ে এদেশের গরীব ও অসচেতন মুসলমানদের সন্তানদের ওহাবী-দেওবন্দী ভ্রান্ত চিন্ত াধারায় শিক্ষিত ও উদ্বুদ্ধ করার যেসব পাঁয়তারা চালাচ্ছিল সেগুলো সম্পর্কে মানুষকে সচেতন করা দরকার। উল্লেখ্য, বর্তমানে তাদের এ তৎপরতা এক আশঙ্কাজনক আকার ধারন করেছে। **ষষ্ঠতঃ** মি. মওদূদীর মারাত্মক ভ্রান্ত চিন্তাধারা রাজনীতির আদলে এদেশের ধর্মপ্রাণ মুসলমানদের মধ্যে প্রতিষ্ঠা করার যে অশুভ পাঁয়তারা চলছিলো, সে সম্পর্কেও এ দেশের মানুষকে সচেতন করতে হবে। **সপ্তমতঃ** এদেশে কাফির ভণ্ডনবী গোলাম আহমদ ক্বাদিয়ানীর অনুসারীরাও যেসব পদক্ষেপ নিচ্ছিলো সেগুলো সম্পর্কে এদেশের মানুষকে সতর্ক করে দেওয়া আবশ্যক। **অষ্টমতঃ** ইসলামের সঠিক রূপরেখা (সুন্নী মতাদর্শ) প্রতিষ্ঠা এবং এর পরিপন্থী মতবাদগুলোর সফল মোকাবেলা করার জন্য শুধু আলিম তৈরি করে ক্ষান্ত না হয়ে তাঁদেরকে মুনাযির (তর্কযোদ্ধা) এবং সৎসাহসী করে তোলারও বিকল্প পথ নেই। **নবমতঃ** সুন্নীদের মধ্যে কোন উদাসীনতা ও সুন্নীয়তের প্রতি অপবাদ আসে এমন কিছু থাকলে সেগুলোর সংশোধন করারও প্রয়োজন। **দশমতঃ** এদেশে ইসলাম প্রচারকারী অগণিত পীর-মুর্শিদের সন্ধান দিয়ে সংশ্লিষ্ট এলাকার মুসলিম সমাজকে ওইসব শরীয়ত ও তরীক্বতের কেন্দ্রগুলোতে কেন্দ্রীভূত করা অত্যন্ত ফলদায়ক হবে। **একাদশতঃ** সুন্নী সমাজে লেখনীর চাহিদা পূরণের প্রয়োজনও অনস্বীকার্য ইত্যাদি।

সুতরাং তিনি কালক্ষেপণ না করে এসব ক'টি বিষয় বাস্তবায়নের জন্য নিজেকে উৎসর্গ করে দিলেন এবং বাস্তব ক্ষেত্রে সফলও হয়েছিলেন। তাঁর সুচিন্তিত পদক্ষেপগুলোও ছিলো নিম্নরূপ:

প্রথমতঃ আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি আলায়হি তাঁর কর্মজীবনের প্রাথমিক পর্যায় থেকে দ্বীন ও মাযহাবের প্রকৃত শিক্ষার প্রসারের দিকে মনযোগ দিলেন। তিনি ১৯৩২ ইংরেজীতে নিজ গ্রাম মেখলের ফকিরহাটে 'এমদাদুল উলূম আজিজিয়া সুন্নিয়া মাদরাসা' প্রতিষ্ঠা করে তাতে নিজেও শিক্ষকতা আরম্ভ করেন এবং তাঁর সঙ্গে দক্ষ সুন্নী-ওলামাকেও দ্বীনী শিক্ষার প্রসারে উদ্বুদ্ধ করেন। তাছাড়া, 'হাটহাজারী জামেয়া আজিজিয়া অদ্দুদিয়া সুন্নিয়া' বর্তমানে, 'অদুদিয়া সুন্নিয়া', 'রাউজান ফতেহ নগর অদূদিয়া সুন্নিয়া', রাঙ্গুনিয়ার 'চন্দ্রঘোনা অদূদিয়া সুন্নিয়া' (বর্তমানে চন্দ্রঘোনা তৈয়্যবিয়া অদূদিয়া সুন্নিয়া মাদরাসা) এবং লালিয়ারহাট হামিদিয়া হুসাইনিয়া রায্যাক্বিয়া মাদরাসার অন্যতম প্রতিষ্ঠাতার ভূমিকা পালন করেন। তাছাড়া,জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়া, চট্টগ্রাম এবং সোবহানিয়া আলিয়া মাদরাসা, চট্টগ্রাম'র মতো শীর্ষস্থানীয় দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর তিনি একান্ত শুভাকাঙ্ক্ষী ছিলেন। দেশের প্রত্যন্ত অঞ্চলে যেখানেই যারা সুন্নী মাদরাসা প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছেন, সেখানে তাঁদের প্রায় সবারই প্রতি তিনি যথেষ্ট আন্তরিকতা প্রদর্শন করেছেন।

YQADRI.BLOG

তাঁর প্রসিদ্ধ লেখনী 'দেওয়ান-ই আযীয'-এ এ প্রসঙ্গে যথেষ্ট বিবরণ পাওয়া যায়।

দ্বিতীয়তঃ ওয়ায-নসীহত ঃ বলাবাহুল্য, তখনো সরলপ্রাণ সাধারণ মুসলমানদের, বিশেষ করে দ্বীনী শিক্ষার আলো পাবার অন্যতম প্রধান উপায় ছিলো ওলামা-ই কেরামের শিক্ষাদান ও ওয়ায-নসীহত। আল্লামা গাযী শেরে বাংলার ওয়াযের প্রভাব ছিলো অকল্পনীয়। তাঁর নির্ভীক বর্ণনাভঙ্গি, আকর্ষণীয় কণ্ঠ ও হৃদয়গ্রাহী যুক্তি-প্রমাণ শ্রোতাদের মনে অকল্পনীয়ভাবে রেখাপাত করতো। তিনি যেদিকেই যেতেন জ্ঞান-পিপাসুদের ঢল নামতো। তিনিও ওয়ায-নসীহতের প্রতি অতি আন্তরিকতা প্রদর্শন করতেন। উদ্যোগীদের আহ্বানে, দ্বীনী প্রয়োজনে, দ্বীনের আলো বিকিরণের জন্য তিনি চলে যেতেন দূর-দূরান্তরে। তাঁর ওয়ায মাহফিলগুলোও ছিলো ওলামা-সাধারণের জন্য একেকটা নির্ভুল শিক্ষাক্ষেত্র। কারণ, তাঁর যুক্তি-প্রমাণগুলো ছিলো তাঁর বিরল ও সূক্ষ্ম তত্ত্ব ও তথ্য ভাণ্ডারের নির্যাস। ওইগুলো সাধারণ মানুষকে করতো তৃপ্ত আর ওলামা ও জ্ঞানী সমাজকে করতো আরো জ্ঞানসমৃদ্ধ।

তৃতীয়তঃ তর্কযুদ্ধঃ বলাবাহুল্য, যেসব এলাকা বা অঞ্চলের সুন্নী মুসলিম সমাজ বাতিলমুক্ত ছিলো তাদের জন্য তো সুন্নী ওলামা-ই কেরামের ওয়ায-নসীহত ও শিক্ষাদান অনায়াসে ঈমানের সজীবতা, জ্ঞান ও আমলের সৌন্দর্য দান করতো, কিন্তু যেসব এলাকায় ওহাবী-দেওবন্দীগণ (অবশ্য মওদূদী, ক্বাদিয়ানী ও শিয়া ইত্যাদি তখনো এতদঞ্চলে তেমন পরিচিত ছিলো না) তাদের অবস্থান গড়ার জন্য তৎপর ছিলো, সেসব এলাকার সুন্নীগণ ওইসব বাতিলের কথাবার্তায় গরমিল ও বিভ্রান্তি অনায়াসে বুঝতে পারতেন। তাই, সচেতন সুন্নী মুসলমানগণ ওই ওহাবী মৌলভীদের প্রতি চ্যালেঞ্জ ছুঁড়ে মারতেন। আর তাদেরকে তর্কযুদ্ধের সম্মুখীন হতে যুক্তিগতভাবে বাধ্য করা হতো। কারণ, দ্বীন ও মাযহাবের ক্ষেত্রে তাদের বিভ্রান্তি ছড়ানোর ফলে মুসলমানদের মধ্যে বিভেদ সৃষ্টি হচ্ছিল। সুতরাং প্রকাশ্যে উভয় পক্ষের আলিমগণ তর্কযুদ্ধে অবতীর্ণ হলে উভয়ের তর্ক ও আলোচনার ফলে সত্য ও মিথ্যার মধ্যে যুগান্তকারী মীমাংসা হয়ে যাওয়া স্বাভাবিক ছিল। তদুপরি, দ্বীনের অসাধারণ জ্ঞান-সমৃদ্ধ আল্লামা গাযী শেরে বাংলাও নির্দ্বিধায় ওহাবীসহ যাবতীয় বাতিলপন্থীকে তর্ক-মুনাযারার দিকে আহবান করতেন। এভাবে জনসাধারণের চাপের মুখে কিংবা স্বতঃস্ফূর্তভাবে ওহাবী ও ক্বাদিয়ানী মতবাদীরা তর্কযুদ্ধে অবতীর্ণ হতো। আল্লামা গাযী শেরে বাংলাই বেশীরভাগ তর্কযুদ্ধে সুন্নীদের পক্ষে অংশগ্রহণ করতেন। চট্টগ্রাম এবং চট্টগ্রামের বাইরে গিয়েও তিনি বিশাল বিশাল মুনাযারা সভায় নির্ভীকচিত্তে উপস্থিত হয়ে ওইসব বাতিলের সাথে তর্কযুদ্ধ করেছেন এবং প্রতিটি মুনাযারা থেকে তিনি বিজয়ী বেশে ফিরে আসেন। এসব মুনাযারার ফলে সংশ্লিষ্ট এলাকা, এমনকি দেশের গোটা মুসলিম সমাজ একথা বুঝতে সক্ষম হয়েছেন যে, সুন্নী মতাদর্শই ইসলামের একমাত্র সঠিক রূপরেখা। তাঁর ওইসব বিজয়ের ফলে সুন্নীরা হয়েছে বহুগুণ বেশী উৎসাহী, আর সৌভাগ্যক্রমে অনেক বাতিলও তাওবা করে ওহাবিয়াত ইত্যাদি ত্যাগ করে সুন্নী হয়ে গেছে। আর যাদের ভাগ্যে হিদায়ত নেই তারা হয়ে রয়েছে ধর্মীয় অঙ্গনে একেকটা ভ্রান্ত সম্প্রদায় হিসেবে চিহ্নিত। ওইসব মুনাযারার মধ্যে তাঁর নিজ এলাকা পূর্ব মেখল, আনোয়ারার রুস্তমহাট, বাঁশখালীর বৈলতলী, হাটহাজারীর মদনহাট, ফতেহপুর, মুহুরীহাট, মির্যাপুর ও কুমিল্লার আদালত ভবন ইত্যাদির মুনাযারা অতি প্রসিদ্ধ ও যুগান্তকারী ছিলো।

তাছাড়া, গত শতাব্দির ৪০ দশকের প্রারম্ভে চট্টগ্রাম শাহী জামে মসজিদে ক্বাদিয়ানীদের সাথেও এক যুগান্তকারী মুনাযারা (তর্কযুদ্ধ) অনুষ্ঠিত হয়েছিলো। এতেও আল্লামা গাযী শেরে বাংলা অন্যতম প্রধান তর্কযোদ্ধা হিসেবে ছিলেন। এ মুনাযারায়ও সুন্নীরা আশাতীতভাবে বিজয়ী হয়েছিলেন। ওই তর্কযুদ্ধের ফলে বিশেষ করে চট্টগ্রাম থেকে ক্বাদিয়ানীরা প্রায় সম্পূর্ণ উৎখাতই হয়ে গেছে। আর সমস্ত দেশবাসী ক্বাদিয়ানীদের বে-দ্বীনী কুফরী সম্পর্কে জানতে সক্ষম হয়েছেন।

আজ সবাই জানে যে, জামায়াতে ইসলামী'র প্রতিষ্ঠাতা মি. মওদূদী একজন মহাভ্রান্ত লোক। তিনি যখন চট্টগ্রাম লালদীঘি ময়দানে জনসভা করার জন্য আসলেন তখন আল্লামা গাযী শেরে বাংলা অনেকটা একাকী গিয়ে তার ভ্রান্ত মতবাদগুলোকে চ্যালেঞ্জ করেছিলেন। মওদূদী লা-জাওয়াব হয়ে সভা না করে চট্টগ্রাম ত্যাগ করেছিলেন। ফলে তার ভ্রান্তি ও পথভ্রষ্টতা জনসমক্ষে একেবারে স্পষ্ট হয়ে গিয়েছিলো।

তাছাড়া, হজ্জের সফরে, ওহাবিয়াতের মূল সূতিকাগার সুদূর সৌদী আরবের নজদী-মুফতীদেরকেও আল্লামা গাযী শেরে বাংলা শোচনীয়ভাবে পরাজিত করে সুন্নী মতাদর্শের সত্যতা প্রমাণ করেছিলেন। তবুও তদানীন্তন সৌদী সরকার তাঁকে তাঁর জ্ঞানগত যোগ্যতা ও অদম্য নির্ভিকতা ইত্যাদির ভিত্তিতে 'শায়খুল ইসলাম' এবং দেশের শীর্ষস্থানীয় আলিমগণ সর্বসম্মতভাবে তাঁকে 'শেরে বাংলা' উপাধিতে ভূষিত করেন।

মোট কথা, তিনি একথা দিবালোকের ন্যায় স্পষ্ট করে গেছেন যে, সত্যের অনুসারীরা যদি সঠিক জ্ঞানার্জন করেন এবং তদসঙ্গে তাদের মধ্যে থাকে অকৃত্রিম ইশক্বে রসূল, আর তারা যদি দ্বীন-মাযহাবের প্রতি বিশেষ আন্তরিকতা প্রদর্শন করেন, তাদের অন্তরে থাকে সৎসাহস, আর এ সৎসাহসের সাথে তারা বাতিলকে চ্যালেঞ্জ করেন, তবে সত্যের জয় অনিবার্য। এতে তখন একদিকে তাঁদের দৃঢ় ঈমানের পরিচয় পাওয়া যায়, অন্যদিকে বাতিলের তসমা দ্রুত অপসারিত হয়ে সেখানে সত্যই প্রতিষ্ঠা লাভ করে।

চতুর্থতঃ অসাধারণ ত্যাগস্বীকার

আল্লামা গাযী শেরে বাংলা সুন্নিয়াতের প্রসার ও প্রতিষ্ঠার মোকাবেলায় কখনো পার্থিব কোন কিছুকে প্রাধান্য দেননি। একদা তিনি ঘরে মৃত শিশু-সন্তানকে এক নজর দেখে দাফন করার জন্য অনুমতি দিয়ে মুনাযারায় চলে গিয়েছিলেন। যাবতীয় আয়ের বেশীর ভাগ ব্যয় করতেন তাঁর বিরুদ্ধে ওহাবীদের কৃত মামলা-মুকাদ্দমা চালাতে এবং ধর্মীয় কার্যাদিতে। তিনি ইন্তিকালের সময় বিশেষ কোন সম্পদ কিংবা নগদ টাকা পয়সা রেখে যান নি।

পূর্বে উল্লেখ করা হয়েছে যে, মুনাযারাগুলোতে নিয়মিতভাবে ওহাবীরা শোচনীয়ভাবে পরাজিত হয়ে আসছিলো। তাছাড়া, অব্যাহত গতিতে সুন্নিয়াতের প্রচারণা চালিয়ে যাওয়া সত্ত্বেও হতভাগা অস্বীকারকারীরা তাদের ভ্রান্তচিন্তা পরিহার করার পরিবর্তে বেছে নিলো, তাঁকে নানাভাবে কোণঠাসা, এমনকি হত্যা (শহীদ) করার ষড়যন্ত্রের মতো জঘন্য পন্থাকেই।

হাটহাজারী থানার খন্দকিয়া গ্রামে কিছু কট্টরপন্থী ও কাণ্ডজ্ঞানহীন ওহাবী বসবাস করে আসছিলো। একদা ওই এলাকায়ও তাঁকে ওয়াযের দাওয়াত দেওয়া হয়েছিলো। এলাকা তাঁর অনুকূলে ছিলো না। তবুও দ্বীন ও মাযহাবের প্রচারণার তাগিদে তিনি নিজের জীবনের

নিরাপত্তার বিষয়টিকে প্রাধান্য না দিয়ে সুন্নিয়াতের প্রচারনাকেই প্রাধান্য দিলেন। তিনি সেখানে ওয়ায করতে গিয়েছিলেন এবং সুন্নী মতাদর্শের বিষয়গুলোর পক্ষে যুক্তি প্রমাণ দিয়ে ওয়ায আরম্ভ করেছিলেন। কিন্তু ওহাবীরা তাঁকে শহীদ করার তখনই মুখ্য সুযোগ মনে করে ওয়াযের মধ্যভাগে তাঁর উপর অতর্কিতভাবে হামলা চালিয়েছিলো। তাদের নির্মম আঘাতে তিনি বেহুশ হয়ে মাটিতে লুটিয়ে পড়েছিলেন। হামলাকারী ওহাবীরা তাঁকে মৃত মনে করে পার্শ্ববর্তী কাঁটা ঝাড়ের মধ্যে ফেলে চলে গিয়েছিল। তারপর তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতাল তাঁকে 'মৃত' ঘোষণা করেছিলো; কিন্তু আল্লাহ্ ও রসূলের দরবারে এ মাক্ববূল মুজাহিদের বহু কাজ তখনও বাকী ছিলো বিধায় তাঁকে আল্লাহ্ ও রসূলের পক্ষ থেকে পুনরায় জীবন প্রদান করা হয়েছিলো।

আল্লামা গাযী শেরে বাংলা বলেছেন, হযরত আযরাঈল আলায়হিস্ সালাম তাঁর রূহ কব্জ করে আসমানের দিকে চলে যাবার সময় হযরত ফাতিমা যাহরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহা রূহানী ক্ষমতা বলে হস্তক্ষেপ করলেন এবং হুযূর-ই আকরামের মহান দরবারে তাঁর হায়াত বৃদ্ধির জন্য সুপারিশ করলেন। সুতরাং ওই সুপারিশ হুযূর গ্রহণ করলেন। হুযূর-ই পাকের কৃপাদৃষ্টির কারণে আল্লাহ্ পাক তাঁকে হায়াত দান করলেন। অতঃপর হুযূর-ই আকরাম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম নিজেই সদয় তাশরীফ এনেছিলেন এবং আল্লামা শেরে বাংলাকে নিজের সন্তুষ্টির সুসংবাদ দিলেন আর এরশাদ করলেন, "আজিজুল হক! আমি তোমার উপর সন্তুষ্ট হয়েছি। তোমার অকৃত্রিম মুহাব্বতের কারণে তোমার আয়ু বৃদ্ধি করা হলো।" আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি আলায়হি'র নবীপ্রেমের এমন দৃষ্টান্ত খুবই বিরল। বর্তমানেও আমাদের নবীপ্রেম ও ইশক্বে রসূলের বাস্তবতা প্রমাণের উপযুক্ত সময় এসেছে। বলাবাহুল্য, সুন্নিয়াতের এহেন ক্রান্তিলগ্নে আল্লামা গাযী শেরে বাংলাকে আদর্শ হিসেবে গ্রহণ করার বিকল্প পথ নেই।

পঞ্চমতঃ আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি আলায়হি সামাজিক, সাংগঠনিক এবং রাজনৈতিক অঙ্গনেও বিভিন্ন অবদান রাখেন। তাঁর অবদানগুলো সুন্নী জামা'আতকে গৌরবান্বিত করেছে। তাঁর ব্যক্তিত্ব, আভিজাত্য, সততা, একনিষ্ঠতা, মানুষের প্রতি ভালবাসা, ন্যায়পরায়ণতা ও জ্ঞান-গভীরতা ইত্যাদি কারণে তিনি ছিলেন আপন-পর সবার নিকট গ্রহণযোগ্য। আপন ইউনিয়নের তিনি ছিলেন দীর্ঘস্থায়ী অপ্রতিদ্বন্দ্বী চেয়ারম্যান। আক্বীদাগত বৈরীভাবাপন্ন ওহাবীরাও তাঁকে একজন বিশ্বস্ত সমাজপতি হিসেবে মানতো। তিনি 'জমিয়তে ওলামায়ে ইসলাম' নামক একটি ব্যাপক সংগঠন প্রতিষ্ঠা করে সাংগঠনিক যাত্রা আরম্ভ করেন। তিনি 'আঞ্জুমানে ইশা'আতে আহলে সুন্নাত ওয়াল জামা'আত, (তদানীন্তন) পূর্ব পাকিস্তান' নামক একটি সুন্নী সংগঠনও প্রতিষ্ঠা করেন।

তিনি ছিলেন অকৃত্রিম দেশপ্রেমিক। সুন্নী মতাদর্শে বিশ্বাসী হবার কারণে এবং দেশের স্বাধীনতাকামী দল হিসেবে তিনি তদানীন্তন মুসলিম লীগের শুভাকাঙ্ক্ষী ছিলেন। ধর্মীয় দৃষ্টিতে নারী নেতৃত্ব হারাম ও দেশের নেতৃত্বে অপেক্ষাকৃত যোগ্য বিবেচনা করে তিনি ১৯৬৩ ইংরেজীর নির্বাচনে ফাতিমা জিন্নাহর মোকাবেলায় আইয়ূব খানের প্রতি সমর্থন ঘোষণা করেছিলেন-যখন জামায়াতে ইসলামী ও দেওবন্দী-ওহাবী নেতারা ইসলামের মূলনীতির বিরুদ্ধে অবস্থান নিয়ে নারী নেতৃত্বকে সমর্থন দিয়েছিলেন। এ ক্ষেত্রেও ইমামে

আহলে সুন্নাত সুন্নিয়াতের মর্যাদাকে সমুন্নত রেখেছিলেন- যেভাবে বিগত ১৯৭১ ইংরেজীর স্বাধীনতা যুদ্ধে সুন্নী মুসলমানরা স্বাধীনতার পক্ষে পাকিস্তানী সৈন্যদের বিরোধীতায় সোচ্চার ছিলেন। পক্ষান্তরে, ওই মওদূদীর অনুসারীরা এবং ওহাবী-তাবলীগী-কওমী-আহলে হাদীস পন্থীরা আলবদর, আল্-শাম্‌স ইত্যাদি গঠন করে দেশের স্বাধীনতার বিপক্ষে অবস্থান নিয়েছিলো। আর বর্তমানেও সুন্নী মুসলমানরা ইসলামের মৌলিক নীতিমালার প্রতি সম্মান দেখিয়ে নারী নেতৃত্বের প্রতি পূর্ণ অনাস্থা প্রকাশসহ স্বাধীনতা ও সুন্নী আক্বীদা-বিরোধীদের বিরোধীতাই করে আসছেন এবং দেশ, জাতি ও ইসলামের মৌলিক নিষ্কলুষ আদর্শকেই অবলম্বন করে আসছেন। সুতরাং বর্তমানে আল্লামা গাযী শেরেবাংলাকে দেশের সর্বস্তরে সুন্নিয়ত তথা সত্য প্রতিষ্ঠার আন্দোলনের প্রেরণার অন্যতম প্রধান উৎস বলতে হয়।

ষষ্ঠতঃ আদর্শ প্রতিষ্ঠার ক্ষেত্রে চাই যথোপযুক্ত ও যুগোপযোগী লেখনী। এত কর্মব্যস্ততার মধ্যেও তাঁর লেখনী চলছিলো সমান্তরালভাবে। তাঁর লেখনীগুলোর মধ্যে 'দিওয়ান-ই আযীয', 'মাজমূ'আহ্-ই ফাতা-ওয়া-ই আযীযিয়া', 'ঈযাহুদ দালালাত' (ফাত্ওয়া-ই মুনাজাত) বিশেষভাবে উল্লেখযোগ্য। এসব কিতাবে তিনি অকাট্য প্রমাণাদি সহকারে যুগ জিজ্ঞাসার জবাব ও শরীয়ত-তরীক্বতের যথাযথ দিক-নির্দেশনা দিয়েছেন।

সপ্তমতঃ এ দেশে ইসলাম প্রচার করেছেন আউলিয়া-ই কেরাম। অগণিত পীর মাশাইখ ও আউলিয়া-ই কেরাম ইসলাম প্রচার ও ইসলামী শিক্ষা, সংস্কৃতি ও আদর্শের প্রচারণার ধারাবাহিকতাকে বহাল রেখেছেন। অন্য কথায়, এদেশের সুন্নী মুসলমান কোন না কোন ওলী ও পীর-বুযুর্গের আস্তানা, খানক্বাহ ও মাযার ইত্যাদির সাথে সংশ্লিষ্ট রয়েছেন। পক্ষান্তরে, সময়ের গতিপথে এ ক্ষেত্রে কিছু কিছু সুবিধাবাদী ও অযোগ্য লোকের বিচরণ এবং তাদের দ্বারা ধর্মীয় অঙ্গনে বিভিন্ন ক্ষতি হওয়াও অস্বাভাবিক নয়। সুতরাং আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি আলায়হি সুন্নী মুসলমান যাতে সত্যিকার আউলিয়া কেরাম ও পীর- মাশাইখের সান্নিধ্য পান ও তাঁদের যিয়ারত ও শিক্ষা ইত্যাদি দ্বারা উপকৃত হতে থাকেন, অন্যদিকে ভণ্ডপ্রকৃতির লোকেরা যাতে ওলী-বুযুর্গদের নামে নিজেদের স্বার্থপরতাকে চরিতার্থ করতে গিয়ে সুন্নী জমা'আতকে কলূষিত করতে না পারে তজ্জন্যও যথোপযুক্ত ভূমিকা পালন করে যান। নিজে গিয়ে সত্যিকারের বরকতময় জায়গা ও ব্যক্তিদের স্বীকৃতি দেন, তৎসঙ্গে ভণ্ডদের ভণ্ডামীর মুখোশও উম্মোচন করেছেন। তাঁর 'দিওয়ানে আযীয'-এ তিনি আল্লাহর হাম্দ এবং আমাদের আক্বা ও মাওলা হুযূর-ই আকরাম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর না'ত দিয়ে আরম্ভ করেছেন। অতঃপর দেশ-বিদেশের বহু ওলীর প্রশংসা ফার্সী ভাষায় উঁচুমানের কাব্যাকারে লিখে এক্ষেত্রে পত্যক্ষ ও পরোক্ষ দিকনির্দেশনা দিয়েছেন। তিনি বহু অজানা ওলীর সন্ধান দিয়েছেন। বহু ওলীর উঁচু মর্যাদা ও বৈশিষ্ট্য নির্ণয় করেছেন। বহু ওলীর মাযারে প্রচলিত বহু বিতর্কিত কর্মকাণ্ডের প্রকৃতি বিশ্লেষণ করে সেগুলো সম্পর্কে শরীয়তের বিধানও নির্ণয় করে দিয়েছেন।

এতদসঙ্গে তিনি কিছু ভ্রান্তআক্বীদা ও বিশৃঙ্খলা সৃষ্টিকারীর মুখোশও উন্মোচন করেছেন তাঁর এ প্রামাণ্য কিতাবে। তিনি কিছু সংখ্যক মহান আউলিয়া-ই কেরামের স্বতন্ত্র বৈশিষ্ট্যের সন্ধান দেন। তাছাড়া, তিনি মুসলমানদেরকে সত্যিকার ওলী-বুযুর্গদের সান্নিধ্যে থাকার উপদেশ দিতেন।

তিনি প্রখ্যাত ইমাম ও মুনাযির হিসেবে অহরহ কর্মতৎপর ছিলেন। সাথে সাথে তিনি ছিলেন আধ্যাত্মিক জগতেরও এক মহান ওলী। যুগখ্যাত ওলী-ই কামিল হযরত আবদুল হামিদ বাগদাদী রাহমাতুল্লাহি আলায়হির একনিষ্ঠ মুরীদ ও খলীফা ছিলেন তিনি। তাই, তরীক্বতের বায়'আত করিয়ে মুসলমানদেকে রূহানীভাবে ফয়য দ্বারা ধন্য করারও অনন্য যোগ্যতা তাঁর মধ্যে ছিলো। কিন্তু তিনি তাঁর বেলায়তকে অনেকটা গোপন রেখে, বেশী লোককে বায়'আত করান নি বরং মুসলিম সমাজকে হযরত সৈয়্যদ আহমদ শাহ সিরিকোটী পেশোয়ারী (শাহানশাহে সিরিকোট)'র হাতে বায়'আত গ্রহণ করার জন্য পরামর্শ দিতেন। আর বলতেন, "শাহানশাহে সিরিকোট হলেন পীর-ই কামিল, আশেক্বে রসূল ও যমানার গাউস। তাঁর সিলসিলার মধ্যে সন্দেহযুক্ত কোন ব্যক্তি নেই। তাঁর দামান নাজাতের ওসীলা" ইত্যাদি। [আল্লামা গাযী শেরে বাংলা, জীবনী গ্রন্থ পৃষ্ঠা- ৯৬-৯৭]

অষ্টমতঃ সমসাময়িক প্রশ্নাবলীর অকাট্য সমাধান প্রদান

বেলায়তের একটি অতি উচ্চ পদ হচ্ছে 'গাউসুল আ'যম'। তাবেঈ'র পরই এ মহামর্যাদা। আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিও তাঁর 'দিওয়ানে আযীয'-এ মহান উপাধি সম্পর্কেও সিদ্ধান্ত দিয়েছেন। তিনি হুযূর গাউসে পাক শায়খ আবদুল ক্বাদের জীলানী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে 'শাহে বেলায়ত' বলেছেন। আর হুযূর গাউসে পাকের ওই ঘোষণাটি (ক্বাদামী হা-যিহী 'আলা রাক্বাবাতি কুল্লি ওয়ালিয়্যিল্লাহ্ অর্থাৎ আমার এ কদম আল্লাহর সমস্ত ওলীর গর্দানের উপর) এভাবে বর্ণনা করেছেন- 'পা-য়ে পা-কশ বর রেক্বা-বে হার ওলী-উল্লাহ বুয়াদ।' অর্থাৎ "তাঁর কদম প্রত্যেক ওলীর গর্দানের উপরই।" তিনি আরো বলেছেন, তিনি হলেন 'গাউসুল আযম ও কুত্ববে আলম' ইত্যাদি। তিনি বলেছেন, এ কারণে তাঁর পা মুবারক প্রতিটি ওলীর গর্দানের উপর স্থান পেয়েছে। 'গাউসুল আ'যম' উপাধি ব্যবহারের ক্ষেত্রে আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র সিদ্ধান্ত একটি যুগান্তকারী সিদ্ধান্ত। সুতরাং সুন্নী মুসলমানগণ আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি আলায়হি'র এ ফয়সালা ও সুবিন্যস্ত বিবরণকে নির্দ্বিধায় মেনে নেওয়াকে এ ক্ষেত্রে নিরাপদ ও সঠিক বলে মনে করেন। তাছাড়া, যামানার গাউসগণ (রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুম)-এর উল্লেখও রয়েছে তাঁর 'দিওয়ান-ই আযীয'-এ।

শরীয়তের মাসআলা-মাসাইলের সমাধান

ওহাবীরা আল্লাহ তা'আলা ও নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর মানহানি করে থাকে। তারা আল্লাহর জন্য মিথ্যা বলা সম্ভব (ইমকানে কিয্ব) ইত্যাদি এবং নবী করীম সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লামকে বড় ভাইয়ের মতো বলে, আরো বলে- নবী পাক গায়ব জানেন না। নবীর খেয়াল নামাযে আসলে...ইত্যাদি। এগুলোই হচ্ছে ওহাবীদের সাথে সুন্নী মুসলমানদের বিরোধের মৌলিক কারণ। এ আক্বীদাগুলোর সাথে সংশ্লিষ্ট শরীয়তের এমন কিছু মাসআলাও রয়েছে, যেগুলো শরীয়ত মতে বৈধ ও বরকতময় হওয়া সত্ত্বেও ওহাবীরা মনগড়াভাবে সেগুলোকে হারাম, শির্ক নাজায়েয ফাত্ওয়া দিয়ে বসে। আল্লামা গাযী শেরে বাংলা আক্বাইদ সংক্রান্ত হোক আর শরীয়ত সংক্রান্ত হোক যে কোন মাস'আলা বা বিষয়ে যখন ও যেখানে ভুল ফাতওয়া দেওয়া হয়েছে তখনই সেখানে গিয়ে সেটার প্রতিবাদ ও প্রতিকার করেছেন। মাঠে-ময়দানে প্রকাশ্যে ওয়ায ও মুনাযারার

মাধ্যমেতো তা করেছেনই, লেখনীর মাধ্যমেও তিনি প্রায় সব বিতর্কিত মাসআলার সমাধান দিয়েছেন। 'দিওয়ান-ই আযীয' ও 'মজমু'আহ-ই ফাতাওয়া-ই আযীযিয়া'তে তিনি একেকটা মাসআলার পক্ষে এতোগুলো কিতাবের সূত্র ও বরাত উল্লেখ করেছেন যে, তা দেখে হতবাক হতে হয়। যেমনঃ ক্বিয়াম-মীলাদ শরীফ, 'এয়া রসূলুল্লাহ' বলে ডাকা, নবী ও ওলীগণের নিকট সাহায্য চাওয়া, ওরশ-ফাতিহাখানি, আশুরায় উন্নত মানের খাবার তৈরি করা, হাণ্ডদানার ফাতিহা, হুযূর করীমের নাম শুনলে দু'বৃদ্ধাঙ্গুলীতে চুমু খেয়ে দু'চোখ মসেহ করা, কবর যিয়ারত, নফল নামায জমা'আত সহকারে পড়া, শবে ক্বদরের নফল নামায, ফরয নামাযের পর মুনাজাত, মাইকযোগে ওয়াজ-নসীহত করা, সঠিক মুর্শিদের পরিচয়, অমুসলিম সম্প্রদায়ের সাথে সামঞ্জস্য রাখার কুফল, নযর-নিয়াযের বিধান, মাযারে বাতি ও লোবান জ্বালানো, বরকত লাভের জন্য বুযুর্গদের আস্তানায় চুমু খাওয়া ইত্যাদি। তাছাড়া, তিনি সামা' ও সাজদায়ে তাহিয়্যাহ (পীরকে ও বুযুর্গের মাযারকে সাজদা করা) ইত্যাদি স্পর্শকাতর বিষয়েরও একেবারে গ্রহণযোগ্য সমাধান দিয়েছেন।

ধর্মীয় কাজে মাইক ব্যবহার প্রসঙ্গে

বক্তার আওয়াযকে বড় করে একসাথে বেশী শ্রোতার নিকট পৌঁছানোর জন্য বিভিন্ন সময় বিভিন্ন পদ্ধতি অবলম্বন করা হয়ে আসছিলো। বিদায় হজ্বে হুযূর সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর বাণী মুবারক উপস্থিত লক্ষাধিক সাহাবীর নিকট পৌঁছানোর জন্য হুযূর হযরত আব্বাস রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে এ জন্য নিয়োগ করে উটের পিঠের ওপর চড়িয়ে দিয়েছিলেন। এতে একথার পক্ষে দলীল কায়েম হয়েছে যে, যদি আওয়াজকে পৌঁছানোর জন্য অন্য কোন বিকল্প পদ্ধতি আবিস্কৃত হয় তাও বৈধ।

বলাবাহুল্য, পরবর্তীতে মাইক আবিষ্কৃত হলো। মাইকযোগে রাজনৈতিক থেকে আরম্ভ করে যে কোন কথা বা বাক্য ইত্যাদি একসাথে বহুসংখ্যক শ্রোতার নিকট পৌঁছানো হচ্ছে। এমতাবস্থায় ধর্মীয় কথাবার্তা, ওয়ায-নসীহত, ক্বোরআন মজিদের তেলাওয়াত ইত্যাদির বেলায় মাইক ব্যবহারকে না জায়েয বলার কোন কারণ থাকতে পারে না। অবশ্য, নামাযের ক্ষেত্রে মুকাব্বির নিয়োজিত রেখে প্রয়োজনে মাইক ব্যবহার করার বিপক্ষে যতই কথা বলা হোক না কেন, তাকে 'তাক্বওয়ার পরিপন্থী' বলার চেয়ে বেশি কিছু বলা যায় না। প্রয়োজনের শর্ত সাপেক্ষে 'ফাত্ওয়া' কিন্তু বৈধতার পক্ষে। কিন্তু এতদ্সত্ত্বেও কিছু লোক নির্বিচারে মাইক ব্যবহারকে 'নাজায়েয' 'হারাম', 'অগ্নিপূজা', 'নূরকে আগুন জ্বালিয়ে ফেলছে' ইত্যাদি বলে শোর-চিৎকার শুরু করে দিলে আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি আলায়হি তাঁর 'দিওয়ান-ই আযীয'-এ সেটার সমাধানও দিয়েছেন। তিনি ওয়ায ইত্যাদির মজলিসে মাইক ব্যবহারের বৈধতার পক্ষে 'ইজমা' হয়েছে বলে প্রমাণ করে এর বিরোধিতা করাকে হঠকারিতা, ফাসেক্বী, পথভ্রষ্টতা ও মূর্খতা বলে আখ্যায়িত করেছেন।

নবমত: তিনি তাঁর সাথে রেখে হাতে কলমে শিক্ষা এবং উৎসাহ দিয়েও বহু যোগ্য আলিম, মুনাযের, সচেতন ও নিষ্ঠাবান উত্তরসূরী তৈরি করে গেছেন, যা বর্তমানে বিশেষ করে আমাদের সুন্নী অঙ্গনে খুব কমই দেখা যায়! অথচ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণও।

আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি ছিলেন- আহলে সুন্নাতের মহান ইমাম। ইসলামের প্রকৃত আদর্শের প্রতিষ্ঠা ও সংরক্ষণের জন্য তিনি সাধ্য মতো

প্রয়োজনীয় সব কিছু করেছেন। এগুলো করতে গিয়ে তিনি অনন্য ত্যাগের মহিমা প্রদর্শন করেছেন। তিনি একথাও প্রতিষ্ঠা করেছেন যে, আল্লাহ ও তাঁর রসূলের ভালবাসাই মানুষের নাজাত ও মর্যাদালাভের একমাত্র উপায়। আর এ ভালবাসার বাস্তব প্রমাণ হচ্ছে প্রেমাস্পদের মর্যাদাকে যে কোন কিছুর বিনিময়ে তুলে ধরা। পক্ষান্তরে, প্রেমাস্পদের মান-মর্যাদার বিরুদ্ধে ষড়যন্ত্র হলে তাও প্রতিহত করার জন্য সোচ্চার হওয়া এবং যুগোপযোগী ও তৎক্ষণিকভাবে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। আর এ জন্য চাই ত্যাগ ও নিষ্ঠা, প্রয়োজনে নিজের প্রাণটুকু পর্যন্ত বিসর্জন দেওয়া।

বলা বাহুল্য, বর্তমানে সুন্নীয়াতের মোকাবেলায় বিপরীত চিন্তাধারার লোকেরা তাদের অবস্থান গড়ে নিয়ে শুধু সুন্নীয়াতের বিরুদ্ধে হামলা করছে না; বরং তাদের উচ্চাভিলাষকে চরিতার্থ করার জন্য যথেচ্ছ কাজ করে জাতীয় জীবনকেও দূর্বিসহ করে তুলছে। সর্বোপরি, বদনাম করছে আমাদের পূতপবিত্র ধর্মেরও। এমতাবস্থায় আমাদের জ্ঞানী, গুণী, অর্থশালী বুদ্ধিজীবী ও সচেতন, অসচেতন সবাই আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহির আদর্শের অনুসরণ করলে সকলের জন্য সুফল বয়ে আনবে। উল্লেখ্য, আল্লামা গাযী শেরে বাংলার আদর্শ জীবনের দিকে তাকালে ইমাম হোসাইন, ইমাম আবু হানীফা, মুজাদ্দিদে আলফেসানী, হযরত শাহ্ জালাল ইয়েমেনী, আল্লামা ফযলে হক খায়রাবাদী, আ'লা হযরত ফাযেলে বেরলভী প্রমুখ বুযুর্গের আদর্শের চিত্র চোখের সামনে উদ্ভাসিত হয়। আরো অনুমান করা **যায়- ইলমে লাদুন্নীর ধারক হুযূর খাজা চৌহরভী এবং শাহানশাহে সিরিকোট হযরত সৈয়্যদ আহমদ শাহ্ সিরিকোটী রাহমাতুল্লাহি আলায়হিমা ও তাঁদের বুযুর্গ উত্তরসূরীদের বেলায়তী শক্তি, সাহস, দূরদর্শিতা ও আন্তরিকতার বাস্তবদৃশ্য। মোটকথা, একজন আশেক্বে রাসূল ও ইমামের বহুমুখী যোগ্যতার যথাযথ নমুনা তিনি পরবর্তীদের জন্য রেখে গেছেন। আর তিনিও হয়েছেন আল্লাহ্ এবং তাঁর হাবীবের একান্ত প্রিয়ভাজন।**

ওফাত শরীফ

১৩৮৯ হিজরীর ১২ রজব, মোতাবেক ১৯৬৯ ইংরেজীর ২৫ সেপ্টেম্বর এবং ১৩৭৬ বাংলার ৮ আশ্বিন এ দেশের সুন্নিয়াতের ইতিহাসে এক বেদনাবিধূর দিন। এ দিন ছিলো সুন্নিয়াতের আকাশ মেঘাচ্ছন্ন ও বিচ্ছেদকাতর বর্ষণমুখর। কারণ, এ ১২ রজব বুধবার দিবাগত রাতে সুবহে সাদেক্বের সময় এ দেশের সুন্নিয়াতের আন্দোলনের সর্বোজ্জ্বল জ্যোতিষ্ক, সুন্নী জনতার প্রাণস্পন্দন হযরত আল্লামা গাযী সৈয়দ মুহাম্মদ আজিজুল হক শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি লক্ষ-কোটি সুন্নী জনতাকে শোকসাগরে ভাসিয়ে করে এ নিশ্বর পৃথিবী থেকে পর্দা করেন। বেসাল শরীফের সময় এ অকৃত্রিম আশিক্বে রসূলের বয়স হয়েছিলো ৬৩ বৎসর।

হযরত শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র ওফাত শরীফের খবর বিদ্যুৎগতিতে চতুর্দিকে ছড়িয়ে পড়ে। দলে দলে আশিক্বানে রসূল সুন্নী জনতা শোকে মুহ্যমান হয়ে হুযূরের হাটহাজারীস্থ বাসভবনে পতঙ্গের ন্যায় ছুটে আসতে থাকে। পিতাকে হারিয়ে সন্তান যেমন ইয়াতীম ও অসহায় হয়ে আহাজারি করতে থাকে, তেমনি আজ লক্ষ কোটি সুন্নী জনতার নয়নমণি গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিকে এক নজর দেখার

জন্য ও শেষ বিদায় জানানোর জন্য তাঁরা অশ্রুসিক্ত নয়নে সমবেত হলো।

পবিত্র নামাযে জানাযা ও দাফন

শুক্রবার সকাল বেলা হাটহাজারী কলেজ ময়দানে হযরত শেরে বাংলার প্রথম নামাযে জানাযা অনুষ্ঠিত হয়। বর্ষার মৌসুম হওয়া সত্ত্বেও এ ঐতিহাসিক জানাযায় লক্ষাধিক লোকের সমাগম হয়েছিলো। ইতিপূর্বে সেখানে এতবড় জমায়েত আর কোন দিন ঘটেনি। এতে কয়েক সহস্রাধিক আলেম, ফাযেল ও অসংখ্য মাদরাসার ছাত্রও উপস্থিত ছিলেন। এমনকি হাটহাজারী (খারেজী) মাদরাসার ছাত্র-শিক্ষকদের অনেকও জানাযায় শরীক হয়ে হুযূরকে শ্রদ্ধা জানিয়েছে।

হযরতুল আল্লামা কাজী মুহাম্মদ নূরুল ইসলাম হাশেমী সাহেব ইমামে আহলে সুন্নাত আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র জানাযা নামাযের ইমামত করেন। বলাবাহুল্য, এরপর থেকে 'ইমামে আহলে সুন্নাত'-এর মর্যাদায় অভিষিক্ত হয়ে আজও আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র সুযোগ্য উত্তরসূরি হিসেবে আল্লামা হাশেমী সাহেব ক্বেবলা সুন্নী মুসলমানদের নেতৃত্ব দিয়ে যাচ্ছেন। এরপর সিদ্দীক্ব সওদাগরের বর্তমান পেট্রোল পাম্পের সামনে হুযূরের দ্বিতীয় নামাযে জানাযা অনুষ্ঠিত হয়। অতঃপর হাটহাজারীর প্রাণকেন্দ্রে হুযূরেরই নির্দেশ মোতাবেক পূর্বে খরিদকৃত জায়গায় তাঁকে দাফন করা হয়। শুক্রবার জুমার পূর্বে এই পবিত্র দাফন কার্য সম্পন্ন হয়। এখানে উল্লেখ্য যে, হুযূরেরই নসীহত মোতাবেক ক্ববর শরীফকে খুবই উঁচু ও প্রশস্ত করা হয়। কারণ তিনি জীবদ্দশায় ওসীয়ৎ করে গেছেন, "তোমরা দাফনের সময় আমার কবরকে অন্তত মাথা বরাবর উঁচু করবে। যাতে করে আমি প্রিয় নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে দাঁড়িয়ে সালাম জানাতে পারি। আমার রওযায় যখন মিলাদ মাহফিল হবে তখনও যেন আমি দাঁড়িয়ে ক্বিয়াম করতে পারি।" ইশক্বে রসূলের এ এক বিরল দৃষ্টান্ত! এখানে আরো উল্লেখ্য যে, মুজাদ্দিদে যামান আ'লা হযরত ইমাম শাহ্ আহমদ রেযা খান ফাযেলে ব্রেলভী রহমাতুল্লাহি তা'আলা আলায়হিও ইন্তিকালের পূর্বে তাঁর কবর শরীফকে প্রশস্থ ও উঁচু করার জন্য নসীহত করেছিলেন।

রওযা শরীফ নির্মাণ

হযরত শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র ইন্তিক্বালের পর তাঁর পবিত্র কবর শরীফের উপর সুদৃশ্য বৃহৎ গম্বুজ বিশিষ্ট সুরম্য মাযার নির্মিত হয়। এই শানদার মাযার শরীফের বৃহৎ ও সুদৃশ্য সবুজ গম্বুজ আশেক্বের নয়নে মদীনা পাক, আজমীর ও বেরলভী শরীফের কথা স্মরণ করিয়ে দেয়। এ যেন নক্বশায়ে মদীনা, নক্বশায়ে আজমীর ও নক্বশায়ে বেরলভী শরীফ। তাই এই মাযার শরীফ নির্মাণকালে আল্লামা মুফতী ওবাইদুল হক নঈমী সাহেব মন্তব্য করেছিলেন, "হযরত শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র মাযার শরীফ যেন বাংলার চট্টগ্রামের বুকে দ্বিতীয় খাজা সাহেবের মাযার তৈরি হল।" বাস্তব ক্ষেত্রেও দেখা যায়, বাংলার আপামর সুন্নী জনতা আশেক্বানের কাছে তিনি 'খাজায়ে বাঙ্গাল' হিসেবে পরিচিত। এখানে আরো একটি রহস্য নিহিত রয়েছে। তা সুলতানুল হিন্দ হযরত খাজা গরীব নাওয়ায রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র বেসাল শরীফও রজব মাসে (৬ রজব) হয়েছে। অন্যদিকে খাজায়ে বাঙ্গাল হযরত শেরে বাংলা রাহমাতুল্লাহি

তা'আলা আলায়হি'র বেসাল শরীফও রজব মাসে (১২ রজব)। পরম করুণাময়ের কুদরতে এ যেন এক মহান প্রত্যক্ষ ও পরোক্ষ সামঞ্জস্য। আল্লামা গাযী শেরে বাংলার মাযার শরীফের উত্তর পাশে বৃহৎ জামে মসজিদ নির্মিত হয়েছে। বর্তমানে তাঁর মাযারের পাশে বহুতল বিশিষ্ট মসজিদ ও বিশাল ইসলামী কমপ্লেক্স নির্মিত হচ্ছে।

ওরস মুবারক ও যিয়ারত

প্রতি বৎসর ১২ রজব হাটহাজারী দরবার শরীফ প্রাঙ্গণে মুজাদ্দিদে দ্বীন ও মিল্লাত হযরত আল্লামা গাযী সৈয়দ মুহাম্মদ আজিজুল হক শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র পবিত্র বার্ষিক ওরস শরীফ মহাসমারোহে অনুষ্ঠিত হয়। এ আযীমুশ্ শান ওরস মুবারকে অগণিত আশেক্বে রসূল সুন্নী জনতার সমাগম ঘটে। বলতে গেলে এই জনসমাগম এক বিরাট সুন্নী সমাবেশের রূপ ধারণ করে। মাযার শরীফের পশ্চিম পার্শ্বস্থ ময়দানে মাহফিলের নিমিত্তে সুদৃশ্য প্যান্ডেল ও মঞ্চ নির্মিত হয়। ওরস শরীফে অগণিত পীর-মাশাইখ ও ওলামা-ই কেরাম তাশরীফ আনেন। তাঁরা হযরত শেরে বাংলা রহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র জীবনাদর্শ ও সুন্নিয়াতের আন্দোলনের উপর সারগর্ভ তাক্বরীর পেশ করেন। প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে সুন্নিয়াতের আন্দোলনের সাথে জড়িত সুন্নী মুসলমানদের বিপুল সমাগম এখানে লক্ষ্য করা যায়। না'রায়ে তাকবীর, না'রায়ে রিসালাত, না'রায়ে গাউসিয়া ও সুন্নিয়াতের স্লোগানে ভক্তরা আকাশ-বাতাস মুখরিত করে তোলে। এ নয়নাভিরাম দৃশ্য চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। ওই দিন হুযূরের পবিত্র মাযার পাকে একের পর এক মিলাদ ও ক্বিয়াম অনুষ্ঠিত হয়, যা সচরাচর অন্য কোন দরবারে দৃষ্টিগোচর হয় না। যাঁর গোটা জীবন সালাত-সালাম, দুরূদ-ক্বিয়ামকে প্রতিষ্ঠিত করার জন্যই উৎসর্গ করে গেছেন, তাঁর মাযার শরীফে কেউ দুরূদ ও ক্বিয়াম ব্যাতিরেকে শুধুমাত্র যিয়ারত করে ফিরে যাবার দুঃসাহস দেখায় না। আসলে তিনি মিলাদ ও ক্বিয়ামকে কতটুকু ভালবাসতেন তাঁর পবিত্র মাযার শরীফে আসলে তা উপলব্ধি করা যায়। তাছাড়া ওরস মুবারকের আরেকটি বরকতময় বিশেষ আকর্ষণ হচ্ছে 'তাবাররুক'। তাঁর পবিত্র ওরসের তাবাররুক লাভ করার জন্য অনেককে বিশেষ তৎপর হতে দেখা যায়।

যিয়ারতের ফযীলত

আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি-এর পবিত্র মাযার শরীফ যিয়ারতের ফযীলত ও বরকত অকল্পনীয়। তাঁর মহান দরবারে গরীব-দুঃখী সকলের অভাব মোচন হয় বলে প্রখ্যাত সুন্নী ওলামা-ই কেরাম তাঁকে 'খাজায়ে বাঙ্গাল' উপাধিতে ভূষিত করেন। বিশেষতঃ সুন্নিয়তের আন্দোলনের বীর সৈনিকদের জন্য তাঁর দরবার একটি বিশেষ আকর্ষণ। কারণ তিনি তো বাংলার আ'লা হযরত, সুন্নিয়াতের মহান বীর সিপাহ সালার। এ দরবার তো নক্বশায়ে বেরেলী শরীফ। তাই তো তিনি এরশাদ করে গেছেন, "তোমরা যদি বাতিলদের সাথে মুনাযারায় অবতীর্ণ হও কিংবা কোন সংঘর্ষ হয়, তবে আমার রওযা শরীফ যিয়ারত করবে। তার ফায়সালা ও প্রতিকার ইনশা-আল্লাহ্ আমি করে দেব।"

সন্তান-সন্ততি

প্রথম স্ত্রীর সন্তান: ১. সৈয়দ মুহাম্মদ আমীনুল হক্ব আলক্বাদেরী, ২. সৈয়দ মুহাম্মদ যিয়াউল

হক্ব আলক্বাদেরী, ৩. সৈয়দ মুহাম্মদ বদরুল হক্ব আলক্বাদেরী।

চারকন্যা : ১. সৈয়দা হাসীনা বেগম, ২. সৈয়দা কসীদা বেগম, ৩. সৈয়দা সাকীনা বেগম, ৪. সৈয়দা চমন আরা বেগম (বুলবুল)।

দ্বিতীয় স্ত্রীর সন্তান: ১. সৈয়দ মুহাম্মদ আবদুল হক্ব আলক্বাদেরী, ২. সৈয়দ মুহাম্মদ নূরুল হক্ব আলক্বাদেরী, এক কন্যা: ১. সৈয়দা মমতায বেগম

তৃতীয় স্ত্রীর সন্তান: একপুত্র- ১. সৈয়দ মুহাম্মদ মোজাহেরুল হক্ব আলক্বাদেরী

কয়েকটি কারামাত

আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি একজন অপ্রতিদ্বন্দ্বী আলেম ও মুনাযিরই ছিলেন না, বরং তিনি যে উঁচু পর্যায়ের ওলী ছিলেন তাতে সন্দেহের অবকাশ নেই। তাঁর আদর্শ জীবনে বহু কারামাত প্রকাশ পেয়েছে। এ ক্ষুদ্র পরিসরে সংক্ষেপে কয়েকটি বিশেষ কারামাত উল্লেখ করার প্রয়াস পাচ্ছি।

।। এক।।

একবার কুতুবদিয়ায় ওহাবীরা আল্লামা গাযী শেরে বাংলাকে আঘাত করার কুমৎলবে ওয়াযের দাওয়াত করেছিলো। তিনিও দ্বীন-মাযহাবের প্রচারণার বিষয়টিকে গুরুত্ব দিয়ে আল্লাহর উপর পূর্ণ ভরসা করে দাওয়াত গ্রহণ করলেন এবং সেখানে গিয়ে নির্ধারিত সময়ে নিজের নিয়মে ওয়ায আরম্ভ করলেন। ওয়াযে তিনি সুন্নী মতাদর্শকে তুলে ধরে ওহাবীদের ভ্রান্ত মতবাদগুলো খণ্ডন করছিলেন। ইত্যবসরে তারা তাঁকে অতর্কিত হামলা করার প্রস্তুতি নিচ্ছিলো। কিন্তু আল্লাহ্ পাকের মেহেরবানী দেখুন! থানা-পুলিশের একটি দল গভীর রাতে চোর ধরার জন্য মাহফিলের পার্শ্ববর্তী রাস্তা দিয়ে যাচ্ছিলো। হঠাৎ পুলিশ বাহিনীর কানে এক আহ্বান আসলো- 'তোমরা ওদিকে যাচ্ছো কোথায়? দেখছোনা শেরে বাংলাকে ওহাবীরা আক্রমণ করছে?' পুলিশ বাহিনী মাহফিলের দিকে রওনা দিলো। মাহফিল স্থলে গিয়ে দেখলো ওহাবী হায়েনারা আল্লামা গাযী শেরে বাংলাকে আঘাতের পর আঘাত করে যাচ্ছে। সুতরাং পুলিশ বাহিনী তাৎক্ষণিকভাবে হস্তক্ষেপ করে তাঁকে রক্ষা করলো। ওহাবীরা হলো গ্রেফতার ও লাঞ্ছিত।

।। দুই।।

পশ্চিম পটিয়ার দৌলতপুরের জনৈক খবীস লোক আল্লামা গাযী শেরে বাংলাকে প্রাণে মেরে ফেলার কুমৎলবে ওয়ায মাহফিলের নামে তাঁকে দাওয়াত করলো। হুযূর যথাসময়ে ঠিকানানুসারে গিয়ে দেখলেন সেখানে মাহফিলের কোন আয়োজন নেই। সুতরাং তিনি মসজিদে নামায পড়তে ঢুকলেন এবং নামায শেষে দো'আ-দুরূদ ও মোরাক্বাবা-মুশাহাদায় মগ্ন হলেন। ইত্যবসরে চক্রান্তকারীর দল মসজিদের চতুর্পাশে ঘোরা ফেরা করছিলো এবং তাঁকে হামলার প্রস্তুতি নিচ্ছিলো। কিন্তু দেখা গেলো 'মার-মার, ধর-ধর' করতে করতে একদল লোক মসজিদের দিকে এগিয়ে আসলো। তারা ছিলো হুযূরের ভক্তবৃন্দ। অদৃশ্য আহ্বানে সাড়া দিয়ে তারা হুযূরকে রক্ষা করার জন্য এগিয়ে এসেছিলো। এদিকে চক্রান্তকারীরা প্রাণের ভয়ে দ্রুতবেগে পালিয়ে গেলো। আল্লামা গাযী শেরে বাংলা ওই মসজিদে ওয়ায ও মীলাদ মাহফিল করে চলে আসলেন।

।। তিন ।।

আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি হলেন অকৃত্রিম আশেক্বে রসূল। নবীর শান-মানকে বুলন্দ রাখার জন্য তিনি গোটা জীবনটাকে উৎসর্গ করেছেন। ইন্তিকালের পূর্বে কিছুদিন তিনি কথাবার্তা কম বলতে লাগলেন। হুযূরের খলীফা মরহূম মাওলানা আবদুল মা'বূদ আলক্বাদেরী হুযূরের দরবারে আরয করলেন, "আপনি কেন কথাবার্তা বলা ছেড়ে দিয়েছেন? বিরুদ্ধবাদীরা তো বলবে, "শেরে বাংলা তো কিছুই বলে যেতে পারলেন না।" এ কথা শুনে আল্লামা গাযী শেরে বাংলা উঠে বসলেন, আর বললেন, "নবীর দুশমনরা আর কীইবা বলবে? আমি এক সপ্তাহর মধ্যে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে চল্লিশবার স্বপ্নে দেখেছি।" সুবহানাল্লাহিল আযীম!

।। চার ।।

ষাটের দশকের ঘটনা। পটিয়ার হুলাইন গ্রামে হযরত ইয়াসীন আউলিয়া রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র মাযার শরীফ। মাযার শরীফের এলাকায় মাইক ব্যবহার করা সম্ভব হতো না। মাইক ব্যবহার করতে চাইলে তা নষ্ট হয়ে যেতো। আল্লামা গাযী শেরে বাংলাকে বার্ষিক ওরস শরীফে দাওয়াত করা হলো। সাথে সাথে মাইক ব্যবহারের বিষয়টিও হুযূর শেরে বাংলাকে জানানো হলো। হুযূর জানিয়ে দিলেন- এ বছর তিনি সেখানে মাইকযোগেই ওয়ায করবেন। এ কথা চতুর্দিকে প্রচার করা হলে যথাসময়ে বহুলোকের সমাগম হলো তাঁর ওয়ায শুনার জন্য।

আল্লামা গাযী শেরে বাংলা যথাসময়ে মাযার শরীফে তাশরীফ নিয়ে গেলেন। মাইকও তৈরি করা হলো; কিন্তু মাইক চালু করার সাহস হচ্ছিলো না। আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি মাযার শরীফে প্রবেশ করলেন এবং সব দরজা-জানালা বন্ধ করে দিয়ে কিছুক্ষণ ভিতরে অবস্থান করলেন। অতঃপর দরজা খুলে বের হলেন। আর মাইকে একজন মাদরাসা-ছাত্রকে ক্বিরআতের নির্দেশ দিলেন। তারপর তিনিও মাইকযোগে ওয়ায, মীলাদ শরীফ ও মুনাজাত ইত্যাদি সম্পন্ন করলেন। এরপর থেকে অদ্যাবধি আর মাইক ব্যবহারে অসুবিধা হয়নি। এ ঘটনা এলাকায় এখনও প্রসিদ্ধ।

।। পাঁচ ।।

হাটহাজারী জামেয়া আজিজিয়া অদুদিয়া সুন্নিয়া মাদরাসা (বর্তমানে অদুদিয়া সুন্নিয়া মাদরাসা)-এর ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে মাদরাসার জন্য প্রস্তাবিত ভূমির উপর বিরাট জমায়েতের আয়োজন করা হলো। দেশের বহু প্রখ্যাত ওলামা-মাশাইখ, বুদ্ধিজীবী ও জনসাধারণ তাতে উপস্থিত হলেন। আল্লামা গাযী শেরে বাংলা, মাওলানা শামসুল ইসলাম কাযেমী ও মাওলানা শায়খ জামাল আহমদ আল্-ক্বাদেরী তিনখানা ইট দ্বারা মাদরাসার ভিত্তি স্থাপন করলেন। সংক্ষিপ্ত মুনাজাতের মাধ্যমে পরবর্তী ওয়াজ-মাহফিলের পর্ব আরম্ভ হলো। কিন্তু ইতোমধ্যে আকাশ মেঘে ছেয়ে গেলো। দেখতে দেখতে কালবৈশাখীর রূপ পরিগ্রহ করলো। উপস্থিত লোকজন ভীত হয়ে মাহফিল ত্যাগের প্রস্তুতি নিচ্ছিলো।

এদিকে হুযূর আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি সবার উদ্দেশে বললেন, "ভয়ের কারণ নেই। আখেরী মুনাজাত না হওয়া পর্যন্ত এ এলাকায় বৃষ্টিপাত হবে না। আপনারা নির্দ্বিধায় ওয়াজ শুনতে থাকুন।" সুবহানাল্লাহ্! এরপর আরো বেশ কিছুক্ষণ

তাক্বরীর চললো। মীলাদ শরীফ হলো, ক্বিয়াম হলো, আখেরী মুনাজাত হলো। তারপর স্বাভাবিক গতিতে লোকজন আপন আপন গন্তব্যে পৌঁছলো। এমনকি দূরান্তরের লোকজন, শহরতলী থেকে আগত ভক্তবৃন্দ তাঁদের গন্তব্যে পৌঁছে যাবার পরক্ষণে মুষলধারে বৃষ্টি নেমে এলো। মাহফিল ও মাহফিলে অংশগ্রহণকারীদের কোন অসুবিধা হয় নি।

তাছাড়া, আল্লামা গাযী শেরে বাংলার কারামাতগুলোর মধ্যে এও ছিলো যে, তাঁর সাহায্যার্থে হযরত খিযির আলায়হিস সালাম এগিয়ে আসতেন। তিনি তাঁকে ইল্‌মে লাদুন্নী দান করেছিলেন। তাঁকে সাক্ষাৎ দিয়েও ধন্য করেছেন। তিনি রূহানীভাবে আউলিয়া-ই কেরামের সাথে সাক্ষাৎ-কনফারেন্সে মিলিত হতেন। রুক্বাম শহরের বাসিন্দা জিনদের শাহানশাহে আ'লা বকতানূসের মুরব্বিয়ানা এবং তার খলীফা ও তাঁর সন্তানদের সাথে ভালবাসা দ্বারাও তিনি ধন্য হন বলে প্রমাণ পাওয়া যায়। হাজার হাজার জিন্‌ও তাঁর মাহফিলসমূহে যোগদান করতো। লক্ষ লক্ষ জিন্ তাঁর মুরীদ ছিলো। এক সূত্রে জানা যায় যে, ওই জিন মুরীদদের মধ্যে এক লক্ষ এগার হাজার আলিম জিনও ছিলেন।

তাছাড়া, আল্লামা গাযী শেরে বাংলা হযরত বায়েযীদ বোস্তামীসহ বহু ওলীর প্রত্যক্ষ সাক্ষাৎও লাভ করেছেন। তিনি বহু ওলীর মাযার শরীফের প্রকৃত ঠিকানা এবং বহু ওলীর মাযারের বিশেষ বৈশিষ্ট্য ও প্রভাবের খবর উদ্‌ঘাটন করেছেন। তাঁর দো'আয় নিঃসন্তান সন্তান লাভ করেছে, বহুলোকের মনোস্কামনা পূরণ হয়েছে। বলাবাহুল্য, ওলীগণ ইন্তিকালের পরও আপন আপন মাযারে পাকে জীবিত থাকেন এবং তাঁদের জীবদ্দশার মতো যা-ইরীন ও ভক্তবৃন্দের চাহিদা পূরণ করতে সক্ষম। তিনি আপন যবানে যা বলতেন, তা বাস্তবেও রূপায়িত হতো।

সুতরাং এক মহান ওলী হিসেবেও আল্লামা গাযী শেরে বাংলা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হির মাযার শরীফও রূহানিয়াতে ভরপুর। তাঁর যিয়ারতও অতি বরকতময়। তাই প্রার্থনা যে, তাঁর রূহানিয়াতের বদৌলতে ভক্তবৃন্দ সবসময় ধন্য হতে থাকুক! তাঁর আদর্শ হোক সবার নিকট অণুকরণীয়। আমীন বিহুরমাতি সাইয়্যিদিল মুরসালীন আলায়হি আফদ্বালুস্ সালাতি ওয়াত্ তাসলীম।

* * *

QADRI BIO

بسم اللہ الرحمٰن الرحیم

در حمد باری عزّ اسمہٗ

বিসমিল্লাহির রাহমানির রাহীম

দর হামদে বারী আযযা ইসমুহূ

আল্লাহ্‌র নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

ওই মহান স্রষ্টার প্রশংসা, যাঁর নাম অতি সম্মানিত

ہزاراں حمد ذاتِ کبریا را	کہ بہرِ ما فرستاد انبیاء را
হাযা-রাঁ হামদে যা-তে কিবরিয়া- রা	কেহ্ বাহ্‌রে মা- ফারিসতাদ আম্বিয়া- রা

মহামহিম সত্তার নিমিত্তে হাজারো প্রশংসা

যিনি আমাদের জন্য নবীগণকে পাঠিয়েছেন।

خصوصاً برگزیدہ مصطفٰے را	ز بہرِ راہ نمائش عالمیں را
খুস্-সান বরগুযী-দাহ্ মোস্তফা- রা	যে বাহ্‌রে রা-হ্নুমা-ইশ 'আলামীঁ- রা

বিশেষ করে পাঠিয়েছেন তাঁর পছন্দনীয় নবী মুস্তফাকে

বিশ্ববাসীদের হিদায়তের নিমিত্তে।

ثنائے جملہ عالم باد آں را	کہ بر دینِ محمد کرد ما را
সানা-এ জুমলাহ্ 'আলম বা-দ আঁ-রা	কেহ্ বর দ্বীনে মুহাম্মদ কর্দ মা- রা

গোটা বিশ্বের প্রশংসা হোক ওই মহান সত্তার নিমিত্ত, যিনি আমাদেরকে হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ধর্মের উপর প্রতিষ্ঠিত করেছেন।

کریمی ای خداوندم کریمی	عنا-تہا بسا بر ما نمودی
করীমী আয় খোদাওয়া-ন্দম করীমী	'ইনা-য়ত হা বসা বর্মা- নমূ-দী

তুমি দাতা, হে আমার মালিক! তুমি দাতা,

তুমি আমাদের উপর অসংখ্য অনুগ্রহ করেছো।

رحیمی اے خداوندم رحیمی	توانائی و بینائی بدادی
রহীমী আয় খোদা ওয়া-ন্দম রহীমী	তাওয়া-নাঈ ওয়া বীনা-ঈ ব দা-দী

তুমি দয়ালু, হে আমার মালিক, তুমি দয়ালু,

তুমি আমাকে দৈহিক ক্ষমতা ও দৃষ্টিশক্তি দান করেছো।

در نعت خواجہ کائنات مفخر موجودات احمد مجتبیٰ محمد مصطفیٰ صلی اللہ علیہ وآلہ وسلم

দর না'তে খাজা-এ কা-ইনাত মুফাখখারে মওজুদাত আহমদ মুজতাবা মুহাম্মদ মুস্তফা [illegible]

সৃষ্টিকুলের আক্বা বিশ্বগৌরব হযরত আহমদ মুজতবা মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম-এর প্রশংসায়

کہ ای حامی چرا گشتی ز نعت مصطفیٰ فارغ কেহ্ আয় হামী চেরা গশতী যে না'তে মুস্তফা ফারেগ	ثنا گویش خدایت شد مشو از نعت او فارغ সানা গোয়েশ খোদায়ত শুদ মুশু আয না'তে উ ফারেগ

ওহে বন্ধু! তুমি হুযূর মোস্তফার প্রশংসা না করে কেন বসে আছ? তাঁর প্রশংসাকারী হলেন তোমার খোদা নিজেই। সুতরাং তুমি তাঁর প্রশংসা না করে বসে থেকো না।

کہ تا مانی ازاں فارغ فرو شو خواب غفلت را কেহ্ তা-মানী আযাঁ- ফারেগ ফরোশো খাবে গাফলত রা	خراماں شو بمدح او بیابی لطف ایزد را খেরা- মাঁ শো বমদহে উ বয়াবী লুতফে ঈযদ রা-

যদি তুমি এ বিষয়ে উদাসীন হও, তাহলে অলসতার নিদ্রা ত্যাগ করো। তাঁর প্রশংসার দিকে দ্রুত এগিয়ে চলো, তবেই আল্লাহ্‌র অনুগ্রহ লাভ করতে পারবে।

بمدح آں حبیب اللہ فدا سازی دل و جاں را ব মদহে আঁ- হাবীবুল্লাহ্ ফেদা সা-যী দিল ও জাঁ- রা	کہ محبوب خدا بود و ہم او محبوب دنیا را কেহ মাহবূবে খোদা বূদ ও হাম উ- মাহবূব দুনয়াঃ রা-

আল্লাহর ওই হাবীবের প্রশংসায় নিজের হৃদয় ও প্রাণ বিসর্জন দাও। কারণ তিনি হলেন আল্লাহ্‌র মাহবূব এবং তিনি সমগ্র দুনিয়ারও মাহবূব।

وجودش آمدہ علت برائے ہستی دنیا ওজূদশ আ-মদাহ্ 'ইল্লাত্ বরায়ে হাসতিয়ে দুনয়া-	ز خورشید وجودت شد منوّر جملہ دنیا যে খোরশীদে ওজূদত শুদ মুনাওয়ার জুমলাহ্ দুনয়া-

তাঁর পবিত্র অস্তিত্ব হলো দুনিয়ার অস্তিত্বের মূল কারণ। (এয়া রসূলাল্লাহ্) আপনার অস্তিত্বের সূর্য থেকে সমগ্র পৃথিবী আলোকিত হয়েছে।

وجودش شد ز نور آں خدائے قادر مطلق ওজূদশ শুদ যে নূ-র আঁ- খোদায়ে ক্বাদেরে মুত্বলাক্ব	کہ شد ممکن ہمہ از نعمتش ہر روز مستغرق কেহ্ শুদ মুমকেন হামাহ্ আয নি'মাতাশ্ হার রোয মুস্তাগরাক্ব

তার বরকতময় সত্তা সৃষ্টি হয়েছে ওই নিঃশর্ত সর্বশক্তিমান আল্লাহ্‌র নূর থেকে। ফলে সমস্ত সৃষ্টি প্রতিদিন তার নি'মাতে নিমজ্জিত রয়েছে।

سپس گردید از نورش وجود جملۂ حادث সেপস গরদেদ আয নূ-রশ ওজূদে জুমলাহ্ হাদেস	ازاں شد نزد ایزد برگزیدہ از ہمہ حادث আযাঁ- শুদ নযদে ঈযদ বরগুযীদাহ্ আয্ হামাহ্ হাদেস

অতঃপর তাঁর নূর থেকেই সমগ্র সৃষ্টি জগত অস্তিত্বে এসেছে। এ কারণে তিনি আল্লাহ্‌র নিকট সমগ্র সৃষ্টি অপেক্ষা বেশি পছন্দনীয় হয়েছেন।

نہ گشتے آں حبیب اللہ نہ گشتے آں ہمہ عالم
না গাশতে আঁ- হাবীবুল্লাহ্ না গাশতে আঁ- হামাহ্ আলম
ازاں لولاک گفتہ حق بحق سرور عالم
আযাঁ- লাওলাক গুফতাহ্ হক্ব বহক্বে সরওয়ারে আলম

আল্লাহর ওই হাবীব যদি না হতেন তবে ওই সমগ্র বিশ্ব সৃষ্টি হতো না। এ কারণে আল্লাহ্ তা'আলা সরওয়ারে আলম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম সম্পর্কে এরশাদ করেছেন 'আপনি না হলে আমি আসমানসমূহ সৃষ্টি করতাম না।'

ایضًا در نعت خواجہ کہ خاتمت در انگشت دستت و مہر نبوت بر پشت علیہ من الصلوات افضلہا و من التحیات اکملہا

আয়দ্বান দর না'তে খাজায়ে কেহ্ খা-তামত্ দর্ আঙ্গশতে দস্তত ওয়া মোহরে নুবূওয়াত বর পোশ্ত্
'আলায়হি মিনাস্ সালাওয়াতে আফদ্বালুহা- ওয়া মিনাত্ তাহিয়্যা-তি আকমালুহা-

অনুরূপ, ওই মহান আক্বার প্রশংসা, যাঁর মুবারক হাতেই খতমে নুবূওয়াতের আংটি এবং যাঁর নূরানী পৃষ্ঠদেশে মোহরে নুবূওয়াত শোভা পাচ্ছে। তাঁর উপর বর্ষিত হোক সর্বোৎকৃষ্ট সালাত (রহমত) এবং পূর্ণতম সালাম (শান্তি)

یا محمد مصطفیٰ محبوب و مطلوب خدا
এয়া মুহাম্মদ মুস্তফা মাহবূব ও মাত্লূবে খোদা
عالم ہیزدہ ہزار از بہر تو کردہ خدا
আলমে হীযদাহ্ হাযার আয্ বাহরে তূ করদাহ্ খোদা

হে আল্লাহর অত্যধিক প্রশংসিত,* পছন্দনীয়, প্রিয় ও কাঙ্ক্ষিত সত্তা,
আঠার হাজার বিশ্ব আপনারই কারণে আল্লাহ্ পাক সৃষ্টি করেছেন।

یا محمد مصطفیٰ تو خاتم پیغمبراں
এয়া মুহাম্মদ মুস্তফা তূ খাতামে পয়গাম্বরাঁ-
یا محمد مصطفیٰ تو سید کون و مکاں
এয়া মুহাম্মদ মুস্তফা তূ সাইয়্যেদে কাওন ও মকাঁ-

হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি হলেন সর্বশেষ পয়গাম্বর,
হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি হলেন সমগ্র সৃষ্টির আক্বা।

یا محمد مصطفیٰ تو باعثِ خلقِ خدا
এয়া মুহাম্মদ মুস্তফা তূ বা'ইসে খলক্বে খোদা
یا محمد مصطفیٰ تو مخزنِ سرِّ خدا
এয়া মুহাম্মদ মুস্তফা তূ মাখযানে সিররে খোদা

হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি হলেন আল্লাহর সৃষ্টিজগতের অস্তিত্বের কারণ, হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি হলেন আল্লাহর রহস্যভাণ্ডার।

یا محمد مصطفیٰ تو رحمۃ للعالمین
এয়া মুহাম্মদ মুস্তফা তূ রাহমাতুল্লিল আলামীন
یا محمد مصطفیٰ تو نور رب العالمین
এয়া মুহাম্মদ মুস্তফা তূ নূরে রাব্বুল আলামীন

হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি হলেন সমস্ত বিশ্বের জন্য রহমত,
হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি সমগ্র বিশ্বের প্রতিপালকের নূর।

---

* এ কবিতায় 'মুহাম্মদ' শব্দটির প্রয়োগে হুযূর করীম সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম-এর গুণবাচক নাম হিসেবে ব্যবহৃত হয়েছে। যেমন [illegible] তা'আলা আলায়হি [illegible] করেছেন। [illegible]

Aug 1, 2017
yqadri.blog

یا محمد مصطفیٰ تو مقتدائے انبیاء	یا محمد مصطفیٰ تو شافع روز جزا
এয়া মুহাম্মদ মুস্তফা তূ মুক্বতাদায়ে আম্বিয়া-	এয়া মুহাম্মদ মুস্তফা তূ শাফি'ই রোযে জাযা-

হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি নবীগণের মুক্বতাদা (অনুসরণীয়),
হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি প্রতিদান দিবসের সুপারিশকারী।

یا محمد مصطفیٰ تو عین مقبول خدا	یا محمد مصطفیٰ تو رونق ہر دوسرا
এয়া মুহাম্মদ মুস্তফা তূ 'আইনে মাক্ববূলে খোদা	এয়া মুহাম্মদ মুস্তফা তূ রওনকে হার দো-সরা

হে খোদার অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনিই হলেন মূলত খোদার মাক্ববূল
হে আল্লাহর অত্যধিক প্রশংসিত পছন্দনীয় সত্তা! আপনি হলেন উভয়জগতের সৌন্দর্য।

باد بر تو یا محمد صد ہزار از من سلام	ہم درود پاک رب العالمیں بر تو مدام
বা-দ বর তূ এয়া মুহাম্মদ সদ হাযার আয মান সালাম	হাম দুরূদে পাকে রব্বুল আলামী বর তূ মদাম

হে আল্লাহর অত্যধিক প্রশংসিত সত্তা! আপনার উপর আমার পক্ষ থেকে শত-সহস্র
সালাম। বিশ্বপ্রতিপালকের পবিত্র দুরূদও আপনার উপর সবসময় বর্ষিত হোক।

ہم سلام باد بر صدیق اکبر ہم عمر	رونقی دین احمد بُد زایشاں چوں بدر
হাম সালা-মম বা-দ বর সিদ্দীক্বে আকবর হাম 'ওমর	রওনক্বীয়ে দ্বীনে আহমদ বুদ যে ঈশা- ছূঁ- বদর

অনুরূপ আমার সালাম সিদ্দীক্বে আকবর এবং ওমর ফারূক্বে আ'যমের প্রতিও,
তাঁদের আলোয় হুযূর আহমদ মুজতাবার দ্বীন পূর্ণিমার চাঁদের মত উজ্জ্বল হয়েছে।

ہم سلام باد بر عثمان و ہم حضرت علی	بود روشن ہم از وشاں باغ دین احمدی
হাম সালা-মম বা-দ বর 'ওসমান ও হাম হযরত আলী	বূদ রওশন হাম আযূশাঁ- বা-গে দ্বীনে আহমাদী-

অনুরূপ আমার সালাম হোক হযরত ওসমান ও হযরত আলীর প্রতি,
যাঁদের প্রচেষ্টায়ও হুযূর আহমদ মুজতাবার দ্বীনের বাগান আলোকিত হয়েছে।

ہم سلام باد بر زہرہ بتولِ پارسا	نور چشم و قرۃُ العینِ نبی مصطفےٰ
হাম সালা-মম বা-দ বর যাহরাহ্ বাতূলে পা-রসা-	নূরে চশম ও ক্বুররাতুল 'আয়নে নবীয়ে মুস্তফা-

হযরত ফাতিমা যাহরার প্রতিও আমার সালাম, যিনি দুনিয়ার মোহত্যাগীনী,
পবিত্রতম চরিত্রের অধিকারীনী এবং নবীয়ে মুস্তফার চক্ষু মুবারকের আলো ও শান্তি।

بلبل باغِ مدینہ لخت جگر مصطفےٰ	نام پاکش فاطمہ بنتِ رسول مصطفیٰ
বুলবুলে বা-গে মাদীনাহ্ লখতে জিগরে মুস্তফা-	নামে পা-কশ ফাত্বিমাহ্ বিনতে রসূলে মুস্তফা-

তিনি মদীনার বাগানের বুলবুলি পাখি, হুযূর মুস্তফার কালিজার টুকরা,
যাঁর পবিত্র নাম 'ফাতিমা', রসূলে মুস্তফার কন্যা।

ہم سلام باد بر ابنش شبیہ مصطفیٰ	آں حسن را زہر کشتہ آں حسین تیغ جفا
হাম সালা-মম বা-দ বর ইবনাশ শাবীহে মুস্তফা-	আঁ- হাসান রা- যহর কোশতাহ্ আঁ- হুসাইন তে-গে জাফা

অনুরূপ আমার সালাম, তাঁর ঐ পুত্রের উপর, যিনি হুযূর মুস্তফার সদৃশ, তিনি হলেন হযরত হাসান, যাঁকে বিষপ্রয়োগে শহীদ করা হয়েছে; ঐ হযরত হুসাইনের উপরও, যাঁকে যালিমের তরবারি শহীদ করেছে।

سبط احمد بود آں ہر دو شہیدانِ خدا	در کنار آوردشاں را بوسہ دادے مصطفیٰ
সিবতে আহমদ বূদ আঁ- হার দো শহীদা-নে খোদা	দর কেনা-র আ-ওয়ারদ শাঁ-রাঁ- বূসাহ্ দাদে মুস্তফা-

তাঁরা হলেন হযরত আহমদ মুজতাবার দৌহিত্র। উভয়ে আল্লাহর রাস্তায় শাহাদাত বরণ করেন। হুযূর মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তাঁদেরকে কোলে নিয়ে চুম্বন করেছেন।

زانکہ شاں بودند ریحان نبی مصطفیٰ	ہم جوانانِ جناں را سروراند بے خطا
যাঁ-কেহ্ শাঁ- বূ-দন্দ রায়হা-নে নবী-য়ে মুস্তফা-	হাম জাওয়ানা-নে জেনাঁ- রাঁ- সরওয়ারা-ন্দ বে-খাত্বা

তাঁরা দু'জন ছিলেন নবী মুস্তফার ফুল!
অনুরূপ, তাঁরা হলেন নিঃসন্দেহে বেহেশতের যুবকদের সর্দার।

ہم سلام باد بر اہل نبی مصطفیٰ	عائشہ خاص و خدیجہ زوجۂ مر مصطفیٰ
হাম সালা-মম বা-দ বর আহ্লে নবীয়ে মুস্তফা-	'আ-ইশাহ্ খাস ও খাদীজাহ্ যাওজায়ে মর মুস্তফা-

নবী মুস্তফার আহলে বায়তের উপরও আমার সালাম, বিশেষ করে হুযূর মুস্তফার
দু'পবিত্র বিবি হযরত আয়েশা এবং হযরত খাদীজার পবিত্র দরবারেও।

سائر اصحاب اورا الغرض از من سلام	یا الٰہی کن قبول از ایں عزیز ناتمام
সা-ইর আসহা-বে উরা আলগরয আয মান সালা-ম	এয়া- ইলা-হী কুন কবূ-ল আয ঈঁ আযীযে না-তামা-ম

মোটকথা, তাঁর সমস্ত সাহাবীর প্রতি আমার সালাম নিবেদন করছি।
হে আল্লাহ! এ অধম 'আযীযুল হক্ব'র পক্ষ থেকে তা ক্ববূল করে নিন।

بہر خیر التابعین آں اویس قرنی صد سلام	عاشق آں مصطفیٰ محبوب آں خیر الانام
বাহ্রে খায়রুত্তা-বিঈ-ন আঁ- উওয়াইস করনী সদ সালা-ম	'আ-শিক্বে আঁ- মুস্তফা- মাহবূ-বে আঁ- খায়রুল আনা-ম

শ্রেষ্ঠতম তাবে'ঈ ওই হযরত ওয়াইস ক্বরনীর প্রতি শত সালাম নিবেদন করছি। তিনি ওই হুযূর মুস্তফার অকৃত্রিম আশিক্ব এবং ওই সৃষ্টিকুল সেরা হুযূর করীমের প্রিয়ভাজন।

بر امام المسلمیں آں بوحنیفہ صد سلام	او سراج امتانند گفت آں فخر الانام
বর ইমা-মুল মুসলিমী- আঁ- বূ- হানী-ফাহ্ সদ সালা-ম	উ- সেরা-জে উম্মতানন্দ গোফত আঁ ফখরুল আনা-ম

মুসলমানদের ইমাম ওই হযরত আবূ হানীফার প্রতি শত সালাম নিবেদন করছি।
তিনি হলেন 'উম্মতের প্রদীপ'। এ কথা এরশাদ করেছেন ওই সমস্ত সৃষ্টির গৌরব।

صد سلام از من رسد پس نیز بر پیران پیر
সদ সালা-ম আয মান রসদ পস্ নীয্ বর পীরা-নে পীর
غوث الاعظم قطب عالم بود آں بدر منیر
গউসুল আ'যম কুতুবে 'আ-লম বূ-দ আঁ- বদরে মুনীর

আমার পক্ষ থেকে শত সালাম পৌঁছুক অবশেষে হযরত পীরান-পীরের মহান দরবারেও,
যিনি একাধারে গাউসুল আ'যম, কুতুবে আলম, সর্বোপরি ওই উজ্জ্বল পূর্ণিমার চাঁদও।

وصف آں شاہ ولایت ایں قدر کافی بود
ওয়াসফে আঁ- শাহে ভেলায়ত ঈঁ- কদর কা-ফী বূয়দ
پائے پاکش بر رقاب ہر ولی اللہ بود
পায়ে পা-কশ্ বর রেক্বা-বে হার্ ওয়ালীয়্যুল্লা-হ্ বূয়দ

তাঁর গুণবাচক নাম হচ্ছে 'বেলায়তের সম্রাট', তাঁর (মহামর্যাদা বুঝার জন্য) এতটুকু
যথেষ্ট যে, তাঁর পবিত্র কদম আল্লাহর প্রত্যেক ওলীর গর্দানের উপর।

بر معین الدین اجمیری رسد ہم صد سلام
বর মু'ঈ-নুদ্দী-ন্ আজমীরী রসদ্ হাম্ সদ সালা-ম্
شاہ ہند و حاکمش زندہ کنوں ہم لاکلام
শা-হে হিন্দ ও হা-কিমাশ্ যিন্দা কুনূঁ- হাম লা-কালা-ম্

হযরত খাজা মু'ঈনুদ্দীন চিশ্‌তী আজমীরীর পবিত্র দরবারেও শত সালাম, যিনি হিন্দুস্তানের বাদশাহ
ও শাসক, নিঃসন্দেহে তিনি যে এখনো আপন মাযারে জীবিত আছেন তাতে কোন মতভেদ নেই।

ایضاً در نعت او صلی اللہ علیہ وسلم

আয়দ্বান দর না'তে উ- সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া সাল্লাম

এটাও ওই হুযূর-ই আকরাম সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম'র প্রশংসায় নিবেদিত

چیست فخر المرسلیں ست ماسوائے مصطفیٰ
চীসত ফাখরুল মুরসালী-স্ত মা-সিওয়ায়ে মুস্তফা-
کیست شافع روز محشر ماورائے مصطفیٰ
কী-স্ত শা-ফি'ই রো-যে মাহ্শার মা- ওয়ারায়ে মুস্তফা-

হুযূর মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম ব্যতীত রসূলকুল গৌরব আর কে?
হুযূর মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম ব্যতীত হাশরের দিনে সুপারিশকারী আর কে?

مہر نبوت چہ کس را ماسوائے مصطفیٰ
মোহরে নবুওয়ত চেহ্ কস রা- মা- সিওয়ায়ে মুস্তফা-
کیست بد ختم رسالت ماورائے مصطفیٰ
কী-স্ত বূদ খতমে রেসালাত মা- ওয়ারায়ে মুস্তফা-

মোহরে নুবূয়ত হুযূর মুস্তফা ব্যতীত আর কার জন্য শোভা পাবে?
খতমে রেসালাতের মর্যাদা হুযূর মুস্তফা ব্যতীত আর কার জন্য? (অর্থাৎ অন্য কারো জন্য নেই।)

دہ مرا یارب بدارین از برائے مصطفیٰ
দেহ্ মুরা- এয়া রব বদারাঈন আয্ বরায়ে মুস্তফা-
ذوق عشق مجتبیٰ شوق لقا با مصطفیٰ
যওক্বে ইশক্বে মুজতাবা- শওক্বে লেক্বা- বা- মুস্তফা-

হে মহান রব! হুযূর মুস্তফার ওসীলায় আমাকে উভয় জাহানে দান কর-
হুযূর মুজতাবার ইশক্বের তৃপ্তি এবং হুযূর মুস্তফার সাথে সাক্ষাতের আগ্রহ।

نہ خیال عیش جنت نہ غم دوزخ مرا
নায় খেয়া-লে 'আয়শে জান্নাত নাহ্ গমে দো-যখ মুরা-
مصطفیٰ رای بخواہم رحم کن اے مصطفیٰ
মুস্তফা রা- য়ী বখা-হাম রহম কুন আয় মুস্তফা-

আমার না আছে বেহেশ্‌তের আরাম-আয়েশের খেয়াল, না আছে দোযখের ভয়ের দুশ্চিন্তা। আমি চাচ্ছি হুযূর মুস্তফাকে। ওহে আল্লাহর পছন্দনীয় হাবীব! আমাকে দয়া করুন।

باب رحمت درحشر برعاصیان مد بران
বাবে রহমত দর হাশর বর 'আ-সিয়া-নে মুদবেরাঁ-
وانما یند چو کشایند آں لب معجز نشاں
ওয়া নুমায়ন্দ ছু কোশায়ন্দ আঁ- লবে মু'জিয নিশা-

হাশরের ময়দানে পেছনে পড়া গুনাহ্‌গারদের জন্য রহমতের দরজা উম্মুক্ত হয়ে যাবে- হুযূর মুস্তফা আপন মু'জিযা সমৃদ্ধ ওষ্ঠযুগল (মুখ মুবারক) খুলে যখন মহান রবের দরবারে সুপারিশ করবেন। তখন তা কতই আনন্দের হবে?

ایضًا در نعت او صلی اللہ علیہ وسلم

আয়দ্বান দর না'তে উ- সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া সাল্লাম

এটাও ওই হুযূর-ই আকরাম সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম'র প্রশংসায় নিবেদিত

محمد گر چہ از جنس بشر ہست
মুহাম্মদ গর ছেহ্ আয জিনসে বশর হাস্ত
نظیرش در جہاں لیکن محال ست
নযী-রশ দর জাহাঁ- লে-কিন মুহা-লাস্ত

হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম যদিও মানব জাতির অন্তর্ভুক্ত, কিন্তু তাঁর উপমা গোটা বিশ্বেও পাওয়া অসম্ভব।

وجود او کہ از نور خدا ہست
ওজূদে উ- কেহ্ আয নূ-রে খোদা- হাস্ত
ز نور او ہمہ عالم ہویدہ است
যে নূ-রে উ- হামাহ্ 'আলম হুয়াইদাহ্ আস্ত

তাঁর সৃষ্টি হল আল্লাহ্ পবিত্র নূর থেকে।
তাঁরই নূর থেকে গোটা বিশ্ব সৃষ্টি হয়েছে।

نبودہ سایہ در ذات محمد
নাবূ-দাহ্ সা-য়াহ্ দর যা-তে মুহাম্মদ
ہمہ عالم بسایۂ محمد
হামাহ্ 'আ-লম ব স৷ য়াহ্-এ মুহাম্মদ

হুযূর মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর সত্তা মুবারকের ছায়া ছিলো না, অথচ গোটা বিশ্ব তাঁরই ছায়াতলে।

ہمہ مردم مثال سنگ خارا
হামাহ্ মরদুম মেসা-লে সঙ্গে খা-রা-
چو یاقوت است بدانی مصطفیٰ را
ছু- ইয়া-কূ-ত আস্ত বেদা-নী- মুস্তফা- রা-

সকল মানুষ শক্ত পাথরের মতোই,
আর পদ্মরাগমণির মতোই জেনে রেখো হযরত মুহাম্মদ মুস্তফার পবিত্র সত্তাকে।

ندا کردن باں اسم محمد নেদা- করদন বআ: ইসমে মুহাম্মদ	صریح ممنوع بتنزیل محمد সরীহ্ মামনূ-' বতানযী-লে মুহাম্মদ

'মুহাম্মদ' নাম ধরে ডাকা- স্পষ্টভাবে নিষিদ্ধ
হুযূর মুহাম্মদ মুস্তফার উপর অবতীর্ণ ক্বোরআনের বিধানানুসারে।

حیات طیبہ اش بے بہا داں হায়া-তে ত্বাইয়্যেবাহ্ আশ্ বে-বাহা- দা:	باں سو گند خدا کردہ بقرآں বআ: সৌ-গন্দ খোদা- করদাহ্ ব ক্বোরআ:

জেনে রেখো! তাঁর পবিত্র হায়াত হচ্ছে অমূল্য।
এ কারণে, এ নামে মহান আল্লাহ্ ক্বোরআন মজীদে শপথ করেছেন।

بخاک پا و ہم عہد نبوت ব খা-কে পা ও হাম 'আহ্দে নুবূয়্যাত	بقولش ہم ببیں شان نبوت ব ক্বওলশ হাম্ ব বী: শা-নে নুবূওয়ত

তাঁর পা মুবারকের স্পর্শধন্য মাটি, নুবূওয়তের পবিত্র যুগ
এবং তাঁর পবিত্র বাণীতে নুবূওয়তের শান বা মর্যাদা দেখো।

بہ بیداری بچشم سر بدیدہ ব বে-দা-রী ব চশ্‌মে সর ব দী-দাহ্	بہ معراجش خدا را خوب دیدہ ব মে'রা-জশ্ খোদা- রা- খূ-ব দী-দাহ্

জাগ্রত অবস্থায়, কপাল মুবারকের চোখে তিনি (আল্লাহ্‌কে) দেখেছেন-
তাঁর মি'রাজে, আল্লাহ্‌কে তিনি খুব উত্তমরূপে দেখেছেন।

کسے از انبیاء ہرگز ندیدہ কসে- আয্ আম্বিয়া- হার গিয্ নদী-দাহ্	نہ گردِ ایں شرف قطعًا رسیدہ নাহ্ গিরদে ঈ: শরফ ক্বত্'আন্ রসী-দাহ্

সম্মানিত নবীগণের মধ্যে কেউ কখনো (আল্লাহ্‌কে) দেখতে পান নি।
তাঁর এ সৌভাগ্যের কাছে কেউ মোটেই পৌঁছতে পারেন নি।

ز خاک کفش او آں عرش اعلیٰ যে খা-কে কফশে উ- আঁ- 'আরশে আ'লা-	مشرف چوں شدہ عزش دو بالا মুশাররফ চূ: শুদাহ্ 'ইয্‌যাশ্ দো বা-লা-

তাঁর পাদুকা শরীফের ধুলিতে ওই সুউচ্চ আরশ,
তখন সেটার মর্যাদা দ্বিগুণ হয়েছে।

ازاں جا خوابگاہش در مدینہ আযা: জা খা-বগাহশ দর মাদী-নাহ্	ازاں عرش حق افضل لا محالہ আযা: 'আরশে হক্ব আফযল লা-মুহা-লাহ্

মদীনা মুনাওয়ারায় যে জায়গাটি তাঁর বিশ্রামস্থল হয়েছে, তা
আল্লাহ্ পাকের আরশে মু'আল্লা থেকেও নিঃসন্দেহে উত্তম।

شده مالک بجمله آں خزانه	کہ در دست خدا بد آں یگانه
শুদাহ্ মা-লিক বজুমলাহ্ আঁ- খাযা-নাহ্	কেহ্ দর দস্তে খোদা- বুদ্ আঁ- এয়াগা-নাহ্

তিনি ওই সমস্ত ধনভাণ্ডারের মালিক হয়েছেন,
যে অতুলনীয় ভাণ্ডারগুলো একমাত্র আল্লাহ্ পাকের ক্বুদরতের হাতে রয়েছে।

عطا شد سلطنت بہر محمد	بملکوتِ ہمہ ایں عزِ احمد
'আত্বা- শুদ সালত্বানাত্ বাহ্রে মুহাম্মদ	ব মালাক্-তে হামাহ্ ঈঁ- 'ইয্যে আহমদ

হুযূর মুহাম্মদ মুস্তফাকে ফিরিশতাজগত এবং রূহজগতেরও বাদশাহী দান করা হয়েছে,
এ সবই হচ্ছে হযরত আহমদ মুজতাবার সম্মান।

سلامش کرد آنگاه خود خداوند	سلام مولدش راه خداوند
সালা-মশ করদ আঁ-গা-হ্ খোদ খোদাওয়ান্দ	সালা-মে মাওলেদশ রা-হে খোদাওয়ান্দ

আল্লাহ্ তা'আলা স্বয়ং তাঁকে ওই স্থানে তাঁর সালাম পাঠিয়েছেন, যেখানে হুযূর মুস্তফার
পবিত্র বেলাদত (জন্ম) হয়েছে, সেখানে আল্লাহ্র পক্ষ থেকে সালাম এসেছে।

برائے حضرت علی ازاں جا	کہ کرده شمس را رد اندر آں جا
বরায়ে হযরত 'আলী- আযা-ঁ জা-	কেহ্ করদাহ্ শাম্‌স রা- রদ্ আন্দর আঁ- জা-

যেখানে হুযূর মুস্তফার আরামের খাতিরে হযরত আলীর নামায ক্বাযা হয়েছিল,
সেখানে (হুযূর করীম) তাঁর জন্য ডুবন্ত সূর্যকে ফিরিয়ে এনেছেন।

قمر را کرد احمد ہم دو پاره	برو عاشق خدائش خود یگانه
ক্বমর রা- করদ আহমদ্ হাম্ দো- পা-রাহ্	বরো- 'আশিক্ব খোদায়শ্ খো-দ এয়াগা-নাহ্

হুযূর আহমদ মুজতাবা চাঁদকেও দু'টুকরো করেছেন।
তাঁর প্রতি খোদ্ একক-অদ্বিতীয় আল্লাহ্ও আশিক্ব।

ہمہ قرآں بتوصیف محمد	برو نازل چہ گویم وصف احمد
হামাহ্ ক্বোরআঁ- ব তাওসী-ফে মুহাম্মদ	বরো- না-যিল ছেহ্ গোয়ম ওয়াসফে আহমাদ

সমগ্র ক্বোরআন হুযূর মুহাম্মদ মুস্তফার প্রশংসায় ভরপুর। তাঁরই উপর
এ ক্বোরআন অবতীর্ণ হয়েছে; সুতরাং তাঁর প্রশংসা করার আমার ভাষা নেই।

ہمہ تعظیم روا بہر محمد	بجز گفتن خدا آں ذات احمد
হামাহ্ তা'যী-ম রাওয়া বাহ্রে মুহাম্মদ	ব জুয্ গোফতন খোদা- আঁ- যা-তে আহমদ

'আল্লাহ্' বলা ব্যতীত হুযূর মুহাম্মদ মুস্তফার প্রতি
যাবতীয় সম্মান প্রদর্শন করা জায়েয।

حقیقت ذات احمد کس نداند
بجز ذات خدا دیگر نداند
হাক্বী-ক্বাতে যা-তে আহমদ কস নদা-নদ
ব জুয্ যা-তে খোদা- দী-গর নদা-নদ

হুযূর আহমদ মুজতাবার 'বাস্তবিক অবস্থা' সম্পর্কে
একমাত্র আল্লাহ্ ব্যতীত অন্য কেউ জানে না।

عزیز الحق چہ گوئی نعت احمد
تأدّب یا قلم در شان احمد
'আযী-যুল হক্ব ছেহ্ গো-ঈ- না'তে আহমাদ
তাআদ্দাব্ এয়া ক্বলম দর শা-নে আহমাদ

হে আযীযুল হক্ব! তুমি হযরত আহমদ মুজতাবার কী প্রশংসা করবে?
হে কলম! তুমি হুযূর আহমদ মুজতাবার প্রশংসা লিখতে গিয়ে শিষ্টচারিতা বজায় রাখ।

سلام شیر بنگلہ در جنابش
رسد ہر دم ہزاراں زاں غلامش
সালা-মে শেরে বাংলা দর জনা-বশ
রসদ হার্দম হাযা-রা-ঁ যা-ঁ গোলা-মশ

শেরে বাংলার সালাম তাঁর মহান দরবারে সব সময় পৌঁছতে থাকুক; বরং তাঁর এ
গোলামের পক্ষ থেকে হাজার হাজার সালাম পৌঁছতে থাকুক।

در مدح شیخ الانبیاء حضرت سیدنا ابراہیم خلیل اللہ علی نبینا وعلیہ السلام

দর মদহে শায়খুল আম্বিয়া হযরত সায়্যিদুনা ইবরাহীম খলীলুল্লাহ্ 'আলা- নাবিয়্যিনা- ওয়া 'আলায়হিস্ সালাম

নবীগণের শায়খ আমাদের আক্বা আল্লাহর খলীল হযরত ইব্রাহীম
'আলা- নাবিয়্যিনা- ওয়া 'আলায়হিস্ সালাম-এর প্রশংসায়

بہر ابراہیم خلیل اللہ ہزاراں مرحبا
او بہ شیخ الانبیاء گشتہ ملقّب مرحبا
বাহ্‌রে ইবরাহীম খলীলুল্লাহ্ হাযারাঁ- মারহাবা
উ- বশায়খুল আম্বিয়া- গশতাহ্ মুলাক্বক্বাব মারহাবা-

হযরত ইব্রাহীম খলীলুল্লাহ্‌র সমীপে হাজার হাজার স্বাগতম! মুবারকবাদ!!
শায়খুল আম্বিয়া উপাধিতে তিনি ভূষিত হলেন, তাঁকে স্বাগতম! মুবারকবাদ!!

ذبح کردہ پسر خود را در رہ حق مرحبا
شد ملقّب با خلیل اللہ ازاں پس مرحبا
যবহ্ করদাহ্ পেসরে খোদ রা- দর রাহে হক্ব মারহাবা-
শুদ্ মুলাক্বক্বাব বা-খলীলুল্লাহ্ আযাঁ- পস্ মারহাবা-

তিনি নিজের পুত্রকে আল্লাহ্‌র পথে ক্বোরবানী করেছেন, তাঁকে স্বাগতম! ধন্যবাদ!!
এ থেকে তিনি খলীলুল্লাহ্ উপাধিতে ভূষিত হয়েছেন। সুতরাং তাঁকে স্বাগতম, ধন্যবাদ।

خانہ کعبہ ہم بنائے آں خلیل اللہ بداں
بود اسمٰعیل پسرش ہم معینش بیگماں
খানায়ে কা'বাহ্ হাম বেনায়ে আঁ- খলীলুল্লাহ্ বদাঁ
বূ-দ্ ইসমা-'ঈল পেসরশ্ হাম মু'ঈ-নশ্ বে-গুমা-ঁ

কা'বা ঘরও ওই খলীলুল্লাহ্‌র নির্মিত। এ কথা মনেপ্রাণে জেনে রেখো। তাঁর পুত্র
ইসমা'ঈলও তাঁর এ নির্মাণকাজে সহযোগী ছিলেন। এতে সন্দেহের অবকাশ নেই।

آتش نمرود بروے گشت گلزار آں زماں
আ-তিশে নমরূদ বরওয়াই গশ্ত গুলযা-র আঁ- যমা:
ہم حبیب اللہ محمد را دعاے او بداں
হাম হাবীবুল্লাহ্ মুহাম্মদ রা- দু'আ-য়ে উ- বেদাঁ-

তাঁর জন্য নমরূদের অগ্নিকুণ্ড ওই সময়ই বাগানে পরিণত হয়েছিলো। আল্লাহ্‌র হাবীব হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লামকেও তাঁর দু'আর ফসল বলে জানো।

در مدح رہبر موسیٰ سیدنا خضر علیٰ نبینا وعلیہما السلام

দর মদহে রাহ্‌বরে মূ-সা- সাইয়্যেদুনা খাদ্বির 'আলা- নাবিয়্যনা- ওয়া 'আলায়হিমাস্ সালা-ম্

হযরত মূসা'র পথের সন্ধানদাতা হযরত খাদ্বির
'আলা নাবিয়্যিনা ওয়া 'আলায়হিমাস্ সালাম-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از براے خضر موسیٰ صد ہزاراں مرحبا
আয্ বরায়ে খাদ্বিরে মূসা- সদ হাযা-রাঁ- মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
হযরত মূসার খাদ্বির আলায়হিমাস্ সালাম'র প্রতি হাজারো স্বাগতম।

رہبر موسیٰ کلیم اللہ بدانی بیگماں
রাহ্‌বরে মূসা কালীমুল্লাহ্ বদা-নী- বে-গুমা:
حق تعالیٰ ذکر او کردہ بقرآں بیگماں
হক্ব তা'আ-লা- যিক্‌রে উ- করদাহ্ বক্বোরআঁ- বে-গুমাঁ-

জেনে রেখো, তিনি হযরত মূসা কালীমুল্লাহ্‌র পথের সন্ধানদাতা এতে সন্দেহ নেই;
মহান আল্লাহ্ তাঁর উল্লেখ সন্দেহাতীতভাবে পবিত্র ক্বোরআনে করেছেন।

ذات پاکش ہمچو عنقا از براے مسلماں
যা-তে পা-কশ হামচূ- 'আনক্বা- আয্ বরায়ে মুসলিমা:
مخزنِ علم لدن او را بدانی بیگماں
মাখযানে 'ইলমে লাদুন উ- রা- বেদা-নী- বে-গুমা:

তাঁর পবিত্র সত্তা মুসলমানদের জন্য 'আনকা নামের (বিরল) পাখির মতোই। তাঁকে 'ইলমে লাদুন্নী' (আল্লাহ্‌র পক্ষ থেকে বিশেষ জ্ঞান)'র ভাণ্ডার বলে সন্দেহাতীতভাবে জেনে রেখো।

در مدح امیر المؤمنین خلیفۃ المسلمین شاہ مرداں حضرت شیر خدا علی مرتضیٰ

দর মদহে আমীরুল মু'মিনীন খলীফাতুল মুসলিমীন শা-হে মরদাঁ- হযরত শে-রে খোদা 'আলী মুরতাদ্বা-

আমীরুল মু'মিনীন, খলীফাতুল মুসলিমীন, বীরপুরুষদের বাদশাহ্ হযরত আলী মুরতাদ্বার প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از براے شاہ مرداں حضرت شیر خدا
আয বরায়ে- শা-হে মরদাঁ- হযরতে শে-রে খোদা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
বীরপুরুষদের বাদশাহ্ আল্লাহ্‌র সিংহ (হযরত আলী রদ্বিয়াল্লাহু আনহু)'র সমীপে।

نام پاکش داں علی والی ملکِ ہدا	پدر حسنین ست زوج لختِ جگر مصطفےٰ
না-মে পা-কশ্ দা- 'আলী- ওয়া-লিয়ে মুলকে হুদা-	পেদরে হাসনাঈনাস্ত যাওজে লাখতে জিগরে মুস্তফা-

তাঁর পবিত্র নাম জেনে রেখো হযরত আলী, হিদায়ত-রাজ্যের শাসক। হযরত হাসান ও
হুসাঈনের পিতা, হুযূর মুস্তফার কলিজার টুকরা (হযরত ফাতিমা)'র স্বামী।

نام پاکش فاطمہ بنتِ رسولِ مجتبیٰ	مسکنِ شاں جنت الفردوس گرداں اے خدا
নামে পা-কশ ফা-ত্বিমাহ্ বিন্তে রসূ-লে মুজতাবা-	মাসকনে শা- জান্নাতুল ফিরদাউস গর্দা- আয় খোদা-

তাঁর পবিত্র নাম ফাত্বিমাহ্ বিন্তে রসূলে মুজতাবা।
হে আল্লাহ্! জান্নাতুল ফিরদাউসকে তাঁদের বসবাসের জায়গা করুন।

آمدہ باب مدینۃ العلوم مصطفیٰ	بہرِ موسیٰ ہم چوں ہارون ست بہرِ مجتبیٰ
আ-মদাহ্ বা-বে মাদী-নাতুল 'উলূ-মে মুস্তফা-	বাহ্‌রে মূ-সা- হাম চূ- হা-রূ-নাস্ত বাহ্‌রে মুস্তফা-

তিনি হুযূর মুস্তফার জ্ঞানের নগরীর ফটক হিসেবে প্রমাণিত।
তিনি হুযূর মুজতাবার জন্য হযরত মূসা'র জন্য হযরত হারূনের মত।

عم زادہ ہم شہنشاہ ولایت بےخطا	ہم امیر المؤمنین ست بےشک از اہل عبا
'আম যা-দাহ্ হাম শাহান্‌শা-হে বেলায়ত বে-খাত্বা-	হাম আমী-রুল মু'মিনীনাস্ত বে-শক আয্ আহ্‌লে 'আবা-

তিনি হুযূর সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র চাচাত ভাই। তিনি বেলায়তের শাহানশাহ্ও। অনুরূপ, তিনি হলেন আমীরুল মু'মিনীন। তদুপরি নিঃসন্দেহে হুযূরের চাদর মুবারকের নিচে স্থানপ্রাপ্ত ভাগ্যবান আহ্‌লে বায়তও।

پنجتن را حب یارب در دل ما کن عطا	ایں سعادت بہر ما کافی برائے حشر ما
পাঞ্জতন রা- হুব্ব এয়া- রব দর দিলে মা- কুন 'আত্বা-	ঈঁ- সা'আ-দত বাহ্‌রে মা- কা-ফী- বরা-য়ে হাশরে মা-

পাঞ্জতন*-ই পাকের ভালবাসা, হে রব! আমাদের হৃদয়ে দান করুন।
আমাদের হাশরের সাফল্যের জন্য এ সৌভাগ্যই যথেষ্ট।

روضۂ پرنور او اندر نجف داں بیگماں	مردماں پرفیض باشند دائما از ذات آں
রওযায়ে পুর নূ-রে উ- আন্দর নাজাফ দা- বে-গুমা:	মরদুমা: পুরফায়য বা-শন্দ দা-ইমান আয যা-তে আ:

নিঃসন্দেহে জানো তাঁর নূরানী রওযা নাজাফ শরীফে অবস্থিত।
সব সময় তাঁর সত্তা থেকে মানুষ ফয়যে পরিপূর্ণ হয়।

تربتش را باغ جنت ساز ای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সায আয় রব্বে জাহাঁ-	ইস্তাজিব ইয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাঁ-

তার রওযা শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন হে বিশ্বপ্রতিপালক! হে রব!
নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় আমার এ দু'আ কবূল করুন।

---

* পবিত্র পাঁচ সত্তাকে পাক পাঞ্জতন বলে। তাঁরা হলেন- ১. হুযূর সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম ২. হযরত আলী, ৩ হযরত ফাত্বিমাহ্ ৪. হযরত হাসান ও ৫. হযরত হুসাঈন রাদিয়াল্লাহু তা'আলা আনহুম।

در مدح آئمہ دین مجتہدین رحمہم اللہ تعالیٰ کہ بقوت اجتہاد ومسلک شریعت غرا وملت بیضا از خار وخاشاک رموز مخفیہ واحکام مستورہ وامور غیر ظاہرہ ہمچوں آب بقا منقّٰی ومصفّٰی نمودہ بار احسان تا یوم فنا بر کافہ خلق خدا نہادند جزاہم اللہ تعالیٰ خیر الجزاء، آمین

দর মদহে আইম্মায়ে দ্বীন মুজতাহিদীন রাহিমাহুমুল্লাহ্ তা'আলা কেহ্ বক্বুওয়াতে ইজতিহাদ ওয়া মাসলাকে শরীয়তে গার্‌রা ওয়া মিল্লাতে বায়দ্বা আয্ খা-র্ ও খা-শা-ক্ রুমূযে মাখফিয়্যাহ্ ওয়া আহকা-মে মাসতূ-রাহ্ ওয়া উমূরে গায়রে যা-হিরাহ্ হামচূঁ আ-বে বক্বা- মুনাক্কা- ওয়া মুসাফ্ফা নমূ-দাহ্ বা-রে ইহসান তা- এয়াওমে ফানা- বর কা-ফ্ফায়ে খলক্বে খোদা- নিহাদন্দ। জাযা-হুমুল্লা-হ্ তা'আলা- খায়রাল জাযা, আ-মী-ন।

দ্বীনের মুজতাহিদ ইমামগণের প্রশংসায়- আল্লাহ্ তাঁদের উপর দয়া করুন! যাঁরা ইজতিহাদের ক্ষমতা দ্বারা আলোকোজ্জ্বল শরীয়ত ও স্বচ্ছ-সাদা মিল্লাতের পথকে কাটা ও আবর্জনামুক্ত করেছেন, গোপন রহস্যাদি উদ্ঘাটন করেছেন, আবৃত বিধানাবলীর চেহারা উম্মোচন করেছেন এবং অপ্রকাশ্য বিষয়াদিকে প্রকাশ করে দিয়েছেন। অনুরূপ, স্থায়িত্বের পরিস্কার-পরিচ্ছন্ন পানি দিয়ে সমস্ত সৃষ্টির উপর তাঁদের ইহসান (অবদান) দ্বারা আল্লাহ্‌র সমস্ত সৃষ্টিকে ঋণী করেছেন। আল্লাহ্ তাঁদেরকে এর উত্তম প্রতিদান দিন! হে আল্লাহ্, ক্বূল করুন!

مر امامانے کہ راہ اجتہاد قطع می کردند از بہر عباد
মর ইমা-মা-নে কেহ্ রা-হে ইজতিহা-দ ক্বাত্'ই মী- করদন্দ আয্ বাহ্‌রে 'ইবা-দ

বিশেষ করে ওই ইমামগণ, যাঁরা ইজতিহাদের পথ
অতিক্রম করেছেন আল্লাহ্‌র বান্দাদের জন্য-

رحمت و فضل خدا بر روح شاں تا بروز حشر باد جاوداں
রহমত ও ফাদ্বলে খোদা বর রূ-হে শাঁ তা- বরো-যে হাশর বা-দ জা-ভিদাঁ

আল্লাহ্‌র রহমত ও অনুগ্রহ তাঁদের রূহে
হাশরের দিন পর্যন্ত অব্যাহতভাবে বর্ষিত হতে থাকুক।

بر امام بو حنیفہ صد سلام دین احمد شد از و روشن تمام
বর ইমা-মে বূ- হানী-ফাহ্ সদ সালা-ম দী-নে আহমদ শুদ আয্ও রওশন তামা-ম

ইমাম আবূ হানীফা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হির উপর শত সালাম!
হুযূর আহমদ মুজতাবার দ্বীন তাঁরই মাধ্যমে পূর্ণ আলোকিত হয়েছে।

هست اعظم بو حنیفه از همه
گوئی سبقت در ربوده از همه
হাস্ত আ'যম বূ- হানী-ফাহ্ আয হামাহ্
গোঈ- সাবক্বত দর রবূ-দাহ্ আয হামাহ্

ইমাম আবূ হানীফাহ্ হলেন (মাযহাবের ইমামগণের মধ্যে) সবার চেয়ে বড়,
বরং বলো তিনি মর্যাদায় সমস্ত ইমাম থেকে আগে চলে গেছেন।

هم سلام بر امام شافعی
بود او حامی دین احمدی
হাম সালা-মম বর ইমামে শাফে'ঈ-
বূদ উ- হা-মিয়ে দীনে আহমাদী-

ইমাম শাফে'ঈর উপরও আমার সালাম নিবেদন করছি।
তিনিও হুযূর আহমদ মুজতাবার দ্বীনের সাহায্যকারী ছিলেন।

باد بر قاضی ابو یوسف سلام
بد معین دین احمد او مدام
বা-দ বর ক্বাযী আবূ ইউসুফ সালাম
বুদ মু'ঈ-নে দ্বীনে আহমাদ উ- মাদা-ম

হযরত ক্বাযী আবূ ইউসুফ রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র উপর সালাম বর্ষিত হোক। তিনিও সব সময় হুযূর আহমদ মুজতাবার দ্বীনের সাহায্যকারী ছিলেন।

بر امام مالک و احمد سلام
شد مزین دیں بآں ہر دو تمام
বর ইমামে মালিকও আহমাদ সালা-ম
শুদ মুযাইয়্যান দ্বীঁ বআঁ- হার দো- তামা-ম

ইমাম মালিক ও ইমাম আহমদের উপর সালাম বর্ষিত হোক!
তাঁরা দু'জনের মাধ্যমেও দ্বীনের সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে।

بر محمد ہم ازیں احقر سلام
بد وزیر بو حنیفه آں امام
বর মুহাম্মদ হাম আযীঁ- আহক্বার সালা-ম
বুদ ওয়াযী-রে বূ- হানী-ফাহ্ আঁ- ইমা-ম

ইমাম মুহাম্মদ রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র উপরও আমি অধমের পক্ষ থেকে সালাম নিবেদন করছি। তিনি ইমাম আবূ হানীফা রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র উজির ছিলেন।

در مدح امام المسلمین سراج الامة امام اعظم حضرت ابوحنیفه نعمان بن ثابت

দর মদ্হে ইমামুল মুসলিমীন সিরাজুল উম্মাহ্ ইমামে আ'যম হযরত আবূ হানীফাহ্ নু'মান ইবনে সাবিত রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু

মুসলমানদের ইমাম, উম্মতের প্রদীপ ইমাম-ই আ'যম
হযরত আবূ হানীফাহ্ নু'মান ইবনে সাবিত রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু'র প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
از برائے بو حنیفه آں امام باصفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
আয বরা-য়ে বূ- হানীফাহ্ আঁ- ইমামে বা সফা

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম!
ওই পবিত্রাত্মা ইমাম আবূ হানীফা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে।

درمیانِ آں آئمہ او امام اعظم بداں
দরমিয়া-নে আঁ- আইম্মাহ্ উ- ইমামে আ'যম বেদাঁ-
او امام المسلمین و ہم سراج امتاں
উ- ইমা-মুল মুসলিমী-নো হাম সেরা-জে উম্মতাঁ-

ওই ইমামদের মধ্যে তিনি হলেন ইমামে আ'যম, এ কথা মনে প্রাণে জেনে রেখো।
তিনি হলেন মুসলমানদের ইমাম, অনুরূপ উম্মতের প্রদীপ।

از شہنشاہ مدینہ ایں خطابش آمدہ
আয্ শাহানশা-হে মাদীনাহ্ ঈঁ- খেতাবশ আ-মদাহ্
وقت تسلیم در جوابش ایں چنیں مسموع شدہ
ওয়াক্বতে তাসলীম দর জাওয়াবশ ঈ-চুনী- মসমূ-' শুদাহ্

এ উপাধি হযরত শাহানশাহে মদীনা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম থেকে এসেছে। তিনি
যখন রওযা-ই পাকে সালাম আরয করছিলেন তখন তাঁর সালামের জবাবে এমনি শোনা গেছে।

مردماں را در فقہ ہمچوں عیال او بداں
মরদুমাঁ- রা- দর ফিক্বহ্ হামচুঁ- 'আয়া-লে উ- বদাঁ-
والد علم فقہ اورا بدانی بیگماں
ওয়ালেদে 'ইলমে ফিক্বহ্ উ- রা বেদা-নী- বে-গুমাঁ-

অনুরূপ, লোকদেরকে ফিক্বহ্শাস্ত্রে তাঁর পরিবারের সদস্যবর্গের মুখাপেক্ষী বলে জানো!
তাঁকে নিঃসন্দেহে ফিক্বহ্শাস্ত্রের পিতা বলে বিশ্বাস করবে।

قائل ایں قول دانی آں امام شافعی
ক্বা-ইলে ঈঁ- ক্বওল দা-নী- আঁ- ইমা-মে শা-ফে'ঈ-
ساکن مکہ بدانی ہم ز اولادِ نبی
সা-কিনে মক্কাহ্ বদা-নী- হাম যে আওলা-দে নবী-

এ উক্তির প্রবক্তা হলেন ওই ইমাম শাফে'ঈ রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি,
যিনি মক্কায় অবস্থানকারী, অনুরূপ অন্যতম আওলাদে রসূল।

مسکن شاں جنت الفردوس گرداں اے خدا
মসকনে শাঁ- জান্নাতুল ফিরদাউস গর্দাঁ- আয় খোদা-
ایں دعا مقبول گرداں از طفیل مصطفےٰ
ঈঁ- দু'আ মাক্ববূ-ল গর্দাঁ- আয্ তোফায়লে মুস্তফা-

হে আল্লাহ্! জান্নাতুল ফিরদাউসকে তাঁদের বাসস্থান করুন।
হুযূর মুস্তফার ওসীলায় এ দু'আ ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে নাযেম গরতূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ-
منکران اولیاء را سیف بُرّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া-রা- সাইফে বোররাঁ- বে-গুমাঁ-

এ কবিতার রচয়িতার নাম যদি জানতে চান, তবে জেনে নিন! তিনি শেরে বাংলা,
যিনি নিঃসন্দেহে আল্লাহর ওলীগণের অস্বীকারকারীদের জন্য শানিত তরবারি।

در منقبت محبوب سبحانی قطب ربّانی غوث صمدانی غوث الاعظم پیران پیر دستگیر ابو محمد میر شیخ سید محی الدین عبد القادر جیلانی الحسنی والحسینی رضی اللہ تعالیٰ عنہ

দর মানক্বাবতে মাহবূবে সুবহানী কুত্বে রব্বানী গাউসে সমদানী গাউসুল আ'যম পী-রান পীর দস্তগীর আবূ মুহাম্মদ মীর শায়খ সাইয়্যেদ মুহীউদ্দীন আবদুল ক্বাদের জীলানী আল-হাসানী ওয়াল হুসাইনী রাদ্বিয়াল্লাহু তা'আলা আন্হু

মাহবূবে সুবহানী, কুত্বে রব্বানী, গাউসে সমদানী, গাউসুল আ'যম, পীরান পীর দস্তগীর আবূ মুহাম্মদ মীর শায়খ সাইয়্যেদ **মুহীউদ্দীন আবদুল ক্বাদের জীলানী** আল-হাসানী ওয়াল হুসাইনী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু'র প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے غوث الاعظم شاہ جیلانی ما
আয্ বরায়ে গাউসুল আ'যম শাহে জী-লা-নীয়ে মা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম!
আমাদের গাউসুল আ'যম শাহে জীলানীর সমীপে।

وصف آں شاہ ولایت اینقدر کافی بود
ওয়াসফে আঁ- শাহে বেলায়ত ঈঁ- ক্বদর কা-ফী বুয়াদ
پائے پاکش بر رقاب ہر ولی اللہ بود
পা-য়ে পা-কশ বর রেক্বা-বে হার ওলীয়্যুল্লাহ্ বুয়াদ

ওই বেলায়তের বাদশাহ্র প্রশংসা এতটুকু যথেষ্ট যে,
তাঁর পবিত্র পদযুগল আল্লাহ্র প্রত্যেক ওলীর গর্দানের উপর রয়েছে।

در شب معراج محبوب خدا بر گردنش
দর শবে মে'রাজে মাহবূবে খোদা বর গরদনশ
پا نہادہ رفت بر عرش بریں آں رفرفش
পা- নেহা-দাহ্ রফ্ত বর 'আরশে বরীঁ- আঁ- রফরফশ

মি'রাজ রাত্রিতে আল্লাহ্র মাহবূব সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তাঁর গর্দানের উপর পা মুবারক রেখে আরশে মু'আল্লায় তাশরীফ নিয়ে গেছেন; এটা ছিলো তাঁর 'রফরফ।'

اندراں دم گفت احمد نور چشم و پسر ما
আন্দরাঁ- দম গোফ্ত আহমাদ নূ-রে চশমও পেসরে মা-
بر رقابت پائے من تو بر رقاب اولیاء
বর রেক্বা-বত পায়ে মান তূ- বর রেক্বা-বে আউলিয়া-

ওই মুহূর্তে হযরত আহমদ মুজতাবা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করলেন- ওহে আমার চোখের আলো ও আমার সন্তান! আমার পা তোমার গর্দানে রয়েছে, আর তোমার পা ওলীগণের গর্দানের উপর।

از زبان مصطفیٰ قول چنیں گشتہ عیاں
আয যবা-নে মুস্তফা- ক্বওলে চুনীঁ- গশতাহ্ 'আয়াঁ-
ایں سخن مذکور در تفریح خاطر بیگماں
ঈঁ- সখুন মাযকূ-র দর তাফরী-হে খা-ত্বির বে-গুমাঁ-

হুযূর মুস্তফার মুখ মুবারক থেকে এমনি বাণী প্রকাশ পেয়েছে।
এ কথা 'তাফরীহ-ই খাত্বির' কিতাবে উল্লেখিত; এতে সন্দেহ নেই।

غوث الاعظم مصطفےٰ را بارہا از چشم دید
গাউসুল আ'যম মুস্তফা- রা বা-রহা আয চশম দী-দ
جاں بحق داد چند کس از اہل محفل چوں شنید
জাঁ- বহক্ব দা-দ চন্দ কস আয আহলে মাহফিল চূঁ- শুনী-দ

গাউসুল আ'যম রদ্বিয়াল্লাহু তা'আলা আনহু হুযূর মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে বহুবার স্বচক্ষে দেখেছেন। তাঁর মাহফিলে অংশগ্রহণকারীদের কতেক লোক তাঁর ওয়ায শুনে প্রাণ বিসর্জন দিয়ে আল্লাহর সান্নিধ্যে চলে গেছেন।

درمیان مجلس او امدندے بے شمار	مردم وجن وفرشتہ پنجہ یا شصت ہزار
দরমিয়া-নে মাজলিসে উ- আ-মদন্দে বে শুমা-র	মরদুমও জিনও ফিরিশতা পাঞ্জাহ্ এয়া শাস্ত হাযা-র

তাঁর মজলিসে অগণিত লোকের সমাগম হতো-
মানুষ, জিন ও ফিরিশ্‌তার সংখ্যা দাঁড়াতো পঞ্চাশ কিংবা ষাট হাজার।

استماع کردندے چوں جادوبیانش بیکراں	مردماں درحالت وجدشدندے بیگماں
ইস্তিমা-' করদন্দে চূঁ- জা-দূ- বয়া-নশ বে-করাঁ-	মরদুমাঁ- দর হা-লতে ওয়াজ্‌দ শুদন্দে- বে-গুমাঁ-

যখন লোকেরা তাঁর সীমাহীন জাদুবয়ান শুনতো,
নিঃসন্দেহে তখন তারা ওয়াজ্‌দ বা মুর্ছনার অবস্থায় বিভোর হয়ে যেতো।

جاں بحق دادندے آنکہ چندکس ازحاضراں	دربیانش آنچناں تاثیر بودہ بیگماں
জাঁ- বহক্ব দা-দন্দে- আঁ-গাহ্ চন্দ কস আয্ হা-যেরাঁ-	দর বয়া-নশ আঁ-চুনাঁ- তা'সী-র বূ-দাহ্ বে-গুমাঁ-

উপস্থিত লোকদের কেউ কেউ সেখানে প্রাণ বিসর্জন দিয়ে আল্লাহ্‌র সান্নিধ্যে চলে গেছে। নিঃসন্দেহে তাঁর বয়ানে ছিলো এমনি প্রভাব।

چارصدعلماء قلمبندی نمودندے دراں	عین تقریروبیانش رابلاشک ای جواں
চা-র সদ 'ওলামা ক্বলমবন্দী- নমূ-দন্দে- দরাঁ-	'আইনে তাক্বরী-রও বয়া-নশ রা- বেলা-শক আয় জাওয়াঁ-

ওখানে চারশ' আলিম লিখক থাকতেন-
তাঁর ওয়ায ও বক্তৃতা চলাকালেই- ওহে যুবক! এতে সন্দেহ নেই।

مردہ رازندہ نمودہ غوث الاعظم بیگماں	شاہدش بحث نصاری بامسلماں پیش آں
মুরদাহ্ রা- যিন্দাহ্ নমূ-দাহ্ গাউসুল আ'যম বে-গুমাঁ-	শা-হেদশ্ বহসে নাসা-রা- বা-মুসলমাঁ- পে-শে আঁ-

হযরত গাউসুল আ'যম রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু নিঃসন্দেহে মৃতকে জীবিত করেছেন-
তাঁর সামনে মুসলমানদের সাথে খ্রিষ্টানদের তর্কযুদ্ধই এর পক্ষে জ্বলন্ত সাক্ষী (প্রমাণ)।

مخزن کشف وکرامات شاہ جیلان ست داں	شد کراماتش بروں از حد تحریر وبیاں
মাখযানে কাশ্‌ফ ও কারামা-ত শা-হে জী-লানাস্ত দাঁ-	শুদ কারা-মা-তশ্ বেরোঁ- আয্ হদ্দে তাহরী-র ও বয়াঁ-

এ কথা জেনে রেখো- জীলানের বাদশাহ্ কাশ্‌ফ ও কারামাতের ভাণ্ডার।
তাঁর কারামাত এতো বেশি যে, সেগুলো লিখে ও বর্ণনা করে শেষ করা যায় না।

درمدارج شیخ عبدالحق محدث دہلوی	کرد تصریح حق بدانی گرشوی اہل دلی
দর মাদা-রিজ শায়খ 'আবদুল হক্ব মুহাদ্দিস দেহ্‌লভী	করদ তাসরী-হ্ হক্ব বদা-নী- গর শভী আহলে দিলী-

হযরত শায়খ আবদুল হক্ব মুহাদ্দিসে দেহ্‌লভী তাঁর 'মাদারিজুন্ নুবূয়্যাত'-এ এ কথা সুস্পষ্টভাবে লিখেছেন। তুমি যদি সুস্থ অন্তরের অধিকারী হও, তাহলে সেটা সত্য ও সঠিক বলে জেনে নাও।

روضہ پرنور او در شہر بغداد ست داں রওযায়ে পুরনূ-রে উ- শহরে বাগদা-দাস্ত দাঁ-	فیض یاب روضہ اش جن وملک ہم مرداں ফয়য ইয়াবে রওযা আশ্ জিন্ ও মালাক হাম মরদুমাঁ-

তাঁর নূরানী রওযা হচ্ছে বাগদাদ শহরে,
এ কথা জেনে রেখো! তাঁর রওযা হতে ফয়য পায়- জিন, ফিরিশ্‌তা ও মানুষ।

وقت مشکل گر ندا ہر کس دہد با اسم او ওয়াক্‌তে মুশকিল গর নেদা- হার কস দেহদ বা- ইসমে উ.	حل مشکل بہر او آندم کند آں قول او হল্লে মুশকিল বাহরে উ- আঁ-দম কুনদ আঁ- কওলে উ-

বিপদের সময় যদি তাঁর নাম নিয়ে (সাহায্যের জন্য) আহ্বান করে,
তবে তখনই তিনি তার সমস্যার সমাধান করেন। এটা তার বাণীতে পাওয়া যায়।

در تہنیت سلطان الہند حضرت خواجہ غریب نواز بندہ نواز عطاء الرسول معین الملّۃ والدین قطب المشائخ سید حسن سنجری اجمیری قدّس سرہٗ

দর তাহনিয়াতে সুলতানুল হিন্দ্ হযরত খাজা গরীব্-নাওয়ায বান্দাহ্-নাওয়ায্ আত্বা-উর রসূল, মু'ঈনুল মিল্লাত্ ওয়াদ্ দীন কুত্বুল মাশা-ইখ সাইয়্যেদ হাসান সান্জারী আজমীরী কুদ্দিসা সিররুহূ-

হিন্দুস্তানের বাদশাহ্, হযরত খাজা গরীব্‌নাওয়ায (গরীবের দাতা), আল্লাহ্‌র বান্দাদের দাতা, রসূলে পাকের দান, দ্বীন ও জাতির সাহায্যকারী, পীর-মাশাইখের কেন্দ্রস্থল, **সাইয়্যেদ হাসান সানজারী আজমীরী** কুদ্দিসা সিররুহূ'র প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر آں سلطان ہند خواجہ معین الدین ما বাহরে আঁ- সুলত্বানে হিন্দ খাজা মু'ঈ-নুদ্দী-নে মা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম- হিন্দুস্তানের ওই সুলতান
আমাদের খাজা মু'ঈনুদ্দীন রহ্‌মাতুল্লাহি তা'আলা আলায়হির সমীপে।

در جہاں مشہور آں خواجہ غریب آمد نواز দর জাহাঁ- মাশহূর আঁ- খাজা গরীব্ আ-মদ নাওয়া-য্	روضۂ پرنور او گشت مرجع ہر پاکباز রওযায়ে পুরনূরে উ- গশ্ত্ মারজা'ই হার পা-কবা-য্

ওই খাজা গরীব্‌নাওয়ায্ গোটা দুনিয়ায় প্রসিদ্ধ। তাঁর নূরানী রওযা
প্রত্যেক পবিত্র চরিত্রের অধিকারীর প্রত্যাবর্তনস্থলে পরিণত হয়েছে।

اندر آں اجمیر دانی روضۂ پرنور او আন্দর আঁ- আজমীর দা-নী- রওযায়ে পুরনূর উ-	مرداں پر فیض باشند دائما از ذات او মরদুমাঁ- পুরফায়য্ বাশন্দ দা-ইমান আয্ যা-তে উ-

জেনে রেখো! তাঁর নূরানী রওযা হচ্ছে আজমীর শরীফে।
তাঁর বরকতময় সত্তা থেকে সবসময় মানুষ পুরোপুরি ফয়যপ্রাপ্ত হয়।

با فرید الدین نظام الدین علاؤ الدین ما	پنج تن شد ہم بقطب الدین معین الدین ما
বা- ফারী-দুদ্দী-ন নিযা-মুদ্দী-ন 'আলাউদ্দী-নে মা-	পাঞ্জতন শুদ হাম ব কুত্বুদ্দী-ন মু'ঈনুদ্দী-নে মা-

আমাদের সম্মানিত ওলী হযরত ফরীদুদ্দীন, হযরত নিযামুদ্দীন, হযরত আলাউদ্দীন, আর হযরত কুত্বুদ্দীনের সাথে আমাদের খাজা মু'ঈনুদ্দীন রহমাতুল্লাহি আলাইহি, সব মিলে হলেন পাঞ্জতন বা পাঁচজন মহান ওলী।

گشت واصل چوں بحق آں خواجۂ ہندوستاں	گشت در پیشانیش ہذا حبیب اللہ عیاں
গশত ওয়া-সেল চূঁ- ব হক্ব আঁ- খাজায়ে হিন্দুস্তাঁ-	গশত দর পে-শা-নীয়শ হা-যা- হাবী-বুল্লা-হ্ 'আয়াঁ-

ওই খাজায়ে হিন্দুস্তান যখন আল্লাহর সান্নিধ্যে চলে যান (ওফাত পান), তখন তাঁর কপাল মুবারকে 'হা-যা- হাবী-বুল্লা-হ্' (ইনি আল্লাহর ঘনিষ্ট বন্ধু) বাক্যটি প্রকাশ পেয়েছিল।

از کراماتش عجیبہ بشنو از من اے جواں	آبہای اناساگر کرد در ابریق آں
আয কারা-মা-তশ 'আজী-বাহ্ বুশনু- আয মন আয় জাওয়াঁ-	আ-বহায়ে আ-না- সা-গর কর্দ দর ইবরী-ক্বে আঁ-

হে যুবক! আমার নিকট তাঁর আশ্চর্যজনক কিছু কারামত শুন!
তাঁর একটি মাত্র লোটার মধ্যে গোটা 'আনা সাগর'-এর পানি ঢুকিয়ে নিয়েছিলেন।

خشک شد اناساگر بل شیر ہائے جانور	مخزن کشف و کرامت بود آں اہل خبر
খোশক শুদ আ-না- সা-গর বাল শী-রহায়ে জা-নওয়ার	মাখযনে কাশফ ও কারা-মাত বূ-দ আঁ- আহলে খবর

আনা সাগর, বরং পশুর দুধও শুষ্ক হয়ে গিয়েছিল।
ওই রহস্যজ্ঞাতা ওলী কাশ্ফ ও কারামতের ভাণ্ডার ছিলেন।

ہستی آں رائے پتھورا بعد آں کردہ فنا	دست چوں برداشت خواجہ سوئے حق بہر دعا
হাস্তীয়ে আঁ- পিথুরা- বা'দ আঁ- করদাহ্ ফানা-	দস্ত চূঁ- বরদা-শ্ত খাজা সূ-য়ে হক্ব বাহরে দু'আ-

ওই রাজা পৃথ্বিরাজের অস্তিত্বকে এরপর তিনি নিশ্চিহ্ন করে দিয়েছিলেন-
দো'আর জন্য যখন তিনি আল্লাহর দিকে হাত বাড়িয়ে দিয়েছিলেন।

آں شہاب الدین غوری قتل کرد از دست او	یافت ہرگاہ رائے پتھورا را میان جنگ او
আঁ- শিহা-বুদ্দী-ন ঘোরী- কত্ল কর্দ আয দস্তে উ-	ইয়াফত হারগাহ্ রা-য়ে পিথুরা-রা- মিয়া-নে জঙ্গে উ

ওই শিহাবুদ্দীন ঘোরী (গযনীর সুলতান) নিজ হাতে তাকে হত্যা করেছিলেন- তিনি ওই যুদ্ধের ময়দানে যেখানে রাজা পৃথ্বিরাজকে পেয়েছিলেন।

گشت مسلم صد ہزاراں کافراں در دست او	ایں کرامت چوں بدیدند کافراں از ذات او
গশ্ত মুসলিম সদ হাযা-রাঁ- কাফেরাঁ- দর দস্তে উ-	ঈ- কারামত চূঁ- বদী-দন্দ কাফেরাঁ- আয যা-তে উ-

লক্ষ লক্ষ কাফির তাঁর হাতে মুসলমান হয়েছে-
তাঁর সত্তা থেকে এ কারামত যখন কাফিরগণ স্বচক্ষে দেখেছে।

کرد چوں تسلیم خواجہ بر حبیب کبریا
কর্দ চূ- তাসলী-ম খা-জা বর হাবী-বে কিবরিয়া-
گفت یاقطب المشائخ ہم علیک حبذا
গোফত এয়া কুতবাল মাশাইখ হাম 'আলায়ক হাব্বাযা-

হযরত খাজা যখন মহান আল্লাহ্র হাবীবের দরবারে সালাম আরয করলেন, তখন তিনি (হুযূর করীম তাঁর সালামের জবাবে) তাঁকে 'হে শায়খগণের কুতুব' বলেছেন, আরো বলেছেন 'তোমার উপরও সালাম, হে উত্তম ব্যক্তিত্ব!'

ہدیۂ تشکر بر قدوم و تشریف آوری خواجہ سلطان ہند قدس سرہٗ بصورت روحانی بخانہ عزیزیہ قاضی دیوڑی چاٹگام شریف مشرقی پاکستان

হাদিয়ায়ে তাশাক্কুর বর কুদূ-ম ওয়া তাশরীফ আ-ওয়ারীয়ে খাজাহ্ সুলতা-নে হিন্দ কুদ্দিসা সিররুহু ব সূ-রতে রু-হানী- ব খা-নায়ে আযীযিয়্যাহ্ কাযী দেওড়ী, চাটগাম শরীফ, মাশরিক্বী পাকিস্তান

খাজা সুলতানুল হিন্দ কুদ্দিসা সিররুহু'র পূর্ব পাকিস্তানের (বর্তমানে বাংলাদেশ) চট্টগ্রামের কাজীর দেউড়ীস্থ 'আযীযিয়া মঞ্জিল'-এ রূহানী সূরতে সদয় শুভাগমন উপলক্ষে কৃতজ্ঞতার উপঢৌকন

مرحبا صد مرحبا اے خواجہ سلطان ہند
মারহাবা সদ মারহাবা আয় খা-জায়ে সুলতা-নে হিন্দ
بر قدوم ذاتِ پاکت خواجہ سلطان ہند
বর কুদূ-মে যা-তে পা-কত খা-জায়ে সুলতা-নে হিন্দ

শত স্বাগতম, ধন্যবাদ হে খাজা সুলত্বান-ই হিন্দ,
আপনার পবিত্র পদার্পণ উপলক্ষে -হে খাজা সুলত্বান-ই হিন্দ।

خانہ ما از قدومت خواجۂ سلطان ہند
খা-নায়ে মা- আয কুদূ-মত খা-জায়ে সুলতা-নে হিন্দ
غیرت باغِ ارم شد خواجۂ سلطان ہند
গায়রাতে বা-গে ইরম শুদ খা-জায়ে সুলতা-নে হিন্দ

হে খাজা সুলত্বান-ই হিন্দ! আপনার পদার্পণে আমাদের ঘর
'বাগে ইরম'*-এর ঈর্ষার বস্তুতে পরিণত হয়েছে। ওহে সুলত্বান-ই হিন্দ!

زیر پایت جان و دل قرباں کنم سلطان ہند
যে-রে পা-য়ত জানও দিল কোরবা- কুনম সুলতা-নে হিন্দ
جز ازیں شکرانہ کی سازم ادا سلطان ہند
জুয আযী- শুকরা-নাহ্ কাই সা-যম আদা- সুলতা-নে হিন্দ

আপনার পদযুগলের নিচে প্রাণ ও হৃদয় উৎসর্গ করছি, ওহে খাজা সুলত্বান-ই হিন্দ!
এটা ব্যতীত কীভাবে আপনার কৃতজ্ঞতা প্রকাশ করবো, হে খাজা সুলত্বান-ই হিন্দ!

یک نظر از رحمت کن خواجۂ سلطان ہند
بر بلندی فاتحہ اوّل بخوانی بہر او
বর্ বুলন্দী- ফাতেহা আউয়াল বখানী বাহরে উ-
پس ندا با گم شدہ او را دہی با اسم او
পস্ নেদা-বা-গুম শুদাহ্ উ-রা-দেহী-বা-ইসমে উ-

উঁচু জায়গায় প্রথমে তাঁর জন্য ফাতিহাখানী করো!
তারপর তাঁর নামের ওসীলা দিয়ে হারানো পশু বা জিনিসের কথা উচ্চস্বরে বলে দাও।

در کتاب در مختار ایں ہمہ جائز بداں
দর্ কিতা-বে দুর্‌রে মুখতার ঈঁ- হামাহ্ জায়েয বেদাঁ-
غلبۂ تام از برائے اہلسنت بیگماں
গলবায়ে তা-ম্ আয্ বরা-য়ে- আহলে সুন্নাত বে-গুমাঁ-

'দুর্‌রে মুখতার' কিতাবে এসব কাজকে জায়েয বলা হয়েছে -এটা মনে রেখো!
(আহ্‌লে সুন্নাত এতে বিশ্বাস করে), পূর্ণাঙ্গ বিজয় তাঁদেরই। এতে সন্দেহ নেই।

تربتش را باغ جنت سازای ربّ جہاں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহাঁ-
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাঁ-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় কুবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ-
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাঁ- বে-গুমাঁ-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح فقیہ زمان امام دوران مقتدائے اولیاء محبوب حضرت خیر الوری حضرت سید ابن سلیمان جزولی علیہ رحمۃ الباری

দর মদহে ফাক্বী-হে যমা-ন, ইমা-মে দাওরা-ন, মুক্বতাদা-য়ে- আউলিয়া- মাহবূবে হযরতে খায়রুল ওয়ারা-, হযরত সাইয়্যেদ ইবনে সুলায়মা-ন জাযূ-লী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-

যুগের শ্রেষ্ঠ ফিক্বহবিদ ও ইমাম, ওলীগণের আদর্শ, সৃষ্টিকুলশ্রেষ্ঠের প্রিয়ভাজন, হযরত সাইয়্যেদ ইবনে সুলায়মান জাযূলী তাঁর উপর তাঁর মহান স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক-এর প্রশংসায়

yqadri.blog

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر آں ابن سلیمانِ جزولی مرحبا বাহ্‌রে আঁ- ইবনে সুলায়মা-নে জাযূ-লী- মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই ইবনে সুলায়মান জাযূলীকে স্বাগতম।

بد فقیہ و ہم امام و ہم ولی آں زماں বুদ ফক্বীহ্ ও হাম ইমা-ম ও হাম ওলীয়্যে আঁ- যামাঁ-	بہر خیرات کرد تصنیف آں دلائل در جہاں বাহ্‌রে খায়রা-ত কর্দ তাসনীফ আঁ- দালা-ইল দর জাহাঁ-

তিনি একাধারে যুগের শ্রেষ্ঠ ফক্বীহ্, ইমাম ও ওলী ছিলেন। অসংখ্য কল্যাণ লাভের
জন্য তিনি বিশ্বে 'দালা-ইলুল খায়রাত' নামক কিতাব প্রণয়ন করেছেন।

چوں بعون ایزدی متبوع گشتہ آں کتاب চূঁ- ব 'আউনে ঈ-যদী- মাতবূ-' গশতাহ্ আঁ- কিতা-ব	مومناں را در جہاں مفتوح شد باب الثواب মু'মিনাঁ- রা দর জাহাঁ- মাফতূ-হ্ শুদ বা-বুস্ সাওয়া-ব্

যখন ওই কিতাব আল্লাহ্‌র সাহায্যক্রমে অনুকরণীয় হয়েছে,
তখন থেকে বিশ্বে মু'মিনদের জন্য সাওয়াবের দরজা উম্মুক্ত হয়ে গেছে।

تربتش را باغ جنت ساز ای ربّ جہاں তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহাঁ-	زانکہ او محبوب آں شاہ مدینہ بیگماں যা-কেহ্ উ- মাহবূবে আঁ- শা-হে মদীনাহ্ বে-গুমাঁ-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
তিনি নিঃসন্দেহে শাহে মদীনার প্রিয়ভাজন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ-	منکران اولیاء را سیف بُرّاں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোর্‌রাঁ- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح پیشوائے عالماں مقتدائے عارفاں شاعر شیریں زباں عاشق شاہ مرسلاں از مشاہیر دوراں، صاحب تصانیف کثیرہ صاحب مقامات عالیہ حضرت مولانا عبد الرحمن جامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমাঁ- মুক্বতাদা-য়ে 'আ-রেফাঁ-, শা-'ইরে শী-রীঁ- যবাঁ-, 'আ-শিক্বে শাহে মুরসালাঁ-, আয্ মাশা-হী-রে দাওরাঁ-, সা-হেবে তাসা-নীফে কাসীরাহ্, সা-হেবে মাক্বা-মা-তে 'আলিয়্যাহ্ হযরত মাওলা-না- 'আবদুর্ রহমা-ন্ জা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল্ বা-রী-

আলিমগণের পেশোওয়া, আরিফকুলের মুক্বতাদা, মর্মস্পর্শীকণ্ঠী কবি, রসূলগণের
বাদশাহ্‌র প্রেমিক, বহুগ্রন্থের রচয়িতা, বহু উচ্চ মর্যাদার অধিকারী
হযরত মাওলানা আবদুর রহমান জামী
(তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

vaadri.blogspot

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
بہر آں مولنا جامی صد ہزاراں مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
বাহ্‌রে আঁ- মাওলা-না- জা-মী- সদ হাযা-রাঁ- মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম
ওই মাওলানা জামীকে শত-সহস্র স্বাগতম।

شرح جامی ومحبت نامہ از تصنیف اُوست
خارج از حد بیانت بیگماں اوصاف اوست
শরহে জা-মী- মহাব্বতনামা আয্ তাসনীফে উ-স্ত
খা-রিজ আয্ হদ্দে বয়া-নস্ত বে-গুমাঁ- আওসা-ফে উ-স্ত

'শরহে জামী' ও 'মহাব্বতনামা' তাঁর উল্লেখযোগ্য রচনা।
তাঁর গুণাবলী নিঃসন্দেহে বর্ণনাতীত।

از کبار شاعراں ہم سرگروہ عاشقاں
چہل بارہ رفت در روضۂ شاہ مرسلاں
আয কিবা-রে শা-'ইরাঁ- হাম্ সরগরো-হে 'আ-শিক্বাঁ-
চেহল্ বা-রাহ্ রফ্‌ত দর রওযা-ই শা-হে মুরসালাঁ-

তিনি হলেন শীর্ষস্থানীয় কবি, আশিক্বকূলের সর্দার। তিনি রসূলকূলের বাদশাহ্
সাল্লাল্লাহ্ তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর রওযা পাকে চল্লিশবার গমন করেছেন।

نام پاکش تا قیامت در جہاں ماند بقا
مسکنش در جنت الفردوس گرداں اے خدا
না-মে পা-কশ্ তা- ক্বিয়া-মত দর জাহাঁ- মা-নদ বক্বা-
মাসকানাশ্ দর জান্নাতুল ফিরদাউস গরদাঁ- আয় খোদা-

ক্বিয়ামত পর্যন্ত তাঁর পবিত্র নাম দুনিয়ায় স্থায়ী হোক!
হে খোদা! জান্নাতুল ফিরদাউসে তাঁর অবস্থানের জায়গা করে দিন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
منکران اولیاء را سیف برّاں بیگماں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ-
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাঁ- বে-গুমাঁ-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح مرشد او فخر عارفاں مرشد کاملاں حضرت خواجہ عبید اللہ احرار صاحب اسرار رحمہما اللہ و اسکنہما اللہ فی جبوحۃ الجنان

দর মদহে মুরশিদে উ- ফখরে 'আ-রিফাঁ-, মুর্শিদে কা-মিলাঁ-, হযরত খাজা ওবায়দুল্লাহ্ আহরা-র,
সা-হেবে আসরা-র, রাহিমাহুমাল্লা-হ্ ওয়া আসকানাহুমাল্লা-হ্ ফী হুবূ-হাতিল্ জিনা-ন্

তাঁর মুর্শিদ, আরিফকূলের গর্ব, কামিল ব্যক্তিবর্গের মুর্শিদ, রহস্যভাণ্ডারের ধারক
হযরত খাজা ওবায়দুল্লাহ্ আহরার
(আল্লাহ্ তাঁদের উভয়কে দয়া করুন এবং তাঁদের উভয়কে জান্নাতের বাগানে বসবাস
করার সুযোগ দিন)-এর প্রশংসায়

بخواجهٔ عبید الله احرار ব খা-জায়ে ওবায়দুল্লাহ্ আহরা-র্	زبانم مرحبا گویا بصد بار যবা-নম মারহাবা- গো-য়া- ব সদ বা-র্

খাজা ওবায়দুল্লাহ্ আহরারকে
আমার রসনা শতবার স্বাগত জানাচ্ছে।

عزیز الحق چه داند شانِ احرار 'আযী-যুল হক্ব চেহ্ দা-নদ শা-নে আহরা-র্	که جامی در کتابش کرد اظهار কেহ্ জা-মী দর কিতা-বশ কর্দ ইযহা-র্

হযরত আহরারের মর্যাদা সম্পর্কে আমি আযীযুল হক্ব কী জানি?
কারণ খোদ আল্লামা জামী তাঁর কিতাবে তা প্রকাশ করেছেন।

خداوندا بجنت کن مقامش খোদা-ওয়ান্দা-, ব জান্নাত কুন্ মক্বা-মশ	وهم عرضی خدا یا کن قبولش ওয়া হাম্ 'আরযী - খোদা-য়া- কুন্ ক্ববূ-লশ

হে খোদা! জান্নাতে তাঁর স্থান অবধারিত করে দিন!
আমার এ আর্জি হে খোদা! কবূল করুন!

که جامی از مریدانش بدانی কেহ্ জা-মী- আয্ মুরী-দা-নশ্ বেদা-নী-	که بود او مخزنِ سرِّ خدائی কেহ্ বূ-দ্ উ- মাখযানে সির্রে খোদা-ঈ-

হযরত মাওলানা জামীকে তাঁর অন্যতম মুরীদ বলে জেনে রেখো।
তাই, তিনি আল্লাহ্‌র রহস্যের ভাণ্ডার ছিলেন।

عزیز الحق بدانی نام ناظم 'আযী-যুল হক্ব বেদা-নী- না-মে না-যেম	خدا یا در سرورش دار دائم খোদা- এয়া- দর্ সুরূরশ্ দা-র্ দা-ইম্

জেনে রেখো এর রচয়িতা হলেন আযীযুল হক।
হে খোদা! তাঁকে সর্বদা সানন্দে রাখুন!

در مدح ملک الشعراء فخر الکملاء عاشق سید الانبیاء محبوب خدا امیر دین و دنیا حضرت امیر خسرو خلیفهٔ اعظم سلطان المشائخ محبوب الٰهی حضرت نظام الدین اولیاء

দর মদহে মালিকুশ্ শু'আরা-, ফখরুল কুমালা-, 'আ-শিক্বে সাইয়েদুল আম্বিয়া-, মাহবূবে খোদা-, আমী-রে দীনও দুনয়া, হযরত আমী-র্ খুসরু- খলীফায়ে আ'যম সুলত্বা-নুল মাশা-ইখ, মাহবূ-বে ইলা-হী- হযরত নেযা-মুদ্দী-ন্ আউলিয়া

শা-'ইরকূলের সম্রাট, কামিল বান্দাদের গৌরব, নবীকূল সরদারের সাচ্চা আশিক্ব, আল্লাহর প্রিয়ভাজন, দ্বীন ও দুনিয়ার আমীর, হযরত সুলত্বানুল মাশা-ইখ মাহবূবে ইলাহী হযরত নিযাম উদ্দীন আউলিয়া রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র খলীফা-ই আ'যম **হযরত আমীর খুসরু** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র প্রশংসায়

yqadri.blogs

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- মারহাবা- সদ মারহাবা-
بہر آں خسرو امیر دین و دنیا مرحبا
বাহ্‌রে আঁ- খুসরূ- আমী-রে দীনও দুনয়াও মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
ওই দ্বীন ও দুনিয়ার আমীর হযরত খুসরূকে স্বাগতম।

بہر آں ملک الشعرآء صد ہزاراں مرحبا
বাহ্‌রে আঁ- মালিকুশ্ শু'আরা- সদ হাযারাঁ- মারহাবা
نام اُو خسرو امیر دین ودنیا مرحبا
না-মে উ- খুসরূ- আমী-রে দীনও দুনয়া মারহাবা-

ওই কবিকুলের বাদশাহ্‌কে শত-সহস্র স্বাগতম।
তাঁর নাম হচ্ছে খুসরূ। তিনি হলেন দ্বীন ও দুনিয়ার আমীর।

عاشق شاہ مدینہ شاعر شیریں مقال
'আ-শিক্বে শাহে মদীনা শা-'ইরে শী-রী- মাক্বা-ল
درجہاں ہرگز نہ بینم مثلِ اُو صاحب کمال
দর জাহাঁ- হারগিয্ নাহ্ বী-নম মিসলে উ- সা-হেবে কামা-ল্

তিনি হলেন শাহে মদীনার (সাচ্চা) আশেক্ব, মিষ্ট তথা সাবলীল বর্ণনাশৈলীসমৃদ্ধ কবি।
তাঁর মত গুণী-জ্ঞানী ব্যক্তি আমি এ দুনিয়ায় কখনো দেখি নি।

مرشد اُو بود محبوب الٰہی بیگماں
মুরশিদে উ- বূ-দ্ মাহবূ-বে ইলা-হী- বে-গুমাঁ-
زیں سبب بودہ دواما سیر اودر لامکاں
যীঁ- সবব বূদাহ্ দাওয়া-মান সায়রে উ দর লা- মকাঁ-

তাঁর মুর্শিদ ছিলেন নিঃসন্দেহে হযরত মাহবূবে ইলাহী,
এ কারণে তাঁর ভ্রমণ সর্বদা লা-মকানেই হয়ে থাকতো।

جان ودل قرباں کنم بر حب آں خسرو مدام
জা-নও দিল ক্বোরবাঁ- কুনম বর হুব্বে আঁ- খুসরূ মদা-ম্
گر نگاہے لطف بر من گاہ کند آں نیک نام
গর নেগা-হে লুত্‌ফে বর মন গা-হ্ কুনদ আঁ- নে-ক্ না-ম্

ওই খুসরূর ভালবাসার উপর হৃদয়-মনকে উৎসর্গ করছি। ওই সুনামের অধিকারী (মহান ওলী) যদি তাঁর কৃপাদৃষ্টি কখনো আমার প্রতি নিক্ষেপ করেন,তাহলে তা আমার অনন্য সৌভাগ্যেরই কারণ হবে!

اندراں دہلی بدانی روضۂ پرنور اُو
আন্দরাঁ- দেহ্‌লী- বদা-নী- রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات اُو
মরদুমাঁ- পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

জেনে রেখো! ওই দিল্লীতে তাঁর আলোকদীপ্ত রওযা শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বক্ষণ ফয়যপ্রাপ্ত হতে থাকে।

تربتش راباغ جنت سازای ربّ جہاں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহাঁ-
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাঁ-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন।
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্বুবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-যে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ-
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাঁ- বে-গুমাঁ-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح شمس الدین فخر العارفین رہبر سالکین مقتدائے عالمین و پیشوائے کاملین صاحب اسرار الٰہیہ مقبول بارگاہ ایزدیہ ہادئ دوراں مشہور زماں حضرت مولانا جلال الدین رومی صاحب مثنوی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে শামসুদ্দী-ন, ফখরুল 'আ-রিফী-ন, রাহবরে সা-লিকী-ন, মুক্বতাদা-য়ে 'আ-লিমী-ন ওয়া পে-শ্ওয়ায়ে- কা-মিলী-ন, সা-হেবে আসরা-রে ইলা-হিয়্যাহ্, মাক্ববূলে বা-রেগা-হে ঈযাদিয়্যাহ্, হা-দিয়ে দাওরা-ঁ, মাশহূ-রে যামা-ঁ, হযরত মাওলা-না- জালা-লুদ্দী-ন্ রু-মী- সা-হেবে মসনভী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল্ বা-রী-

দ্বীনাকাশের সূর্য, আরিফ বান্দাদের গর্ব, ত্বরীক্বতপন্থীদের পথপ্রদর্শক, আলিমকুলের আদর্শ, কামিলবান্দাদের পেশোয়া, আল্লাহর রহস্যের ভাণ্ডার, আল্লাহ্‌র মহান দরবারের মাক্ববূল বান্দা, যুগশ্রেষ্ঠ দিশারী, যুগের প্রসিদ্ধ ওলী, মসনভী শরীফের প্রণেতা **হযরত মাওলানা জালাল উদ্দীন রূমী** (তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر مولٰنا جلال الدین رومی مرحبا
বাহ্‌রে মাওলা-না- জালা-লুদ্দী-ন্ রু-মী- মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
মাওলানা জালালুদ্দীন রূমীকে স্বাগতম।

مثنویش پر شدہ از مغز قرآن بیگماں
মসনভীয়াশ্ পুর শুদাহ্ আয্ মগযে ক্বোরআ-ন্ বে-গুমাঁ-
استخوان انداخت لیکن او بہ پیشِ آں سگاں
ইস্তুখাঁ- আন্দাখ্‌ত লে-কিন উ- ব পে-শে আঁ- সগাঁ-

নিঃসন্দেহে তাঁর 'মসনভী শরীফ' ক্বোরআনের মগজে পরিপূর্ণ হয়েছে। তিনি ক্বোরআনের জ্ঞানরূপী খাদ্য আহার করে হাড্ডি নিক্ষেপ করেছেন; তবে ওইসব কুকুরের সম্মুখে।

مثنوی اش فی الحقیقت شد چراغ سالکاں
মসনভী আশ্ ফিল হাক্বীক্বত শুদ চেরা-গে সা-লেকাঁ-
راہ حق یافتند از وی صد ہزاراں انس و جاں
রা-হে হক্ব ইয়াফতান্দ আয্ ওয়াই সদ হাযা-রাঁ- ইন্সও জাঁ-

তাঁর 'মসনভী শরীফ' বাস্তবিকপক্ষে ত্বরীক্বতপন্থীদের প্রদীপ হয়েছে।
তা থেকে শত-সহস্র-মানব-দানব সত্যপথের সন্ধান পেয়েছে।

مرشد او شمس تبریزست شمس عارفاں	چوں توجہ داد اورا گشت او از کاملاں
মুরশিদে উ- শাম্সে তাবরীযাস্ত শাম্সে 'আ-রিফা-̇	চূ- তাওয়াজ্জুহ দা-দ্ উ- রা- গশ্ত উ- আয্ কা-মিলা-̇

তাঁর পীর-মুর্শিদ হলেন হযরত শাম্স তাবরীয, যিনি আরিফকুলের সূর্য। তিনি যখন
তাঁর প্রতি কৃপাদৃষ্টি নিক্ষেপ করলেন, তখন তিনি কামিলদের অন্যতম হয়ে গেলেন।

اندراں بیت المقدس روضۂ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
আন্দরা-̇ বায়তুল মুক্বাদ্দাস রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমা-̇ পুর ফয়য বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

ওই বায়তুল মুক্বাদ্দাসে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বদা কল্যাণ লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای ربّ جہاں	استجب یا رب طفیل سرور پیغمبراں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-̇	ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-̇

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্বূবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیاء را سیف برّاں بیگماں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-̇	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-̇ বে-গুমা-̇

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح یکے از کبار اولیآء فخر زمان مقتدائے عارفاں مشہور دوراں حضرت شاہ فرید الدین عطّار محبوب کردگار علیہ رحمۃ ربہ الغفار

'দর মদহে ইয়েকে- আয্ কেবা-রে আউলিয়া-, ফখরে যামা-ন, মুক্বতাদা-য়ে 'আ-রেফা-̇, মাশহূ-রে দাওরা-̇, হযরত শাহ্ ফারীদুদ্দী-ন্ 'আত্তা-র্ মাহবূ-বে কির্দগা-র্ 'আলায়হি রহমাতু রব্বিহিল গাফ্ফা-র

শীর্ষস্থানীয় ওলীগণের অন্যতম, যুগের গৌরব, আরিফকুলের পেশোয়া, যুগের প্রসিদ্ধ ব্যক্তিত্ব **হযরত শাহ্ ফরীদ উদ্দীন 'আত্তার মাহবূবে কির্দগার** (তাঁর উপর তাঁর মহাক্ষমাশীল রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	بہر عطّار آں فرید الدین احمد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা	বাহ্রে 'আত্তা-র্ আ-̇ ফরীদুদ্দী-ন আহমদ মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
ওই ফরীদুদ্দীন আহমদ 'আত্তার রহমাতুল্লাহি আলায়হিকে স্বাগতম।

از کبار اولیاء او را بدانی بیگماں আয কেবা-রে আওলিয়া- উ- রা- বেদা-নী বে-গুমা:	پندنامہ کرد تصنیف بہر رشد مسلماں পন্দনা-মাহ্ কর্দ তাসনী-ফ বাহ্‌রে রুশদে মুসলিমা:

তাঁকে শীর্ষস্থানীয় ওলীগণের অন্যতম বলে জানো!
মুসলমানদের হিদায়াতের জন্য তিনি 'পন্দনামা' রচনা করেছেন।

درمیانش ہیچ پندے را فرونگذاشتہ দরমিয়া-নশ হী-চ পন্দে- রা- ফরোনাগুযাশতাহ্	یادگارے بہر او اندر جہاں بگذاشتہ ইয়া-দগা-রে- বাহ্‌রে উ- আন্দর জাহা:- ব গুযা-শতাহ্

এর (পন্দনামা) মধ্যে কোন নসীহতই তিনি না লিখে ছাড়েন নি।
ওই একেকটি (নসীহত)কে তিনি বিশ্বে তাঁর স্মৃতি হিসেবে রেখে গেছেন।

تربتش را باغ جنت سازای ربّ جہاں তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:	استجب یا رب طفیل سرور پیغمبراں ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় কুবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর তু- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	منکران اولیاء را سیف برّاں بیگماں মুনকেরা-নে আওলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح گنج بخش فیض عالم قطب عالم منبع فیض کمال مرجع خواص وعوام حضرت میر علی ہجوری داتا بخش لاہوری علیہ رحمۃ ربہ الباری

দর মদহে গঞ্জ বখ্‌শে ফয়যে 'আ-লম, কুত্‌বে 'আ-লম, মাম্বা'ই ফয়যে কামা-ল, মারজা'ই খাওয়া-স্ ও 'আওয়া-ম, হযরত মী-র্ 'আলী- হাজভিরী দা-তা- গঞ্জে বখ্‌শ লা-হোরী- 'আলায়হি রাহ্‌মাতু রাব্বিহিল বা-রী-

দানের ভাণ্ডার, বিশ্বের কল্যাণ, দুনিয়ার কুত্‌ব, বুযুর্গীর প্রস্রবণের ধারা, বিশিষ্ট ও সাধারণ লোকদের যিয়ারতগাহ্, **হযরত মীর 'আলী হাজভিরী দাতা বখ্‌শ লাহোরী** (তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر میر داتا بخش لاہوری صد مرحبا বাহ্‌রে মী-র দা-তা- বখ্‌শ লা-হোরী- সদ মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
মীর দাতা বখ্‌শ লাহোরী রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিকে স্বাগতম।

منبع فیض و کمال و مخزن سر خدا	فیضیاب و مدح خواں خواجہ معین الدین ما
মাম্বা'ই ফয়যও কামা-লও মাখযানে সিররে খোদা-	ফয়যয়া-বও মাদহ্ খা-ঁ খা-জাহ্ মু'ঈ-নুদ্দী-নে মা-

তিনি কল্যাণের ধারা ও বুযুর্গীর প্রস্রবণ, আল্লাহ্‌র রহস্যভাণ্ডার। আমাদের খাজা হযরত মু'ঈনুদ্দীন চিশ্‌তী রাহমাতুল্লাহি আলায়হি তাঁর নিকট থেকে ফয়যপ্রাপ্ত ও তাঁর প্রশংসাকারী।

از کبار اولیاء او را بدانی بیگماں	صاحب کشف و کرامت صاحب تصنیف داں
আয্ কিবা-রে আউলিয়া- উ-রা- বদা-নী- বে-গুমা-ঁ	সা-হেবে কাশ্‌ফও কারা-মত সা-হেবে তাসনী-ফ দা-ঁ

তাঁকে অন্যতম শীর্ষস্থানীয় ওলী বলে জানো।
তিনি কাশ্‌ফ ও কারামাত'র ধারক এবং জেনে রেখো তিনি অনেক পুস্তকের রচয়িতাও।

اندراں لاہور دانی روضۂ پرنور او	مردماں پرفیض باشند دائما از ذات او
আন্দরা-ঁ লা-হো-র্ দা-নী- রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

তাঁর ওই নূরানী মাযার শরীফ লাহোরে অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বদা কল্যাণ লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای ربّ جہاں	استجب یا رب طفیل سرور پیغمبراں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-ঁ	ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیاء را سیف برّاں بیگماں
না-মে না-যেম গর তু- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বদা-ঁ	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح مستجاب الدعوات صاحب کرامات مخزن فیوضات و کمالات از اولاد نبی سیدنا حضرت موسیٰ کاظم رحمۃ اللہ تعالیٰ علیہ

'দর মদহে মুস্তাজাবুদ্ দা'ওয়া-ত, সা-হেবে কারা-মা-ত, মাখযানে ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত, আয্ আওলা-দে নবী-, সাইয়্যেদুনা- হযরত মূ-সা- কা-যেম রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি

দু'আ ক্ববূল হয় এমন মহান বুযুর্গ, কারামতরাজির ধারক, ফুয়ূয ও কামালাত-এর ভাণ্ডার, নবী-পাকের বংশধর, আমাদের আক্বা হযরত মূসা কাযেম রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা
از برائے موسی کاظم یادگار اولیاء
আয বরা-য়ে- মূ-সা- কা-যেম ইয়া-দগা-রে আউলিয়া-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওলীগণের স্মারক হযরত মূসা কাযেম রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিকে।

اُو ز اولاد نبی آں سرور پیغمبراں
উ- যে আওলা-দে নবী আ: সরওয়ারে পয়গাম্বরা:
مستجاب الدعوت آمد بہر مردم قبر آں
মুস্তজা-বুদ দা'ওয়াত আ-মদ বাহরে মরদুম কুবরে আ:

তিনি হলেন আমাদের আক্বা নবীকুল সরদার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র
বংশধর। তাঁর কবর শরীফ হচ্ছে মানুষের দো'আ ক্বূল হবার উপযুক্ত স্থান।

ابن ادریس شافعی گفتہ بلاشک آں چناں
ইবনে ইদরী-স শা-ফে'ঈ গুফ্তাহ্ বেলা-শক আ:- চুনা:
شرح مشکوٰۃ المصابیح را نظر کن اے جواں
শরহে মিশকা-তুল মাসা-বী-হ্ রা- নযর কুন আয় জাওয়া:

ইমাম ইবনে ইদরীস শাফে'ঈ নিঃসন্দেহে তেমনি বলেছেন।
হে যুবক! 'মিশকাতুল মাসাবীহ'র ব্যাখ্যাগ্রন্থ পর্যালোচনা করো।

درمیان کاظمین ست روضۂ پرنور اُو
দরমিয়া-নে কা-যেমীনাস্ত রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دآئما از ذات اُو
মরদুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

'কাযেমীন' নামক স্থানে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে সর্বদা মানুষ কল্যাণপ্রাপ্ত হয়ে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت ساز ای ربّ جہاں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বদা:
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح سید الطآئفہ محبوب مصطفیٰ مخزن کشف وکرامات منبع فیوضات وکمالات حضرت جنید بغدادی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে সাইয়্যেদুত্ তা-ইফাহ্, মাহবূবে মুস্তফা-, মাখযানে কাশফ ও কারা-মা-ত, মাম্বা'ই ফুয়ূযাত, ও কামা-লা-ত, **হযরত জুনাইদ বাগদাদী** 'আলায়হি রহমাতু রব্বিহিল বা-রী-

ওলীগণের দলপতি, হুযূর মুস্তফার প্রিয়ভাজন, কাশ্‌ফ ও কারামতের ভাণ্ডার, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ হযরত জুনায়্দ বাগদাদী (তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

بہر بغدادی جنیدست صد ہزاراں مرحبا	طائفۂ اولیاء را سیدست او مرحبا
বাহ্‌রে বাগদা-দী- জুনায়্‌দাস্ত সদ হাযা-রা- মারহাবা-	ত্বোয়া-ইফায়ে আউলিয়া- রা- সাইয়্যেদাস্ত উ- মারহাবা-

হযরত জুনায়্দ বাগদাদীকে শত-সহস্র মুবারকবাদ।
আউলিয়া কেরামের দলের তিনি হলেন সরদার, তাঁকে স্বাগতম।

از نبی زادہ کسے را کرد چوں تکریم او	آں بشارت داد اورا مصطفیٰ در خواب او
আয্ নবী যা-দাহ্ কসে- রা- কর্দ চূ- তাকরী-মে উ-	আ- বাশা-রত দা-দ্ উ- রা- মুস্তফা- দর খা-ব্ উ-

কোন এক নবীযাদাকে তিনি যখন সম্মান দিয়েছেন,
তখন হুযূর মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তাঁকে এ সুসংবাদ দিয়েছেন।

زیں ہویدہ شد کہ عزت بہر اولاد نبی	رفع درجات ونجاتے را سبب دال ای اخی
যী- হুয়াইদাহ্ শুদ্ কেহ্ 'ইয্‌যাত বাহ্‌রে আউলা-দে নবী-	রফ'ই দারজা-ত ও নাজা-তে রা সবব দা- আয় আখী-

এ থেকে একথা স্পষ্ট হলো যে, আওলাদে নবীকে সম্মান প্রদর্শন করলে মর্যাদা উন্নত হয়। আর এটাকে নাজাতেরও ওসীলা বলে জানো -হে আমার ভাই!

اندر آں بغداد دانی روضۂ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
আন্দরা- বাগদা-দ্ দা-নী- রওযায়ে পুরন্-রে উ-	মরদুমা- পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

জেনে রেখো ওই বাগদাদেই তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
তাঁর (মহান) সত্তা থেকে সর্বদা মানুষ কল্যাণ পেয়ে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت ساز ای ربّ جہاں	استجب یا رب طفیل سرور پیغمبراں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-	ইস্তাজিব এয়া রব তোফায়্‌ল সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیاء را سیف برّاں بیگماں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বদা-	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোর্‌রা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح شیخ المشائخ محبوب خلائق مقتدائے عارفاں مشہور زماں حضرت شیخ شبلی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে শায়খুল মাশা-ইখ মাহবূ-বে খালা-ইক্ব, মুক্বতাদা-ই 'আ-রিফা-ঁ, মাশহূ-রে যমা-ঁ
হযরত শায়খ শিবলী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-

শায়খুল মাশাইখ, সৃষ্টির প্রিয়, আরিফ বান্দাদের আদর্শ, যুগের প্রসিদ্ধ ব্যক্তিত্ব
হযরত শায়খ শিবলী
(তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

بہر آں شیخ المشائخ صد ہزاراں مرحبا
বাহ্‌রে আ-ঁ শায়খুল মাশাইখ সদ হাযা-রা-ঁ মারহাবা-
اوست شبلی مکرم از حبیب کبریا
উ-স্ত শিবলী-ই মুকাররম আয হাবী-বে কিবরিয়া-

ওই শায়খুল মাশাইখকে শত-সহস্র স্বাগতম, তিনি হলেন সম্মানিত
শিবলী (রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি), মহামহিম আল্লাহ্‌র বন্ধু।☆

جنتی فرمود اورا مصطفیٰ در خواب داں
জান্নাতী ফরমূদ উ- রা- মুস্তফা- দর খা-ব দা-ঁ
در کتاب آں سخاوی ایں ہمہ مذکور داں
দর কিতা-বে আ-ঁ সাখাভী ঈ-ঁ হামাহ্ মাযকূ-র দা-ঁ

স্বপ্নে হুযূর মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম তাঁকে জান্নাতী বলেছেন।
ওই ইমাম সাখাভী'র কিতাবেও এসব কথা লিপিবদ্ধ রয়েছে বলে জেনে রেখো।

مست بودہ در ریاضت درمیان اولیاء
মস্ত বূ-দাহ্ দর রিয়া-যত দরমিয়া-নে আউলিয়া-
تا قیامت نام پاکش در جہاں ماند بقا
তা- ক্বিয়া-মত না-মে পা-কশ দর জাহা-ঁ মা-নদ বক্বা-

তিনি ওলীগণের মধ্যে আধ্যাত্মিক সাধনায় মগ্ন ছিলেন। তিনি ওলীগণের মধ্যে
অন্যতম। ক্বিয়ামত পর্যন্ত তাঁর পবিত্র নাম স্থায়ী হোক।

اندر آں قصبہ معظم روضۂ پرنور او
আন্দর আ-ঁ ক্বসবাহ্ মু'আযযম রওযায়ে পুরনূ-রে উ-
مرد ماں پر فیض باشند دائماً از ذات او
মরদুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো ওই মহিমান্বিত ক্বসবায় তাঁর নূরানী রওযা অবস্থিত।
তাঁর (মহান) সত্তা থেকে সর্বদা মানুষ কল্যাণ পেয়ে হয়ে ধন্য হয়।

تربتش را باغ جنت سازای ربّ جہاں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-ঁ
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্ববূল করুন।

☆ অথবা তিনি ওই শিবলী, যিনি আল্লাহর হাবীব সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর মহান দরবার থেকে সম্মান লাভ করেছেন।

yqadri.blogspot

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর তূ- খা-হী শেরে বাঙ্গালাহ্ বেদা:	منکران اولیاء را سیف برّاں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোর্রা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مخزن پیشینگوئیاں مظہر عجائب بیکراں مشہور زماں صاحب کشف وکرامات منبع فیوضات وکمالات حضرت نعمت اللہ شاہ بخاری ثم الکشمیری از اولاد سیدنا غوث الاعظم عبدالقادر جیلانی قدسؒ

দর মদহে মাখযানে পেশীনগো-ইয়া:, মাযহারে 'আজা-ইবে বে-করা:, মাশহূ-রে যমা: সা-হেবে কাশফ ও কারা-মা-ত মাম্বা'ই ফুয়ূযা-ত ও কামা-লা-ত হযরত নি'মাতুল্লাহ্ শা-হ্ বোখা-রী- সুম্মা আল্-কাশমী-রী- আয আওলা-দে সাইয়্যেদুনা- গাউসুল আ'যম 'আবদুল ক্বা-দের জী-লা-নী- কুদ্দিসা সিররুহূ

ভবিষ্যদ্বাণীসমূহের ভাণ্ডার, অগণিত আশ্চর্যজনক বিষয়ের প্রকাশস্থল, যুগের প্রসিদ্ধ (ব্যক্তিত্ব), কাশফ ও কারামাতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ হযরত সাইয়্যেদুনা গাউসুল আ'যম আবদুল ক্বাদের জীলানী কুদ্দিসা সিররুহূর সন্তান হযরত নি'মাতুল্লাহ্ শাহ্ বুখারী কাশমীরী রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি -এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	از برائے نعمت اللہ شاہ بخاری مرحبا আয বরা-য়ে- নি'মাতুল্লা-হ্ শা-হ্ বোখা-রী- মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
হযরত নি'মাতুল্লাহ্ শাহ্ বোখারীকে স্বাগতম।

از کبارے اولیاء او را بدانی بیگماں আয কেবা-রে- আওলিয়া- উ- রা- বেদা-নী- বে-গুমা:	صاحب کشف وکرامات بود مشہور جہاں সা-হেবে কাশফ ও কারা-মা-ত বূ-দ মাশহূরে জাহা:

তাঁকে নিঃসন্দেহে শীর্ষস্থানীয় ওলী বলে জানো,
তিনি কাশফ ও কারামাতের ধারক ছিলেন। তিনি আরো ছিলেন যুগের প্রসিদ্ধ (ওলী)।

مردماں را اطلاعی داد از اسرار غیب মরদুমা: রা- ইত্তিলা-'ঈ দা-দ আয আসরা-রে গায়ব	از علامات قیامت مظہر مر علم غیب আয 'আলা-মা-তে ক্বিয়া-মত মাযহার মার 'ইলমে গায়ব

মানুষকে তিনি অদৃশ্যের অনেক রহস্য সম্পর্কে সংবাদ দিয়েছেন। ওই রহস্যাদির মধ্যে
ক্বিয়ামতের চিহ্নাদি অন্যতম। তিনি হলেন ইলমে গায়বেরও প্রকাশস্থল।

ہم کتابے کرد تصنیف در قصائد بیگماں
হম কিতা-বে কর্দ তাসনী-ফ দর ক্বাসা-ইদ বে-গুমা-
کرد پیشینگوییاں دروے عجائب بیکراں
কর্দ পেশী-নগো-ইয়া- দরওয়াই 'আজা-ইবে বে-করা-

নিঃসন্দেহে তিনি একটি ক্বসীদারূপী পুস্তকও রচনা করেছেন।
তিনি অনেক ভবিষ্যদ্বাণী করেছেন। তন্মধ্যে অসংখ্য আশ্চর্যজনক বিষয় রয়েছে।

غلبہ اسلام باشد تا چہل در ملک ہند
গালবায়ে ইসলা-ম বা-শদ তা- চেহেল দর মুলকে হিন্দ
قول آں شاہ نعمت اللہ صادق آید بعد چند
ক্বওলে আ- শা-হ্ নি'মাতুল্লা-হ্ সা-দিক্ব আ-য়দ বা'দে চন্দ

হিন্দুস্তানে 'চল্লিশ' পর্যন্ত ইসলামের বিজয় থাকবে।
কিছুকাল পরে শাহ্ নি'মাতুল্লাহ্‌র ওই ভবিষ্যদ্বাণীর বাস্তবতা প্রকাশ পাবে।

تربتش را باغ جنت ساز ای ربّ جہاں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় কুবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তু- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مقتدائے اولیاء رحمت خدا محبوب سلطان الاولیاء مرجع سلاطین زمان مشہور دوران حضرت خواجہ ابوالحسن خرقانی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মুক্বতাদা-য়ে- আউলিয়া-, রহমতে খোদা, মাহবূ-বে সুলতা-নুল আউলিয়া-, মারজা'ই সালাত্বী-নে যমা-ন, মাশহূ-রে দাওরা-ন হযরত খা-জাহ্ আবুল হাসান খারক্বানী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-

ওলীকুলের আদর্শ, আল্লাহ্‌র দয়া, সুলতানুল আউলিয়ার প্রিয়ভাজন, যুগের বাদশাহ্‌গণের প্রত্যাবর্তনস্থল, যুগশ্রেষ্ঠ বুযুর্গ হযরত খাজা আবুল হাসান খারক্বানী (তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے بوالحسن خرقانی پیر ہدیٰ
আয বরা-য়ে- বুল হাসান খারক্বা-নী- পী-রে হুদা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
হিদায়তের পীর হযরত আবুল হাসান খারক্বানীকে স্বাগতম।

مقتدائے اولیاء او را بدانی بیگماں	مرشد او خواجہ سلطان بسطامی بداں
মুক্তাদা-য়ে আওলিয়া- উ- রা- বেদা-নী- বে-গুমা:	মুর্শিদে উ- খা-জাহ্ সুলতা-নে বোসত্বামী- বেদা:

নিঃসন্দেহে তাঁকে ওলীকূলের আদর্শ বলে জানো, আরো জেনে রেখো তাঁর মুর্শিদ
হচ্ছেন হযরত খাজা সুলতান (বা-ইয়াযীদ) বোস্তামী রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি।

از کراماتش عجیبہ بشنو از من اے فتی	داد او را جبہ و دستار خود را ہم عصا
আয্ কারামা-তশ 'আজীবাহ্ বশনূ- আযমন আয় ফাতা-	দা-দ্ উ- রা- জুব্বাহ্ ও দস্তা-রে খো-দ্ রা- হাম্ 'আসা-

তাঁর আশ্চর্যজনক কারামতগুলো থেকে কিছুটা আমার নিকট শোনো, হে যুবক!
তাঁকে নিজ থেকে জুব্বা, পাগড়ী দিয়েছেন এবং লাঠি মুবারকও

پیر او سلطانِ بسطامی امیر اولیاء	از قبر بیروں شدہ در روز روشن مرحبا
পী-রে উ- সুলতা-নে বোসত্বা-মী- আমী-রে আওলিয়া-	আয্ কুবর বে-রো- শুদাহ্ দর রো-যে রওশন মারহাবা-

তাঁর পীর হযরত সুলতান (বা-ইয়াযীদ) বোস্তামী, যিনি হলেন 'আমীর-ই আউলিয়া',
আপন মাযার শরীফ থেকে প্রকাশ্য দিন-দুপুরে বাইরে তাশরীফ এনে।

بعد دوصد سال و ستیں از وصالش بیگماں	ایں کرامت اولیاء را بعد مردن حق بداں
বা'দ দো- সদ সা-ল ওয়া সিত্তী: আয্ ভেসা-লশ্ বে-গুমা:	ঈ- কারা-মাতে আউলিয়া- রা- বা'দ মুরদন হক্ব বেদা:

নিঃসন্দেহে তাঁর ইন্তিকালের দু'শ' ষাট বছর পর এ কারামত প্রকাশ পেয়েছে।
জেনে রেখো ওলীগণের ইন্তিকালের পরও তাঁদের এ কারামতগুলো সত্য।

در رفیق السالکین ست ایں سخن مذکور داں	ایں مسلم نزد عالم جز گروہِ وہابیاں
দর্ রফী-কুস্ সা-লিকী-নাস্ত ঈ- সখুন মাযকূ-র্ দা:	ঈ- মুসাল্লাম নিযদে 'আ-লম জুয্ গোরো-হে ওয়াহবিয়া:

এটা 'রফীকুস্ সালিকীন' কিতাবে বর্ণিত হয়েছে। এ কথা জেনে রেখো!
বিশ্বে সবার নিকট এটা গ্রহণযোগ্য- ওহাবীদের দল ব্যতীত।

اندر آں خرقان دانی روضۂ پرنورِ او	مردماں پرفیض باشند دائما از ذات او
আন্দরা: খারক্বা-ন দা-নী- রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

জেনে রেখো ওই খারক্বান (শহর)-এ তাঁর নূরানী রওযা অবস্থিত।
তাঁর (মহান) সত্তা থেকে সর্বদা মানুষ কল্যাণ পেয়ে হয়ে ধন্য হয়।

تربتش را باغ جنت سازای ربّ جہاں	استجب یا رب طفیل سرور پیغمبراں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয়্ রব্বে জাহা:	ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকূল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বদা-
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তাঁর নাম 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح امام الاولیاء سلطان الاصفیا محبوب خیر الوریٰ مرجع عالم فخر عالم تاج العارفین مقتداء السالکین مشہور زماں ہادئ دوراں صاحب مقامات عالیہ مخزن فیوضات قدسیہ مظہر کرامات عجیبہ حضرت حسن بصری علیہ رحمۃ ربہ الباری

দর মদহে ইমা-মুল আউলিয়া, সুলত্বা-নুল আসফিয়া-, মাহবূ-বে খায়রুল ওয়ারা-, মারজা'ই 'আ-লম, ফখরে 'আ-লম, তা-জুল 'আ-রিফী-ন, মুক্বতাদা-উস্ সা-লিকী-ন, মাশহূ-রে যমা-হা-দিয়ে দাওরা-, সা-হেবে মাক্বা-মা-তে 'আ-লিয়াহ্, মাখযানে ফুয়ূযা-তে কুদসিয়্যাহ্, মাযহারে কারা-মা-তে 'আজী-বাহ্, হযরত হাসান বসরী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-

ওলীগণের ইমাম, সূফীগণের সম্রাট, সৃষ্টিকুলশ্রেষ্ঠ হুযূর সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর প্রিয়ভাজন, বিশ্ববাসীদের প্রত্যাবর্তনস্থল, পৃথিবীর গৌরব, 'আরিফ (ওলী)গণের রাজমুকুট, ত্বরীক্বতপন্থীদের ইমাম ও সরদার, যুগখ্যাত, অদ্বিতীয় পথপ্রদর্শক, উঁচু (মর্যাদার) স্তরসমূহের মালিক, পবিত্রতম ফয়যসমূহের ভাণ্ডার, আশ্চর্যজনক কারামতসমূহের প্রকাশস্থল **হযরত হাসান বসরী** (তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক) -এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے آں حسن بصری امام اولیا
আয বরা-য়ে আ- হাসান বসরী- ইমা-মে আউলিয়া-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই ইমামুল আউলিয়া হযরত হাসান বসরী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে স্বাগতম।

از کبار اولیاء او را بدانی بیگماں
আয কেবা-রে আউলিয়া- উ- রা- বদা-নী- বে-গুমা-
صاحب کشف و کرامت بود مشہور زماں
সা-হেবে কাশফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যমা-

তাঁকে নিঃসন্দেহে শীর্ষস্থানীয় ওলী বলে জানো।
তিনি কাশফ ও কারামতের ধারক, যুগের প্রসিদ্ধ ব্যক্তি ছিলেন।

yqadri.blo

مقتدائے زاہدان و تاج فخر عارفاں
মুক্বাতাদা-য়ে যা-হেদা-ন্ ও তা-জে ফখরে 'আ-রেফা-ঁ
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ কামা-লা-তশ বে-রো- আয্ হদ্দে তাহরীর্ও বয়া-ঁ

তিনি দুনিয়ার প্রতি অনাসক্ত ওই (মহাত্মাদের) আদর্শ, আরিফ বান্দাদের গৌরবমুকুট,
তাঁর কামালাত লিখন ও বর্ণনার বাইরে।

تربتش را باغ جنت سازای ربّ جہاں
তুরবতশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-ঁ
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর ক্ববর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বদা-ঁ
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-ঁ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح تارک الدنیا محبوب فخر الانبیاء عاشق خدا تاج الاولیآء مقتدائے زاہداں فخر عابداں حضرت سلطان دین ودنیا ابراہیم ادہم علیہ رحمۃ خالق العالم

দর মদহে তা-রিকুদ্ দুনয়া-, মাহবূ-বে ফখরুল আম্বিয়া-, 'আ-শিক্বে খোদা-, তা-জুল আউলিয়া-, মুক্বতাদা-য়ে- যা-হেদা-ঁ, ফখরে 'আ-বেদা-ঁ, হযরত সুলত্বা-নে দ্বী-ন্ ও দুনয়া- ইবরা-হী-ম্ আদহাম 'আলায়হি রাহমাতু খা-লিক্বিল 'আ-লম

দুনিয়াত্যাগী, নবীগণের গৌরবের প্রিয়ভাজন, খোদাপ্রেমিক, ওলীগণের রাজমুকুট, দুনিয়ার প্রতি অনাসক্তদের (মহান) আদর্শ, 'আরিফ(ওলী)গণের গৌরবমুকুট, দ্বীন ও দুনিয়ার সম্রাট হযরত ইবরাহীম আদহাম (তাঁর উপর বিশ্বস্রষ্টার রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر آں سلطان ابراہیم ادہم مرحبا
বাহ্রে আ-ঁ সুলত্বা-ন ইবরা-হী-ম্ আদহাম মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই সুলত্বান ইব্রাহীম আদহামকে স্বাগতম।

yqadri.blogs

بعد آں سلطان بسطامی بہ بینم مثل او
বা'দ আ: সুলত্বা-ন বোসত্বা-মী ববী-নাম মিসলে উ-
تارک الدنیا کسے را از سلاطین بعد او
তা-রিক্বুদ দুনয়া কসে- রা- আয সালা-ত্বী-ন বা'দে উ-

তাঁরপর তাঁর মতো দেখতে পাচ্ছি সুলত্বান বা-ইয়াযীদ বোস্তামীকে
তাঁর পরে দুনিয়াত্যাগী হিসেবে -বাদশাহগণের মধ্যে।

گشت او ضرب المثل اندر ریاضت بیگماں
গশতে উ- যরবুল মাসাল আন্দর রিয়া-যত বে-গুমা:
زاں سبب شد نام پاکش ورد بہر عارفاں
যা: সবব শুদ না-মে পা-কশ ভিরদে বাহ্‌রে 'আ-রেফা:

নিঃসন্দেহে তিনি আধ্যাত্মিক সাধনার প্রবাদে পরিণত হয়েছেন। এ কারণে তাঁর পবিত্র নাম হয়েছে 'আরিফ বান্দাদের ওয়াযীফাহ্।

اندر آں بیت المقدس روضۂ پُرنور اُو
আন্দরা আ: বায়তুল মুক্বাদ্দাস রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پُر فیض باشند دائما از ذات اُو
মরদুমা- পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো ওই বায়তুল মুক্বাদ্দাসে তাঁর নূরানী রওযা অবস্থিত।
তাঁর (মহান) সত্তা থেকে সর্বদা মানুষ কল্যাণ পেয়ে হয়ে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت ساز ای ربّ جہاں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব এয়া রব ত্বোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর কবর শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
আমার এ ফরিয়াদ নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র ওসীলায় ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ- খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বদা:
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح چار خلفائے سلطان الہند حضرت خواجہ غریب نواز
معین الدین اجمیری حضرت خواجہ قطب الدین بختیار کاکی
حضرت خواجہ بابا فرید الدین گنج شکر و حضرت خواجہ محبوب الٰہی
نظام الدین اولیاء و حضرت خواجہ مولٰنا علاء الدین صابری رحمہم اللہ تعالٰی

yqadri.blogs

দর মদহে চা-র্ খোলাফা-য়ে- সুলতা-নুল হিন্দ হযরত খা-জাহ্ গরী-ব্ নাওয়া-য্ মু'ঈ-নুদ্দী-ন্ আজমী-রী-, হযরত খা-জাহ্ কুতবুদ্দী-ন্ বখতিয়া-র্ কা-কী-, হযরত খা-জাহ্ বা-বা- ফরী-দুদ্দী-ন্ গঞ্জে শকর, হযরত খা-জাহ্ মাহবূ-বে ইলা-হী- নেযা-মুদ্দী-ন্ আউলিয়া- ও হযরত খা-জাহ্ মাওলা-না- 'আলা- উদ্দী-ন্ সা-বেরী- রাহিমাহুমুল্লা-হু তা'আ-লা-

সুলতানুল হিন্দ খাজা গরীব্ নাওয়ায হযরত মু'ঈনুদ্দীন আজমীরী রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র চার খলীফা- হযরত খাজা কুতবুদ্দীন বখতিয়ার কাকী, হযরত খাজা বাবা ফরীদুদ্দীন গঞ্জে শকর, মাহবূবে ইলাহী হযরত খাজা নেযামুদ্দীন এবং হযরত মাওলানা আলাউদ্দীন সাবেরী (মহান আল্লাহ্ তাঁদেরকে দয়া করুন) -এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بهر قطب الدین خواجه از دوازده اولیا
বাহরে কুতবুদ্দী-ন্ খা-জাহ্ আয্ দোওয়াযদাহ্ আউলিয়া-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
প্রসিদ্ধ বারজন ওলীর মধ্যে অন্যতম হযরত কুতবুদ্দীনকে।

بود او اول خلیفهٔ خواجهٔ هندوستاں
বূ-দ্ উ- আউয়াল খলী-ফাহ্ খা-জা-ই হিন্দুস্তা-ঁ
روضهٔ پرنور او در شهر دهلی بیگماں
রওযা-ই পুরনূ-রে- উ- দর শহরে দিল্লী- বে-গুমা-ঁ

তিনি ছিলেন খাজা-ই হিন্দুস্তানের প্রথম খলীফা।
নিশ্চয় তাঁর নূরানী মাযার শরীফ দিল্লীতে অবস্থিত।

مرشدِ خواجه فرید الدین آں گنج شکر
মুর্শিদে খা-জা ফরীদুদ্দী-ন্ আ-ঁ গঞ্জে শকর
آنکه ذاتش گشت بهر اولیاء لخت جگر
আ-ঁকেহ্ যা-তশ গশ্ত বাহরে আউলিয়া- লখতে জিগর

তিনি হযরত ফরীদুদ্দীন গঞ্জে শকর রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি-এর মুর্শিদও,
যাঁর বরকতময় সত্তা ওলীগণের কলিজার টুকরো হয়েছে।

مخزن کشف و کرامت بود هم قطب زماں
মাখযানে কাশ্‌ফও কারা-মাত বূ-দ্ হাম কুতবে যমা-ঁ
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ কামা-লাতশ বে-রো-ঁ আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া-ঁ

তিনি কাশ্‌ফ ও কারামতের ভাণ্ডার ছিলেন, আরো ছিলেন যুগের কুতুব।
তাঁর কামালাত লিখনী ও বর্ণনার বাইরে।

اندر آں دهلی قدیم است روضهٔ پرنور او
আন্দরা-ঁ দিল্লী- কদী-ম্ আস্ত রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মরদুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

ওই পুরানা দিল্লীতে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
মানুষ সব সময় তাঁর বরকতময় সত্তা থেকে কল্যাণপ্রাপ্ত হচ্ছে।

yqadri.blogs

تربت شاں باغ جنت ساز ای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবতে শা-: বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-:	ইস্তাজিব এয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন।
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	بہر اں گنج شکر بابا فرید الدین ما
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	বাহ্‌রে আ-: গঞ্জে শকর বা-বা- ফরী-দুদ্দী-নে মা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই বাবা ফরীদুদ্দীন গঞ্জেশকরকে স্বাগতম।

بہر سلطان المشائخ بود مرشد بیگماں	شد کراماتش بیروں از حد تحریر و بیان
বাহ্‌রে সুলত্বা-নুল মাশা-ইখ বূ-দ্ মুর্শিদ বে-গুমা-:	শুদ কারা-মা-তশ্ বে-রো-: আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া-:

নিঃসন্দেহে তিনি সুলতানুল মাশাইখের মুর্শিদ ছিলেন।
তাঁর কারামাতসমূহ লিখনী ও বর্ণনার সীমা অতিক্রম করে গেছে।

در شمار پنجتن از خواجۂ ہندوستان	از کبار اولیاء ہم وز گروہ خواجگان
দর্ শুমা-রে পাঞ্জতন আয্ খা-জাহ্-ই হিন্দুস্তা-ন্	আয্ কেবা-রে আউলিয়া- হাম ওয়ায্ গোরো-হে খা-জেগা-ন্

তিনি হুযূর খাজায়ে হিন্দুস্তানের পাঞ্জতন (পাঁচজন প্রসিদ্ধ বুযুর্গ)-এর মধ্যে পরিগণিত।
তিনি শীর্ষস্থানীয় ওলী ও খাজেগানের জামা'আতের অন্তর্ভুক্ত।

اندراں پنجاب پٹن پاک روضۂ پرنور او	مردماں پرفیض باشند دائما از ذات او
আন্দর আ-: পাঞ্জাব পটন পাক রওযায়ে পুরনূর উ-	মরদুমা-: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

পাঞ্জাবের ওই পটন পাকে তাঁর নূরানী মাযার অবস্থিত।
মানুষ সব সময় তাঁর বরকতময় সত্তা থেকে কল্যাণপ্রাপ্ত হচ্ছে।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	ازبرائے آں نظام الدین احمد اولیا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে আ-: নেযা-মুদ্দী-ন্ আহমদ আউলিয়া-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই নেযাম উদ্দীন আহমদ আউলিয়াকে স্বাগতম।

او بمحبوب الٰہی گشت مشہور جہاں	ہم بسلطان المشائخ شد ملقب بیگماں
উ- বমাহবূ-বে ইলা-হী- গশ্‌তে মাশহূ-রে জাহা-:	হাম্ বসুলত্বা-নুল মাশা-ইখ শুদ মুলাক্বক্বাব বে-গুমা-:

তিনি 'মাহবূব-ই ইলাহী' উপাধি সহকারে পৃথিবীতে বিখ্যাত হয়েছেন।
নিশ্চয় তিনি 'সুলতানুল মাশাইখ' উপাধিতেও ভূষিত হয়েছেন।

yqadri.blog

مرشدش گنج شکر بود آں فرید الدین ما
মুর্শিদশ গঞ্জে শকর বূ-দ আ: ফরী-দুদ্দী-নে মা-
گشت محبوب الٰہی زاں سبب در اولیا
গশতে মাহবূ-বে ইলা-হী- যা: সবব দর আউলিয়া-

তাঁর মুর্শিদ ছিলেন আমাদের ওই ফরীদ উদ্দীন গঞ্জেশকর।
এ কারণে তিনি ওলীগণের মধ্যে 'মাহবূবে ইলাহী' হয়েছেন।

شد کراماتش بیروں از حد تحریر و بیاں
শুদ কারা-মা-তশ বে-রো: আয্ হদ্দে তহরী-র্ ও বয়া:
اندرآں دہلی بدانی روضۂ پرنور آں
আন্দর আ: দিল্লী- বেদা-নী- রওযায়ে পুরনূ-রে আ:

তাঁর কারামতসমূহ লিখনী ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।
ওই দিল্লীতে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।

ناظم عاصم بدیدہ روضہ پرنور او
না-যেমে 'আ-সেম বদী-দাহ্ রওযায়ে পুরনূরে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা- পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

দ্বীন ও মাযহাবের রক্ষক রচয়িতা তাঁর নূরানী মাযার শরীফ স্বচক্ষে দেখেছেন।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সবসময় কল্যাণ লাভ করে ধন্য হচ্ছে।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر مولٰنا علاؤ الدین صابر مرحبا
বাহ্‌রে মাওলা-না- 'আলা-উদ্দী-ন্ সা-বের মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
মাওলানা আলাউদ্দীন সাবের রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিকে স্বাগতম।

در شمار پنج تن او را بدانی بیگماں
দরশুমা-রে পাঞ্জতন উ- রা- বেদা-নী- বে-গুমা:
از کبار اولیاء ہم وز گروہ خواجگاں
আয্ কেবা-রে আউলিয়া- হাম্ ওয়ায্ গোরো-হে খা-জেগা:

তাঁকে নিঃসন্দেহে পাঞ্জতন (পাঁচজন প্রসিদ্ধ ওলী)'র একজন বলে জানো।
তিনি শীর্ষস্থানীয় ওলীগণের, অনুরূপ খাজেগানের জামা'আতভুক্ত।

خود نہ خوردے مردماں رامی خوراندے ہمی
খো-দ্ নাহ্ খোরদে- মর্দুমা- রামী- খো রা-নী-দে হামী-
زیں سبب مشہور گشتہ با خطاب صابری
যী: সবব মাশহূ-র্ গশতাহ্ বা- খেত্বা-বে সা-বেরী-

তিনি নিজে না খেয়ে মানুষকে খাওয়াতেন।
এ কারণে তিনি 'সাবেরী' (ধৈর্যশীল) হিসেবে প্রসিদ্ধ হয়েছেন।

اندرآں شہر کلیر ست روضۂ پرنور او
আন্দর আ: শহরে কালিয়ারাস্ত রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা: পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

তাঁর নূরানী মাযার শরীফ ওই কালিয়ার শহরেই অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সবসময় কল্যাণ লাভ করে ধন্য হচ্ছে।

بافریدالدین نظام الدین علاؤالدین ما	پنج تن شد ہم بقطب الدین معین الدین ما
বা- ফরীদুদ্দী-ন নেযা-মুদ্দী-ন 'আলা-উদ্দী-নে মা-	পাঞ্জতন শুদ হাম বকুতবুদ্দী-ন মু'ঈ-নুদ্দী-নে মা-

হযরত ফরীদুদ্দীন, হযরত নেযামুদ্দীন, আমাদের হযরত আলাউদ্দীন এবং হযরত কুতবুদ্দীন আর আমাদের হযরত মু'ঈনুদ্দীন (রাহমাতুল্লাহি তা'আলা আলাইহিম)-এর সমন্বয়ে সর্বমোট পাঞ্জতন (পাঁচজন মহান ওলী)।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیاء را سیف براں بیگماں
না-মে না-যেম গরতূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ	মুনকেরা-নে আউলিয়া- রা- সায়ফে বুররা-ঁ বে-গুমা-ঁ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح حضرت الحاج مولانا امداد اللہ صاحب الفاروقی مہاجر مکی علیہ رحمۃ ربہ الباری مریدش رشید احمد گنگوہی در اوصافش گفتہ قال رشید احمد الگنگوہی فی کتابہ امداد السلوک فی مدح مرشدہ حضرۃ الحاج مولانا امداد اللہ الفاروقی التھانوی المہاجر المکی علیہ رحمۃ ربہ الباری ہذا افتخار المشائخ الاعلام مرکز الخواص والعوام منبع البرکات القدسیۃ مظہر الفیوضات المرضیۃ معدن المعارف الالہیۃ مخزن الحقائق مجمع الدقائق سراج اقرانہ قدوۃ اہل زمانہ سلطان العارفین ملک التارکین غوث الکاملین غیاث الطالبین الذی کلت السنۃ الاقلام من مدائحہ البالغۃ واعجزت التوصیف شمائلہ الکرائم الساطعۃ یغبطہ الاولون من شعارہ ویحسدہ الفاجرون والغافلون من دثارہ مرشدی معتمدی

وسیلۃ یومی وغدی مولائی و معتقی سیدی سندی الشیخ الحاج المشتہر
بامداد اللہ الفاروقی تھانوی سلمہ اللہ تعالی بالارشاد والہدایۃ وازال
بذاتہ المطہرۃ الضلالۃ والغوایۃ انتہی

দর মদহে হযরত আলহাজ্জ মাওলানা ইমদাদুল্লাহ্ সাহেব আল্ ফারুকী মুহাজেরে মক্কী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী- মুরীদশ রশীদ আহমদ গাঙ্গূহী দর্ আওসা-ফশ গোফ্তাহ্ ক্বা-লা- রশী-দ্ আহমদ আল্ গাঙ্গূহী ফী কিতাবিহী ইমদাদুস্ সুলূক ফী মদহে মুরশিদিহী হযরাতিল হাজ্জ মাওলানা ইমদাদুল্লাহ্ আল্ ফারুকী আত্ থানভী আল্ মুহাজিরিল মক্কী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল্ বারী হা-যা- ইফতিখা-রুল মাশা-ইখিল আ'লা-ম্ মারকিযুল খাওয়া-স্সি ওয়াল্ 'আওয়া-ম, মাম্বা'উল বারাকা-তিল কুদসিয়্যাহ্, মাযহারুল ফুয়ূযা-তিল্ মারদ্বিয়্যাহ্, মা'দিনুল মা'আ-রিফিল্ ইলা-হিয়্যাহ্, মাখযানুল হাক্বা-ইক্ব, মাজমা'উদ্ দাক্বা-ইক্ব, সিরা-জু আক্বরা-নিহী-, ক্বুদওয়াতু আহলি যামা-নিহী, সুলতা-নুল 'আ-রিফীন, মালিকুত্ তা-রিকীন, গাউসুল কা-মিলী-ন, গেয়া-সুত্ ত্বা-লিবীন্ আল্লাযী-কাল্লাত্ আল্সিনাতুল আক্বলা-মি মিম্মাদা-ইহিহিলি বা-লিগাহ্ ওয়া আ'জাযাতিত্ তাওসীফা শামা-ইলাহুল্ কারা-ইমাস্ সা-ত্বি'আহ্, ইয়াগবিতুহুল আউয়ালূনা মিন শি'আ-রিহী- ওয়া ইয়াহসুদুহুল ফা-জিরূনা ওয়াল্ গা-ফিলূনা মিন দিসা-রিহী- মুরশিদী- মু'তামাদী- ওয়াসী-লাতু ইয়াউমী- ওয়া গাদী-, মাওলা-ঈ- ওয়া মু'তিক্বী- সাইয়্যিদী- সানাদী- আশ্শায়খ আলহাজ্জ আলমুশতাহার, বিইমদা-দিল্লাহ্ আল্ ফা-রুক্বী থানভী সাল্লামাহুল্লা-হু তা'আ-লা- বিল্ ইরশা-দি ওয়াল্ হিদা-য়াহ্ ওয়া আযা-লা বি যা-তিহিল্ মুত্বহিরাতিদ্ দ্বোলা-লাতা ওয়াল্ গাওয়া-য়াতা -ইন্তিহা-।

হযরত আলহাজ্জ মাওলানা ইমদাদুল্লাহ্ সাহেব আল্-ফারুকী মুহাজিরে মক্কী আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী, তার মুরীদ রশীদ আহমদ গাঙ্গূহী, তার প্রশংসায় বলেছেন, ''রশীদ আহমদ গাঙ্গূহী তাঁর কিতাব 'ইমদাদুস্ সুলূক'-এ তাঁর মুর্শিদ হযরতুল হাজ্জ মাওলানা ইমদাদুল্লাহ্ ফারুকী থানভী মুহাজিরে মক্কী আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী সম্পর্কে বলেছেন, ''তিনি হলেন প্রসিদ্ধ মাশাইখকুলের গর্ব, আম-খাস সকল শ্রেণীর মানুষের কেন্দ্রস্থল, পবিত্র বরকতগুলোর প্রস্রবণ, পছন্দনীয় কল্যাণাদির প্রকাশস্থল, আল্লাহর জ্ঞান-বিজ্ঞানের খনি, হাক্বীক্বতগুলোর ভাণ্ডার, সূক্ষ্মবিষয়াদির মিলনকেন্দ্র, তাঁর যুগের সূর্য, তাঁর সমসাময়িক কালের আদর্শ, সুলতানুল আরেফীন, শ্রেষ্ঠতর দুনিয়াত্যাগী, খোদা-পরিচিতিসম্পন্নদের সুলতান, সংসারত্যাগীদের বাদশাহ্, কামিলদের জন্য গাউস, ওই সত্যসন্ধানীদের সাহায্যকারী, যাঁর পূর্ণাঙ্গ প্রশংসা করতে কলমগুলো পরিশ্রান্ত হয়ে পড়েছে, যাঁর উজ্জ্বল চারিত্রিক সৌন্দর্যাবলী বর্ণনা করতে (কলমসমূহ) অপারগ, তাঁর বৈশিষ্ট্যাবলীর কারণে পূর্ববর্তীগণ ঈর্ষা করেন, পাপিষ্ট ও উদাসীনগণ তাঁর চাদর দেখে হিংসার আগুনে জ্বলে উঠে, আমার মুর্শিদ, আমার ভরসা, আমার বর্তমান ও ভবিষ্যতের ওসীলাহ্, আমার মুনিব ও আমাকে মুক্তকারী, আমার সরদার, আমার সনদ, আমার শায়খ, যিনি আলহাজ্জ 'ইমদাদুল্লাহ্ ফারুকী থানভী নামে প্রসিদ্ধ, আল্লাহ্ তা'আলা তাঁর উপর শান্তি বর্ষণ করুন -তাঁর পথপ্রদর্শন ও হিদায়তের বিনিময়ে তাঁর প্রসিদ্ধ সত্তা দ্বারা পথভ্রষ্টতা দূরীভূত করুন''-এর **প্রশংসায়**

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر امداد اللہ حاجی آں حبیب مصطفےٰ
বাহ্রে ইমদা-দুল্লা-হ্ হা-জী- আ: হাবী-বে মুস্তফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
হুযূর মুস্তফার বন্ধু ওই হাজী ইমদাদুল্লাহকে স্বাগতম।

دافع کفر و ضلالت بود آں پیر مغاں
দা-ফি'ই কুফর ও দ্বোয়ালা-লাত বূ-দ আ: পীরে মগা:
مرشد قاسم رشید واشرفعلی بیگماں
মুর্শিদে ক্বা-সেম, রশীদ ও আশরাফ আলী বে-গুমা:

ওই পীরে কামিল কুফর ও পথভ্রষ্টতাকে দূরীভূত করেছেন। তিনি ক্বাসেম নানূতবী,
রশীদ আহমদ গাঙ্গূহী ও আশরাফ আলী থানভীর পীর-মুর্শিদ ছিলেন;

گر نبودے ذات پاکش اندر آں ہندوستاں
গর নবূ-দে যা-তে পা-কশ আন্দর আ: হিন্দুস্তা:
اہلسنت را بقا ہرگز نبودے اندر آں
আহ্লে সুন্নাত রা বক্বা হারগিয নবূ-দে- আন্দর আ:

ওই ভারতে যদি তাঁর পবিত্র সত্তা না হতো,
তবে ওখানে আহ্লে সুন্নাতের মোটেই অস্তিত্ব থাকতো না;

جملہ اہلش وہبیاں نجدی شدندے بیگماں
জুমলাহ্ আহ্লশ ওয়াহ্বিয়াঁ নজদী শুদন্দে- বে-গুমা:
رکن اعظم بود بہر اہلسنت بیگماں
রুকনে আ'যম বূ-দ বাহ্রে আহ্লে সুন্নাত বে-গুমা:

সমগ্র ভারতবাসী ওহাবী-নজদীর মতবাদে বিশ্বাসী হয়ে পড়তো।
তিনি আহ্লে সুন্নাতের মহাস্তম্ভ ছিলেন! তাতে সন্দেহের অবকাশ নেই।

اندر آں مکہ مہاجر گشت آں شیخ زماں
আন্দর আ: মক্কা মুহাজির গশ্তে আ: শায়খে যমা:
بد مفسر در حرم از حکم شاہ مرسلاں
বুদ মুফাসসির দর হারাম আয হুকমে শাহে মুরসালা:

ওই যুগশ্রেষ্ঠ শায়খ মক্কায় হিজরত করে চলে যান।
রসূলকুল সর্দারের নির্দেশে তিনি হারাম শরীফে তাফসীর পড়াতেন।

صاحب کشف و کرامت صاحب تصنیف داں
সা-হেবে কাশফ ও কারা-মাত সাহেবে তাসনীফে দা:
تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:

তাঁকে কাশফ ও কারামতের ধারক ও পুস্তক-রচয়িতা বলে জানো!
হে বিশ্বের মহান রব! তাঁর মাযার শরীফকে বেহেশ্তের বাগানে পরিণত করুন!

اندر آں مکہ بدانی مرقد پرنور او
আন্দর আ: মক্কাহ্ বেদা-নী- মারক্বাদে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা: পুরফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

ওই পবিত্র মক্কায় তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বদা কল্যাণ লাভ করে ধন্য হচ্ছে।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ
منکران اولیاء را سیف بزاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া-রা- সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح سند المحدثین فخر المفسرین سراج السالکین قدوۃ العارفین عاشق شاہ مدینہ صاحب تصانیف کثیرہ صاحب مقامات عالیہ محبوب خیر البریہ مرجع اہل زماں محسود اقراں فائق دوراں ہادی زماں مقتدائے عالماں پیشوائے عارفاں حضرت الحاج مولنا شیخ شاہ محدث عبد الحق ابن سیف الدین البخاری ثم الدہلوی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে সানাদুল মুহাদ্দিসী-ন ফখরুল মুফাস্‌সিরী-ন সিরা-জুস্ সা-লিকী-ন কুদ্‌ওয়াতুল 'আ-রিফী-ন 'আ-শিক্বে শা-হে মদী-নাহ্, সা-হেবে তাসা-নী-ফে কাসীরাহ্, সা-হেবে মাক্বা-মা-তে 'আ-লিয়্যাহ্, মাহবূ-বে খায়রুল বারিয়্যাহ্, মারজা'ই আহ্‌লে যামা-ঁ, মাহসূ-দে আক্বরা-ঁ, ফা-ইক্বে দাওরা-ঁ, হা-দিয়ে যামা-ঁ, মুক্বতাদা-য়ে 'আ-লিমা-ঁ, পে-শ্‌ওয়া-য়ে 'আ-রিফা-ঁ, হাযরাতুল হাজ্জ মাওলা-না- শায়খ শাহ্ মুহাদ্দিস 'আবদুল হক্ব ইবনে সায়ফুদ্দী-ন আল্ বোখা-রী- সুম্মা আদদেহ্‌লভী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল্ বা-রী-

মুহাদ্দিসদের সনদ, মুফাস্সিরদের গৌরব, ত্বরীক্বতপন্থীদের প্রদীপ, আরিফ বান্দাদের আদর্শ, শাহানশাহে মদীনার আশিক্ব, বহুগ্রন্থের প্রণেতা, বহু উঁচু মর্যাদায় আসীন, সৃষ্টিকুলশ্রেষ্ঠের প্রিয়পাত্র, যুগের মানুষের মিলনকেন্দ্র, সমসাময়িকদের ঈর্ষণীয় সত্তা, যুগের লোকদের অগ্রণী (ব্যক্তিত্ব), আলিমকুলের ইমাম হযরত আলহাজ্ব মাওলানা শায়খ শাহ্ মুহাদ্দিস **আবদুল হক্ব ইবনে সায়ফুদ্দীন আল্ বোখারী** অতঃপর আদ্ দেহলভী (তাঁর উপর তাঁর মহান রবের করুণা বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر عبد الحق محدث دہلوی صد مرحبا
বাহরে 'আবদুল হক্ব মুহাদ্দিসে দেহ্‌লভী সদ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
হযরত আবদুল হক্ব মুহাদ্দিসে দেহলভীকে শত স্বাগতম।

بود او اوّل محدث اندراں ہندوستاں
বূ-দ উ- আউয়াল মুহাদ্দিস আন্দর আ-ঁ হিন্দুস্তা-ঁ
حسب فرمان محمد سرور پیغمبراں
হাসবে ফরমা-নে মুহাম্মদ সারওয়ারে পয়গাম্বরা-ঁ

ওই ভারতে তিনি সর্বপ্রথম মুহাদ্দিস ছিলেন- পয়গাম্বরকুল সরদার হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম'র পবিত্র নির্দেশ অনুসারে।

عاشق شاه مدینه بود آں فخر زماں
'আ-শিক্বে শা-হে মদী-নাহ্ বূ-দ্ আ: ফখরে যামা:
صاحب تصنیف وتالیفات دانی بیگماں
সা-হেবে তাসনী-ফ্ ও তা-লী-ফা-ত্ দা-নী- বে-গুমা:

তিনি হুযূর শাহে মদীনার আশিক্ব ছিলেন, আরো ছিলেন যুগের গৌরব।
তাঁকে বহু গ্রন্থ-পুস্তকের রচয়িতা ও প্রণেতা বলে জানবে।

منبع فیض وکمالات بود آں شیخ زماں
মাম্বা'ই ফায়য্ ও কামা-লা-ত্ বূ-দ্ আ: শায়খে যামা:
شد کراماتش بیروں از حد تحریر وبیاں
শুদ কারা-মা-তশ বে-রো: আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া:

ওই যুগশ্রেষ্ঠ শায়খ ফয়য ও কামালাতের প্রস্রবণ ছিলেন।
তাঁর কারামাতগুলো লেখনী ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

اندرآں دہلی بدانی روضۂ پرنور او
আন্দর আ: দেহ্লী বেদা-নী- রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মরদুমা: পুর ফায়য্ বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

ওই দিল্লীতে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত -এ কথা জেনে রেখো!
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বদা কল্যাণ লাভ করে ধন্য হচ্ছে।

نام ناظم گرتو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম্ গরতূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া-রা- সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح ملک العلماء، فخر الکملاء، سند المحدثین، سید المفسرین، زبدۃ العارفین، فائق دوراں، محسود اقراں، محبوب خیر البریہ، صاحب مقامات عالیہ، مظہر انوار الٰہیہ، مصدر فیوضات قدسیہ، منبع کمالات عجیبہ حضرۃ الحاج محدث مولنا شاہ عبد العزیز محدث دہلوی علیہ رحمۃ ربہ الباری

নিঃসন্দেহে জেনে রেখো তাঁর বাসস্থান হচ্ছে চুনতিতে।
হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন।

رکن اعظم بود بہر اہلسنت بیگماں রুকনে আ'যম বূ-দ বাহরে আহলে সুন্নাত বে-গুমা-	زہر قاتل بود لیکن از برائے وہیاں যহরে ক্বা-তিল বূ-দ লে-কিন আয বরা-য়ে ওয়াহ্হাবিয়া-

তিনি নিঃসন্দেহে আহলে সুন্নাতের জন্য বড় স্তম্ভ ছিলেন।
তদুপরি প্রাণনাশক বিষতুল্য, তবে তা ওহাবীদের জন্য।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-	منکران اولیاء را سیف برّاں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح فخر العلماء، صدر الفضلاء، ماہر شریعت، صاحب طریقت، ہادئ دوراں، مشہور زماں حضرۃ مولانا ابوالخیر باشندۂ سداہا چاٹگام شریف

দর মদহে ফখরুল ওলামা-, সদরুল ফুদ্বালা-, মা-হেরে শারী'আত, সা-হেবে ত্বরী-ক্বত, হা-দিয়ে দাওরা-, মাশহূ-রে যমা-, হযরত মাওলা-না- আবুল খায়র বা-শিন্দায়ে সদাহা- চা-টগা-ম শরী-ফ

'আলিমদের গৌরব, গুণীজনদের প্রধান, শরীয়তের দক্ষ ব্যক্তি, ত্বরীক্বতের ধারক, যুগের পথপ্রদর্শক, প্রসিদ্ধ বুযুর্গ হযরত মাওলানা আবুল খায়র চট্টগ্রাম শরীফের সদাহার অধিবাসী'র প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر مولانا ابو الخیر صدر علماء مرحبا বাহরে মাওলা-না- আবুল খায়র সদরে 'ওলামা- মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
আলিমকুল শিরমণি মাওলানা আবুল খায়রকে (স্বাগতম)।

اندر آں ساتکانیہ او از کبار عالماں আন্দর আ- সা-তকা-নিয়া উ আয কেবা-রে 'আ-লেমা-	ماہر علم شریعت صاحب عرفاں داں মা-হেরে 'ইলমে শারী-'আত সা-হেবে 'ইরফা-ন দা-

ওই সাতকানিয়ায় তিনি অন্যতম শীর্ষস্থানীয় আলিম।
তিনি ইলমে শরীয়তে দক্ষ ও খোদা পরিচিত সম্পন্ন বুযুর্গ ব্যক্তি।

اندر آں سدہا بدانی روضۂ پرنور او	مردماں پرفیض باشند دائما از ذات او
আন্দর আ: সদাহা- বেদা-নী- রওযায়ে পুরনূ-রে উ-	মর্দুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো, ওই সদাহাতেই তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অগণিত মানুষ সব সময় তাঁর বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

رکن اعظم بود بہر اہلسنت بیگماں	زہر قاتل بود لیکن از برائے وہبیاں
রুকনে আ'যম বূ-দ বাহরে আহলে সুন্নাত বে-গুমা:	যহরে ক্বা-তিল বূ-দ লে-কিন আয বরা-য়ে ওয়াহ্‌বিয়া:

তিনি নিঃসন্দেহে আহলে সুন্নাতের জন্য বড় স্তম্ভ ছিলেন।
তদুপরি প্রাণনাশক বিষতুল্যও, তবে তা ওহাবীদের জন্যই।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران سنیاں را سیف برّاں بیگماں
না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্‌ বেদা:	মুনকেরা-নে সুন্নিয়া: রা সায়ফে বোররা: বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، جامع معقولات ومنقولات، حاوی اصول وفروعات، صاحب مقامات حضرت مولنا غلام قادر چودھری باشندۂ رسولہ باد ساتکانیہ چاٹگام شریف

দরমদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা:, মুক্বতাদা-য়ে- ফা-যেলা:, জা-মি'এ মা'ক্বূ-লা-ত ও মানক্বূ-লা-ত, হা-ভিয়ে উসূ-ল ও ফুরূ-'আ-ত, সা-হেবে মাক্বা-মা-ত, হযরত মাওলা-না- গোলা-ম ক্বা-দির চৌধুরী- বা-শিন্দায়ে রসূ-লাবাদ সা-তকা-নিয়া চা-টগা-ম শরী-ফ।

'আলিমকুল শিরমণি, গুণীজনদের আদর্শ, যুক্তি ও পুঁথিগত জ্ঞানের ধারক, ইসলামের মূলনীতি ও এর শাখা-প্রশাখাসমূহের অগাধ জ্ঞানের অধিকারী, উঁচুমর্যাদাদিতে আসীন হযরত মাওলানা গোলাম ক্বাদের চৌধুরী চট্টগ্রাম শরীফের সাতকানিয়ার রসূলাবাদের বাসিন্দার প্রশংসায়-

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر مولانا غلام قادر ولی صد مرحبا
বাহ্‌রে মাওলা-না- গোলা-মে ক্বা-দের ওলী- সদ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
(আল্লাহর) ওলী হযরত মাওলানা গোলাম ক্বাদেরকে স্বাগতম।

جامع معقول ومنقول بود آں رشک زماں
জা-মি'এ মা'ক্বূ-ল ও মানক্বূ-ল বূ-দ আ-ঁ রাশ্‌কে যমা:
من نہ دیدم مثل او صاحب کمال اندر جہاں
মান্ নাহ্ দী-দাম মিস্‌লে ঊ- সা-হেবে কামা-ল আন্দর জাহা:

তিনি যুক্তি-দর্শন ও পুঁথিগত জ্ঞানের ধারক ও যুগের ঈর্ষা ছিলেন।
তাঁর মতো কামিল ব্যক্তি আমি এ জগতে দেখি নি।

از برائے اہلسنت مدرسہ کردہ بنا
আয্ বরা-য়ে- আহ্‌লে সুন্নাত মাদরাসাহ্ কর্দাহ্ বেনা-
در رسولہ باد دائم دار آں را اے خدا
দর রসূ-লাবা-দ্ দা-ইম দা-র্ আ-ঁ রা- আয় খোদা-

তিনি আহ্‌লে সুন্নাতের জন্য রসূলাবাদে মাদরাসা প্রতিষ্ঠা করেছেন।
হে আল্লাহ্! সেটাকে স্থায়ীভাবে কায়েম রাখুন।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূবূল করুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران سنیاں را سیف براں بیگماں
মুন[illegible]নে সুন্নিয়া: রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، صاحب کشف وکرامات صاحب مقامات، استاذ العلماء، فخر الفضلاء، حضرت مولنا عبد الحکیم باشندۂ ملیرکول، ساتکانیہ، چاٹگام شریف رحمۃ اللہ تعالے علیہ

দর মদহে পে-শওয়া-য়ে 'আ-লেমা-ঁ, মুক্বতাদা-য়ে- ফা-যেলা-ঁ, সা-হেবে কাশ্‌ফ ও কারা-মা-ত, সা-হেবে মাক্বা-মা-ত, উস্তা-যুল ওলামা-, ফখরুল ফুদ্বালা-, হযরত মাওলা-না- 'আবদুল হাকী-ম বা-শিন্দা-য়ে মালিয়ারকূল সা-তকা-নিয়া চা-টগা-ম শরী-ফ রাহমাতুল্লা-হি তা'আ-লা- আলায়হি।

yqadri.blogspot

আলিমদের শিরমণি, গুণীজনদের আদর্শ, কাশ্‌ফ ও কারামাতের ধারক, উঁচু মর্যাদাসমূহে আসীন, অগণিত আলিমদের ওস্তাদ, গুণীজনদের গর্ব **হযরত মাওলানা আবদুল হাকীম** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হির প্রশংসায়। (তিনি) চট্টগ্রাম শরীফের সাতকানিয়ার মালিয়ারকূলের বাসিন্দা।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	بہر آں عبد الحکیم شیخ علماء مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	বাহ্‌রে আ: 'আবদুল হাকী-ম্ শায়খে ওলামা- মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
শায়খুল ওলামা ওই হযরত আবদুল হাকীমকে স্বাগতম।

بود او استاذ علماء اندر آں ساتکانیہ	از علومش گشت روشن آں ہمہ ساتکانیہ
বূ-দ্ উ- উস্তা-যে ওলামা- আন্দরা: সা-তকা-নিয়া	আয্ উলূ-মাশ গাশ্‌ত রওশন আ: হামাহ্ সা-তকা-নিয়া

তিনি ছিলেন সাতকানিয়ায় আলিমদের ওস্তাদ।
পুরো সাতকানিয়াই তাঁর জ্ঞানে আলোকিত হয়ে গেছে।

پیشوائے عالماں و مقتدائے فاضلاں	صد ہزاراں عالماں شاگرداں شیخ زماں
পে-শওয়া-য়ে 'আ-লেমা: ও মুক্তাদা-য়ে ফা-যেলা:	সদ হাযা-রা: 'আ-লেমা: শা-গিরদে আ: শায়খে যামা:

তিনি হলেন আলিমকূল শিরমণি, গুণীদের আদর্শ,
ওই শায়খে যমানের ছাত্র হলেন শত-সহস্র আলিম।

صاحب کشف و کرامت صاحب عرفاں داں	بہر مردم بود او کبریت احمر بیگماں
সা-হেবে কাশ্‌ফ ও কারা-মাত সা-হেবে 'ইরফা- দা:	বাহ্‌রে মর্দুম বূ-দ উ- কিবরিয়াতে আহমার বে-গুমা:

জেনে রেখো, তিনি ছিলেন কাশ্‌ফ ও কারামতের ধারক ও খোদাপরিচিতি সম্পন্ন।
তিনি ছিলেন নিঃসন্দেহে মানুষের জন্য (বিরল) লালগন্ধকতুল্য।

در ملیاکل بدانی روضۂ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
দর মালিয়াকূল বেদা-নী- রওযায়ে পুরনূ-রে উ-	মর্দুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

ওই মালিয়ারকূলে তাঁর আলোকপূর্ণ মাযার শরীফ অবস্থিত।
সবসময় তাঁর বরকতময় সত্তা থেকে অগণিত মানুষ ফয়য ও বরকত লাভে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ কবূল করুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ

منکران سنیاں را سیف برّاں بیگماں
মুনকেরা-নে সুন্নিয়া-ঁ রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

تهنیت نامہ برقدوم میمنت لزوم معلّی القاب سعادت مآب حضرة الحاج مولٰنا سید حسنی بافقیہ ابن حضرة الحاج مولٰنا سید حمزہ المدنی از اولاد نبی ﷺ نور دیدہ مصطفوی ﷺ علیہ رحمۃ ربہ الباری از دیار یکہ مہاجر و مرقد انور و مبعث حبیب اللہ ﷺ است علیہ من الصلوات و من التحیات اکملہا الی قیام الساعۃ بدیار مشرقی پاکستان اسلام آباد چاٹگام شریف کہ مقام دوازدہ اولیاء است رضوان اللہ تعالی علیہم

তাহ্নিয়াত নামা বরক্বদূমে মায়মানাত লুযূ-মে মু'আল্লা- আলক্বা-ব, সা'আ-দা-ত মাআ-ব, হযরতুল হা-জ্জ মাওলা-না- সাইয়্যেদ হাসানী বা ফক্বী-হ ইবনে হযরতুল হা-জ্জ মাওলা-না- সাইয়্যেদ হামযাহ্ আল্ মাদানী- আয্ আওলা-দে নবী- সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া আ-লিহী- ওয়াসাল্লাম নূ-রে দী-দাহ্ মুস্তফাভী সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া আ-লিহী- ওয়াসাল্লাম 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী- আয্ দিয়া-রে কেহ্ মুহা-জির ওয়া মারক্বাদে আনওয়ার ওয়া মাব'আসে হাবী-বুল্লা-হ্ সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া আ-লিহী- ওয়াসাল্লাম অস্ত 'আলায়হি মিনাস সালাওয়া-তি ওয়া মিনাত্ তাহিয়্যা-তি আকমালুহা- ইলা- ক্বিয়া-মিস্ সা-'আহ্ বদিয়া-রে মাশরিক্বী- পাকিস্তা-ন, ইসলামাবাদ, চা-টগা-ম্ শরী-ফ্ কেহ্ মাক্বা-মে দোয়া-যদাহ্ আউলিয়া- অস্ত রিদ্বওয়া-নুল্লা-হি তা'আ-লা- 'আলায়হিম।

সশরীর বরকতপূর্ণ, উঁচুতম উপাধিতে ভূষিত, সৌভাগ্যের আশ্রয়স্থল, হযরত আলহাজ্ব মাওলানা সাইয়্যেদ হাসানী তদসঙ্গে হুযূর মুস্তফা সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম-এর বংশধর ও নয়নমণি ফক্বীহ্ হযরত আলহাজ্জ মাওলানা সাইয়্যেদ হাম্যাহ্ আল-মাদানী তনয় (তাঁর উপর মহান স্রষ্টা ও রবের রহমতরাজি বর্ষিত হোক)-এর, আল্লাহ্র হাবীব সাল্লাল্লাহু আলায়হি ওয়া আলিহী ওয়াসাল্লাম-এর হিজরত ও আরামগাহ্ এবং প্রেরিত হওয়ার স্থান থেকে বার আউলিয়ার পুণ্যভূমি পূর্ব পাকিস্তান (বাংলাদেশ) এর ইসলামাবাদ (তথা) চট্টগ্রাম শরীফে শুভাগমন উপলক্ষে অভিনন্দনপত্র।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	برقدوم سید حسنی ز اہل مصطفیٰ ﷺ
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	বর কুদূ-মে সাইয়্যেদ হাসানী যে আহলে মুস্তফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
অন্যতম আওলাদে রসূল হযরত সাইয়্যেদ হাসানীর শুভাগমন উপলক্ষে (স্বাগতম)।

والد او سید حمزہ زاولاد نبی ﷺ	اے خدا جنت بدہ او را بہ ہمراہ نبی ﷺ
ওয়ালিদে উ- সাইয়্যেদ হামযাহ্ যে আওলা-দে নবী-	আয় খোদা- জান্নাত বেদেহ্ উ- রা- ব হামরা-হে নবী-

(তাঁর) ওই পিতা সাইয়্যেদ হামযাহ্ ছিলেন নবী-ই আকরাম-এর অন্যতম বংশধর,
হে খোদা! তাঁকে নবী পাক সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর সাথেই জান্নাত দিন!

احترام و حرمتش لازم برائے مومناں	از دیار مصطفیٰ ﷺ آمد مدینہ نام آں
ইহতিরা-ম ও হুরমতশ লা-যেম বরা-য়ে- মু'মেনা-	আয দিয়া-রে মুস্তফা- আ-মদ মদী-নাহ্ না-মে আ-

তাঁর প্রতি সম্মান দেখানো ও সমাদর করা মু'মিনদের উপর জরুরী।
তিনি নবী মুস্তফার শহর থেকে এসেছেন। সেটার নাম হচ্ছে মদীনা মুনাওয়্যারহ্।

اہل بیتش کشتی نوح از برائے امتاں	وقت طوفان حشر باعث نجات شاں بداں
আহলে বায়তশ কিশতিয়ে নূ-হ্ আয বরা-য়ে- উম্মতা-	ওয়াক্তে তূ-ফা-নে হাশর বা-'ইসে নাজা-ত শা- বেদা-

হুযূর পাকের আহলে বায়ত হলেন উম্মতের জন্য নূহ্ আলায়হিস্ সালাম-এর জাহাজস্বরূপ,
হাশরের ওই তূফানরূপী সঙ্কটময় মুহূর্তে তাঁদেরকে নাজাতের ওসীলা বলে জানবে।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	از طفیلش دار محفوظش خدا از دشمناں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-	আয তোফায়লশ দা-র মাহফূ-যাশ খোদা- আয দুশমনা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
হে খোদা! তাঁর ওসীলায় তাকে (শেরে বাংলা) দুশমনদের থেকে সুরক্ষিত রাখুন।

درمدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، سراج السالکین، قدوۃ العارفین، فخر زماں، مشہور دوراں، صاحب جاہ وجلالت، معدن کرامات، منبع فیوضات، مصدر کمالات حضرت ابوالحسن منصف عدالت بلدۂ چاٹگام شریف، باشندۂ چاندگاؤں از مضافات اسلام آباد شہر سبز چاٹگام شریف رحمۃ اللہ تعالیٰ علیہ

দরমদহে পে-শ্ওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্তাদা-য়ে- ফা-যেলা-ঁ, সিরা-জুস সা-লিকী-ন, হুদওয়াতুল 'আ-রিফী-ন, ফখরে যামা-ঁ, মাশহূ-রে দাওরা-ঁ, সা-হেবে জা-হ্ ও জালা-লাত, মা'দিনে কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত, মাসদারে কামা-লা-ত **হযরত আবুল হাসান** মুনসেফে 'আদা-লাতে বলদায়ে চা-টগা-ম শরী-ফ, বা-শিন্দায়ে চান্দগাঁও আয মুযা-ফা-তে ইসলামাবাদ শহরে সবয চা-টগা-ম শরী-ফ রাহমাতুল্লা-হি তা'আ-লা- 'আলায়হি

আলিমকুল শিরমণি, গুণীজনদের আদর্শ, তরীক্বতপন্থীদের প্রদীপ, আরিফবান্দাদের অগ্রণী, যুগের গৌরব, যুগখ্যাত, বংশগৌরব ও মহত্বের অধিকারী, কারামতের খনি, ফুয়ূয-বরকতের প্রস্রবণ, কামালাতের উৎস **হযরত আবুল হাসান** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি চট্টগ্রাম শহরের আদালতের মুনসেফ, (তিনি) ইসলামাবাদের উপকণ্ঠ সবুজ নগরী চট্টগ্রাম শরীফের চান্দগাঁওয়ের অধিবাসী।

بہر مولانا بدانی صد ہزاراں مرحبا
বাহ্‌রে মাওলা-না- বেদা-নী- সদ হাযা-রা-ঁ মারহাবা-
نام پاک او بدانی بو الحسن مرد خدا
না-মে পাকে উ- বেদানী- বুল হাসান মর্দে খোদা-

ওই মাওলানাকে শত-সহস্র স্বাগতম জানাচ্ছি।
জেনে রেখো ওই মর্দে খোদার পবিত্র নাম 'আবুল হাসান'।

بود او منصف عدالت را دریں بلدہ بداں
বূ-দ উ- মুনসেফ 'আদা-লাত রা- দরী-ঁ বলদাহ্ বেদা-ঁ
صاحب عز و جلالت بود ہم فخر زماں
সা-হেবে 'ইযয ও জালা-লাত বূ-দ হাম ফখরে যামা-ঁ

জেনে রেখো! তিনি এ শহরের আদালতের মুন্সেফ ছিলেন।
তিনি ছিলেন সম্মান ও মহত্বের অধিকারী ও যুগের গৌরব।

پیشوائے عالماں و مقتدائے عارفاں
পে-শ্ওয়া-য়ে- 'আ-লেমা-ঁ ও মুক্তাদা-য়ে 'আ-রেফা-ঁ
صاحب کشف و کرامت بود مشہور زماں
সা-হেবে কাশফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা-ঁ

তিনি ছিলেন আলিমকুল শিরমণি ও আরিফবান্দাদের আদর্শপুরুষ,
তিনি ছিলেন কাশ্ফ ও কারামতের অধিকারী যুগখ্যাত বুযুর্গব্যক্তি।

اندر آں چاندگاؤں بدانی مسکن او بیگماں
আন্দর আ-ঁ চা-ন্দগা-ঁও বেদা-নী মাসকানে উ- বে-গুমা-ঁ
چاٹگامی را شرف از ذات پاکش بیگماں
চা-টগা-মী- রা- শরফ আয যা-তে পা-কশ বে-গুমা-ঁ

নিঃসন্দেহে জানো! ওই চান্দগাঁওয়েই তাঁর বাসস্থান,
নিঃসন্দেহে তাঁর পবিত্র সত্তা দ্বারা চট্টগ্রামবাসী ধন্য হয়েছে।

اندر آں قدم مبارک مرقد پرنور او
আন্দর আ-ঁ কদমমুবা-রক মারক্বাদে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মর্দুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো, ওই কদম মুবারকে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অগণিত মানুষ সব সময় তাঁর বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হচ্ছেন।

بد محدث مدرسهٔ محسنیه بیگماں
বুদ্ মুহাদ্দিস মাদরাসায়ে মুহসেনিয়া বে-গুমাঁ
شد کمالاتش بیروں از حدّ تحریر و بیاں
শুদ কামা-লা-তশ বে-রূঁ আয্ হদ্দে তাহরী-র্ ও বয়াঁ

তিনি নিঃসন্দেহে মুহসেনিয়া মাদরাসার মুহাদ্দিস ছিলেন।
তাঁর কামালাত লিখন ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ
منکران سنیاں را سیف برّاں بیگماں
মুনকেরা-নে সুন্নিয়াঁ রা সায়ফে বোররাঁ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন!

در مدح پیشوائے عارفاں مقتدائے سالکاں مخزن کرامات صاحب مقامات منبع فیوضات مصدر کمالات حضرت مولانا سید معین الدین از اولاد حضرت غوث الاعظم محی الدین کٹھلی چاٹگامی علیہما رحمۃ ربہما الباری

দর মদহে পে-শওয়া-য়ে 'আ-রেফাঁ মুক্বতাদা-য়ে সা-লেকাঁ মাখযানে কারা-মা-ত, সা-হেবে মাক্বা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত, মাসদারে কামা-লা-ত, হযরত মাওলা-না- সাইয়্যেদ মু'ঈনুদ্দী-ন্ আয্ আওলা-দে হযরত গাউসুল আ'যম মুহিউদ্দী-ন্, কাট্টলী- চা-টগা-মী 'আলায়হিমা রাহমাতু রাব্বিহিমাল বা-রী-।

'আরিফকুল শিরমণি, তরীক্বতপন্থীদের আদর্শপুরুষ, কারামাতের ভাণ্ডার, উঁচু মর্যাদাসমূহের অধিকারী, ফুয়ূয-বরকতের প্রস্রবণ, কামালাতের উৎস, হুযূর গাউসে আ'যম মুহিউদ্দীন রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু'র বংশধর **হযরত মাওলানা সাইয়্যেদ মু'ঈনুদ্দীন** কাট্টলী চাটগামী (তাঁরা উভয়ের উপর তাঁদের মহান স্রষ্টা রবের রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر آں سید معین الدین شاہ صد مرحبا
বাহরে আঁ সাইয়্যেদ মু'ঈনুদ্দী-ন্ শা-হ্ সদ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই সাইয়্যেদ মু'ঈনুদ্দীন শাহকে শত স্বাগতম।

او ز نسل غوث الاعظم آں محی الدین ما উ- যে নসলে গাউসুল আ'যম আ: মুহিউদ্দীনে মা-	مخزن کشف و کرامات بود آں اہل صفا মাখযানে কাশ্‌ফ ও কারা-মা-ত্ বূ-দ্ আ: আহ্‌লে সফা-

তিনি হলেন আমাদের গাউসুল আ'যম মুহিউদ্দীন রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু'র বংশধর।
ওই স্বচ্ছহৃদয়বান ওলী কাশ্‌ফ ও কারামাতের ভাণ্ডার ছিলেন।

پیشوائے عالماں و مقتدائے فاضلاں পে-শওয়া-য়ে- 'আ-লেমা: ও মুক্তাদা-য়ে ফা-যেলা:	شد کمالاتش بیروں از حد تحریر و بیاں শুদ কামা-লা-তাশ বে-রূ: আয্ হদ্দে তাহ্‌রী-র্ ও বয়া:

তিনি ছিলেন আলিমকুল শিরমণি, গুণীজনদের আদর্শপুরুষ।
তাঁর কামালাত লিখন ও বর্ণনার সীমা অতিক্রম করেছে।

درمیان کٹھلی داں روضۂ پرنور او দরমিয়া-নে কাট্টলী- দা: রওযায়ে পুরনূ-রে উ-	مردماں پرفیض باشند دائما از ذات او মর্দুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

জেনে রেখো, (চট্টগ্রামের) কাট্টলীতে তাঁর মাযার শরীফ অবস্থিত।
সবসময় তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ ফয়য ও বরকত লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں তুরবতশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	منکران اولیاء را سیف برّاں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح مجذوب سالک، محبوب خالق، مرجع خلائق مخزن کرامات، صاحب کمالات حضرت شہر قطب نذیر شاہ چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মাজযূ-বে সা-লেক, মাহবূ-বে খা-লেক্ব, মারজা'এ খালা-ইক্ব, মাখযানে কারা-মা-ত, সা-হেবে কামা-লা-ত, হযরত শহর কুত্বব নাযী-র্ শা-হ্ চা-টগা-মী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-

মাজযূবে সালিক, মহান স্রষ্টার প্রিয়পাত্র, সৃষ্টির মিলনকেন্দ্র, কারামাতের ভাণ্ডার, কামালাতের ধারক, শহর কুত্বব **হযরত নযীর শাহ্** চাটগামীর প্রশংসায়। তাঁর উপর মহান রব ও স্রষ্টা রহমত বর্ষণ করুন।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے شاہ نذیر است آں ولی باصفا
আয্ বরা-য়ে শা-হ্ নাযী-রাস্ত আ: ওলীয়ে বা-সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই স্বচ্ছহৃদয়ের মহান ওলী শাহ্ নাযীরকে (শত স্বাগতম)।

قطب ایں بلدہ بلاشک بود آں مرد خدا
কুত্ব ঈ: বলদাহ্ বেলা-শক বূ-দ্ আ: মর্দে খোদা-
فیضیاب از غوث الاعظم احمد اللہ بیخطا
ফয়য্‌য়া-ব আয্ গাউসুল আ'যম আহমাদুল্লা-হ্ বে-খাত্বা-

নিঃসন্দেহে ওই মর্দে খোদা এ শহরের কুত্ব ছিলেন।
তিনি হযরত গাউসুল আ'যম আহমদ উল্লাহ্ শাহ্'র ফয়যপ্রাপ্ত ছিলেন; এতে ভুল নেই।

صاحب کشف و کرامت صاحب عرفاں داں
সা-হেবে কাশ্‌ফ ও কারা-মাত সা-হেবে 'ইরফা-: দা:
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ কামা-লা-তশ বে-রূ: আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া:

তিনি ছিলেন কাশ্‌ফ ও কারামতের ধারক খোদাপরিচিতিসম্পন্ন,
তাঁর কামালাত এতো বেশি যে, তা লিখন ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

مرقد او قرب بازار ریاض الدین داں
মারক্বাদে উ- ক্বোরবে বা-যা-রে রিয়-জুদ্দী-ন্ দা:
مردماں پر فیض باشند دائما از ذات آں
মর্দুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে আঁ-

রিয়াজ উদ্দীন বাজারের পাশে তাঁর মাযার শরীফ অবস্থিত। সবসময় তাঁর
বরকতময় সত্তা থেকে অসংখ্য মানুষ ফয়য-বরকত লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন।
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ কবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مجذوب سالک، مرغوب خالق، مرجع خلائق، صاحب کرامات
مصدر کمالات حضرت عبد الباری شاہ کاظمی برکلوی پٹیوی علیہ رحمۃ الباری

দর মদহে মাজযূ-বে সা-লেক, মাবগূ-বে খা-লেক্, মারজা'এ খালা-ইক্, সা-হেবে কারা-মা-ত, মাসদারে কামা-লা-ত, হযরত 'আবদুল বা-রী- শা-হ্ কা-যেমী- বরকলভী পটিয়াভী 'আলায়হি রাহমাতু রব্বিহিল বা-রী-

মজযূবে সালেক, মহান স্রষ্টার প্রিয়ভাজন, সৃষ্টির মিলনকেন্দ্র, কারামাতের ধারক, কামালাতের উৎস, পটিয়া (বর্তমানে চন্দনাইশ) বরকল নিবাসী **হযরত আবদুল বারী শাহ্ কাযেমী** এর প্রশংসায়। তাঁর মহান স্রষ্টা রব তাঁর উপর রহমত বর্ষণ করুন।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر آں شاہ عبد باری کاظمی صد مرحبا
বাহরে আ: শা-হ্ 'আবদুল বা-রী- কা-যেমী- সদ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই শাহ্ আবদুল বারী কাযেমীকে শত স্বাগতম।

بود او مجذوب سالک درمیان اولیا
বূ-দ উ- মাজযূ-বে সা-লেক দরমিয়া-নে আউলিয়া-
فیضیاب غوث الاعظم احمداللہ بےخطا
ফয়যয়া-বে গাউসুল আ'যম আহমাদুল্লা-হ্ বে-খাত়া-

তিনি ওলীগণের মধ্যে মাজযূবে সালিক ছিলেন। হযরত গাউসুল আ'যম শাহ্
আহমাদুল্লাহ্ রাহমাতুল্লাহি আলায়হির ফয়যপ্রাপ্ত ছিলেন- এতে ভুল নেই।

صاحب کشف وکرامت بود مشہور زماں
সা-হেবে কাশ্‌ফ ও কারা-মাত বূ-দ মাশ্‌হূ-রে যামা:
تربتش را باغ جنت سازای ربّ جہاں
তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:

তিনি ছিলেন কাশ্‌ফ ও কারামতের ধারক, যুগখ্যাত (আল্লাহর ওলী)।
হে বিশ্বরব! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন।

اندر آں برکل بدانی مرقد پرنور او
আন্দর আ: বরকল বেদা-নী- মারক়াদে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মর্দুমা: পুর ফায়যে বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

ওই (চন্দনাইশের) বরকলে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে অগণিত মানুষ সব সময় ফায়যপ্রাপ্ত হচ্ছেন।

شمس الاسلام ست دانی پسر او را اے جواں
শামসুল ইসলা-ম্ অস্ত দা-নী- পেসরে উ- রা- আয় জাওয়া:
مولوی و حاجی و ہم کاظمی داں بےگماں
মওলভী ও হাজ্বী ও হাম কাযেমী দা: বে-গুমা:

হে যুবক! জেনে রেখো, তাঁর সাহেবযাদা হচ্ছেন শামসুল ইসলাম সাহেব,
যিনি মৌলভীও, হাজ্বীও, কাযেমীও। এটা সন্দেহাতীতভাবে মনে রেখো।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف برّاں بےگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোর্‌রা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

درمدح پیشوائے عالماں مقتدائے فاضلاں محقق دوراں ہادئ زماں مرجع خواص وعوام صاحب فتوی مولانا علیم الدین پالنگی

علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শ্ওয়া-য়ে 'আ-লেমা- মুক্তাদা-য়ে ফা-যেলা-, মুহাক্বিক্বে দাওরা- হা-দিয়ে যামা-, মারজা'এ খাওয়া-স্ ও 'আওয়া-ম, সা-হেবে ফাত্ওয়া-, মাওলা-না- 'আলী-মুদ্দী-ন্ পা-লঙ্গী- 'আলায়হি রাহ্মাতু রাব্বিহিল্ বা-রী-

'আলিমকুল শিরমণি, গুণীজনদের আদর্শপুরুষ, যুগের মুহাক্বক্বিক্ব (সূক্ষ্মগবেষক) ও পথপ্রদর্শক, বিশেষ ও সাধারণ লোকদের মিলনকেন্দ্র, প্রসিদ্ধ ফাত্ওয়া প্রণেতা (মুফ্তী) মাওলানা আলীমুদ্দীন পালঙ্গী'র প্রশংসায়। তাঁর মহান স্রষ্টা ও রব তাঁর উপর রহমত বর্ষণ করুন।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	بہر مولٰنا علیم الدین آں اہل صفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	বাহ্রে মাওলা-না- 'আলী-মুদ্দী-ন্ আ- আহলে সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই স্বচ্ছহৃদয়সম্পন্ন ওলী মাওলানা আলীমুদ্দীনকে (স্বাগতম)।

صاحب تحقیق بودہ صاحب فتوی بداں	صاحب عرفاں بودہ صاحب تالیف داں
সা-হেবে তাহক্বী-ক্ব বূ-দাহ্ সা-হেবে ফাতওয়া- বেদা-	সা-হেবে 'ইরফা- বূ-দাহ্ সা-হেবে তা-লী-ফ দা-

এ কথা জেনে রেখো যে, তিনি সূক্ষ্মগবেষক, নির্ভুল ফাত্ওয়া প্রণেতা।
তিনি ছিলেন আরিফ (খোদাপরিচিতিসম্পন্ন ওলী), আরো ছিলেন লিখনীতেও দক্ষহস্ত।

ساکن پالنگ بدانی درمیان اولیاء	بود فخر عالماں و فاضلاں را بے شبہ
সা-কিনে পালঙ্গ বেদা-নী- দরমিয়া-নে আউলিয়া-	বূ-দ্ ফখরে 'আ-লেমা- ও ফা-যেলা- রা- বে শুবাহ্

জেনে রেখো তিনি পালংবাসী ওলীগণের অন্যতম।
তদুপরি, নিঃসন্দেহে তিনি জ্ঞানী ও গুণীজনদের গর্ব।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন। হে মহান রব!
নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর ওসীলায় এ দো'আ কুবূল করুন।

اندر آں پالنگ بدانی مرقد پرنور او
আন্দর আঁ- পা-লং বেদা-নী- মারক্বাদে পুরনূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মর্দমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

ওই পালং-এ তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে অগণিত মানুষ সব সময় ফয়যপ্রাপ্ত হচ্ছে।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ
منکران سنیاں را سیف براں بیگماں
মুনকেরা-নে সুন্নিয়া-ঁ রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-ঁ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

درمدح فخر العلماء، پیشوائے فاضلاں، سلطان الواعظین، سراج السالکین، مقتدائے زمان، مرجع خواص و عوام، شاعر شیریں مقال، صاحب مقال، صاحب تصنیفات، عالی مقامات، حضرت مولانا ضمیر الدین صاحب مدّ ظلہ العالی نہلوی چاٹگامی

দর মদহে ফখরুল 'ওলামা-, পে-শওয়া-য়ে ফা-যেলা-ঁ, সুলতা-নুল ওয়া-'ইযী-ন, সিরা-জুস্ সা-লিকী-ন, মুক্বতাদা-য়ে যামা-ন, মারজা'এ খাওয়া-স্ ও 'আওয়া-ম্, শা-'ইরে শী-রী-ঁ মাক্বা-ল, সা-হেবে মাক্বা-ল, সা-হেবে তাসনী-ফা-ত 'আ-লী- মাক্বা-মা-ত্ হযরত মাওলা-না- যমী-রুদ্দী-ন্ সা-হেব মুদ্দাযিল্লুহুল আ-লী- হ্নীলাভী চা-টগা-মী-।

আলিমদের গৌরব, গুণীজনদের শিরমণি, ওয়া'ইযদের সুলতান, ত্বরীক্বতপন্থীদের চেরাগ, যুগের আদর্শ, বিশেষ ও সাধারণদের জমায়েতস্থল, সুমিষ্টকণ্ঠী কবি, সুবক্তা, দক্ষ লিখক, উঁচু মর্যাদাসমূহের অধিকারী **হযরত মাওলানা যমীরুদ্দীন** সাহেব মুদ্দাযিল্লুহুল আলীর প্রশংসায়। (তিনি) চট্টগ্রাম (টেকনাফের) হ্নীলার অধিবাসী।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر مولنا ضمیر الدین آں اہل صفا
বাহরে মাওলা-না- যমী-রুদ্দী-ন আঁ- আহলে সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই পবিত্রাত্মা মাওলানা যমীরুদ্দীন সাহেবকে (স্বাগতম)।

واعظ شیریں زباں و شاعر شیریں مقال
ওয়া-'ইযে শী-রী: যবা: ও শা-'ইরে শী-রী: মাক্বা-ল
مثل او ہرگز نہ بینم درزماں صاحب کمال
মিসলে উ- হরগিয্ নাহ্ বী-নাম দর যমা- সা-হেবে কামা-ল

তিনি সুকণ্ঠী ওয়া'ইয, মর্মস্পর্শী কবিতা আবৃত্তিকারী (শা'ইর)।
তাঁর যুগে তাঁর মত পূর্ণতাসম্পন্ন লোক আমি কখনো দেখিনি।

بہر ہدیۂ ضمیرست او مصنف بیگماں
বাহ্‌রে হাদিয়ায়ে যমী-রাস্ত উ- মুসান্নিফ বে-গুমা:
تا قیامت نام او ماند بقا اندر جہاں
তা- ক্বিয়া-মত না-ম্ উ- মা-নদ বক্বা- আন্দর জাহা:

নিঃসন্দেহে তিনি 'হাদিয়ায়ে যমীর'-এর লেখক।
বিশ্বে ক্বিয়ামত পর্যন্ত তাঁর নাম স্থায়ী হোক।

رکن اعظم از برائے اہلسنت بیگماں
রুকনে আ'যম আয বরা-য়ে- আহলে সুন্নাত বে-গুমা:
پیشوائے عالماں و مقتدائے فاضلاں
পে-শওয়া-য়ে 'আ-লেমা: ও মুক্বতাদা-য়ে- ফা-যেলা:

নিঃসন্দেহে তিনি আহলে সুন্নাতের মহাস্তম্ভ,
আলিমকুল শিরমণি ও গুণীকুলের মহান আদর্শ।

مسکن او اندر آں نہلا بدانی بیگماں
মাসকানে উ- আন্দরা: হ্নীলা বেদা-নী- বে-গুমা:
قرب ٹیکناف آں مقام آمد بلاشک اے جواں
ক্বোরবে টেকনাফ আ: মাক্বা-ম্ আ-মদ বেলা-শক আয় জাওয়া:

নিঃসন্দেহে জেনে রেখো, তাঁর বাসস্থান হচ্ছে ওই হ্নীলায়,
নিঃসন্দেহে ওই স্থানটি আসে টেকনাফের নিকটে, হে যুবক!

دہ حیات خضر اورا ای خدائے دو جہاں
দেহ্ হায়া-তে খাযির উ-রা- আয় খোদা-য়ে- দো-জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইসতাজিব ইয়া- রব তোফায়লে সারওয়ারে পয়গাম্বরা:

হে দু'জাহানের মহান খোদা! তাঁকে হযরত খাদ্বির আলায়হিস সালাম-এর হায়াত দিন!
নবীকুল সরদার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর ওসীলায় এ প্রার্থনা ক্ববূল করুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران سنیاں را سیف براں بیگماں
মুনকেরা-নে সুন্নিয়া: রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح عالم بیمثل، حکیم بے بدل، مناظر اہلسنت، دافع کفر و ضلالت، مقتدائے عالماں، صاحب تقریر و تحریر، فاضل بے نظیر

حضرت مولانا حکیم شمس الضحیٰ چاٹگامی ساکن قطب دیہ مد ظلہ العالی

দর মদহে 'আ-লি-মে বে-মিসল, হাকী-মে বে-বদল, মুনা-যেরে আহলে সুন্নাত, দা-ফি'এ কুফর ও দ্বালা-লাত, মুক্বত দা-য়ে- 'আ-লেমা-, সা-হেবে তাক্বরী-র ও তাহরী-র, কা-মেলে বে-নযী-র, হযরত মাওলা-না- হাকী-ম শামসুদ্ব দ্বোহা- চা-টগা-মী- সা-কিনে কুতুবদিয়া মুদ্দাযিল্লুহুল 'আ-লী-।

অতুলনীয় আলিম, অদ্বিতীয় হেকিম, আহলে সুন্নাতের অপ্রতিদ্বন্দ্বী তর্কযোদ্ধা, কুফর ও ভ্রষ্টতা অপসারণকারী, আলিমকুলের শিরমণি, সুবক্তা ও দক্ষ লেখক, অনুপম গুণীজন, কুতুবদিয়ার (কক্সবাজার) অধিবাসী, হযরত মাওলানা হাকীম শামসুদ্দোহা চাটগামী মুদ্দাযিল্লুহুল আলী'র প্রশংসায়

بہر مولنا بدانی ہزاراں مرحبا
বাহ্‌রে মাওলা-না- বদা-নী- হাযা-রা- মারহাবা-
نام او شمس الضحیٰ داں آں حکیم باصفا
না-মে উ- শামসুদ্ব দ্বোহা- দা- আ- হাকী-মে বা- সফা-

জানো! ওই মাওলানার প্রতি শত-সহস্র স্বাগতম মুবারকবাদ।
তাঁর নাম শামসুদ্ব দ্বোহা, জেনে রেখো তিনি হলেন একজন পবিত্রাত্মা হেকিমও।

درمیان اہل سنت او مناظر بیگماں
দরমিয়া-নে আহলে সুন্নাত উ- মুনা-যের বে-গুমা-
زہر قاتل آمدہ لیکن ز بہر وہیاں
যহ্‌রে ক্বা-তিল আ-মদাহ্ লে-কিন যে বাহ্‌রে ওয়াহ্‌বিয়া-

আহলে সুন্নাতের মধ্যে তিনি নিঃসন্দেহে একজন তর্কযোদ্ধা।
তিনি আবার প্রাণনাশক বিষতুল্যও, তবে তা ওহাবীদের জন্য।

نعمت عظمیٰ برائے اہلسنت بیگماں
নি'মাতে 'ওযমা- বরা-য়ে- আহলে সুন্নাত বে-গুমা-
مسکنش اندر قطبدیہ بدانی بیگماں
মাসকানাশ আন্দর কুতুবদিয়া বেদা-নী- বে-গুমা-

নিঃসন্দেহে তিনি আহলে সুন্নাতের জন্য আল্লাহ্‌র মহা নি'মাত।
সন্দেহাতীতভাবে জেনে রেখো যে, তাঁর বাসস্থান হচ্ছে কুতুবদিয়ায়।

دہ حیات خضر اورا اے خدائے دو جہاں
দেহ্ হয়া-তে খিযর উ রা- আয় খোদা-য়ে- দো-জাহা-
استجب یارب طفیل سرور پیغمبراں
ইসতাজিব ইয়া- রব্ তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে দু'জাহানের মহান খোদা! তাঁকে হযরত খাদ্বির আলায়হিস্ সালাম'র হায়াত দান করুন!
নবীকূল সরদারের ওসীলায় এ প্রার্থনা কবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-
منکران سنیاں را سیف بڑاں بیگماں
মুনকেরা-নে সুন্নিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

درمدح مقتدائے عالماں، پیشوائے فاضلاں، ہادئ دوراں، پیرمغاں، معدن کشف وکرامات، صاحب مقامات، بقیۃ السلف، حجۃ الخلف، حامی اہل سنت، ماحی بدعت، شیخ الاسلام، حضرۃ الحاج مولانا شاہ راحت اللہ ساکن مریم نگر رنگونیہ چاٹگام شریف

দর মদহে মুক্বতাদা-য়ে- 'আ-লেমা-ঁ, পে-শ্ওয়া-য়ে- ফা-যেলা-ঁ, হা-দিয়ে দাওরা-ঁ, পী-রে মগা-ঁ, মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত, সা-হেবে মাক্বা-মা-ত, বাক্বিয়্যাতুস্ সালাফ, হুজ্জাতুল খালাফ, হা-মিয়ে আহলে সুন্নাত, মা-হিয়ে বিদ্'আত, শায়খুল ইসলা-ম, হাযরাতুল হা-জ্জ, মাওলা-না-শা-হ্ রা-হাতুল্লা-হ্ সা-কিন মারইয়াম্ নগর, রাঙ্গুনিয়া, চা-টগা-ম্ শরী-ফ।

'আলিমকুলের আদর্শ, গুণজনদের শিরমণি, যুগের পথপ্রদর্শক, পীরে কামিল, কাশ্ফ ও কারামতের খনি, উঁচু মর্যাদাদির আসনে আসীন, পূর্ববর্তীদের সুযোগ্য উত্তরসূরী, পরবর্তীদের অকাট্য দলীল, আহলে সুন্নাতের সাহায্যকারী, বিদ্'আত নিশ্চিহ্নকারী, শায়খুল ইসলাম, চট্টগ্রাম (জেলার) রাঙ্গুনিয়া (থানা)'র মরিয়মনগরের অধিবাসী হযরতুল হাজ্জ **মাওলানা রাহাতুল্লাহ্** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হির প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-

از برائے حضرت شاہ راحت اللہ مرحبا
আয্ বরা-য়ে হযরত শা-হ্ রা-হাতুল্লা-হ্ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
হযরত শাহ্ রাহাতুল্লাহ্ রাহমাতুল্লাহি তা'আলা আলায়হিকে স্বাগতম।

حضرت شاہ راحت اللہ ساکن مریم نگر
হযরত শা-হ্ রা-হাতুল্লা-হ্ সা-কিনে মারইয়াম নগর

پیشوائے عالماں وہم مجدد فی العصر
পে-শ্ওয়া-য়ে 'আ-লেমা-ঁ ও হাম্ মুজাদ্দিদ্ ফিল্ 'আসর

হযরত শাহ্ রাহাতুল্লাহ্ হলেন মরিয়মনগরের অধিবাসী।
তিনি আলিমকুল শিরমণি এবং যুগের সংস্কারকও।

از برائے اہلسنت مدرسہ کردہ بنا
আয্ বরা-য়ে- আহলে সুন্নাত মাদরাসাহ্ কর্দাহ্ বেনা-

فیض جاری تا قیامت ماند از ذاتش بقا
ফয়য জা-রী- তা- ক্বিয়া-মাত মা-নদ আয্ যা-তশ বক্বা-

তিনি আহলে সুন্নাতের জন্য মাদরাসা প্রতিষ্ঠা করে গেছেন।
ক্বিয়ামত পর্যন্ত তাঁর বরকতময় সত্তা থেকে ফয়য-বরকত জারী থাকুক!

qaadri.blogs

اندر آں مریم نگر داں روضۂ پرنور او	مردماں پرفیض باشند دائما از ذات او
আন্দরা- মারইয়াম্ নগর দা- রওযায়ে পুরনূ-রে উ-	মর্দমা- পুর ফয়য বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

জেনে রেখো! (রাঙ্গুনিয়ার) মরিয়মনগরে তাঁর আলোদীপ্ত মাযার শরীফ অবস্থিত।
সবসময় তাঁর থেকে অগণিত মানুষ ফয়য ও বরকত লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন। হে মহান রব!
নবীকুল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران سنیاں را سیف براں بیگماں
না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-	মুনকেরা-নে সুন্নিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح فخر الواعظین، سراج السالکین مقتدائے عالماں، پیشوائے فاضلاں، مرجع خواص وعوام مولانا عبدالرزاق بلبل بنگلہ باشندۂ راجانگر، رنگونیہ، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে ফখরুল ওয়া-'ইযী-ন, সিরা-জুস্ সা-লিকী-ন, মুক্বতাদা-য়ে 'আ-লেমা-, পে-শ্ওয়া-য়ে ফা-যেলা-, মারজা'এ খাওয়া-স্ ও 'আওয়া-ম্ মাওলা-না- 'আবদুর রায্যা-ক্ব বুলবুলে বাঙ্গলা, বা-শিন্দায়ে রা-জা-নগর, রাঙ্গুনিয়া, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

ওয়া-'ইযদের গৌরব, ত্বরীক্বতপন্থীদের চেরাগ, আলিমদের আদর্শ, গুণীদের শিরমণি, বিশেষ ও সাধারণদের মিলনকেন্দ্র, চট্টগ্রামের রাঙ্গুনিয়াস্থ রাজানগরের বাসিন্দা বাংলার বুলবুল **মাওলানা আবদুর্ রায্যাক্ব**-এর প্রশংসায়। তাঁর মহান রব ও স্রষ্টা তাঁর উপর রহমত বর্ষণ করুন।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	از برائے بلبل بنگلہ ولی باصفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে বুলবুলে বাংলা ওলীয়ে বা- সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
বুলবুলে বাংলা ও পূতঃপবিত্র আত্মার অধিকারী ওলীর সমীপে।

واعظ شیریں زباں وصاحب تقریر داں ওয়া-'ইযে শী-রী-ঁ যবা-ঁ ও সা-হেবে তাক্বরী-র্ ও দা-ঁ	صاحب علم شریعت صاحب عرفان داں সা-হেবে 'ইলমে শরী-'আত সা-হেবে 'ইরফা-ন্ দা-

জেনে রেখো! তিনি ছিলেন অতি সুন্দর কণ্ঠে ওয়াযকারী ও অতি উত্তম বক্তা।
আরো ছিলেন শরীয়তের দক্ষ আলিম ও খোদাপরিচিতি সম্পন্ন।

عبدرزاق ست مولانا بدانی نام آں 'আবদুর্ রায্যা-ক্বস্ত মাওলা-না- বেদা-নী- না-মে আ-ঁ	ساکن راجانگر رنگونیہ داں بیگماں সা-কিনে রা-জা-নগর রাঙ্গুনিয়া দা-ঁ বে-গুমা-ঁ

জেনে রেখো, তাঁর নাম হচ্ছে মাওলানা আবদুর রায্যাক্ব।
নিঃসন্দেহে তিনি রাঙ্গুনিয়া থানার রাজানগরের অধিবাসী।

بود حافظ سید احمد از کبار عالماں বূ-দ্ হা-ফিয্ সাইয়্যেদ আহমাদ আয্ কেবা-রে 'আ-লেমা-ঁ	عم زاده بود او را بود ہم پیرمغاں 'আম্ম্ যা-দাহ্ বূ-দ্ উ- রা- বূ-দ্ হাম পী-রে মগা-ঁ

হাফিয সাইয়্যেদ আহমদ হলেন অন্যতম শীর্ষস্থানীয় আলিম।
তিনি ছিলেন তাঁরই চাচাত ভাই, আরো ছিলেন কামিল পীর।

تربت شاں باغ جنت سازای رب جہاں তুরবতে শা-ঁ বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-ঁ	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁদের মাযার শরীফগুলোকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ	منکران اولیاء را سیف براں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح مجذوب سالک، محبوب خالق، مرجع خلائق، پیشوائے عالماں، مقتدائے سالکاں، عالم شریعت، رہبر طریقت، حضرت مولانا نثار اللہ صاحب باشندۂ شرفباٹہ، رنگونیہ، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মাজযূ-বে সা-লিক, মাহবূ-বে খা-লিক্ব, মারজা'এ খালা-ইক্ব, পে-শ্ওয়া-য়ে 'আ-লেমা-ঁ, মুক্বতাদা-য়ে সা-লেকা-ঁ, 'আ-লেমে শরী-'আত, রাহ্বরে ত্বরী-ক্বত, হযরত মাওলা-না- নেসা-রুল্লা-হ্ সা-হেব বা-শিন্দায়ে শরফভাটা রাঙ্গুনিয়া চা-টগা-মী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল্ বা-রী-

মাজযূবে সালিক, মহান স্রষ্টার প্রিয়ভাজন, সৃষ্টিকুলের মিলনকেন্দ্র, আলিমদের শিরমণি, ত্বরীক্বতপন্থীদের আদর্শপুরুষ, শরীয়তের দক্ষ আলিম, ত্বরীক্বতের কামিল মুর্শিদ, চট্টগ্রামের রাঙ্গুনিয়াস্থ শরফভাটা নিবাসী **হযরত মাওলানা নেসারুল্লাহ্** সাহেব-এর প্রশংসায়। তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر مولانا نثار اللہ حبیب اولیا
বাহরে মাওলা-না- নিসা-রুল্লা-হ্ হাবী-বে আউলিয়া-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওলীগণের পরমবন্ধু মাওলানা নেসারুল্লাহ্ শাহ্-এর সমীপে।

بود او مجذوب سالک درمیان عالماں
বূ-দ উ- মাজযূ-বে সা-লিক দরমিয়া-নে 'আ-লিমা-ঁ
صاحب کشف وکرامت بود مشہور زماں
সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা-ঁ

তিনি ছিলেন আলিমদের মধ্যে একজন মজযূবে সালিক।
তিনি ছিলেন কাশ্ফ ও কারামতের ধারক যুগখ্যাত বুযুর্গ।

در شرف باٹہ بدانی روضۂ پرنور او
দর শরফভাটা বেদা-নী- রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান্ অয যা-তে উ-

জেনে রেখো শরফভাটায় রয়েছে তাঁর নূরানী মাযার শরীফ।
তাঁর বরকতময় সত্তা থেকে সবসময় অগণিত মানুষ ফয়যপ্রাপ্ত হচ্ছে।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ
منکران اولیاء را سیف براں بیگماں
মুনকে [illegible] লিয়া- রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-

তুমি [illegible] এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح مجذوب سالک، محبوب خلائق، مرجع خواص و عوام، عالیمقام صاحب کشف وکرامات، مصدر فیوضات، حضرت شاہ سلطان الدین معروف باسا فقیر شاہ صاحب باشندۂ کھاؤکھالی، رنگونیہ، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মাজযূ-বে সা-লিক, মাহবূ-বে খালা-ইক্ব, মারজা'এ খাওয়া-স ও 'আওয়া-ম, 'আ-লী-মাক্বা-ম, সা-হেবে কাশ্ফ ও কারা-মা-ত, মাসদারে ফুয়ূ-যা-ত, হযরত শা-হ্ সুলতা-নুদ্দী-ন মারূ-ফ বা-চা- ফক্বী-র শা-হ্ সা-হেব বা-শিন্দায়ে কাউখালী, রাঙ্গুনিয়া, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

মাজযূবে সালিক, সৃষ্টির প্রিয়ভাজন, বিশেষ ও সাধারণ মানুষের মিলনকেন্দ্র, উচ্চ মর্যাদাসম্পন্ন, কাশ্ফ ও কারামতের ধারক, ফুয়ূযাতের উৎস, চট্টগ্রামের রাঙ্গুনিয়াস্থ কাউখালীর অধিবাসী হযরত শাহ্ সুলতানুদ্দীন ওরফে বাচা ফক্বীর শাহ্ সাহেব -এর প্রশংসায়। তাঁর উপর তাঁর মহান রবের রহমত বর্ষিত হোক।

آفریں صد آفریں صد آفریں
আ-ফ্রী: সদ আ-ফ্রী: সদ আ-ফ্রী: সদ আ-ফ্রী:
بہر آں باسا فقیر کوکھالی صد آفریں
বাহরে আ: বা-চা- ফক্বী-র কাউখালী- সদ আ-ফ্রী:

শত শাবাশ, শত শাবাশ, শত শাবাশ, শাবাশ!
কাউখালীর হযরত বাচা ফক্বীরকে শত শাবাশ।

بود او مجذوب سالک درمیان اولیا
বূ-দ উ- মাজযূ-বে সা-লিক দরমিয়া-নে আউলিয়া-
صاحب کشف وکرامت بود ہم اہل صفا
সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দ হাম আহলে সফা-

তিনি ছিলেন ওলীগণের মধ্যে একজন মজযূবে সালিক।
তিনি ছিলেন কাশ্ফ ও কারামতের ধারক ও পরিচ্ছন্ন আত্মার অধিকারী।

درمیان کھاؤکھالی داں روضۂ پرنور او
দরমিয়া-নে কাউখালী- দা: রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মর্দুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো! (রাঙ্গুনিয়ার) কাউখালীতে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত। সবসময় তাঁর বরকতময় সত্তা থেকে অগণিত মানুষ ফয়য ও বরকত লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے سنیاں، تارک الدنیا، محبوب سید الانبیاء، قطب زماں، پیر مغاں، الحاج حضرت مولانا شاہ نور الحق ساکن پٹیہ چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শ্ওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্তাদা-য়ে সুন্নিয়া-ঁ, তা-রিকুদ্ দুনয়া-, মাহ্বূ-বে সাইয়্যেদুল আম্বিয়া-, কুত্বে যামা-ন, পী-রে মগা-ঁ, আলহা-জ্জ, হযরত মাওলা-না- শা-হ্ নূ-রুল হক্ব, সা-কিনে পটিয়া চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

আলিমকুল শিরমণি, সুন্নীদের আদর্শপুরুষ, দুনিয়ার মোহত্যাগী, নবীকুল সরদারের মাহবুব, যামানার কুত্বব, পীরে কামিল, চট্টগ্রামের পটিয়া (বাহুলী)'র অধিবাসী আলহাজ্ব **মাওলানা শাহ্ নূরুল হক্ব**-এর প্রশংসায়। তাঁর উপর তাঁর মহান রব ও স্রষ্টার রহমতরাজি বর্ষিত হোক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر آں مولانا نور الحق ولی باصفا বাহ্রে আঁ- মাওলা-না- নূ-রুল হক্ব ওলীয়ে বা- সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওই পবিত্রাত্মার ওলী হযরত মাওলানা নূরুল হক্ব শাহকে (স্বাগতম)।

تارک الدنیا بلاشک بود آں مرد خدا তা-রিকুদ্ দুনয়া- বেলা-শক বূ-দ্ আঁ- মর্দে খোদা-	صاحب کشف و کرامت بود آں اہل صفا সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দ্ আঁ- আহ্লে সফা-

নিঃসন্দেহে ওই মর্দে খোদা সংসারের মোহত্যাগী ছিলেন।
তিনি ছিলেন কাশ্ফ ও কারামতের ধারক, পরিচ্ছন্ন আত্মার অধিকারী।

از برائے اہلسنت مدرسہ کردہ بنا আয্ বরা-য়ে আহ্লে সুন্নাত মাদরাসাহ্ কর্দাহ্ বেনা-	مدرسۂ شاہ چاند نامش بدانی ای فتا মাদরাসায়ে শা-হ্ চা-ন্দ না-মশ বেদা-নী- আয় ফাতা-

তিনি আহ্লে সুন্নাতের জন্য মাদরাসা প্রতিষ্ঠা করেছেন।
হে যুবক! জেনে রাখো, সেটার নাম- শাহ্চান্দ আউলিয়া মাদরাসা।

بہر استیصال وہبی گشت تیر بیخطا বাহ্রে ইসতী-সা-লে ওয়াহ্বী গশ্ত্ তী-রে বে-খাত্বা-	در پٹیہ تا قیامت زندہ دارش ای خدا দর্ পটিয়া তা- ক্বিয়া-মাত যিন্দাহ্ দা-রশ আয় খোদা-

ওহাবীদের মূলোৎপাটনের জন্য এ পদক্ষেপ অব্যর্থভাবে নিক্ষিপ্ত তীরের মতই হয়েছে।
হে আল্লাহ! পটিয়ায় ক্বিয়ামত পর্যন্ত এ প্রতিষ্ঠানকে জীবিত (কায়েম) রাখো।

قرب شاہ چاند اولیاء آں روضۂ پر نور او ক্বোরবে শা-হ্ চা-ন্দ আউলিয়া- আঁ রওযায়ে পুরনূ-রে ঊ	مردماں پر فیض باشند دائما از ذات او মর্দুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে ঊ

জেনে রেখো! হযরত শাহ্‌চান্দ আউলিয়ার নিকটে তাঁর নূরানী রওযা শরীফ অবস্থিত।
সব সময় তাঁর বরকতময় সত্তা থেকে বহু মানুষ ফয়য ও বরকত লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-ঁ	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন!

نام ناظم گر تو جوئی شیر بنگالہ بداں না-মে না-যেম গরতু- জু-ঈ- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ	منکران سنیاں را سیف برّاں بیگماں মুনকেরা-নে সুন্নিয়া-ঁ রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম তালাশ করো, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، واعظ شیریں زباں، فخر زماں، شاعر شیریں مقال، صاحب کمال، صاحب تصانیف، حضرت مولانا احسن اللہ استاذ العلماء، ساکن سیکل بہا، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্বতাদা-য়ে- ফা-যেলা-ঁ, ওয়া-'ইযে শী-রী-ঁ যবা-ঁ, ফখরে যমা-ঁ, শা-'ইরে শী-রী-ঁ মাক্বা-ল, সা-হেবে কামা-ল, সা-হেবে তাসা-নী-ফ, হযরত মাওলা-না- আহসানুল্লা-হ্ উস্তা-যুল ওলামা-, সা-কিনে সীকলবাহা, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রব্বিহিল বা-রী-

'আলিমকুলের শিরমণি, গুণীজনদের আদর্শ, সুন্দর কণ্ঠ ও ভাষায় ওয়ায়কারী, কামিল ব্যক্তি, বহু গ্রন্থপ্রণেতা **হযরত মাওলানা আহসানুল্লাহ্** বহু আলিমের ওস্তাদ, চট্টগ্রামের শিকলবাহার অধিবাসী'র প্রশংসায়। তাঁর উপর তাঁর মহান রব ও স্রষ্টার রহমত বর্ষিত হোক

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	از برائے احسن اللہ فخر علما مرحبا আয বরা-য়ে- আহসানুল্লা-হ্ ফখরে ওলামা- মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
আলিমকুল গর্ব হযরত মাওলানা আহসানুল্লাহ্‌কে মুবারকবাদ।

ہادیٔ دوران داں ہم شاعر شیریں زباں হা-দিয়ে দাওরা-ন দা: হাম শা-'ইরে শী-রী: যবা:	من نہ بینم مثل او صاحب کمال اندر جہاں মান নাহ্ বী-নাম মিসলে উ- সা-হেবে কামা-ল আন্দর জাহা:

তিনি যুগের পথপ্রদর্শক, মর্মস্পর্শী কণ্ঠের শা'ইর (কবি)ও।
তাঁর মত কামিল লোক আমি গোটা জাহানে দেখি নি।

واعظ شیریں زبان و صاحب تصنیف داں ওয়া-'ইযে শী-রী: যবা: ওয়া সা-হেবে তাসনী-ফ দা:	مسکنش پٹیہ سکل بہا بدانی بیگماں মাসকানাশ পটিয়া সিকলবাহা- বেদা-নী- বে-গুমা:

তিনি হৃদয়গ্রাহী কণ্ঠের ওয়া'ইয, বহু গ্রন্থের রচয়িতা।
নিঃসন্দেহে জেনে রেখো, তাঁর বাসস্থান হচ্ছে পটিয়ার শিকলবাহা।

بود مولنا رشید احمد رشیدش بیگماں বূ-দ মাওলা-না- রশী-দ আহমাদ রশী-দশ বে-গুমাঁ-	شاعر شیریں مقال و واعظ شیریں زباں শা-'ইরে শী-রী: মাক্বা-ল ও ওয়া-'ইযে শী-রী: যবা-

মাওলানা রশীদ আহমদ ছিলেন নিঃসন্দেহে তাঁর অনুগত শিষ্য।
অতি উত্তম কাব্যের কবি ও অতি মর্মস্পর্শী বক্তা (ওয়া-'ইয)।

تربت شاں باغ جنت ساز ای رب جہاں তুরবতে শা: বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন। হে মহান রব!
নবীকূল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর ওসীলায় এ দো'আ কবূল করুন।

نام ناظم گر تو جوئی شیر بنگالہ بداں না-মে না-যেম গরতূ- জূ-ঈ- শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঁ-	منکران سنیاں را سیف براں بیگماں মুনকেরা-নে সুন্নিয়াঁ- রা সায়ফে বোররাঁ- বে-গুমাঁ-

তুমি যদি এর রচয়িতার নাম তালাশ করো, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের বিরুদ্ধে তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، استاذ العلماء، بدر الفضلاء، صاحب عز وجلال، صاحب کمال، حضرت مولانا اشرف علی صاحب شاہ میر پوری پٹیاوی چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্বতাদা-য়ে- ফা-যেলা-ঁ, উস্তা-যুল 'ওলামা-, বদরুল ফুদ্বালা-, সা-হেবে 'ইযয ও জালা-ল, সা-হেবে কামা-ল, হযরত মাওলা-না- আশরাফ 'আলী- সা-হেব শা-হমী-রপূ-রী- পটিয়া-ভী- চা-টগা-মী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

আলিমকুল শিরমণি, গুণীজনদের আদর্শ, আলিমদের ওস্তাদ, গুণীকুলের পূর্ণিমা চাঁদ, সম্মান ও মর্যাদার অধিকারী, কামিল পুরুষ **হযরত মাওলানা আশরাফ আলী** সাহেব শাহমীরপুরী, পটিয়াভী, চাটগামী-এর প্রশংসায়। তাঁর মহান রব ও স্রষ্টা তাঁর উপর রহমত বর্ষণ করুন।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	بهر فخر عالماں اشرف علی صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	বাহ্রে ফখরে 'আ-লেমা: আশরাফ 'আলী- সদ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, ধন্যবাদ।
আলিমকুল গর্ব হযরত মাওলানা আশরাফ আলীকে শত ধন্যবাদ।

از کبار عالماں ومقتدائے فاضلاں	بد محدث مدرسۂ محسنیہ بیگماں
আয কেবা-রে 'আ-লেমা: ওয়া মুক্তাদা-য়ে- ফা-যেলা:	বুদ মুহাদ্দিস মাদরাসায়ে মুহসিনিয়া বে-গুমা:

তিনি শীর্ষস্থানীয় আলিম ও গুণীজনদের আদর্শপুরুষ ছিলেন। নিঃসন্দেহে তিনি চট্টগ্রাম মুহসিনিয়া মাদরাসার (বর্তমানে ওই স্থানে মহসিন কলেজ অবস্থিত) মুহাদ্দিস ছিলেন।

اندرآں شاہ میرپورست روضۂ پرنوراُو	مردماں پرفیض باشند دائما از ذات او
অন্দর আ: শা-হমী-রপুরাস্ত রওযায়ে পুরনূ-রে উ-	মর্দমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো! ওই শাহমীরপুরে তাঁর নূরানী রওযা শরীফ অবস্থিত। সবসময় তাঁর বরকতময় সত্তা থেকে অসংখ্য মানুষ ফয়য ও বরকত লাভ করে ধন্য হচ্ছে।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন। হে মহান রব! নবীকূল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর ওসীলায় এ দো'আ কুবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران سنیاں را سیف براں بیگماں
না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	মুনকেরা-নে সুন্নিয়া: রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'। নিঃসন্দেহে সুন্নীদের অস্বীকারকারীদের বিরুদ্ধে তিনি শানিত তরবারি।

درمدح ہادیٔ دوراں، واعظ شیریں زباں، پیرمغاں، فخر زماں، مقتدائے عارفاں، پیشوائے سالکاں، حضرۃ الحاج مولانا حافظ

شاہ بذل الرحمٰن باشندۂ بے تگی چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে হা-দিয়ে দাওরা-ঁ, ওয়া-'ইযে শী-রী- যবা-ঁ, পী-রে মগা-ঁ, ফখরে যমা-ঁ, মুক্তাদা-য়ে 'আ-রেফা-ঁ, পে-শওয়া-য়ে- সা-লেকা-ঁ, হযরতুল হা-জ্জ, মাওলা-না- হা-ফেয শা-হ বযলুর রহমা-ন বা-শিন্দায়ে বে-তা-গী- চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

যুগের পথপ্রদর্শক, সুন্দর কণ্ঠে প্রাঞ্জল ভাষায় ওয়াযকারী, পীরে কামিল, যুগের গৌরব, আরিফ বান্দাদের আদর্শ পুরুষ, তরীকতপন্থীদের শিরমণি হযরতুল হাজ্জ **মাওলানা হাফেয বযলুর রহমান শাহ** চট্টগ্রামের বেতাগীবাসিন্দার প্রশংসায়। তাঁর উপর তাঁর মহান রব ও স্রষ্টা রহমত বর্ষিত হোক।

آفریں صد آفریں صد آفریں
আ-ফরী-ঁ সদ আ-ফরী-ঁ সদ আ-ফরী-ঁ সদ আ-ফরী-ঁ

بہر آں حافظ بذل شاہ بےتاگی آفریں
বাহরে আ-ঁ হা-ফেয বযল শা-হে বেতাগী আ-ফরী-ঁ

শত শাবাশ! শত শাবাশ! শত শাবাশ! শাবাশ!
বেতাগী নিবাসী ওই হযরত হাফেয বযল শাহকে শাবাশ।

پیشوائے عالماں و صاحب عرفاں داں
পে-শওয়া-য়ে- 'আ-লেমা-ঁ ও সা-হেবে 'ইরফা-ন দা-ঁ

سالک راہ طریقت بود ہم پیر مغاں
সা-লিকে রা-হে ত্বরী-ক্বত বূ-দ হাম পী-রে মগা-ঁ

আরিফকূল শিরমণি, খোদাপরিচিতির ধারক বলে জানো এ মহান ব্যক্তিকে।
তিনি হলেন ত্বরীক্বত-রাহের এক আদর্শ পথিক, আরো ছিলেন পীরে কামিল।

بعد حج اندر منیٰ آمد وفاتش بیگماں
বা'দে হজ্জ আন্দর মিনা- আ-মদ ওয়াফা-তশ বে-গুমা-ঁ

گشت شامل در شہیداں او ہم اندر آں
গশতে শা-মিল দর শুহাদা- দা-ঁ উ- হাম আন্দর আ-ঁ

নিঃসন্দেহে হজ্জের পরক্ষণে ওই মিনার পবিত্র ভূমিতে তাঁর ওফাত হয়েছিলো। তিনি সেখানে (হজ্জরত অবস্থায়) শহীদদের অন্তর্ভুক্ত হয়ে গেছেন। এ কথা উত্তমরূপে জেনে রাখো।

خادم او بود عبد الحق حکیم باصفا
খা-দিমে উ- বূ-দ 'আবদুল হক্ব হাকী-মে বা-সফা-

پسر مولانا امام الدین امام اولیا
পেসরে মাওলা-না- ইমা-মুদ্দী-ন ইমা-মে আউলিয়া-

তাঁর খাদিম ছিলেন মাওলানা আবদুল হক্ব পবিত্রাত্মার অধিকারী হাকীম। তিনি
(মাওলানা আবদুল হক্ব) ইমামুল আউলিয়া মাওলানা ইমাম উদ্দীনের পুত্র ছিলেন।

واعظ شیریں بیان و صاحب تقریر داں
ওয়া-'ইযে শী-রী-ঁ বয়া-ন ও সা-হেবে তাক্বরী-র দা-ঁ

بود بہر اہلسنت رکن اعظم بیگماں
বূ-দ বাহরে আহলে সুন্নাত রুকনে আ'যম বে-গুমা-ঁ

মর্মস্পর্শী ও সারগর্ভ বক্তা ছিলেন তিনি।
নিঃসন্দেহে তিনি ছিলেন আহলে সুন্নাতের মহান স্তম্ভ।

تربتش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-ঃ	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঃ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন। হে মহান রব!
নবীকূল সর্দার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এর ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গরতু- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঃ	منکران اولیاء را سیف براں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-ঃ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح یکے از کبار علماء، مقتدائے فاضلاں، رہبر سالکاں، معدن کرامات، صاحب کمالات، مصدر فیوضات، حضرت مولانا وحید اللہ صاحب باشندۂ کالاپل پٹیہ چاٹگام شریف

দরমদহে একে- আয্ কেবা-রে ওলামা-, মুক্বতাদা-য়ে- ফা-যেলা-ঃ, রাহ্বরে সা-লেকা-ঃ, মা'দিনে কারা-মা-ত, সা-হেবে কামা-লা-ত্ মাসদারে ফুয়ূ-যা-ত, হযরত মাওলা-না- ওয়াহীদুল্লা-হ্ সা-হেব বা-শিন্দায়ে কালাপুল পটিয়া চাটগাম শরীফ।

অন্যতম শীর্ষস্থানীয় আলিম, গুণীজনদের আদর্শপুরুষ, ত্বরীক্বতপন্থীদের পথপ্রদর্শক, কারামাতের খনি, পূর্ণতাদির ধারক, ফয়য ও বরকতের উৎসপুরুষ **হযরত মাওলানা ওয়াহীদুল্লাহ্** সাহেব চট্টগ্রামের পটিয়াস্থ কালারপুল নিবাসীর প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر مولانا وحید اللہ ولی باصفا বাহ্রে মাওলা-না- ওয়াহী-দুল্লা-হ্ ওলীয়ে বা-সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
পবিত্রাত্মা ওলী মাওলানা ওয়াহীদুল্লাহ্ সাহেবকে (শত-সহস্র মুবারকবাদ)।

از کبار عالماں و صاحب عرفاں داں আয্ কেবা-রে 'আ-লেমা-ন ও সা-হেবে 'ইরফা-ন দা-ঃ	صاحب کشف و کرامت بود مشہور زماں সা-হেবে কাশ্ফ ও কারা-মত বূ-দ মাশহূ-রে যামা-ঃ

তিনি ছিলেন শীর্ষস্থানীয় আলিম ও তাঁকে খোদাপরিচিতিসম্পন্ন (আরিফ) বলে জানবে।
তিনি ছিলেন কাশ্ফ ও কারামাতের ধারক, আরো ছিলেন যুগখ্যাত (ওলী)।

از برائے اہلسنت مدرسہ کردہ بنا	فیض جاری تا قیامت ماند از ذاتش بقا
আয্ বেরা-য়ে আহলে সুন্নাত মাদরাসাহ্ করদাহ্ বেনা-	ফয়্য জা-রী- তা- ক্বিয়া-মাত মা-নদ আয্ যা-তশ বক্বা-

তিনি আহ্লে সুন্নাতের জন্য মাদরাসা প্রতিষ্ঠা করেছেন।
ক্বিয়ামত পর্যন্ত তাঁর বরকতময় সত্তা থেকে ফয়্য ও বরকত অব্যাহত থাকুক।

درمیان کالاپل ست روضہ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
দরমিয়া-নে কা-লা-পুলাস্ত রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমাঃ পুর ফয়্য বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

কালারপুলে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত। সবসময় অগণিত মানুষ
তাঁর বরকতময় সত্তা থেকে ফয়্য-বরকত লাভ করতে থাকে।

بود صوفی احسن اللہ ہم ز اخوانش بداں	تربت شاں باغ جنت ساز ای رب جہاں
বূ-দ সূ-ফী আহসানুল্লা-হ্ হাম যে ইখওয়া-নশ বেদাঃ	তুরবতে শাঃ বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহাঃ

জেনে রেখো! সূফী আহসানুল্লাহ্ সাহেব তাঁর অন্যতম ভাই ছিলেন।
হে বিশ্বপ্রতিপালক! তাঁদের কবর শরীফগুলোকে জান্নাতের বাগান করে দিন।

بد فقیہ ایں زماں آں احسن اللہ بیگماں	بود او ہم رکن اعظم از برائے سنیاں
বূদ ফক্বী-হে ঈঃ যমাঃ আঃ আহসানুল্লা-হ্ বে-গুমাঃ	বূ-দ উ- হাম রুকনে আ'যম আয্ বরা-য়ে- সুন্নিয়া-

নিঃসন্দেহে ওই আহসানুল্লাহ্ সাহেব যুগের প্রসিদ্ধ ফক্বীহ্ ছিলেন।
তিনি সুন্নীদের জন্য এক মহা স্তম্ভও ছিলেন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیاء را سیف براں بیگماں
না-মে না-যেম গরতূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঃ	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাঃ বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'।
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، رئیس المحققین، سید المدققین محبوب سنیاں، قاتل وہبیاں، حامی السنۃ، قامع البدعۃ، فخر زماں، محبوب انس وجاں حضرت مولانا دوست محمد صاحب میکھلی ہاٹہزاروی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্বতাদা-য়ে ফা-যেলা-ঁ, রঈ-সুল মুহাক্কিকী-ন, সাইয়্যেদুল মুদাক্কিকী-ন, মাহবূ-বে সুন্নিয়া-ঁ, ক্বা-তিলে ওয়াহহাবিয়া-ঁ, হা-মিয়ুস সুন্নাহ্, ক্বা-মি'উল বিদ'আহ্, ফখরে যমা-ঁ, মাহবূ-বে ইনস ও জা-ঁ, হযরত মাওলা-না- দো-স্ত মুহাম্মদ সা-হেব মেখলী হাটহাযারভী 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے چاند شاہ آں مقتدائے اولیا
আয্ বরা-য়ে- চা-ন্দ শা-হ্ আঃ মুক্তাদায়ে- আউলিয়া-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওলীকুলের আদর্শ ওই হযরত চাঁদ শাহকে।

پیشوائے عارفاں و مقتدائے سالکاں
পে-শ্ওয়া-য়ে- 'আ-রিফাঃ ও মুক্তাদা-য়ে- সা-লেকাঃ
صاحب کشف و کرامت بود مشہور زماں
সা-হেবে কাশ্ফ ও কারা-মত বূ-দ মাশ্হূ-রে যামাঃ

তিনি আরিফকুল শিরমণি ও ত্বরীক্বতপন্থীদের আদর্শ।
তিনি কাশ্ফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

قرب بازار فرنگی روضۂ پرنور او
ক্বোরবে বা-যা-রে ফিরিঙ্গী- রওযায়ে পুর্নূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মরদুমাঃ পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

ওই ফিরিঙ্গী বাজারের কাছে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

ترتبش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ কবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর তু খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-	منکران اولیا را سیف برّاں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোর্‌রা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے سالکاں، یادگار عارفاں، صوفی زماں، مشہور دوراں، صاحب کمالات، مصدر فیوضات حضرت حاجی سمیع الدین صاحب باشندۂ چندر گھونا، رانگونیہ، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শ্ওয়া-য়ে- সা-লেকা-, ইয়া-দগা-রে 'আ-রেফা-, সূ-ফিয়ে যামা-, মাশহূ-রে দাওরা-, সা-হেবে কামা-লা-ত, মাসদারে ফুয়ূ-যা-ত, হযরত হা-জী- সামী-'উদ্দী-ন্ সা-হেব বা-শিন্দায়ে চন্দরঘো-না, রা-ঙ্গুনিয়া, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

ত্বরীক্বতপন্থীদের শিরমণি, 'আরিফকুলের স্মৃতিস্মারক, যুগের সূফী, যুগখ্যাত বুযুর্গ, কামলাতের ধারক, ফুয়ূযাতের উৎস, চট্টগ্রামের রাঙ্গুনিয়ার চন্দ্রঘোনা নিবাসী **হযরত হাজী সামী'উদ্দীন সাহেবের** প্রশংসায়। তাঁর উপর তাঁর স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	از برائے شاہ سمیع الدین حاجی مرحبا আয্ বরা-য়ে- শা-হ্ সামী-'উদ্দী-ন্ হা-জ্জী- মারহাবা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
হযরত হাজী সামী'উদ্দীন্ শাহকে।

صاحب کشف و کرامت بود مشہور زماں সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দে মাশহূ-রে যামা-	شد کمالاتش بیروں از حد تحریر و بیاں শুদ্ কামা-লা-তাশ বে-রূ- আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া-

তিনি কাশফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।
তাঁর বুযুর্গীসমূহ লিখন ও বর্ণনাসীমার বাইরে।

درمیان چندرگھونا روضۂ پرنور او　　مردماں پرفیض باشند دائما از ذات او
দরমিয়া-নে চন্দরঘো-না- রওযায়ে পুরনূ-রে উ-　　মরদুমা- পুর ফয়্য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

চন্দ্রঘোনায় তাঁর নূরপূর্ণ মাযার শরীফ অবস্থিত।
অগণিত মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়্যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں　　استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-　　ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں　　منکران اولیہ را سیف برّاں بیگماں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-　　মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح یکے از کبار اولیاء، محبوب خیر الوریٰ، پیشوائے سالکاں، مقتدائے عارفاں، مشہور دوراں، صاحب کشف و کرامات، معدن فیوضات وکمالات حضرت شاہ سُندر، باشندۂ اندر قلعہ کوتوالی، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে একে- আয কেবা-রে আউলিয়া-, মাহবূ-বে খায়রুল ওয়ারা-, পে-শওয়া-য়ে- সা-লেকা-, মুক্বতাদা-য়ে- 'আ-রিফা-, মাশহূ-রে দাওরা-, সা-হেবে কাশ্‌ফ ও কারা-মা-ত, মা'দিনে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত শা-হ্ সুন্দর, বা-শিন্দায়ে আন্দরক্বিল'আহ, কোতোয়ালী-, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

অন্যতম শীর্ষস্থানীয় ওলী, সৃষ্টিকুলসেরা (সত্তা)'র প্রিয়ভাজন, তৃরীক্বতপন্থীদের শিরমণি, 'আরিফকুলের আদর্শ, যুগপ্রসিদ্ধ বুযুর্গ, কাশ্‌ফ ও কারামাতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের খনি, চট্টগ্রামের কোতোয়ালী (থানা)'র আন্দরকিল্লা নিবাসী হযরত শাহ্ সুন্দর 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী'র প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	از برائے شاہ سندر مقتدائے اولیا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে- শা-হ্ সুন্দর মুক্তাদায়ে- আউলিয়া-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওলীগণের আদর্শ হযরত শাহ্ সুন্দরকে।

تاج فخر عارفاں و پیشوائے سالکاں	معدن کشف وکرامت بود مشہور زماں
তা-জে ফখরে 'আ-রিফা- ও পে-শ্ওয়া-য়ে- সা-লেকা-	মা'দিনে কাশ্ফ ও কারা-মত বূ-দ মাশহূ-রে যামা-

আরিফকূলের গৌরবমুকূট ও ত্বরীক্বতপন্থীদের শিরমণি।
তিনি কাশ্ফ ও কারামতের খনি ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

روضہ او متصل باکوتوالی تھانہ بداں	مردماں پر فیض باشند دائما از ذات آں
রওযায়ে উ- মুত্তাসিল বা কোতোয়ালী থানা বেদা-	মরদুমা- পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে আ-

জেনে রেখো! কোতোয়ালী থানার পাশে তাঁর রওযা মুবারক অবস্থিত।
অসংখ্য মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয্ রব্বে জাহা-	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیا را سیف براں بیگماں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা',
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি 'শানিত তরবারি।'

در مدح یادگار اولیاء، محبوب مصطفےٰ، پیشوائے عارفاں، مقتدائے سالکاں، مجاہد دوراں، غازی زماں، پیر مغاں، معدن کشف و کرامات، مصدر فیوضات وکمالات حضرت غزاری شاہ باشندہ دیپ پہاڑ، چاٹگام شریف رحمۃ اللہ تعالیٰ علیہ

দর মদহে ইয়া-দগা-রে আউলিয়া-, মাহবূ-বে মুসত্বফা, পে-শওয়া-য়ে- 'আ-রিফা:-, মুক্বতাদা-য়ে সা-লিকা:-, মুজা-হিদে দাওরা:-, গা-যিয়ে যামা:-, পী-রে মগা:-, মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত, মাসদারে ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত, হযরত গযা-রী- শা-হ্ বা-শিন্দায়ে দে-প্ পাহা-ড়, চা-টগা-ম্ শরীফ রাহমাতুল্লা-হি তা'আ-লা- 'আলায়হি।

'ওলীগণের স্মৃতি, হুযূর মুস্তফার প্রিয়পাত্র, আরিফকূলের শিরমণি, সালিককূলের আদর্শ, যুগের মুজাহিদ, যামানার গাযী (যুদ্ধবিজয়ী), কামিল পীর, কাশ্ফ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের উৎস, চট্টগ্রাম শরীফের দেবপাহাড় নিবাসী **হযরত গযারী শাহ্** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র প্রশংসায়-

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	از برائے شاہ غزاری آں ولی باصفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে- শা-হ্ গযা-রী- আ:- ওলী-য়ে- বা- সফা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
পুণ্যাত্মা ওলী হযরত গযারী শাহ্কে।

مقتدائے عارفاں و پیشوائے سالکاں	صاحب کشف و کرامت بود مشہور زماں
মুক্বতাদা-য়ে- 'আ-রিফা:- ও পে-শওয়া-য়ে- সা-লেকা:-	সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দে মাশহূ-রে যামা:-

আরিফকুলের আদর্শ ও ত্বরীক্বতপন্থীদের শিরমণি।
তিনি কাশ্ফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

درمیان دیپ پہاڑست روضۂ پرنور او	مرداں پرفیض باشند دائما از ذات او
দরমিয়া-নে দে-প্ পাহা-ড়াস্ত রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমা:- পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

দেবপাহাড়ে তাঁর আলোকপূর্ণ রওযা শরীফ অবস্থিত।
অগণিত মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:-	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گرتو خواہی شیر بنگالہ بداں	منکران اولیا را سیف براں بیگماں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:-	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা:- বে-গুমা:-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے فاضلاں، ہادیٔ دوراں، پیر مغاں، امام عارفاں، راہنمائے زاہداں، مشہور زماں، معدن کشف وکرامات، منبع فیض وکمالات حضرت مولانا شاہ عبد العزیز قدلپور، راؤجان

দর মদহে পে-শ্‌ওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্তাদা-য়ে- ফা-যেলা-ঁ, হা-দিয়ে দাওরা-ঁ, পী-রে মগা-, ইমা-মে 'আ-রেফা-ঁ, রাহ্‌নুমা-য়ে- যা-হেদা-ঁ, মাশহূ-রে যামা-ঁ, মা'দিনে কাশ্‌ফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফায়য্ ও কামা-লা-ত্ হযরত মাওলা-না- শা-হ্ 'আবদুল 'আযী-য, ক্বদলপুর, রাউজা-ন।

আলিমকুল শিরমণি, জ্ঞানী-গুণীদের আদর্শ, যুগের পথপ্রদর্শক, কামিল পীর, আ[illegible]ফকুলের ইমাম, সংসারের মোহত্যাগীদের পথের দিশারী, যামানার প্রসিদ্ধ বুযুর্গ, কাশ্‌ফ ও কারামাতের খনি, ফায়য্ ও কামালাতের প্রস্রবণ চট্টগ্রাম শরীফের রাউজানের কদলপূর নিবাসী **হযরত মাওলানা আবদুল আযীয শাহ্** (তাঁর উপর মহান আল্লাহ্‌র রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়।

بہر مولانا بدانی صد ہزاراں مرحبا
বাহ্‌রে মাওলা-না- বদা-নী- সদ হাযা-রা-ঁ মারহাবা-
نام آں عبد العزیز پیشوائے اولیا
না-মে আ-ঁ 'আবদুল 'আযী-য পে-শ্‌ওয়া-য়ে- আউলিয়া-

জেনে রেখো! মাওলানার জন্য শত-সহস্র মুবারকবাদ।
তাঁর নাম- 'আবদুল আযীয'। তিনি হলেন ওলীগণের শিরমণি।

مقتدائے عالماں و پیشوائے عارفاں
মুক্তাদা-য়ে- 'আ-লেমা-ঁ ও পে-শ্‌ওয়া-য়ে- 'আ-রেফা-ঁ
معدن کشف وکرامت بود مشہور زماں
মা'দিনে কাশ্‌ফ ও কারা-মত বূ-দে মাশহূ-রে যামা-ঁ

তিনি আলিমগণের আদর্শ ও 'আরিফকূলের শিরমণি।
তিনি কাশ্‌ফ ও কারামতের খনি ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

درمیان آں قدل پور روضۂ پرنور او
দরমিয়া-ন আ-ঁ ক্বদলপূ-র রওযায়ে পুরনূ-রে উ-
مرد ماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা-ঁ পুরফায়য্ বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

ক্বদলপূরে তাঁর আলোকপূর্ণ রওযা শরীফ রয়েছে।
অসংখ্য মানুষ সর্বদা তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহাঁ-	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-	منکران اولیاء را سیف براں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عارفاں، مقتدائے سالکاں، محبوب خالق، مرجع خلائق، صاحب کشف وکرامات، معدن فیوضات وکمالات حضرت بہار شاہ باشندۂ ڈھاکہ بابو بازار رحمۃ اللہ تعالیٰ علیہ

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-রিফা-, মুক্বতাদা-য়ে- সা-লেকা-, মাহবূ-বে খা-লিক্ব, মারজা'এ খালা-ইক্ব, সা-হেবে কাশফ ও কারা-মা-ত, মা'দিনে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত বাহা-র শা-হ্ বা-শিন্দায়ে ঢা-কা, বা-বূ-বা-যা-র, রাহমাতুল্লা-হি তা'আ-লা- 'আলায়হি।

আরিফকুলের শিরমণি, ত্বরীক্বতপন্থীদের আদর্শ, মহান স্রষ্টার প্রিয়পাত্র, সৃষ্টির মিলনকেন্দ্র, কাশ্ফ ও কারামতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের খনি, ঢাকার বাবূ বাজারের বাসিন্দা হযরত বাহার শাহ্ রহমাতুল্লাহি তা'আলা আলায়হির প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر بہار شاہ امام اولیاء صد مرحبا বাহরে বাহা-র শা-হ্ ইমা-মে আউলিয়া- সদ মারহাবা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
ওলীগণের ইমাম হযরত বাহার শাহ্কে শত স্বাগতম।

پیشوائے عارفاں ومقتدائے فاضلاں পে-শওয়া-য়ে- 'আ-রেফা- ও মুক্বতাদা-য়ে ফা-যেলা-	صاحب کشف وکرامت بود مشہور زماں সা-হেবে কাশফ ও কারা-মাত বূ-দে মাশহূ-রে যামা-

তিনি আরিফবান্দাদের শিরমণি এবং জ্ঞানী-গুণীদের আদর্শ।
তিনি কাশ্ফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

اندرآں بابو بازارست روضۂ پرنور او
আন্দরা: বা-বূ- বা-যা-রাস্ত রওযায়ে পুরনূ-রে ঊ.
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে ঊ-

ওই বাবূ বাজারে তাঁর নূরানী মাযার শরীফ রয়েছে।
অগণিত মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফায়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইআজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ কবূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

در مدح یکے از کبار اولیاء، محبوب سید الانبیاء، پیشوائے سالکاں، مقتدائے عارفاں، معدن کشف و کرامات، منبع فیوضات و کمالات، حضرت شاہ نظام الدین باشندۂ جنوبی پتنگہ چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে একে- আয কেবা-রে আউলিয়া-, মাহবূ-বে সাইয়্যেদুল আম্বিয়া-, পে-শওয়া-য়ে-সা-লেকা:, মুক্বতাদা-য়ে 'আ-রেফা:, মা'দিনে কাশফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত, হযরত শা-হ্ নেযা-মুদ্দী-ন বা-শিন্দায়ে জুনূ-বী- পতেঙ্গা, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

শীর্ষস্থানীয় ওলীগণের অন্যতম, নবীগণের সরদারের প্রিয়ভাজন, ত্বরীক্বতপন্থীদের শিরমণি, আরিফবান্দাগণের আদর্শ, কাশফ ও কারামতের খনি, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ, চট্টগ্রামের দক্ষিণ পতেঙ্গার অধিবাসী হযরত নিযামুদ্দীন শাহ্-এর প্রশংসায়। তাঁর মহান স্রষ্টা ও রব তাঁর উপর রহমত বর্ষণ করুক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মরিহাবা- সদ মারহাবা-
از برائے شاہ نظام الدین ولی باصفا
আয বরা-য়ে- শা-হ্ নিযা-মুদ্দী-ন ওলীয়ে বা- সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
পরিশুদ্ধ আত্মার ওলী হযরত নিযামুদ্দীন শাহ্কে।

معدن کشف و کرامات پیشوائے سالکاں
মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত্ পে-শ্ওয়া-য়ে সা-লেকা-
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ কামা-লা-তশ্ বে-রূ- আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া-

তিনি কাশ্ফ ও কারামাতের খনি, তরীক্বতপন্থীদের শিরমণি।
তাঁর বুযুর্গীসমূহ লিখন ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

در جنوبی پتنگہ روضۂ پرنور او
দর জুন্-বী- পতেঙ্গা রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মরদুমা- পুরফয়য্ বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

দক্ষিণ পতেঙ্গায় তাঁর নূরানী রওযা শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ সর্বদা তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তু খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-
منکران اولیا را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مقتدائے عالماں، پیشوائے سالکاں، یادگار عارفاں، مشہور دوراں، معدن کشف و کرامات، منبع فیوضات و کمالات حضرت مولانا عبد العزیز معروف بہ فقیر مولوی باشندۂ پٹھان ٹولی چاٹگام شریف رحمۃ اللہ تعالیٰ علیہ

দর মদহে মুক্বতাদা-য়ে- 'আ-লেমা-, পে-শ্ওয়া-য়ে- সা-লেকা-, ইয়া-দগা-রে 'আ-রেফা-, মাশহূ-রে দাওরা-, মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত হযরত মাওলা-না- 'আবদুল আযী-য্ মা'রূ-ফ বহ্ ফক্বী-র্ মাওলভী- বা-শিন্দায়ে পাঠা-নটূ-লী- চা-টগা-ম্ শরী-ফ্ রাহমাতুল্লা-হি তা'আ-লা- 'আলায়হি।

আলিমগণের আদর্শ, তরীক্বতপন্থীদের শিরমণি, আরিফবান্দাদের স্মৃতিস্মারক, যুগখ্যাত বুযুর্গ, কাশ্ফ ও কারামাতের খনি, ফুয়ূয ও কামালাতের প্রস্রবণ, চট্টগ্রামের পাঠানটুলী নিবাসী **হযরত মাওলানা আবদুল আযীয** প্রকাশ **ফক্বীর মৌলভী** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র প্রশংসায়-

بہر مولانا بدانی صد ہزاراں مرحبا
বাহরে মাওলা-না- বেদা-নী- সদ হাযা-রা: মারহাবা.
نام آں عبد العزیز ست یادگار اولیا
না-মে আ: 'আবদুল আযী-যস্ত ইয়া-দগা-রে আউলিয়া-

জেনে রেখো মাওলানাকে শত-সহস্র স্বাগতম-
ওই মাওলানার নাম আবদুল আযীয, তিনি হলেন ওলীগণের স্মৃতিস্মারক

پیشوائے عالمان و مقتدائے عارفاں
পে-শওয়া-য়ে- 'আ-লেমা: ও মুক্বতাদা-য়ে আ-রেফা:
صاحب کشف و کرامت بود مشہور زماں
সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা:

আলিমকুলের শিরমণি এবং আরিফবান্দাদের আদর্শ।
তিনি কাশ্ফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

اندر آں پٹھان ٹولی داں روضۂ پرنور او
আন্দর আঁ-পাঠা-ন টূ-লী- দা: রওযায়ে পুরনূ-রে উ-
مرد ماں پر فیض باشند دائما از ذات او
মরদুমা: পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

জেনে রেখো! পাঠানটূলীতে তাঁর নূরানী মাযার শরীফ রয়েছে।
অগণিত মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয়্ রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیا را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، راہبر سالکاں، ہادئ زماں، پیر مغاں، صاحب کشف و کرامات، مصدر فیوضات و کمالات حضرت مولانا شاہ عبدالعزیز باشندۂ خطاب چر بوالکھالی چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা:, রা-হবরে সা-লেকা:, হা-দিয়ে- যামা:, পী-রে মগা:, সা-হেবে কাশ্ফ ও কারা-মা-ত, মাসদারে ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত্ হযরত মাওলা-না- শা-হ্ 'আবদুল আযী-য বা-শিন্দায়ে খিত্তা-ব্ চর, বোয়া-লখা-লী-, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

blogspot.com

আলিমকুল শিরমণি, তুরীক্বতপন্থীদের পথের দিশারী, যুগের পথপ্রদর্শক, পীরে কামিল, কাশ্ফ ও কারামাতের ধারক, ফুয়ূয ও কামালাতের উৎস, চট্টগ্রামের বোয়ালখালীর খিতাপচর নিবাসী **হযরত মাওলানা আবদুল আযীয শাহ্'র** প্রশংসায় তাঁর উপর তাঁর স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক।

بہر مولانا بدانی صد ہزاراں مرحبا	نام آں عبد العزیز ست یادگار اولیا
বাহ্রে মাওলা-না- বদা-নী- সদ হাযা-রা: মারহাবা-	না-মে আ: 'আবদুল আযী-যাস্ত ইয়া-দ্গা-রে আউলিয়া-

জেনে রেখো মাওলানাকে শত-সহস্র স্বাগতম-
ওই মাওলানার নাম আবদুল আযীয। তিনি হলেন ওলীগণের স্মৃতিস্মারক।

پیشوائے عارفاں و مقتدائے عالماں	صاحب کشف و کرامت بود مشہور زماں
পে-শওয়া-য়ে- 'আ-রেফা: ও মুক্তাদা-য়ে আ-লেমা:	সা-হেবে কাশ্ফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা:

তিনি আলিমকুলের শিরমণি এবং আরিফবান্দাদের আদর্শ।
তিনি কাশ্ফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।

درمیان آں خطاب چر روضۂ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
দরমিয়া-নে আ: খিতাবচর রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমা: পুর ফুয়ূয বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

(বোয়ালখালীর) ওই খিতাপচরে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیا را سیف براں بیگماں
না-মে না-যেম গর তু খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	মুনকেরা-নে আউলিয়া- রা 'য়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مجذوب سالک، محبوب خالق، مرجع خلائق، مقتدائے سالکاں، پیشوائے عارفاں، معدن کشف و کرامات، منبع فیوضات

وکمالات حضرت شاہ شکر علی باشندۂ امام علی چر، بوال کھالی، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মাজযূ-বে সা-লেক, মাহবূ-বে খা-লিক্ব, মারজা'এ খালা-ইক্ব, মুক্বতাদা-য়ে-সা-লেকা-ঁ, পে-শ্ওয়া-য়ে- 'আ-রেফা-ঁ, মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত্ হযরত শা-হ্ শোকর্ 'আলী-, বা-শিন্দায়ে ইমা-ম 'আলী- চর, বোয়া-ল খা-লী-, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

মাজযূবে সালিক, মহান স্রষ্টার প্রিয়পাত্র, সৃষ্টিকূলের মিলনকেন্দ্র, ত্বরীক্বতপন্থীদের আদর্শ, আরিফকুলের শিরমণি, কাশ্ফ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ, চট্টগ্রামের বোয়ালখালীর ইমাম আলী চর নিবাসী **হযরত শোকর্ আলী শাহ্'র** প্রশংসায়। তাঁর উপর তাঁর স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	از برائے شاہ شکر علی ولی باصفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে- শা-হ্ শুকর্ 'আলী- ওলীয়ে- বা- সফা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম।
পরিশুদ্ধ আত্মার ওলী হযরত শোকর্ আলী শাহ্কে।

صاحب کشف و کرامت مقتدائے سالکاں	شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
সা-হেবে কাশ্ফ ও কারা-মাত মুক্বতাদা-য়ে- সা-লেকা-ঁ	শুদ্ কামা-লা-তাশ বে-রূ-ঁ আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া-ঁ

তিনি কাশ্ফ ও কারামতের ধারক ও ত্বরীক্বতপন্থীদের আদর্শ।
তাঁর বুযুর্গীসমূহ লিখন ও বর্ণনাসীমার বাইরে।

اندر آں امام علی چر روضۂ پرنور او	مردماں پرفیض باشند دائما از ذات او
আন্দর আ-ঁ ইমা-ম 'আলী- চর রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমা-ঁ পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

(বোয়ালখালীর) ইমাম আলী চরে তাঁর ওই নূরপূর্ণ মাযার শরীফ অবস্থিত।
অগণিত মানুষ সর্বদা তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-ঁ	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বুবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران اولیا را سیف براں بیگماں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے سالکاں، مقتدائے زاہداں، یادگار اولیا، محبوب سید الانبیاء، صاحب کشف وکرامات، منبع فیوضات وکمالات حضرت جلیل شاہ، باشندۂ خطاب چر، بوال کھالی، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- সা-লেকা:, মুক্তাদা-য়ে- যা-হেদা:, ইয়া-দগা-রে আউলিয়া-, মাহবূ-বে সাইয়্যেদুল আম্বিয়া-, সা-হেবে কাশফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত জলী-ল শা-হ্, বা-শিন্দায়ে খিতা-ব চর, বোয়া-ল খা-লী-, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

তুরীকৃতপন্থীদের শিরমণি, সংসারের মোহত্যাগীদের আদর্শ, ওলীগণের স্মৃতিস্মারক, নবীকুল সরদারের প্রিয়ভাজন, কাশ্‌ফ ও কারামাতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ, চট্টগ্রামের বোয়ালখালীর খিতাপচর নিবাসী হযরত জলীল শাহ্ আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী'র প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	از برائے شاہ جلیل آں ولی باصفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে- শা-হ্ জলী-ল্ আ: ওলীয়ে- বা- সফা-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
পরিশুদ্ধ আত্মার ওলী হযরত জলীল শাহ্‌কে।

صاحب کشف وکرامت بود مشہور زماں	پیشوائے سالکان ومقتدائے زاہداں
সা-হেবে কাশফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা:	পে-শওয়া-য়ে- সা-লেকা-ন ও মুক্তাদা-য়ে- যা-হেদা:

তিনি কাশফ ও কারামতের ধারক ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।
তিনি তুরীকৃতপন্থীদের শিরমণি সংসারত্যাগীদের আদর্শ।

درمیان آں خطاب چر روضۂ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
দরমিয়া-নে আ: খিত্তা-ব চর রওযায়ে পুরন্-রে উ-	মরদুমা: পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

ওই খিত্তাপচরে তাঁর নূরপূর্ণ মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ সর্বদা তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گرتو خواہی شیر بنگالہ بداں	منکران اولیہ را سیف براں بیگماں
না-মে না-যেম গর তু খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح پیشوائے عالماں، مقتدائے سالکاں، واعظ شیریں زباں، مرشد اہل زماں، معدن کشف وکرامات، منبع فیوضات وکمالات، صاحب جاہ وجلال، صاحب کمال، حضرت مولانا عبدالستار باشندۂ شرواتلی، بوال کھالی، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা:, মুক্বতাদা-য়ে- সা-লেকা:, ওয়া-'ইযে শী-রী: যবা:, মুরশিদে আহলে যামা:, মা'দিনে কাশফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত, সা-হেবে জা-হ্ ও জালা-ল, সা-হেবে কামা-ল, হযরত মাওলা-না- 'আবদুস সাত্তা-র, বা-শিন্দায়ে শরওয়া-তলী-, বোয়া-ল খা-লী-, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

'আলিমকূলের শিরমণি, ত্বরীক্বতপন্থীদের আদর্শ, চিত্তাকর্ষী ওয়া'ইয, যুগের লোকদের পথপ্রদর্শক, কাশফ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ, আভিজাত্য ও মহত্বের ধারক, পরিপূর্ণ-কামিল ব্যক্তিত্ব চট্টগ্রামের বোয়ালখালীর সরওয়াতলী নিবাসী হযরত মাওলানা আবদুস সাত্তার'র প্রশংসায়। (তাঁর উপর তাঁর মহান স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক!)

بہر مولانا بدانی صد ہزاراں مرحبا বাহ্‌রে মাওলা-না- বদা-নী- সদ হাযা-রাঃ মারহাবা-	نام پاکش عبد ستار آں ولی با صفا না-মে পা-কশ 'আবদে সত্তা-র আঃ ওলী-য়ে বা- সফা-

জেনে রেখো! মাওলানার জন্য শত-সহস্র মুবারকবাদ।
ওই পরিশুদ্ধ আত্মার ওলীর পবিত্র নাম হচ্ছে আবদুস সাত্তার।

مقتدائے عالماں وپیشوائے سالکاں মুক্তাদা-য়ে- 'আ-লেমাঃ ও পে-শওয়া-য়ে- সা-লেকাঃ	واعظ شیریں زبان ومرشد اہل زماں ওয়া-'ইযে শী-রীঃ যবা-ন ও মুরশেদে আহলে যামাঃ

তিনি আলিমদের আদর্শ, তরীক্বতপন্থীদের শিরমণি।
তিনি মনমুগ্ধকর কণ্ঠে ওয়াযকারী, যুগের মানুষদের পথের দিশারী।

معدن کشف وکرامات صاحب جاہ وجلال মা'দিনে কাশ্‌ফও কারা-মা-ত সা-হেবে জা-হও জালা-ল্	درزمانش من نہ بینم مثل او اہل کمال দর যামা-নশ্ মান্‌না বী-নাম মিসলে উ-আহলে কামা-ল

তিনি কাশ্‌ফ ও কারামাতের খনি, আভিজাত্য ও মহত্ত্বের ধারক।
তাঁর যুগে তাঁর মত কামিল ব্যক্তি আমি আর দেখিনি।

اندر آں شروا تلی داں روضۂ پرنور او আন্দর আঃ শরওয়াতলী দাঃ রওযায়ে পুরনূ-রে উ-	مردماں پرفیض باشند دائما از ذات او মরদুমাঃ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো! শরওয়াতলীতে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অগণিত মানুষ সবসময় তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহাঃ	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাঃ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گرتو خواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর তু খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঃ	منکران اولیاء را سیف براں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাঃ বে-গুমাঃ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح پیشوائے سالکاں، مقتدائے عارفاں، معدن کشف وکرامات، منبع فیوضات کمالات حضرت سید مکی باشندۂ

رسول آباد، ساتکانیہ چاٹگامی علیہ رحمة ربہ الباری

দর মদহে পে-শওয়া-য়ে- সা-লেকা-ঁ, মুক্তাদা-য়ে- 'আ-রেফা-ঁ, মা'দিনে কাশফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-তে কামা-লা-ত, হযরত সাইয়্যেদ মক্কী- বা-শিন্দায়ে- রসূ-ল আ-বা-দ, সা-তকা-নিয়াহ, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

ত্বরীক্বতপন্থীদের শিরমণি, আরিফকুলের আদর্শ, কাশ্‌ফ ও কারামাতের খনি, কামালাতের ফয়য-বরকতের প্রস্রবণ, চট্টগ্রামের সাতকানিয়ার রসূলাবাদ নিবাসী **হযরত সাইয়্যেদ মক্কী শাহ্**-এর প্রশংসায়। (তাঁর উপর তাঁর স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক।)

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے سید مکی امام اولیا
আয বরা-য়ে- সাইয়্যেদ মক্কী- ইমা-মে আউলিয়া-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওলীগণের ইমাম হযরত সাইয়্যেদ মক্কী শাহ্‌কে।

مخزن کشف و کرامت بود مشہور زماں
মাখযানে কাশফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা-ঁ
مقتدائے سالکاں و راہنمائے زاہداں
মুক্তাদা-য়ে- সা-লেকা-ঁ ও রা-হনুমা-য়ে- যা-হেদা-ঁ

তিনি কাশ্‌ফ ও কারামতের ভাণ্ডার ও যুগপ্রসিদ্ধ বুযুর্গ।
ত্বরীক্বতপন্থীদের আদর্শ, সংসারত্যাগী (বুযুর্গ)দের পথপ্রদর্শক।

در رسول آباد دانی روضۂ پرنور او
দর রসূ-ল আ-বা-দ দা-নী- রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پرفیض باشند دائمًا از ذات او
মরদুমা-ঁ পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো! রসূলাবাদে তাঁর ওই নূরানী মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ সর্বদা তাঁর ওই বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-ঁ
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ বেদা-ঁ
منکران اولیا را سیف بران بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-ঁ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح مقتدائے اولیا، محبوب سید الانبیاء، از گروہ سادات، معدن کشف وکرامات، منبع فیوضات وکمالات، باشندۂ انوارہ پچھم چال قرب اکبری مسجد حضرت سید جلال الدین البخاری وسید شاہ افضل وحضرت سید شاہ قطب الدین وحضرت شاہ سید جلال الدین باشندگان چاٹگام شریف رحمۃ اللہ تعالیٰ علیہم اجمعین

দর মদহে মুক্তাদা-য়ে আউলিয়া-, মাহবূ-বে সাইয়্যেদুল আম্বিয়া-, আয্ গোরো-হে সা-দা-ত, মা'দিনে কাশ্‌ফ্ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত, বা-শিন্দায়ে আনওয়া-রাহ্ পচ্ছিম চা-ল্ ক্বোরবে আকবারী মাসজিদ হযরত সাইয়্যেদ জালা-লুদ্দী-ন্ আল্-বোখা-রী- ওয়া সাইয়্যেদ শা-হ্ আফযল ও হযরত সাইয়্যেদ শা-হ্ ক্বোত্‌বুদ্দী-ন্ ও হযরত শা-হ্ সাইয়্যেদ জালা-লুদ্দী-ন্ বা-শিন্দাগা-নে চা-টগা-ম শরী-ফ রাহমাতুল্লা-হি তা'আ-লা- 'আলায়হিম আজ্‌মা'ঈ-ন্।

ওলীগণের আদর্শ, নবীকুল সরদারের প্রিয়ভাজন, নবী পাকের অন্যতম বংশধর, কাশ্‌ফ্ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ, চট্টগ্রাম শরীফের আনোয়ারার পশ্চিমচাল আকবরী মসজিদের পাশে অবস্থানরত **হযরত সাইয়্যেদ জালালুদ্দীন আল্ বোখারী, সাইয়্যেদ আফযল শাহ্, হযরত সাইয়্যেদ কুত্‌বুদ্দীন ও হযরত সাইয়্যেদ জালালুদ্দীন শাহ্** প্রমুখের প্রশংসায়। তাঁদের সকলের উপর মহান আল্লাহ্‌র রহমত বর্ষিত হোক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	از برائے چہار پیر ست یادگار اولیا আয্ বরা-য়ে- চাহা-র পী-রাস্ত ইয়া-দগা-রে আউলিয়া-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওলীগণের স্মৃতিস্মারক চারপীর আউলিয়াকে।

مخزن کشف وکرامات بوداوشاں بیگماں
মাখযানে কাশফ ও কারা-মাত বূ-দ উ- শা: বে-গুমা:
مقتدائے عالماں و پیشوائے عارفاں
মুক্তাদা-য়ে- 'আ-লেমা: ও পে-শওয়া-য়ে- 'আ-রেফা:

নিঃসন্দেহে ওই বুযুর্গগণ কাশ্‌ফ ও কারামতের ভাণ্ডার ছিলেন।
আরো ছিলেন আলিমদের আদর্শ ও আরিফকূলের শিরমণি।

اندرآں انوارہ دانی روضۂ پرنور شاں
আন্দর আ: আনওয়া-রাহ্ দা-নী- রওযায়ে পুরনূ-রে শা:
قرب مسجد اکبری آں فیض گاہ مردماں
ক্বোরবে মাসজিদে আকবরী- আ: ফায়যগা-হে মরদুমা:

জেনে রেখো! ওই আনোয়ারায় তাঁদের আলোকপূর্ণ রওযা শরীফ রয়েছে,
আকবরী মসজিদের নিকটেই মানুষের জন্য তাঁদের ফয়য্‌প্রাপ্তির স্থান।

تربت شاں باغ جنت سازای رب جہاں
তুরবাতে শা: বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁদের মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف بزاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح یکے از کبار اولیاء، محبوب سید الانبیاء، مقتدائے عارفاں، پیشوائے سالکاں، صاحب کشف وکرامات، معدن فیوضات وکمالات، ہادی دوراں، مشہور دوراں حضرت نصیر الدین چراغ دہلوی خلیفہ اجل حضرت سلطان المشائخ محبوب الٰہی خواجہ نظام الدین دہلوی رحمہما اللہ تعالی

দর মদহে একে- আয্ কেবা-রে আউলিয়া-, মাহবূ-বে সাইয়্যেদুল আম্বিয়া-, মুক্বতাদা-য়ে 'আ-রেফা:, পে-শওয়া-য়ে- সা-লেকা:, সা-হেবে কাশ্‌ফ ও কারা-মা-ত, মা'দিনে ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত, হা-দিয়ে দাওরা:, মাশহূ-রে দাওরা: হযরত নাসী-রুদ্দী-ন্ চেরা-গ্ দেহ্‌লভী খলীফায়ে আজাল্ল হযরত সুলত্বা-নুল মাশা-ইখ মাহবূ-বে ইলা-হী- খা-জাহ্ নেযা-মুদ্দী-ন দেহ্‌লভী রাহিমাহুমাল্লা-হু তা'আ-লা-।

অন্যতম শীর্ষস্থানীয় ওলী, নবীকুল সরদারের প্রিয়পাত্র, আরিফকুলের আদর্শ, ত্বরীক্বতপন্থীদের শিরমণি, কাশ্ফ ও কারামাতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের খনি, যুগের দিশারী, যামানার বিখ্যাত বুযুর্গ, পীর-মাশাইখের সুলত্বান মাহবূবে ইলাহী হযরত খাজা নিযামুদ্দীন আউলিয়ার প্রসিদ্ধ খলীফা হযরত নাসীরুদ্দীন চেরাগ দেহলভী'র প্রশংসায়। মহান আল্লাহ্ তাঁদের উভয়ের উপর রহমত বর্ষণ করুন!

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	از برائے آں چراغ دہلوی صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	আয্ বরা-য়ে- আঃ চেরা-গে দেহলভী সদ মারহাবা.

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
দিল্লীর অধিবাসী ওই প্রদীপকে (চেরাগ দেহলভী) শত স্বাগতম।

نام نامیش نصیر الدین دانی بیگماں	مرشد او بود محبوب الٰہی بیگماں
নামে না-মিয়াশ নাসীরুদ্দী-ন্ দা-নী- বে-গুমাঃ	মুরশেদে উ- বূ-দ্ মাহবূ-বে ইলা-হী- বে-গুমাঃ

এ কথা সন্দেহাতীতভাবে জেনে রেখো! তাঁর বরকতময় নাম হচ্ছে 'নাসীরুদ্দীন'।
নিঃসন্দেহে তাঁর পীর-মুর্শিদ হলেন মাহবূবে ইলাহী (হযরত খাজা নিযামুদ্দীন আউলিয়া)।

زاں سبب مشہور گشتہ درمیان مردماں	معدن کشف و کرامت بود آں فخر زماں
যাঃ সবব মাশহূ-র গশতাহ্ দরমিয়া-নে মরদুমাঃ	মা'দিনে কাশ্ফ্ ও কারা-মাত বূ-দ্ আঃ ফখরে যামাঃ

এ কারণে তিনি মানুষের মধ্যে প্রসিদ্ধ হয়ে গেছেন,
তিনি ছিলেন কাশ্ফ ও কারামাতের খনি, যুগের গৌরব।

اندر آں دہلی بدانی روضۂ پرنور او	مردماں پر فیض باشند دائما از ذات او
আন্দর আঃ দেহলভী বদা-নী- রওযায়ে পুরনূ-রে উ-	মরদুমাঃ পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

জেনে রেখো! ওই দিল্লীর মধ্যে তাঁর আলোকপূর্ণ রওযা শরীফ রয়েছে,
অসংখ্য মানুষ তাঁর ওই বরকতময় সত্তা থেকে অনবরত ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں	استجب یارب طفیل سرور پیغمبراں
তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহাঃ	ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাঃ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں	منکران اولیا را سیف براں بیگماں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঃ	মুন্কেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাঃ বে-গুমাঃ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عالماں، مقتدائے سالکاں، پیر مغاں، مشہور زماں حضرت مولانا نذیر احمد القادری خلیفہ حضرت الحاج غازی مجاہد ملت امام اہلسنت پیر سید عبد الحمید البغدادی ازہری رحمہما اللہ تعالی باشندۂ ہاٹہزاری، میکھل، باگیر گھونہ، چاٹگام شریف

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-লেমা-ঁ, মুক্তাদা-য়ে- সা-লেকা-ঁ, পী-রে মগা-ঁ, মাশহূ-রে যামা-ঁ, হযরত মাওলা-না- নাযী-র আহমদ আল্-ক্বা-দেরী- খলীফায়ে হযরতুল হাজ্জ গা-যী-, মুজা-হিদে মিল্লাত, ইমামে আহলে সুন্নাত, পীর, সাইয়্যেদ 'আবদুল হামী-দ্ আল্-বাগদা-দী- আযহারী- রাহিমাহুমাল্লা-হু তা'আ-লা- হা-টহাযা-রী- মে-খল, বা-ঘে-র্ ঘো-না, চা-টগা-ম শরী-ফ্।

'আলিমকুলের শিরমণি, ত্বরীক্বতপন্থীদের আদর্শ, কামিল পীর, যুগের বিখ্যাত ব্যক্তিত্ব, হযরতুলহাজ্জ গাযী মুজাহেদে মিল্লাত ইমামে আহলে সুন্নাত পীর সাইয়্যেদ আবদুল হামীদ আল্-বাগদাদী আযহারীর খলীফা, চট্টগ্রাম শরীফের হাটহাজারীর মেখলস্থ বাঘেরঘোনা নিবাসী **হযরত মাওলানা নযীর আহমদ আল্-ক্বাদেরী**-এর প্রশংসায়। (তাঁরা উভয়কে মহান আল্লাহ্ রহমত করুন!)

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر مولانا نذیر احمد ولی با صفا
বাহ্‌রে মাওলা-না- নাযী-র্ আহমাদ ওলীয়ে বা সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
পরিশুদ্ধ আত্মার ওলী মাওলানা নযীর আহমদকে।

خوش مزاج و خوش بیاں بودست آں مرد خدا
খোশ্ মিযা-জ্ও খোশ্ বয়া-ঁ বূ-দাস্ত আ-ঁ মর্দে খোদা-
بود ہم پیر مغاں ہم ہادیِ راہِ ہدیٰ
বূ-দ্ হাম পী-রে মগা-ঁ হাম হা-দিয়ে রা-হে হুদা-

ওই মর্দে খোদা ছিলেন সরলপ্রকৃতির ও মধুরকণ্ঠী বক্তা।
আরো ছিলেন কামিল পীর ও হিদায়াতপথের দিশারী।

اندر آں میکھل شمالی روضۂ پرنور او
আন্দর আ-ঁ মে-খল শেমা-লী- রওযায়ে পুরনূ-র উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা-ঁ পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

উত্তর মেখলে তাঁর আলোকপূর্ণ রওযা শরীফ রয়েছে।
অগণিত মানুষ তাঁর ওই বরকতময় সত্তা থেকে অনবরত ফয়্যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য্-আয়্ রব্বে জাহা-ঁ
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ কবূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-

منکران اولیا را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عارفاں، ہادی دوراں، غازی زماں، محبوب خالق انس وجاں، صاحب کشف وکرامات، معدن فیوضات وکمالات حضرت قتال شاہ باشندۂ قتال گنج، چاٹگام شریف رحمۃ اللہ تعالی علیہ

দর মদহে পে-শ্ওয়া-য়ে- 'আ-রেফা-, হা-দিয়ে দাওরা-, গা-যিয়ে যামা-, মাহবূ-বে খা-লিক্বে ইন্স্ ও জা-, সা-হেবে কাশ্ফ ও কারা-মা-ত, মা'দিনে ফুয়ূ-যা-ত্ ও কামা-লা-ত হযরত ক্বাত্তাল্ শাহ্ বাশিন্দায়ে ক্বাতাল্ গঞ্জ, চাটগাম শরীফ রাহমাতুল্লা-হি তা'আ-লা- 'আলায়হি।

আরিফগণের শিরমণি, যুগের দিশারী, যামানার গাযী, জিন্-মানবের সৃষ্টিকর্তার প্রিয়ভাজন, কাশ্ফ ও কারামাতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের খনি, চট্টগ্রাম শরীফের কাতালগঞ্জ নিবাসী **হযরত ক্বাত্তাল শাহ্** (কাতাল শাহ্) রাহমাতুল্লাহি তা'আলা আলায়হি'র প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-

بہر آں قتال شاہ حامی دیں مصطفیٰ
বাহ্‌রে আ- ক্বাত্তা-ল শা-হ্ হা-মিয়ে দী-নে মুস্তফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
ওই মুস্তফার দ্বীনের সাহায্যকারী হযরত ক্বাত্তাল শাহকে।

غازی دین محمد بود آں مرد خدا
গা-যিয়ে দী-নে মুহাম্মদ বূ-দ আ- মরদে খোদা-

مخزن کشف وکرامت بود آں اہل صفا
মাখযানে কাশ্ফ ও কারা-মাত বূ-দ্ আ- আহলে সফা-

ওই মর্দে খোদা হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম'র দ্বীনের যুদ্ধবিজয়ী সৈনিক
আরো ছিলেন পরিশুদ্ধ আত্মার ওলী ও কাশ্ফ-কারামাতের ভাণ্ডার।

اندر آں قتال گنج است روضۂ پرنور او
আন্দর আ- ক্বাতা-লগঞ্জ আস্ত রওযায়ে পুরনূ-র উ-

مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমা- পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

ওই কাতালগঞ্জে তাঁর আলোকপূর্ণ রওযা শরীফ রয়েছে।.
অসংখ্য মানুষ তাঁর ওই বরকতময় সত্তা থেকে অনবরত ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-ঁ
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-ঁ

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-ঁ
منکران اولیا را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা-ঁ বে-গুমা-ঁ

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح شاہ دین و دنیا، تارک الدنیا، یادگار اولیاء، پیشوائے عارفاں، مقتدائے زاہداں، مشہور دوراں، پیر مغاں، مخزن کشف و کرامات، منبع فیوضات، مصدر کمالات حضرت شاہ جہانی باشندۂ بھٹیاری، مادام بی ہاٹ، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে শা-হে দী-ন ও দুনয়া-, তা-রিকুদ দুনয়া-, ইয়া-দগা-রে আউলিয়া-, পে-শওয়া-য়ে- 'আ-রেফা-ঁ, মুক্বতাদা-য়ে- যা-হেদা-ঁ, মাশহূ-রে দাওরা-ঁ, পী-রে মগা-ঁ, মাখযানে কাশফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত, মাসদারে কামা-লা-ত হযরত শা-হ্ জাহা-নী-, বা-শিন্দায়ে ভাটিয়া-রী-, মা-দা-ম বী- হা-ট, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী- ।

দ্বীন ও দুনিয়ার বাদশাহ্, দুনিয়ার মোহত্যাগী, ওলীগণের স্মৃতিস্মারক, আরিফকুল শিরমণি, সংসারের প্রতি অনাসক্ত বুযুর্গদের আদর্শ, যুগখ্যাত বুযুর্গ, কামিল পীর, কাশফ ও কারামাতের খনি, ফয়য-বরকতের প্রস্রবণ, কামালাতের উৎস, চট্টগ্রামের ভাটিয়ারীর মাদামবিবিরহাট নিবাসী **হযরত শাহ্ জাহানী** আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী'র প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے شاہ جہانی نور چشم اولیا
আয বরা-য়ে- শা-হ্ জাহা-নী- নূ-রে চশ্‌মে আউলিয়া-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
ওলীগণের চোখের আলো হযরত শাহ্ জাহানীকে।

شاہ دنیا بود اکنوں گشت شاہ اولیا
শা-হে দুনয়া- বূ-দ আকনূ-ঁ গশ্‌তে শা-হে আউলিয়া-
تارک الدنیا نہ بینم مثل آں مرد خدا
তা-রিকুদ দুনয়া নাহ্ বী-নাম মিসলে আ-ঁ মর্দে খোদা-

তিনি ছিলেন দুনিয়ার বাদশাহ্ আর এখন ওলীগণের বাদশাহ্।
ওই মর্দে খোদার মতো দুনিয়াত্যাগী আমি আর কোথাও দেখিনি।

معدن کشف وکرامت بود مشہور زماں
মা'দিনে কাশফ ও কারা-মাত বূ-দ মাশহূ-রে যামা-
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ কামা-লা-তশ বে-রূ- আয হদ্দে তাহরী-র ও বয়া-

তিনি কাশফ ও কারামতের খনি এবং যুগখ্যাত বুযুর্গ।
তাঁর কামালাত লিখন ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

روضۂ او متصل بازار مادام بی بداں
রওযায়ে উ মুত্তাসিল বা-যা-র মা-দা-ম বী- বদা-
مرقد خلفائے ادہم متصل با او بداں
মারক্বদে খুলাফা-এ আদহাম মুত্তাসেল বা- উ- বদা-

জেনে রেখো! তাঁর মাযার শরীফ মাদাম বিবির হাট সংলগ্ন। আরো জেনে রেখো!
হযরত আদহামের কতিপয় খলীফার মাযারও তাঁর মাযারের সাথে রয়েছে।

تربت شاں باغ جنت سازای رب جہاں
তুরবাতে শা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা-
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁদের মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল-সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা-
منکران اولیہ را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مجذوب سالک، محبوب خالق، مرجع خلائق، مشہور دوراں، پیشوائے عارفاں، مقتدائے زاہداں، مخزن کشف وکرامات، صاحب مقامات، معدن فیوضات وکمالات حضرت ڈال چاول میاں باشندۂ کومیرا، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মাজযূ-বে সা-লেক, মাহবূ-বে খা-লেক্ব, মারজা'এ খালা-ইক্ব, মাশহূ-রে দাওরা-, পে-শওয়া-য়ে- 'আ-রেফা-, মুক্বতাদা-য়ে- যা-হেদা-, মাখযানে কাশফ ও কারা-মা-ত, সা-হেবে মাক্বা-মা-ত, মা'দিনে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত ডা-ল চা-উল মিয়া- বা-শিন্দায়ে কূ-মিরা, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

মাজযূবে সালিক, মহান স্রষ্টার প্রিয়ভাজন, সৃষ্টির মিলনকেন্দ্র, যুগের প্রসিদ্ধ বুযুর্গ, আরিফবান্দাদের শিরমণি, দুনিয়ার মোহত্যাগী বুযুর্গদের আদর্শ, কাশফ ও কারামাতের ভাণ্ডার, উঁচু মর্যাদাদির আসনে আসীন, ফুয়ূযাত ও কামালাতের ভাণ্ডার, চট্টগ্রামের কুমিরা নিবাসী **হযরত ডাল চাউল মিয়াঁ** আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী'র প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা.
بہر ڈال چاول میاں آں تاج فخر اولیا
বাহরে ডা-ল চাউল মিয়াঁ: আঁ: তা-জে ফখরে আউলিয়া-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
ওলীগণের গৌরবমুকুট হযরত ডাল-চাউল মিয়াঁকে।

معدن کشف و کرامت بود مشہور زماں
মা'দিনে কাশফ ও কারা-মাত বূ-দ্ মাশহূ-রে যামা:
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ্ কামা-লা-তাশ বে-রূ: আয্ হদ্দে তাহরী-র্ ও বয়া:

তিনি কাশফ ও কারামতের খনি এবং যুগখ্যাত বুযুর্গ ছিলেন,
তাঁর বুযুর্গীসমূহ লিখন ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

روضۂ او بر جبل اندر کومیرا بیگماں
রওযায়ে উ- বর জাবাল আন্দর কূমিরা বে-গুমা:
مردماں پر فیض باشند دائما از ذات آں
মরদুমা- পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে আঁ:

নিঃসন্দেহে তাঁর মাযার শরীফ ওই কূমিরার পাহাড়ের উপরে অবস্থিত,
অসংখ্য মানুষ তাঁর ওই বরকতময় সত্তা থেকে সর্বদা ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্বূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیا را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

درمدح یادگار عارفاں، فخر عابداں، مقتدائے زاہداں، مشہور دوراں، معدن کشف وکرامات، منبع فیوضات وکمالات، حضرت چنگی مستان، باشندۂ دھوم، میر سرائی، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে ইয়া-দ্গা-রে 'আ-রেফা-, ফখরে 'আ-বেদা-, মুক্বতাদা-য়ে- যা-হেদা-, মাশহূ-রে দাওরা-, মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত, মাম্বা'এ ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত চুঙ্গী-মাস্তা-ন, বা-শিন্দায়ে ধূ-ম, মী-রসরা-ঈ, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

আরিফবান্দাদের স্মৃতিস্মারক, আবিদগণের গৌরব, দুনিয়ার মোহত্যাগীদের আদর্শ, যুগখ্যাত বুযুর্গ, কাশ্ফ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের প্রস্রবণ, চট্টগ্রামের মিরসরাই'র ধূম নিবাসী **হযরত চুঙ্গী মাস্তান** 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী'র প্রশংসায়।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے چنگی مستاں آں ولی باصفا
আয বরা-য়ে- চুঙ্গী- মাস্তাː আː ওলী-য়ে বা- সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
ওই পরিশুদ্ধ আত্মার ওলী হযরত চুঙ্গী মাস্তানকে।

صاحب کشف وکرامت تاج فخر عارفاں
সা-হেবে কাশফও কারা-মাত তা-জে ফখরে 'আ-রেফাː
شد کمالاتش بیروں از حد تحریر و بیاں
শুদ কামা-লা-তাশ বে-রূː আয হদ্দে তাহরী-র ও বয়াː

তিনি কাশ্‌ফ ও কারামতের ধারক এবং আরিফবান্দাদের গৌরবমুকুট।
তাঁর বুযুর্গীসমূহ লিখন ও বর্ণনার সীমা ছাড়িয়ে গেছে।

اندر آں دھوم اسٹیشن داں روضۂ پر نور او
আন্দর আː ধূ-ম স্টেশন দাː রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মরদুমাː পুর ফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে উ-

জেনে রেখো! ওই ধুম রেল স্টেশনে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ তাঁর ওই বরকতময় সত্তা থেকে সবসময় ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহাː
استجب یارب طفیل سرور پیغمبراں
ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরাː

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ কবূল করুন।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ- খা-হী- শে-রে বাঙ্গা-লাহ বেদাː
منکران اولیا را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররাː বে-গুমাː

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح پیشوائے عارفاں، ہادئ زماں، پیر مغاں، مشہور دوراں، صاحب کشف وکرامات، معدن فیوضات وکمالات، حضرت خواجہ عبد الرحمن ہزاروی پشاوری، مرشد حضرت مولانا پیر سید احمد شاہ، بانی مدرسہ جامعہ احمدیہ سنیہ سولہ شہر چاٹگام شریف رحمہما اللہ تعالیٰ

দর মদহে পে-শওয়া-য়ে- 'আ-রেফা-', হা-দিয়ে যামা-, পী-রে মগা-, মাশহূ-রে দাওরা-, সা-হেবে কাশ্‌ফ ও কারা-মা-ত, মা'দিনে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত খা-জা 'আবদুর রহমা-ন হাযারভী পেশা-ওয়ারী-, মুরশেদে হযরত মাওলা-না- পী-র্‌ সাইয়্যেদ আহমাদ শা-হ্‌, বা-নিয়ে জা-মি'আহ্‌ আহমাদিয়া সুন্নিয়া, সো-লাহ্‌ শহর, চা-টগা-ম শরী-ফ রাহিমাহুমাল্লা-হু তা'আ-লা- ।

আরিফকূল শিরমণি, যুগের পথপ্রদর্শক, কামিল পীর, যুগখ্যাত বুযুর্গ, কাশ্‌ফ ও কারামাতের ধারক, ফুয়ূযাত ও কামালাতের খনি, চট্টগ্রাম ষোলশহরস্থ জামেয়া আহমদিয়া সুন্নিয়ার প্রতিষ্ঠাতা মাওলানা পীর হযরত সাইয়্যেদ আহমদ শাহ্ সিরিকোটীর পীর-মুর্শিদ হযরত **খাজা আবদুর রহমান (চৌহরভী) হাযারভী পেশাওয়ারী** (মহান আল্লাহ্ তাঁদের উভয়কে দয়া করুন)-এর প্রশংসায়

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	بہر خواجہ عبد رحمن آں ولی باصفا বাহ্‌রে খা-জা 'আবদুর রহমা-ন আ- ওলীয়ে বা- সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
ওই পরিশুদ্ধ আত্মাসমৃদ্ধ ওলী হযরত খাজা আবদুর রহমান চৌহরভীকে।

مخزن کشف و کرامت بود آں تاج زماں মা'দিনে কাশ্‌ফ ও কারা-মাত বূ-দ্‌ মাশহূ-রে যামা-	شد کمالاتش بیروں از حد تحریر و بیاں শুদ্‌ কামা-লা-তাশ বে-রূ- আয্‌ হদ্দে তাহরী-র্‌ ও বয়া-

তিনি কাশ্‌ফ ও কারামতের ভাণ্ডার এবং যুগের রাজমুকুট।
তাঁর কামালাত লিখন ও বর্ণনা সীমার বাইরে।

روضۂ پرنور او اندر ہزارہ ضلع داں রওযায়ে পুরনূ-র উ- আন্দর হাযা-রা যিলা' দা-	مردماں پرفیض باشند دائما از ذات آں মরদুমা- পুরফায়য্‌ বা-শন্দ দা-ইমান আয্‌ যা-তে আঁ-

জেনে রেখো! (পাকিস্তানের) ওই হাজারা জিলায় তাঁর নূরানী রওযা শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ তাঁর বরকতময় সত্তা থেকে সবসময় ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ্‌ রা- বা-গে জান্নাত সা-য্‌ আয় রব্বে জাহা-	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা-

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকূল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্‌ বেদা-	منکران اولیا را سیف براں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা- বে-গুমা-

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।

در مدح مجذوب سالک، محبوب خالق، مرجع خلائق، معدن کشف وکرامات، مصدر فیوضات وکمالات، مشہور زماں، حضرت لعل میاں فقیر باشندۂ اُرکرچر، گجارہ، نواپاڑہ، چاٹگامی علیہ رحمۃ ربہ الباری

দর মদহে মাজযূ-বে সা-লেক, মাহবূ-বে খা-লেক্ব, মারজা'এ খালা-ইক্ব, মা'দিনে কাশ্ফ ও কারা-মা-ত, মাসদারে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত, মাশহূ-রে যামাঁ- হযরত লা'আল মিয়াঁ- ফক্বী-র বা-শিন্দায়ে উরকিরচর, গুজা-রাহ্, নোয়া-পা-ড়াহ্, চা-টগা-মী- 'আলায়হি রাহমাতু রাব্বিহিল বা-রী-।

মাজযূবে সালিক (পর্যায়ের) বুযুর্গ, মহান স্রষ্টার প্রিয়পাত্র, সৃষ্টিকূলের মিলনকেন্দ্র, কাশ্ফ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের উৎস, যুগের প্রসিদ্ধ বুযুর্গ, চট্টগ্রামের উরকিরচর, গুজরা, নোয়াপাড়ার অধিবাসী **হযরত লাল মিয়াঁ ফক্বীর** -এর প্রশংসায়, তাঁর উপর তাঁর স্রষ্টা-রবের রহমত বর্ষিত হোক।

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
از برائے لعل میاں آں فقیر با صفا
আয্ বরা-রে- লা'আল মিয়াঁ- আঁ- ফক্বী-রে বা- সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
ওই পরিশুদ্ধ আত্মাসম্পন্ন ওলী হযরত লাল মিয়াঁ ফক্বীরকে।

بود او مجذوب سالک درمیان اولیا
বূ-দ্ উ- মাজযূ-বে সা-লেক দরমিয়া-নে আউলিয়া-
صاحب کشف وکرامت بود آں مرد خدا
সা-হেবে কাশ্ফ ও কারা-মাত্ বূ-দ্ আঁ- মর্দে খোদা-

তিনি ছিলেন ওলীগণের মধ্যে মাজযূবে সালিক (পর্যায়ের) বুযুর্গ।
তিনি কাশ্ফ ও কারামতের ধারক, (মহান) মর্দে খোদা।

اندر آں ارکیرچر داں روضۂ پرنور او
আন্দরাঁ- উরকীরচর দাঁ- রওযায়ে পুরনূ-র উ-
مردماں پرفیض باشند دائما از ذات او
মরদুমাঁ- পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান আয্ যা-তে উ-

জেনে রেখো, ওই উরকিরচরে রয়েছে তাঁর নূরানী মাযার শরীফ।
অসংখ্য মানুষ তাঁর বরকতময় সত্তা থেকে সর্বদা ফয়যপ্রাপ্ত হয়।

ترتبش را باغ جنت سازای رب جہاں তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য আয় রব্বে জাহা:	استجب یارب طفیل سرور پیغمبراں ইস্তাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।

نام ناظم گر بخواہی شیر بنگالہ بداں না-মে না-যেম গর ব খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	منکران اولیاء را سیف براں بیگماں মুনকেরা-নে আউলিয়া- রা সায়ফে বোররা: বে-গুমা:

তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা।'
নিঃসন্দেহে ওলীবিরোধীদের জন্য তিনি হলেন শানিত তরবারি।

درمدح پیشوائے عالماں، مقتدائے سالکاں، ہادئ زماں، مشہور دوراں، معدن کشف وکرامت، صاحب فیوضات وکمالات حضرت مولنا شاہ امین الحق باشندۂ ہربانگ حال ساکن چرندیپ حولہ چاٹگامی خلیفۂ غوث الاعظم میجبھنڈاری علیہما رحمۃ رب ہما الباری

দর মদহে পে-শ্‌ওয়া-য়ে- 'আ-লেমা:, মুক্বতাদা-য়ে- সা-লেকা:, হা-দিয়ে যামা:, মাশহূ-রে দাওরা:, মা'দিনে কাশ্‌ফ ও কারা-মাত, সা-হেবে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত মাওলা-না-শা-হ্ আমী-নুল হাক্ব বা-শিন্দায়ে হা-রবা-ঙ্গ, হা-ল সা-কিনে চরন্দী-প, হাওলাহ্, চা-টগা-মী-'আলায়হি রাহমাতু রাব্বিহি্ল বা-রী-, খলী-ফায়ে গাউসুল আ'যম মাইজভাণ্ডারী 'আলায়হিমার রাহমাতু রাব্বিহিমাল বা-রী-।

আলিমকুল শিরমণি, ত্বরীক্বতপন্থীদের আদর্শ, যুগের পথপ্রদর্শক, যুগখ্যাত বুযুর্গ, কাশ্‌ফ ও কারামাতের খনি, ফুয়ূযাত ও কামালাতের ধারক, হারবাঙ্গবাসী বর্তমানে চট্টগ্রামের চরণদ্বীপের হাওলা নিবাসী, গাউসুল আ'যম মাইজভাণ্ডারীর খলীফা **হযরত মাওলানা আমীনুল হক শাহ্'র** প্রশংসায়, তাঁদের উপর তাঁদের মহান স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক।

بہر ہربنگی امین الحق ہزاراں مرحبا বাহ্‌রে হারবাঙ্গী আমী-নুল হক্ব হাযা-রা: মারহাবা-	پیشوائے عالمان و مقتدائے اولیا পেশ্‌ওয়া-য়ে- 'আ-লেমা-ন্ ও মুক্বতাদা-য়ে- আউলিয়া-

হযরত আমীনুল হক হারবাঙ্গীকে শত-সহস্র মুবারকবাদ।
তিনি ছিলেন আলিমকুলের শিরমণি ও ওলীগণের আদর্শ।

معدن کشف وکرامت بود مشہور زماں
মা'দিনে কাশ্‌ফ ও কারা-মাত বূ-দ্ মাশ্‌হূ-রে যামা-
فیض یاب غوث الاعظم شاہ مجھنڈار داں
ফয়য্ ইয়া-বে গাউসুল আ'যম শা-হে মাইজভাণ্ডার দা-

তিনি কাশ্‌ফ ও কারামতের খনি এবং যুগের প্রসিদ্ধ বুযুর্গ ছিলেন।
জেনে রেখো, তিনি শাহে মাইজভাণ্ডার হযরত গাউসুল আ'যমের ফয়যপ্রাপ্ত।

اندر آں حولہ چرندیپ روضۂ پرنور او
আন্দর আ- হাওলা চরণদী-প রওযায়ে পুরনূ-রে উ-
مردماں پر فیض باشند دائما از ذات او
মরদুমা- পুর ফয়য্ বা-শন্দ দা-ইমান্ আয্ যা-তে উ-

চরণদ্বীপের ওই হাওলায় তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ তাঁর বরকতময় সত্তা থেকে সর্বদা ফয়যপ্রাপ্ত হয়।

تربتش را باغ جنت سازای رب جہاں
তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা-
হে আল্লাহ্! জান্নাতকে তাঁর ঠিকানা করে দিন!
হুযূর মুস্তফার ওসীলায় এ দু'আ ক্বূল করুন!

مناجات بدرگاہ قاضی الحاجات

মুনা-জা-ত ব দরগা-হে ক্বা-দ্বিউল হা-জা-ত্

চাহিদা পূরণকারী(আল্লাহ্)'র দরবারে মুনাজাত

یا الٰہی رحم کن بر ایں عزیز	بخش دے جملہ خطائے ایں عزیز
এয়া- ইলা-হী- রহম কুন বর ঈঁ 'আযী-য্	বখ্শ্ দে- জুমলাহ্ খাত্বা-এ- ঈঁ 'আযী-য্

হে আল্লাহ্! এ আযীযের উপর দয়া করুন!
এ আযীযের সমস্ত গুনাহ্ ক্ষমা করে দিন!

یا الٰہی عافیت او را بدہ	در دلش حب نبی غبش بدہ
এয়া- ইলা-হী- 'আ-ফিয়াত উ- রা- বদেহ্	দর দিলশ হুব্বে নবী- গিব্বাশ বেদেহ্

হে আল্লাহ্! তাঁকে শারীরিক সুস্থতা দান করুন! অতঃপর
তাঁর অন্তরে নবীর ভালবাসা পূর্ণরূপে দান করুন!

حب احمد از تو جوید ایں عزیز	آرزو جز ایں ندارد ایں عزیز
হুব্বে আহমদ আয্ তু- জো-য়াদ ঈঁ 'আযী-য্	আ-রয্- জুয্ ঈঁ নদা-রদ ঈঁ 'আযী-য্

হুযূর আহমদ মুজতাবার ভালবাসা চায় এ আযীয আপনারই দরবারে।
এটা ব্যতীত আর কিছু চায়না এ আযীয।

او سگ درگاہ حضرت آمدہ	آرزو مند شفاعت زوشدہ
উ- সগে দরগা-হে হযরত আ-মদাহ্	আ-রয্- মন্দ শাফা-'আত য্- শুদাহ্

ওই কুকুরটি হযরতের মহান দরবারে এসেছে।
(সে) তাঁর নিকট শাফা'আত কামনা করছে।

Yqadri.blogspot.com

یا الٰہی والدین بندہ را
در گذار از فضل تو جملہ خطا
এয়া- ইলা-হী- ওয়া-লিদাঈনে বান্দাহ্ রা-
দরগুয-র আয ফযলে তু- জুমলাহ্ খাত্বা-

হে আল্লাহ্! এ বান্দার পিতামাতার সমস্ত গুনাহ্
আপনার অনুগ্রহে ক্ষমা করে দিন।

یا الٰہی ایں دعا را کن قبول
از طفیل حضرت احمد رسول
এয়া- ইলা-হী ঈ- দু'আ- রা- কুন কুবূ-ল
আয তোফায়লে হযরতে আহমদ রসূ-ল

হে আল্লাহ্! এ দু'আ কুবূল করুন!
হযরত রসূলে করীম আহমদ মুজতাবার ওসীলায়।

ہر کہ باشد زیں رسالہ مستفید
آرزو دارم از و وقت سعید
হার কেহ্ বা-শদ যী- রেসা-লাহ্ মুস্তাফী-দ
আ-রযূ- দা-রম আয ও ওয়াক্বতে সা'ঈ-দ

যে কেউ এ পুস্তক দ্বারা উপকৃত হবে
তার নিকট সৌভাগ্যপূর্ণ সময়ে এ-ই কামনা করি।

دست بر دارد بحق بہر دعا
جہت ایں بو الفیض از کار خطا
দস্ত বর দা-রদ ব হক্বে বাহ্‌রে দু'আ-
জেহতে ঈ- বুল ফয়য আয কা-রে খাত্বা-

সে যেন দু'আর জন্য হাত প্রসারিত করে এ আবুল ফয়য (কল্যাণকামী)-এর জন্য,
যাতে তিনি তার ভুল-ত্রুটি ক্ষমা করে দেন।

ختم گردید ایں کتاب از فضل حق
مژدہ بہر سنیاں اہل حق
খতম গরদে-দ ঈ- কিতা-ব আয ফযলে হক্ব
মুযদাহ্ বাহ্‌রে সুন্নিয়া-নে আহলে হক্ব

আল্লাহ্‌র অনুগ্রহক্রমে এ কিতাব সমাপ্ত হলো।
এটা হক্বপন্থী (তথা) সুন্নীদের জন্য সুসংবাদই।

بہر کاتب مولانا احمد سعید
دہ ترقی در دو عالم ای حمید
বাহ্‌রে কা-তিব মাওলা-না- আহমদ সা'ঈ-দ
দেহ্ তরক্বকী- দর দো- 'আ-লম আয় হামী-দ

অনুলিপি প্রস্তুতকারক মাওলানা আহমদ সা'ঈদকে-
হে প্রশংসিত (আল্লাহ্), উভয় জগতে উন্নতি দান করুন।

تہنیت نامہ

তাহনিয়্যাত না-মাহ

অভিনন্দনপত্র

مِنْ جَانِبِ الْحَبْرِ الْقَمْقَامِ وَالنِّحْرِيْرِ الطِّمْطَامِ الْعَالِمِ الْيَاْمَعِيِّ وَالْفَاضِلِ اللَّوْذَعِيِّ شَمْسِ الْعُلَمَاءِ تَاجِ الْاُدَبَاءِ بَدْرِ الْفُضَلَاءِ فَخْرِ الْكُمَلَاءِ الْعَالِمِ النَّبِيْلِ وَالْفَاضِلِ الْجَزِيْلِ جَامِعِ الْحَسَنَاتِ مُحْرِزِ الْكَمَالَاتِ عَلَّامَةِ الزَّمَانِ فَهَّامَةِ الدَّوْرَانِ سُلْطَانِ الْمُنَاظِرِيْنَ فَخْرِ الْمُقَرَّبِيْنَ سِرَاجِ السَّالِكِيْنَ مَرْجَعِ الْخَوَاصِّ وَالْعَوَامِّ مُقْتَدَاءِ الْمَشَائِخِ الْعَلَّامِ بَقِيَّةِ السَّلَفِ حُجَّةِ الْخَلَفِ حَضْرَةِ الْحَاجِّ الْعَلَّامَةِ السَّيِّدِ عَلَوِيِّ بْنِ السَّيِّدِ عَبَّاسٍ الْمَالِكِيِّ الْمَكِّيِّ الْمُدَرِّسِ بِمَدْرَسَةِ الْفَلَاحِ وَالْمَسْجِدِ الْحَرَامِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ جَعَلَ الْحَجَّ سَبِيْلًا لِلتَّعَارُفِ وَالتَّالِيْفِ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِىْ بَعَثَهُ اللّٰهُ بِالْعُلُوْمِ وَالْمَعَارِفِ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ اُولِى الْمَكَارِمِ وَالتَّعَاطُفِ اَمَّا بَعْدُ فَقَدْ اِجْتَمَعْنَا فِىْ سَنَةِ ١٣٧٦هـ بِحَضْرَةِ الْمَوْلَوِىِّ السَّيِّدِ مُحَمَّد عَزِيْزُ الْحَقِّ عُرِفَ شِيْرِ بَنْغَال وَتَذَاكَرْنَا فِىْ مَسَائِلَ عَدِيْدَةٍ وَّاَحْكَامٍ مُّفِيْدَةٍ فَوَجَدْنَاهُ عَالِمًا فَاضِلًا نَفَعَ اللّٰهُ بِهٖ وَنَصَرَهٗ عَلٰى حَقِّ اِرَادَتِهٖ بَلَّغَهٗ مُنَاهُ بِمَنِّهٖ وَكَرَمِهٖ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ.

اَلسَّيِّد عَبَّاس الْعَلَوِىّ الْمَالِكِىّ

اَلْمُدَرِّس بِالْحَرَمِ الشَّرِيْفِ بِمَكَّةَ الْمُكَرَّمَةِ وَالْمُفْتِيّ الْاَعْظَمِ فِيْهَا

اَسْمَاء شَاهِدِيْن حَاضِرِيْن!

١ـ الحاج مولنا عبد المنان چاٹگامی بمكة ٢ـ الحاج مولوی شمس الاسلام کاظمی چاٹگامی ٣ـ الحاج مولانا نور الهدیٰ القادری بن مولانا نور احمد مرحوم چاٹگامی ٤ـ معلم عبد الحق سردار ... مكه مکرمه ٥ـ ايوب علی بمكة مكرمة

সুদক্ষ, বিজ্ঞ আলিমে দ্বীন, প্রসিদ্ধ গুণীজন, সাহিত্য বিশারদদের মুকুট, গুণীজনদের পূর্ণিমাচাঁদ, কামিল লোকদের গর্ব, বহু গুণ ও কামালাতের ধারক, আল্লামা-ই যামান, যুগশ্রেষ্ঠ জ্ঞানী, মুনাযিরগণের সম্রাট, ফখরুল মুক্বাররিরীন, তুরীক্বতপন্থীদের প্রদীপ, বিশেষ ও সাধারণ লোকদের প্রত্যাবর্তণস্থল, বহু পীর-মাশাইখের মুক্বতাদা, পূর্ববর্তীদের অবশিষ্ট, পরবর্তীদের দলীল, হযরতুল হাজ্জ আল্লামা সাইয়্যেদ আলাভী ইবনে সাইয়্যেদ আব্বাস মালেকী মক্কী-শিক্ষক, মাদরাসাতুল ফালাহ্ ও মসজিদে হারাম -এর পক্ষ থেকে:

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি হজ্জকে বিশ্ব মুসলমানদের জন্য পরস্পর পরিচয় ও ভালবাসার উপায় করেছেন, দুরূদ ও সালাম আমাদের মহান সরদার হযরত মুহাম্মদ মুস্তফার উপর; যাঁকে আল্লাহ্ জ্ঞান-বিজ্ঞান সহকারে পাঠিয়েছেন এবং তাঁর বংশধর ও সাহাবীদের উপরও, যাঁরা উন্নত চরিত্রের অধিকারী ও পরস্পর হৃদয়বান।

অতঃপর আমরা ১৩৭৬ হিজরীতে হযরত মৌলভী সাইয়্যেদ মুহাম্মদ আযীযুল হক্ব প্রকাশ 'শেরে বাংলা'র সাথে সমবেত হয়েছি। আর বহু মাসআলা ও উপকারী বিধি-বিধান সম্পর্কে পরস্পর আলোচনা করেছি। আমরা তাঁকে একজন বিজ্ঞ আলিম, বিশিষ্ট গুণীজন হিসেবে পেয়েছি। আল্লাহ্ তাঁর দ্বারা (সৃষ্টিকে) উপকৃত করুন এবং তাঁকে তাঁর সদিচ্ছা পূরণে সাহায্য করুন। তিনি তাঁকে তাঁর কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছিয়ে দিন- আপন অনুগ্রহ ও বদান্যতা দ্বারা। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি সমস্ত জগতের প্রতিপালক।

সাইয়্যেদ আব্বাস আলাভী আল্ মালেকী
হেরম শরীফের শিক্ষক, মক্কা মুকাররামাহ্ ও সেখানকার মুফতিয়ে আ'যম

স্বাক্ষীগণ:

১. আলহাজ্ব মাওলানা আবদুল মান্নান চাটগামী, মক্কা শরীফ
২. আলহাজ্ব মৌলভী শামসুল ইসলাম আল্ কাযেমী, চট্টগ্রাম
৩. আলহাজ্ব মাওলানা নূরুল হুদা আল্ক্বাদেরী
ইবনে মরহুম মাওলানা নূর আহমদ, চট্টগ্রাম
৪. মু'আল্লিম আবদুল হক্ব সরদার, মক্কা মুকাররামাহ্
৫. আইয়ূব আলী, মক্কা মুকাররামাহ্

تهنيت نامه

مِنْ جَانِبِ شَمْسِ الْعُلَمَآءِ تَاجِ الْاُدَبَآءِ بَدْرِ الْفُضَلَآءِ فَخْرِ الْكُمَلَاءِ اَلْحَبْرِ الْقَمْقَامِ وَالنَّحْرِيْرِ الطَّمْطَامِ الْعَالِمِ النَّبِيْلِ وَالْفَاضِلِ الْجَزِيْلِ عَلَّامَةِ الزَّمَانَ فَهَّامَةِ الدَّوْرَانِ اَلسَّيِّدِ اَبُو الْبَرَكَات شَاكِر اَحْمَد الْمَدَنِى الْاَزْهَرِى

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ وَاللّٰهُ ذُوْ الْفَضْلِ الْعَظِيْمِ . لِيَكُنْ مَّعْلُوْمًا لَدٰى عُلَمَاءِ الْبَنْغَالِ الْكِرَامِ عَامَّةً وَمُسْلِمِى الِ جاتجام خَاصَّةً بِاَنَّ الْمَوْلَوِىَّ مَوْلَانَا اَلسَّيِّد عَزِيْزَ الْحَقِّ اَلْقَادِرِىَّ مُدَّ ظِلُّهُ الْعَالِىُّ اَلْمَشْهُوْرُ بِشِيْرِ بَنْغَالِ قَدْ اَدّٰى خِدْمَاتٍ جَلِيْلَةً لِلْاِسْلَامِ وَقَامَ بِالتَّبْلِيْغِ وَالْجِهَادِ ضِدَّ الْوَهَّابِيَّةِ خَيْرَ قِيَامٍ فَصَدَّ هَجَمَاتِهِمْ وَاَكَاذِيْبَهُمْ الَّتِىْ كَانُوْا يُدْلُوْنَ بِهَا اَمَامَ الْجُمْهُوْرِ وَيُضِلُّوْنَ الْعِبَادَ عَنِ الْحَقِّ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ فَتَبْلِيْغُ شِيْرِ الْبَنْغَالِ (اَسَدِ الْبَنْغَال) مَوْلَانَا السَّيِّد عَزِيْزِ الْحَقِّ الْقَادِرِىِّ وَجِهَادُهُ الْجَبَّار ضِدَّ الْبَاطِلِ قَدْ اَزَاحَ كُلَّ الْعَرَاقِيْلِ الَّتِىْ وُضِعَتْ فِىْ طَرِيْقِ الْاِسْلَامِ وَلِخِدْمَاتِهِ الْجَلِيْلَةِ قَدْ مَنَحْتُ مَوْلٰنَاشِيْر بَنْغَال لَقَبَ تَاجَ الْعُلَمَآءِ مِنْ مُقَاطِعَةِ شِيْتَاغُوْنغ، اَلْبَاكِسْتَانِ الشَّرْقِيَّةِ.

۱۴ جولائی ۱۹۴۷م

السيد ابو البركات شاكر احمد المدنى الازهرى

ওলামাকুলের সূর্য, সাহিত্যিককুলের মুকুট, গুণীজনদের পূর্ণিমার চাঁদ, কামিল লোকদের গর্ব, শীর্ষস্থানীয় ইসলামী কর্ণধার, বিজ্ঞ আলিম, মহান জ্ঞানী ও গুণী, যুগের আল্লামা ও দক্ষ ব্যক্তিত্ব সাইয়্যেদ আবুল বারাকাত শাকির আহমদ মাদানী আল-আযহারীর পক্ষ থেকে-

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

''ওটা তো আল্লাহর বিশেষ অনুগ্রহ, তিনি যাকে চান দান করেন, আল্লাহ্ মহা অনুগ্রহশীল।'' এ কথা আলিমদের সাধারণভাবে এবং চট্টগ্রামের মুসলমানদের

বিশেষভাবে জেনে রাখা দরকার যে, মৌলভী মাওলানা সাইয়্যেদ আযীযুল হক্ব সাহেব আলক্বাদেরী মুহাযিল্লুহুল আলী ওরফে শেরে বাংলা নিশ্চয় ইসলামের জন্য বড় বড় খিদমত আঞ্জাম দিয়েছেন। দ্বীনের প্রচারকার্য সম্পন্ন করেছেন এবং ওহাবীদের বিরুদ্ধে জিহাদ করেছেন- (এসব কাজ) উত্তমরূপে সম্পন্ন করেছেন। সুতরাং তিনি তাদের হামলা ও মিথ্যাগুলোর পথরোধ করেন, যেগুলোর জাল তারা জনসাধারণের সামনে বিস্তার করেছিলো। আল্লাহর বান্দাদেরকে তারা সত্যের পথ থেকে বিচ্যুত করেছিলো এবং আল্লাহর পথে বাধা সৃষ্টি করেছিলো। অতঃপর শেরে বাংলা মাওলানা সাইয়্যেদ আযীযুল হক্ব সাহেব আলক্বাদেরী দ্বীনের জন্য প্রচারণা কার্য ও বাতিলের বিরুদ্ধে তাঁর জিহাদ নিশ্চিতভাবে সমস্ত বাধা দূরীভূত করেছে, যেগুলো সৃষ্টি করা হয়েছিলো ইসলামের পথে।

মহান খিদমতসমূহের জন্য আমি মাওলানা শেরে বাংলাকে 'তাজুল ওলামা' (আলিমগণের মুকুট) উপাধি দিলাম। (তদানীন্তন) পূর্ব পাকিস্তান, চট্টগ্রাম জিলা।

১৪ জুলাই ১৯৪৭ ইংরেজী

সাইয়্যেদ আবুল বারাকাত শাকির আহমদ আল-মাদানী আল-আযহারী

تهنيت نامه

مِنْ جَانِبِ مُحيِ السُّنَّةِ قَامِعِ الْبِدْعَةِ اِمَامِ اَهْلِ السُّنَّةِ وَالْجَمَاعَةِ مُجَاهِدِ الْمِلَّةِ الْعَلَّامَةِ الْيَلْمَعِيِّ وَالْفَاضِلِ اللَّوْزَعِيِّ الْحَبْرِ الْقَمْقَامِ وَالنَّحْرِيْرِ الطَّمْطَامِ الْعَالِمِ النَّبِيْلِ وَالْفَاضِلِ الْجَزِيْلِ جَامِعِ الْحَسَنَاتِ مُحْرِزِ الْكَمَالَاتِ صَاحِبِ التَّصْنِيْفَاتِ سَيِّدِ الْمُنَاظِرِيْنَ سِرَاجِ السَّالِكِيْنَ فَخْرِ الْوَاعِظِيْنَ غِيَاثِ الطَّالِبِيْنَ غَزَّالِيِّ الزَّمَانِ حَضْرَةِ الْحَاجِّ الْعَلَّامَةِ السَّيِّدِ اَحْمَدْ سَعِيْدِ الْكَاظِمِيِّ شَيْخِ الْحَدِيْثِ بِالْجَامِعَةِ الْاِسْلَامِيَّةِ (اسلامی یونیورسٹی) بِبَهَاوَلْپُوْر وَمُهْتَمِمِ مَدْرَسَةِ اَنْوَارِ الْعُلُوْمِ بِبَلْدَةِ مُلْتَانَ مِنْ مُضَافَاتِ الْبَاكِسْتَانِ الْغَرْبِيَّةِ .

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

نَحْمَدُهٗ وَنُصَلِّيْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ اَمَّا بَعْدُ فَقَدْ حَضَرْتُ بِفَضْلِ اللّٰهِ الْمَلِكِ الْعَلَّامِ بِبَلْدَةِ جَاتْجَامِ صَانَهَا اللّٰهُ تَعَالٰى عَنْ شُرُوْرِ اللَّيَالِيْ وَالْاَيَّامِ بِجَاهِ حَبِيْبِهٖ وَرَسُوْلِهٖ سَيِّدِ الرُّسُلِ الْكِرَامِ الَّذِيْ اَرْسَلَهُ اللّٰهُ تَعَالٰى اِلٰى

Yaadri.blogspot.com

كَآفَّةِ الْاَنَامِ عَلَيْهِ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ. لَمَّا دَخَلْتُهَا فَوَجَدْتُهَا بَلْدَةً طَيِّبَةً مُبَارَكَةً لَاحَارَّةً وَّلَاقَارَّةً كَاَنَّهَا عَرُوْسُ الْبِلَادِ عَمَّرَهُ اللّٰهُ اِلٰى يَوْمِ التَّنَادِ اَكْثَرُ اَهْلِهَا اَهْلُ السُّنَّةِ وَالْجَمَاعَةِ مِنْ مُّعْتَقِدِيْ اِمَامِ اَهْلِ السُّنَّةِ مُجَدِّدِ الْمِائَةِ مُؤَيِّدِ الْمِلَّةِ اَعْلٰى حَضْرَتْ مَوْلَانَا الشَّاهُ اَحْمَدْ رِضَا خَانْ اَلْقَادِرِيْ الْبِرِيْلَوِيْ رَضِيَ اللّٰهُ تَعَالٰى عَنْهُ وَاَرْضَاهُ عَنَّا كُلُّهُمْ اُولُوا الْاِخْلَاصِ وَالْمَحَبَّةِ وَالسَّعَادَةِ وَالنَّجَابَةِ وَاللّٰهِ لَقَدْ فَرِحْتُ بِلِقَائِهِمْ فَرْحًا شَدِيْدًا فَاِنَّهُمْ اَحْسَنُوْا اِلَيَّ اِحْسَانًا عَظِيْمًا وَاَكْرَمُوْنِيْ اِكْرَامًا جَسِيْمًا لَقَدْ رَأَيْتُهُمْ يَقُوْدُهُمْ قِيَادَةً مُّسْتَحْكَمَةً وَّيَسُوْدُهُمْ سِيَادَةً حَسَنَةً وَيُرْشِدُهُمْ اِلٰى سَبِيْلِ الرَّشَادِ وَيَحْفَظُهُمْ مِنْ فِتْنَةِ الْوَهَّابِيَّةِ وَجَمِيْعِ اَهْلِ الْفَسَادِ الْعَالِمَانِ النَّيِّرَانِ الْفَاضِلَانِ الْكَامِلَانِ اَحَدُهُمَا مَخْدُوْمُ الْعُلَمَاءِ مَحْبُوْبُ الْفُضَلَاءِ الْعَلَّامَةُ الْيَلْمَعِيُّ وَالْفَاضِلُ اللَّوْذَعِيُّ عَزِيْزُ الْمِلَّةِ وَالدِّيْنِ مَوْلَانَا اَلْمَوْلَوِيَ السَّيِّدْ عَزِيْزُ الْحَقِّ الْقَادِرِيّ اَلْمَعْرُوْف بِشِيْرِ بَنْگَالَه اَلْمُجَاهِدُ فِيْ سَبِيْلِ اللّٰهِ الْمُتَعَالِ لِاِعْلَاءِ كَلِمَةِ اللّٰهِ وَاِبْقَاءِ عَظْمَةِ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ تَعَالٰى عَلَيْهِ وَسَلَّمَ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ وَثَانِيْهُمَا سَيِّدُ الْمُفَسِّرِيْنَ سَنَدُالْمُحَقِّقِيْنَ قُدْوَةُ الْفُقَهَآءِ زُبْدَةُ الْفُضَلَاءِ صَدْرُالْمُدَرِّسِيْنَ بَدْرُ الْمُتَكَلِّمِيْنَ اُسْتَاذُ الْاَسَاتِذَةِ فَخْرُ الْجَهَابِذَةِ وَقَارُ الْمِلَّةِ وَالدِّيْنِ مَوْلٰنَا الْمَوْلَوِيَ وَقَارُ الدِّيْنِ الْقَادِرِيّ الرَّضَوِيُّ مَتَّعَنَا اللّٰهُ تَعَالٰى بِطُوْلِ حَيٰوتِهِمَا وَاَفَاضَ عَلَيْنَا وَعَلٰى سَآئِرِ الْمُسْلِمِيْنَ مِنْ بَرَكَاتِهِمَا.

وَقَدْ كَلَّمَنِيْ فِيْ بَعْضِ الْمَسَآئِلِ الْاِعْتِقَادِيَّةِ الْعِلْمِيَّةِ الْاَنِيْقَةِ الدَّقِيْقَةِ مَخْدُوْمُ الْعُلَمَاءِ عَزِيْزُ الْمِلَّةِ وَالدِّيْنِ مَوْلَانَا السَّيِّدْ عَزِيْزُ الْحَقِّ شِيْرِ بَنْگَالْ فَوَجَدْتُّ كَلَامَهٗ اَقْوَى الْكَلَامِ مُدَلَّلًا بِالدَّلَائِلِ الْوَاضِحَةِ مُبَرْهَنًا بِالْبَرَاهِيْنِ الْقَاطِعَةِ فَهُوَ مِنْ اَجِلَّةِ الْمُتَكَلِّمِيْنَ وَاَعِزَّةِ الْمُنَاظِرِيْنَ اَبْقَاهُ اللّٰهُ تَعَالٰى بَقَاءَ الدُّهُوْرِ وَالْاَزْمَانِ وَصَانَهٗ عَنْ شَرِّ الْحُسَّادِ مَادَامَتِ الْاَكْوَانُ بِحُرْمَةِ سَيِّدِ الْاِنْسِ وَالْجَانِّ حَبِيْبِنَا وَرَسُوْلِنَا اَحْمَدَ الْمُجْتَبٰى مُحَمَّدٍ

الْمُصْطَفٰى عَلَيْهِ وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهِ التَّحِيَّاتُ وَالثَّنَاءُ وَاَنَا الْفَقِيْرُ السَّيِّد اَحْمَد سَعِيْد الْكَاظِمِىّ غُفِرَلَهٗ شَيْخُ الْحَدِيْثِ بِالْجَامِعَةِ الْاِسْلَامِيَّةِ (اسلامی یونیورسٹی) بِبَهَاوَلْپُوْر وَمُهْتَمِمُ مَدْرَسَةِ اَنْوَارِ الْعُلُوْم بِبَلْدَةِ مُلْتَانِ مِنْ مُضَافَاتِ الْبَاكِسْتَانِ الْغَرْبِيَّةِ نَزِيْلُ جَاتْجَام بِخَمْسٍ بَقِيْنَ مِنْ شَهْرِ رَبِيْعِ الْاَوَّلِ سنہ ١٣٨٥ھ ذٰلِكَ كَذٰلِكَ وَاَنَا مُصَدِّقٌ لِجَمِيْعِ ذٰلِكَ كُنْتُ اَنَا اَيْضًا مَعَ الْعَلَّامِ الْفَهَّامِ حَضْرَت مَوْلَانَا الْحَاجّ غَزَّالِىِّ الزَّمَان سَيِّدْ اَحْمَد سَعِيْد دَامَتْ بَرَكَاتُهُمْ وَاَنَا الْعَبْدُ الْمُعْتَصِمُ بِذَيْلِ حَبِيْبِ الرَّحْمٰنِ اَحْمَد يَارْ خَانْ مُقِيْم گُجْرَات، بَاكِسْتَان.

অভিনন্দনপত্র

সুন্নাতকে জীবিতকারী, বিদ'আতকে দমনকারী, আহলে সুন্নাত ওয়া জামা'আতের ইমাম, দ্বীন ও মিল্লাতের মুজাহিদ, দক্ষতম আল্লামা, বিশিষ্ট গুণীজন, সম্মানিত দ্বীনী কর্ণধার, বিজ্ঞ আলিমে দ্বীন, বহুগুণের ধারক, বহুগ্রন্থ-পুস্তকের প্রণেতা, তর্কযোদ্ধাদের অগ্রণী, তরীক্বতপন্থীদের প্রদীপ, ওয়াইযদের গর্ব, সত্যসন্ধানীদের সাহায্যকারী, যুগের গাযযালী হযরতুল হাজ্জ আল্লামা সাইয়্যেদ আহমদ সা'ঈদ আল্‌কাযেমী, শায়খুল হাদীস, ভাওয়ালপুর ইসলামী বিশ্ববিদ্যালয়, মুহ্‌তামিম, আন্‌ওয়ারুল উলূম, মুলতান, (তৎকালীন) পশ্চিম পাকিস্তান-এর পক্ষ থেকে।

বিসমিল্লাহির রাহমানির রাহীম

আমরা তাঁর প্রশংসা করছি এবং দুরূদ পড়ছি তাঁর রসূল-ই করীমের উপর, অতঃপর আমি মহাজ্ঞানী রাজাধিরাজ আল্লাহর অনুগ্রহক্রমে চট্টগ্রামে শহরে এসেছি, আল্লাহ্ এ শহরকে রাত ও দিনের অনিষ্ট থেকে রক্ষা করুন। তাঁর হাবীব ও রসূল সম্মানিত রসূলকুল সরদার সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর ওসীলায়, যাঁকে আল্লাহ্ তা'আলা সমগ্র সৃষ্টির প্রতি প্রেরণ করেছেন, তাঁর উপর ও তাঁর বংশধর ও সাহাবীদের উপর সালাত ও সালাম বর্ষণ করুন। আমি যখন ওই শহরে প্রবেশ করলাম, তখন আমি সেটাকে একটি পবিত্র ও বরকতময় শহর হিসেবে পেলাম। তখন সেখানে না ছিলো গরম আবহাওয়া, না ছিলো প্রতিকূল কোন অবস্থা। সেটা যেনো দেশের রাণী। আল্লাহ্ সেটাকে ক্বিয়ামত পর্যন্ত আবাদ রাখুন। সেটার অধিকাংশ জনসাধারণ আহলে সুন্নাত ওয়া জামা'আতের আক্বাইদে বিশ্বাসী, তদুপরি ইমামে আহলে সুন্নাত মুজাদ্দিদে মিআত (শতাব্দীর সংস্কারক), দ্বীন ও মিল্লাতের সাহায্যকারী হযরত মাওলানা শাহ আহমদ রেযা খান আলক্বাদেরী আল্-বেরলভী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু আরদ্বোয়া-হু

Yaadri.blogspot.com

'আন্না- কুল্লিহিম-এর ভক্ত। তারা নিষ্ঠা, ভালবাসা, সৌভাগ্য ও আভিজাত্যের অধিকারী। আল্লাহরই শপথ! আমি তাদের সাথে সাক্ষাৎ করে অতিমাত্রায় খুশী হয়েছি। কারণ তাঁরা আমার প্রতি অত্যন্ত সৌজন্যমূলক ব্যবহার করেছেন এবং অতিমাত্রায় সমাদর করেছেন।

আমি দেখতে পেলাম, দু'জন বিজ্ঞ আলিম, কামিল ও গুণী ব্যক্তি এখানকার অধিবাসীদেরকে অতি দক্ষতার সাথে পরিচালনা করছেন, তাদের নেতৃত্ব দিচ্ছেন এবং তাদের পথপ্রদর্শন করছেন সঠিক পথের দিকে এবং ওহাবীদের ফিৎনা ও অন্য সব ফ্যাসাদ সৃষ্টিকারীদের থেকে হিফাযত করছেন; তাঁরা হলেন: ১. মাখদূমুল ওলামা, মাহবূবুল ফুদ্বালা, বিজ্ঞ আল্লামা ও বিখ্যাত গুণীজন, দ্বীন ও মিল্লাতের বরণীয় ব্যক্তি, আযীযুল মিল্লাত ওয়াদ্ দীন, মাওলানা মৌলভী **সাইয়্যেদ আযীযুল হক আলক্বাদেরী**, ওরফে শেরে বাংলা, মহান আল্লাহ্র রাস্তায় জিহাদকারী, আল্লাহর কালেমাকে সমুন্নত রাখার জন্য ও রসূল পাক সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়া 'আলা আ-লিহী ওয়া সাহবিহী ওয়াসাল্লাম-এর মহত্ত্ব ও সম্মানকে সমুন্নতভাবে স্থায়ী রাখার জন্য এবং ২. সাইয়্যেদুল মুফাস্সিরীন সনদুল মুহাক্বক্বিক্বীন, কুদওয়াতুল ফুক্বাহা, যুবদাতুল ফুদ্বালা, সদরুল মুদাররিসীন, বাদরুল মুতাকাল্লিমীন, ওস্তাযুল আসাতিযাহ্, ফখরুল জাহাবাযাহ্ ওয়াক্বারুল মিল্লাতি ওয়াদ্ দীন **মাওলানা মৌলভী ওয়াক্বার উদ্দীন** আলক্বাদেরী আর্ রেযভী, আল্লাহ্ তাঁদের দীর্ঘজীবন দ্বারা আমাদেরকে উপকৃত করুন! আমরা এবং সমস্ত মুসলমানের উপর তাঁদের কল্যাণের ধারা প্রবাহিত রাখুন।

নিশ্চয় আমার সাথে মাখদূমুল ওলামা আযীযুল মিল্লাতি ওয়াদ্দীন **মাওলানা সাইয়্যেদ আযীযুল হক্ব শেরে বাংলা** কয়েকটা ইলমী-ই'তিক্বাদী প্রসিদ্ধ অথচ সূক্ষ্মতম বিষয়ে আলোচনা করেছেন। আমি তাঁর কথাবার্তা ও অভিমতকে অত্যন্ত মজবুত, সুস্পষ্ট, অকাট্য প্রমাণাদি দ্বারা সমৃদ্ধ পেয়েছি। তাঁকে আরো পেয়েছি ইল্মে আক্বাইদের মহান ব্যক্তি ও তর্কযোদ্ধাদের মধ্যে এক দৃঢ়প্রত্যয়ী হিসেবে। আল্লাহ্ তাঁকে স্থায়ী রাখুন যতদিন এ যুগ ও যামানা বাক্বী থাকে -সর্বক্ষণ হিংসুকদের অনিষ্ট থেকে, জিন ও ইনসানের সরদার আমাদের হাবীব ও রসূল হযরত আহমদ মুজতাবা মুহাম্মদ মুস্তফা আলায়হি ওয়া 'আলা আ-লিহী ওয়া সাহবিহিত্ তাহিয়্যাতু ওয়াস্ সানা-'র ওসীলায়।

-আমি আল্লাহর মুখাপেক্ষী বান্দা

সাইয়্যেদ আহমদ সাঈদ কাযেমী তাঁর কলম থেকে।

শায়খুল হাদীস, জামেয়া ইসলামিয়া, ভাওয়ালপুর (ইসলামী বিশ্ববিদ্যালয়)

মুহতামিম, মাদরাসা-এ আনওয়ারুল উলূম, মুলতান, পশ্চিম পাকিস্তান।

২৫ রবী'উল আউওয়াল ১৩৮৫ হিজরী।

আল্লামুল ফাহ্হাম হযরত মাওলানা আলহাজ্জ গাযযালিয়ে যামান সাইয়্যেদ আহমদ সা'ঈদ কাযেমী দামাত বরকাতুহুমুল আলিয়া'র সাথে আল্লাহর হাবীবের দামান ধারণকারী গুজরাত, পাকিস্তান নিবাসী আহমদ ইয়ার খান ও একমত ।

এ কথাগুলো যথার্থ, আমি এসব কথার সত্যায়নকারী।

تہنیت نامہ

منجانب مقتدائے عالماں پیشوائے فاضلاں مفتی زماں ہادی دوراں حضرت الحاج مولانا حشمت علی باشندۂ ناگل مورہ ہاٹہزاری خلیفہ حضرت الحاج علامہ غازی مبلغ الاسلام مجاہد اعظم مولانا سید عبد الحمید البغدادی القاری آفندی ازہری علیہ رحمۃ ربہ الباری

بسم اللہ الرحمٰن الرحیم

حامدا ومصلیا ومسلما اما بعد فقال النبی ﷺ ان اللہ یبعث لہذہ الامۃ علی رأس کل مائۃ سنۃ من یجد دلہا دینہا رواہ ابو ہریرۃ نقلا عن مجالس الابرار لمولانا سعد الرومی۔ یعنی خداوند غفور رحیم بر سر ہر ایک صدی از ابتدائے ہجرت نبوی شخصے را خواہد فرسد کہ دین محمدی ﷺ را از ضلالت وگمراہی رہا کردہ از سر نو قائم وتازہ سازد۔

الحاصل ہرگاہ کہ درد یں امت محمدی بانواع اعمال معاصی خلل رود ہد خداوند تعالیٰ شخصے را می فرستند کہ آن شخصے بتقریرات گوناگوں وتحریرات بوعظاں آں اعمال معاصی را نیست ونابود ساختہ شریعت غراء وملت بیضا را از سر نو تر وتازہ خواہد کردہ چنانچہ مولانا سعد رومی دریں بارہ تفصیل کردہ تحریر کردہ اند وگفتہ اند کہ آں شخصے مجدد صدی فقط بر یک شخص منحصر نہ بلکہ متعدد ومتکثر خواہند شد ونیز رقم فرمودہ اند کہ آں مجدد صدی بہ سہ صفت متصف شدن ضروری است۔ یکے مشہور بالعلم دوم معروف بالفضل سیوم مشار الیہ فی الدین پس از مضمون ایں شروط مذکورہ صاف معلوم می شود کہ جناب حضرۃ الحاج مولانا وبالفضل اولانا اعنی مولوی عزیز الحق صاحب کہ معروف بہ شیر بنگالہ اند مجدد فی زماننا است۔ زیراچہ ہرچہ شروط مذکورۂ موصوفہ علی سبیل الاجتماع نہ بر طریق انفراد در ذات آں عزیز زمان بلا ریب یافتہ می شود چراکہ در علمش کسے مقابلہ نمی رسد ودر فضل ظاہری وباطنی معروف مشہور اند وبوقت گفتگوئ ومذاکرۂ ومناظرہ گروہ وہابیہ آں جناب معلّٰی القاب مشار الیہ اند۔ مخفی ومحتجب نہ باد کہ مولانا سعد رومی صاحب مرحوم در کتاب خود کہ مسمی بمجالس الابرار است چند مجدد سابقین را بہ بسط وتطویل ذکر کردہ اند (چنانچہ امام شافعی وامام غزالی وغیرہم من المجددین المرحومین المغفورین) ایں بندہ ہیچمنداں بخیال اختصار اسمائے شاں دریں قرطاس نقل نہ کردہ است۔ اگر کسے را اشتباہ شود آں

کتاب مزبور موصوف را مطالعہ نمودہ شبہ خود را دفع سازند۔ زیادہ والسلام بندۂ ہیچمنداں
حشمت علی عفی عنہ

অভিনন্দনপত্র

আলিমকুলের ইমাম, গুণীজনদের পেশোয়া, যুগশ্রেষ্ঠ মুফতী ও পথপ্রদর্শক হযরতুল হাজ্জ মাওলানা হাশমত আলী নাঙ্গলমোড়া, হাটহাজারী নিবাসী, খলীফা-ই হযরত আলহাজ্ব আল্লামা গাযী, ইসলামের মহান প্রচারক, মুজাহিদে আ'যম মাওলানা সাইয়্যেদ আবদুল হামীদ বাগদাদী ক্বাদেরী আফেন্দী আযহারী আলায়হি রাহমাতু রাব্বিহিল বারী'র পক্ষ থেকে

বিসমিল্লাহির রাহমানির রাহীম

আল্লাহর প্রশংসা ও রসূলে পাকের উপর দুরূদ ও সালাম পাঠের পর, নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম এরশাদ করেছেন, নিশ্চয় আল্লাহ্ এ উম্মতের প্রত্যেক শতাব্দির মাথায় এমন এক ব্যক্তিকে পাঠান, যিনি তাদের জন্য তাদের দ্বীনকে সংস্কার করেন। হযরত আবূ হুরায়রা রদ্বিয়াল্লাহু আনহু এ হাদীস শরীফ বর্ণিত, মাওলানা সা'দ রুমীর 'মাজালিসুল আবরার' থেকে উদ্ধৃত।

অর্থাৎ আল্লাহ্ গাফূরুর রাহীম প্রত্যেক শতাব্দির মাথায়, নবী করীমের হিজরতের সূচনা থেকে, এমন এক ব্যক্তিকে পাঠিয়ে থাকেন, যিনি দ্বীন-ই মুহাম্মদী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লামকে পথভ্রষ্টতা থেকে মুক্ত করে নতুনভাবে প্রতিষ্ঠা ও সজীব করেন। মোটকথা, যেখানেই উম্মতে মুহাম্মদী সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম-এর দ্বীনে বিভিন্ন ধরনের অপকর্ম চলতে থাকে, সেখানে আল্লাহ্ তা'আলা এমন ব্যক্তিকে প্রেরণ করেন, যিনি তাঁর প্রয়োজনীয় পরিমাণে বক্তব্য ও অকাট্য লিখনী দ্বারা ওইসব অপকর্ম দূরীভূত করেন; তদুপরি ওই উজ্জ্বল শরীয়ত ও মিল্লাতকে নতুনভাবে সজীব করে তুলেন। সুতরাং মাওলানা সা'দ রুমী এ প্রসঙ্গে বিস্তারিতভাবে লিখতে গিয়ে উল্লেখ করেছেন যে, ওই শতাব্দির মুজাদ্দিদ একজনের মধ্যে সীমিত নন, বরং একাধিক এমনকি বহু সংখ্যকও হতে পারেন। তিনি আরো লিখেছেন, ওই শতাব্দির মুজাদ্দিদের মধ্যে তিনটি বৈশিষ্ট্য থাকা জরুরি: ১. ইলমের দিক দিয়ে প্রসিদ্ধ হওয়া, ২. গুণীজন হিসেবে প্রসিদ্ধ হওয়া এবং ৩. দ্বীনের ক্ষেত্রে উল্লেখযোগ্য ব্যক্তি হওয়া। সুতরাং এ শর্তাবলীর আলোকে এ বিষয় সুস্পষ্ট হলো যে, জনাব হযরতুল হাজ্জ মাওলানা, জ্ঞানে ও গুণে আমাদের মধ্যে শ্রেষ্ঠতর, অর্থাৎ মৌলভী আযীযুল হক্ব সাহেব, ওরফে 'শেরে বাংলা' আমাদের এ যুগের মুজাদ্দিদ। কারণ, উপরোল্লিখিত পূর্বশর্তাবলী পৃথকভাবে না হলেও সামগ্রিকভাবে ওই আযীযে যামানের মধ্যে নিঃসন্দেহে পাওয়া যায়। কারণ, তাঁর জ্ঞান অপ্রতিদ্বন্দ্বী, তার জাহেরী ও বাতেনী ফযীলত (গুণাবলী) প্রসিদ্ধ, সর্বোপরি, আলাপ-আলোচনা ও তর্কযুদ্ধে ওহাবী সম্প্রদায়ের লোকেরা এ মহান ব্যক্তির সামনে পরাভূত হতে বাধ্য।

এ কথা অস্পষ্ট নয় যে, মাওলানা সা'দ রূমী সাহেব মরহূম তাঁর কিতাব 'মাজালিসুল আবরার'-এ পূর্ববর্তী কয়েকজন মুজাদ্দিদের অতি বিস্তারিতভাবে আলোচনা করেছেন। (যেমন- ইমাম শাফে'ঈ, ইমাম গায্যালী প্রমুখ) আমি এখানে কলেবর বৃদ্ধি এড়ানোর জন্য তা উল্লেখ করছি না, কারো সন্দেহ হলে ওই কিতাব পাঠ-পর্যালোচনা করে তার সন্দেহ দূরীভূত করতে পারেন।

-বান্দা হাশমত আলী তার ক্ষমা হোক

تہنیت نامہ

منجانب
پیشوائے عالماں، مقتدائے فاضلاں، پیر مغاں مرشد اہل زماں واعظ شیریں بیاں خطیب پاکستان فخر دوراں صدر جمعیت علماء روالپنڈی مغربی پاکستان حضرۃ الحاج علامہ عارف اللہ شاہ صاحب مدظلہ العالی ساکن روالپنڈی
محترمی!
حضرت عزیز الملۃ والدین مولنا سید عزیز الحق (شیر بنگالہ) صاحب اعزکم اللہ تعالیٰ فی الدارین۔ مولنا! آپ کا وجود سب اہلسنت کیلئے مغتنم ہے۔ آپ کی تبلیغی سرگرمیاں اور مسلک اہلسنت وجماعت کی نشر و اشاعت کی جد و جہد قابل داد ہے۔ جزاکم اللہ عنا وعن سائر المسلمین خیر الجزاء۔ مؤرخہ: ۲۸ اگست ۱۹۶۵ء

অভিনন্দনপত্র

আলিমকুলের শিরমণি, গুণীজনদের আদর্শ, পীরে কামিল, যুগের মুর্শিদ, মধুরকণ্ঠী ওয়া'ইয, খতীবে পাকিস্তান, যুগের গর্ব, রাওয়ালপিন্ডি, পশ্চিম পাকিস্তান জমিয়তে ওলামার সভাপতি হযরত আলহাজ্ব আল্লামা আরিফুল্লাহ্ শাহ্ সাহেব মুদ্দাযিল্লুহুল আলী রাওয়ালপিন্ডি নিবাসীর পক্ষ থেকে-
মুহতারামী!
হযরত আযীযুল মিল্লাত ওয়াদ্ দ্বীন মাওলানা সাইয়্যেদ আযীযুল হক (শেরে বাংলা) সাহেব (আল্লাহ্ আপনাকে উভয়জগতে সম্মানিত করুন!) মাওলানা, আপনার সত্তা সমগ্র আহলে সুন্নাতের জন্য গনীমত (বিরল নি'মাত)। আপনার দ্বীনী প্রচারণায় কর্মতৎপরতা ও আহলে সুন্নাত ওয়া জামা'আতের প্রচার-প্রসারে সচেষ্টতা কৃতজ্ঞতা ভরে স্মরণ রাখার মতো। আল্লাহ্ আপনাকে আমাদের ও সমস্ত মুসলমানের পক্ষ থেকে এর উত্তম প্রতিদান দিন! তারিখ: ২৮ আগস্ট, ১৯৬৫ খ্রিস্টাব্দ।

اَلتَّهْنِيَةُ

لِلْعَالِمِ الْيَلْمَعِيِّ وَالْفَاضِلِ اللَّوْزَعِيِّ مَنْبَعِ الْعُلُوْمِ الشَّرْعِيَّةِ مَرْكَزِ الْقَوَاعِدِ الْعَرَبِيَّةِ مَصْدَرِ الْفُيُوْضِ الْجَارِيَّةِ اَعْنِىْ الْحَاجّ مَوْلٰنَا السَّيِّد عَزِيْزِ الْحَقِّ اَلْقَادِرِىّ اَلْمَعْرُوْف بِشِيْر بَنْغَالَة دَامَتْ اَظْلَالُهُمْ الْعَالِيَةُ عَلَيْنَا اِلٰى يَوْمِ الْقِيَامَةِ.

مِنْ جَانِبِ مُحَمَّد سِرَاجُ الدِّيْن السَّاتْكَانِوِىّ (مُمْتَازُ الْمُحَدِّثِيْن) سِنِيَرْ مُدَرِّس الْجَامِعَةُ الْاَحْمَدِيَّةُ السُّنِّيَّة، سُولَه شَهَر، جَاتْجَام.

لَاسَبِيْلَ اِلٰى السَّعَادَة لِلْاِنْسَانِ فِى الْحَيٰوةِ الدُّنْيَا اِلَّا اِذَا عَاشَ فِيْهَاحُرًّا مِنْ حَيْثُ الْعَقَائِدِ السُّنِّيَّةِ وَمَنْ عَاشَ حِرْمَانًا مِنْهَا عَاشَ فِىْ ظُلْمَةٍ هَالِكَةٍ لِاَنَّ الْعَقَائِدَ السُّنِّيَّةَ هِيَ اَصْلُ الدِّيْنِ وَالْاِيْمَانِ مَنْ لَّمْ يَكُنْ مُسْتَحْكَمًا فِىْ الْعَقَائِدِ حَيَاتُهُ عَبَثٌ لَاخَيْرَ فِيْهَا.

لَمَّا رَأَى اللّٰهُ تَعَالٰى فَسَادَ الْفِرَقِ الضَّآلَّةِ بَعَثَ حَضْرَتَنَا الْحَاجّ مَوْلَانَا السَّيِّد عَزِيْزَ الْحَقِّ الْقَادِرِىّ بِالْعُلُوْمِ وَالْحِكَمِ لِاِصْلَاحِ الْعَقَائِدِ الْفَاسِدَةِ وَاِعَانَةِ الْمِلَّةِ الْاِسْلَامِيَّةِ. هُوَاِمَامُ اَهْلِ السُّنَّةِ وَالْجَمَاعَةِ فِى الْبَاكِسْتَان الشَّرْقِيَّةِ صَاحِبُ الطَّرِيْقَةِ فِى الْاِصْلَاحِ الدِّيْنِىّ تُعْرَفُ بِهِ وَتُنْسَبُ اِلَيْهِ وَلَهُ اَتْبَاعٌ وَتَلَامِيْذُ وَمُرِيْدُوْنَ فَذَاعَتْ شُهْرَتُهُ فِىْ هٰذِهِ الدِّيَارِ وَهُوَ الْعَالِمُ الْمُتَبَحِّرُ الْمُحَدِّثُ الْمُفَسِّرُ صَاحِبُ الشَّرِيْعَةِ وَالْمَعْرِفَةِ الْاٰن لَيْسَ اَحَدٌ اَشْهَرَ مِنْهُ فِىْ هٰذِهِ الدِّيَارِ مِنْ حَيْثُ الْعِلْمِ تَمْرِضُ الْقُلُوْبُ كَالْاَجْسَامِ قَدْ تَشْفٰى بِالْمُعَالَجَةِ وَقَدْ تَمُوْتُ بِعَدَمِ الْمُعَالِجِ وَلَهَا اَطِبَّآء حُذَاق يَعْرِفُوْنَهَا وَيُعَيِّنُوْنَ لِكُلِّ دَآءٍ دَوَاءَهُ الَّذِىْ يَزُوْلُ بِهٖ كَمَا اَنَّ اَمْرَاضَ الْاَبْدَان تُعَطِّلُهَا عَنْ اَدَاءِ وَظِيْفَتِهَا الْعَمَلِيَّةِ كَذٰلِكَ الْعَقَائِدُ الْفَاسِدَةُ تُخَرِّبُ الدِّيْنَ وَتُزِيْلُ الْاِيْمَانَ وَالْعِرْفَانَ فِيَبْعَثُ اللّٰهُ تَعَالٰى مُصْلِحًا لِاِصْلَاحِ الدِّيْنِ وَاِبْقَاءِ الشَّرْعِ الْمُبِيْنِ وَلَاشَكَّ اَنَّ السَّيِّد مَوْلٰنَا عَزِيْزَ الْحَقِّ شِيْرِبَنْغَالَة

Yqadri.blogspot.com

الْقَادِرِىَّ هُوَ الْمُصْلِحُ الْاَعْظَمُ لِلْعَقَائِدِ الْبَاطِلَةِ وَالطَّبِيْبُ الْحَاذِقُ لِلْقُلُوْبِ الْقَاسِيَةِ وهُوَ مُجَدِّدُ الْمِائَةِ الْحَاضِرَةِ لِلْمَسَائِلِ الْاِخْتِلَافِيَّةِ الظَّاهِرَةِ وَ لِاَهْلِ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ عِنَايَةٌ كُبْرٰى مِنَ اللّٰهِ تَعَالٰى بِاَنَّهٗ بَعَثَهٗ اِلَيْنَا عِنْدَ فَسَادِ الْعَقَائِدِ وَالْاِيْمَانِ وَهُوَ السَّيْفُ الْهِنْدِىُّ لِلْفِرَقِ الضَّالَّةِ خُصُوْصًا لِلْاَتْبَاعِ النَّجْدِيَّةِ لَهٗ يَدٌ بَيْضَآءُ فِى الْعُلُوْمِ وَالْفُنُوْنِ كُلِّهَا. لَامِثْلَ لَهٗ وَلَامَثِيْلَ لَهٗ فِى هٰذَا الزَّمَانِ وَهُوَ مُنْقَطِعُ النَّظِيْرِ فِى الدَّوْرَانِ لَاضَرُوْرَةَ لِلتَّفْصِيْلِ لِاَنَّ الْعَيَانَ لَايَحْتَاجُ اِلَى الْبَيَانِ .

حَرَّرَهُ الرَّاجِىْ عَفْوَ رَبِّهِ الْقَوِىِّ مُحَمَّد سِرَاجُ الدِّيْنِ السَّاتْكَانِوِىّ (بُوْتِىْ بِيْلَة) اَحَدُ خُدَّامِ الْجَامِعَةِ الْاَحْمَدِيَّةِ السُّنِّيَّةِ الْوَاقِعَةِ بِسُوْلَه شَهَرُ الْغَرْبِىْ شِيْتَاغُوْنغُ فِى الْبَاكِسْتَانِ الشَّرْقِيَّةِ. مُوَرَّخَة: ٢٣ ستمبر ١٩٦٩م

অভিনন্দনপত্র

প্রসিদ্ধ আলিম-ই দ্বীন, সুবিজ্ঞ জ্ঞানী ও গুণী ব্যক্তিত্ব, শরীয়তের জ্ঞানভাণ্ডার, আরবী ভাষার মৌলিক বিষয়াদির কেন্দ্রস্থল, অব্যাহত গতিতে প্রবাহিত কল্যাণের উৎসপুরুষ অর্থাৎ আলহাজ্ব মাওলানা সাইয়্যেদ আযীযুল হক্ব আলক্বাদেরী শেরে বাংলা (আমাদের উপর তাঁর ছায়া ক্বিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী হোক)-এর করকমলে মুহাম্মদ সিরাজুদ্দীন সাতকানভী (মুমতাযুল মুহাদ্দিসীন) সিনিয়র মুদাররিস, জামেয়া আহমদিয়া সুন্নিয়া, ষোলশহর, চট্টগ্রাম-এর পক্ষ থেকে-

মানুষের পার্থিব জীবনের সাফল্যের জন্য স্বাধীনভাবে সুন্নী-আক্বাইদে বিশ্বাসী ও অনুসারী হওয়ার বিকল্প পথ নেই। যে ব্যক্তি এটা থেকে বঞ্চিত জীবন যাপন করে সে ধ্বংসকারী অন্ধকারেই জীবনাতিপাত করে। কারণ, সুন্নী আক্বাইদ হচ্ছে দ্বীন ও ঈমানের মূল। যার আক্বাইদ মজবুত নয়, তার জীবন অকেজো, তাতে কোন মঙ্গল নেই।

আল্লাহ্ তা'আলা যখন বাতিল ফির্কাগুলোকে বিপর্যয় ছড়াতে দেখলেন, তখনই আমাদের পরম শ্রদ্ধেয় (ইমাম) হযরতুল হাজ্জ মাওলানা সাইয়্যেদ আযীযুল হক্ব আলক্বাদেরীকে জ্ঞান ও প্রজ্ঞা দ্বারা সমৃদ্ধ করে বিপর্যস্তকারী আক্বীদাগুলোর সংস্কার ও ইসলামী মিল্লাতের সাহায্যের জন্য পাঠালেন।

তিনি (তদানীন্তন) পূর্ব পাকিস্তান আহলে সুন্নাত ওয়া জামা'আতের ইমাম। দ্বীনী সংস্কারের ক্ষেত্রে তিনি স্বতন্ত্র, প্রসিদ্ধ এবং কার্যকরপন্থা ও পদ্ধতি অবলম্বন করেছিলেন। তাঁর রয়েছে বহু অনুসারী, শীষ্য ও মুরীদ। সুতরাং তাঁর সুখ্যাতি সারা দেশে ছড়িয়ে পড়েছে। তিনি একাধারে জ্ঞানের সমুদ্র, মুহাদ্দিস, মুফাস্‌সির, শরীয়ত ও মা'রিফাতের

ধারক, এখন এদেশে জ্ঞানের দিক দিয়ে তাঁর চেয়ে প্রসিদ্ধ ব্যক্তি আর কেউ নেই। উল্লেখ্য যে, হৃদয়গুলোও দেহগুলোর ন্যায় অসুস্থ হয়ে পড়ে। আবার সেগুলো চিকিৎসার ফলে আরোগ্যও লাভ করে। পক্ষান্তরে, চিকিৎসকের অভাবে সেগুলো মরেও যায়। বলাবাহুল্য, এ গুলোর জন্য দক্ষ চিকিৎসকও রয়েছেন, যাঁরা সেগুলোর রোগ-ব্যাধি সনাক্ত করতে সক্ষম। তাঁরা সেগুলোর প্রতিটি রোগের প্রতিষেধকও নির্ণয় করেন, যা দ্বারা ওইগুলো অপসারিত হলে হৃদয়গুলো সুস্থ হয়ে ওঠে। যেমনিভাবে শারীরিক ব্যাধিগুলো শরীরগুলোকে সেগুলোর প্রয়োজনীয় কাজকর্ম সম্পাদনে অক্ষম ও অকেজো করে দেয়, তেমনি ভ্রান্ত আক্বীদাগুলো দ্বীনকে ধ্বংস করে দেয়, ঈমান ও ইরফানকে করে দূরীভূত। তখন মহান আল্লাহ্ (দয়াপরবশ হয়ে) সংস্কারক পাঠান- দ্বীনের সংস্কার ও উজ্জ্বল শরীয়তের স্থায়িত্বের নিমিত্তে।

এতে সন্দেহ নেই যে, সাইয়্যেদ মাওলানা আযীযুল হক্ব শেরে বাংলা আলক্বাদেরী হলেন বাতিল আক্বাইদের মহত্তর সংস্কারক ও পাষাণহৃদয়গুলোর সুদক্ষ চিকিৎসক। তিনি এ শতাব্দীর মুজাদ্দিদ- প্রকাশ্য বিরোধপূর্ণ মাসআলাগুলোর জন্য। আর তিনি আহলে সুন্নাতের জন্য আল্লাহ্ তা'আলার এক মহান দান। কারণ, তিনি তাঁকে আমাদের জন্য আবির্ভূত করেছেন যখন মানুষের আক্বাইদ ও ঈমানের ক্ষেত্রে বিপর্যয় দেখা দিয়েছে। তিনি হলেন বাতিল ফির্ক্বাগুলোর জন্য হিন্দী তরবারি, বিশেষ করে নজদী ফির্ক্বার অনুসারীদের জন্য। তিনি জ্ঞান ও জ্ঞানগত বিষয়াদিতে দক্ষহস্ত। এ যুগে তাঁর উপমা ও সমকক্ষ পাওয়া যায় না। এ কথা বিস্তারিতভাবে বলার প্রয়োজন নেই। কারণ, যে বিষয়টি মধ্যাহ্নসূর্যের ন্যায় স্পষ্ট, সেটার বর্ণনার প্রয়োজন কি?

এটা লিখেছেন মহাশক্তিধর রবের ক্ষমাপ্রত্যাশী মুহাম্মদ সিরাজুদ্দীন সাতকানভী (পুটিবিলা), শিক্ষক, জামেয়া আহমদিয়া সুন্নিয়া, ষোলশহর, চট্টগ্রাম, (তৎকালীন) পূর্ব পাকিস্তান (বর্তমানে বাংলাদেশ)। তারিখ: ২৩ সেপ্টেম্বর, ১৯৬৯ খ্রিস্টাব্দ।

كِتَابُ الْمَنْقَبَةِ

۲ فِرْوَرِیْ ١٩٦٧م

اِلٰی حَضْـرَةِ الْعَلَّامَةِ الْفَهَّامَةِ ذِی الْمَجْدِ وَ الْكَرَامَةِ قَامِعِ الْوَهَّابِيَّةِ النَّجْدِيَّةِ مُحْيِ السُّنَّةِ فَخْرِ الْاُمَّةِ عُمْدَةِ الْمُحَقِّقِيْنَ زُبْدَةِ الْعَارِفِيْنَ شَمْسِ الْعُلَمَاءِ رَاسِ الْفُضَلَاءِ اِمَامِ اَهْلِ السُّنَّةِ مُجَدِّدِ الدِّيْنِ وَالْمِلَّةِ رَافِعِ عِلْمِ الْمِلَّةِ الْبَيْضَآءِ وَرَايَةِ الشَّرِيْعَةِ الْغَرَّاءِ اَعْنِیْ سَيِّدَنَا وَسَنَدَنَا وَمَوْلَانَا وَاَوْلَانَا السَّيِّد مُحَمَّد عَزِيْزُ الْحَقِّ الْمَعْرُوْف بِشَيْر بَنْغَالَه دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَّةِ وَلَازَالَتْ فُيُوْضُهُمُ الْغَالِيَّةِ مِنْ مُمْتَازِ الْمُحَدِّثِيْن مَوْلَانَا

مُصْلِحِ الدِّيْن غَفَرَ لَهٗ وَلِوَالِدَيْهِ الْمَتِيْن (ایم اے) اَلْمُدِيْرُ السَّابِقُ لِلْجَامِعَةِ الْاَحْمَدِيَّةِ السُّنِّيَّةِ، سُوْلَه شَهَر، شِيْتَاغُوْنْغ شَرِيْف.

প্রশংসামূলক চিঠি

তারিখ: ২ ফেব্রুয়ারি ১৯৬৭ ইংরেজী

বরাবরে
গভীরতম জ্ঞান ও বুদ্ধির ধারক, অত্যন্ত সম্মান ও বুযুর্গী দ্বারা সমৃদ্ধ, ওহাবী-নজদী আক্বাইদের দমনকারী, সুন্নাতকে জীবিতকারী, উম্মতের গর্ব, উৎকৃষ্টতম গবেষক, আরিফ বান্দাদের মুখ্যব্যক্তি, আলিমকুলের সূর্য, গুণীজনদের প্রধান, আহলে সুন্নাতের ইমাম, দ্বীন ও মিল্লাতের মহান সংস্কারক, উজ্জ্বলতম মিল্লাতের সমুজ্জ্বল পতাকা উড্ডয়নকারী অর্থাৎ আমাদের ইমাম, সনদ, কর্ণধার ও উত্তম ব্যক্তিত্ব সাইয়্যেদ মুহাম্মদ আযীযুল হক্ব প্রকাশ শেরে বাংলা, তাঁর উন্নতমানের বরকতরাজি স্থায়ী হোক, তাঁর বিরল ফুয়ূয সবসময় জারি থাকুক!

ইতি-

মুমতাযুল মুহাদ্দিসীন মাওলানা মুসলেহ উদ্দীন (এম এ)
মহান আল্লাহ্ তাকে ও তার পিতামাতাকে ক্ষমা করুন!
প্রাক্তন অধ্যক্ষ
জামেয়া আহমদিয়া সুন্নিয়া (আলিয়া)
ষোলশহর, চট্টগ্রাম শরীফ

Yaqdri.blogspot.com

در مدح فخر زماں، مجاہد دوراں، شہید زماں، مخزن کشف و کرامت، معدن کمالات، مصدر فیوضات، صاحب مقامات، شہید ملت، فیض درجت حضرت سید احمد گیسو دراز معروف بکلا شہید مقیم، اکھاوڑا اقرب ریلوے اسٹیشن مشرقی پاکستان

দর মদহে ফখরে যামা-ঁ, মুজা-হিদে দাওরা-ঁ, শহী-দে যামা-ঁ, মাখ্যানে কাশ্ফ ও কারা-মত, মা'দিনে কামা-লা-ত, মাসদারে ফুয়ূ-যা-ত, সা-হেবে মাক্বা-মা-ত, শহী-দে মিল্লাত, ফায়্য দারাজাত হযরত সাইয়্যেদ আহমাদ গে-সূ- দারা-য মা'রু-ফ ব কল্লা- শহী-দ মুক্বী-ম আখাউড়া ক্বোরবে রেলওয়ে স্টেশন, মাশরেক্বী- পা-কিস্তা-ন।

যুগের গর্ব, যুগশ্রেষ্ঠ মুজাহিদ ও শহীদ, কাশ্ফ ও কারামাতের ভাণ্ডার, কামালাতের খনি, ফুয়ূয ও কামালাতের উৎসপুরুষ, উচ্চ মর্যাদার অধিকারী, শহীদে মিল্লাত, উচ্চ মর্যাদার ফুয়ূযাত সম্পন্ন ব্যক্তিত্ব **হযরত সাইয়্যেদ আহমদ গেসূদারায** প্রকাশ **'কল্লা শহীদ'**, আখাউড়া রেলওয়ে স্টেশন সংলগ্ন, পূর্ব পাকিস্তান (বর্তমানে বাংলাদেশ)-এর প্রশংসায়-

مرحبا از بہر سید احمد گیسو دراز মারহাবা- আয বাহরে সাইয়্যেদ আহমদ গে-সূ দারা-য	مردماں کلہ شہید گویند او را دلنواز মরদুমা-ঁ কল্লা শহীদ গো-য়ন্দ উ- রা- দিলনাওয়া-য

হযরত সাইয়্যেদ আহমদ গেসূ দারাযকে স্বাগতম।
হে বন্ধু! মানুষ তাঁকে 'কল্লা শহীদ', দয়ালু বলে থাকে।

کشتہ شد او درمیان جنگ با قوم ہنود কুশতাহ শুদ উ- দরমিয়া-নে জঙ্গ বা ক্বওমে হুনূ-দ	در شہیداں گشت شامل اندر آں دم نہ جحود দর শহী-দা-ঁ গশত শা-মিল আন্দর আ-ঁ দম নায় জুহূ-দ

হিন্দুদের সাথে যুদ্ধে তিনি শরীক হয়েছেন।
এ কথা অনস্বীকার্য যে, তিনি ওই সময় শহীদগণের অন্তর্ভুক্ত হয়েছিলেন।

سر جدا از تن سخن گوید چوں دیدند کافراں সর জুদা- আয তন সুখন গো-য়দ চূ-ঁ দীদান্দ কা-ফিরা-ঁ	قرب روضہ اش ہمہ گشتند مسلم بیگماں ক্বোরবে রওযা আশ হামাহ গশতান্দ মুসলিম বে-গুমা-ঁ

এ মুবারক দেহ থেকে ছিন্ন মস্তক কথা বলেছিলো -এটা দেখে সকল কাফির
নিঃসন্দেহে মুসলমান হয়ে গেছে তাঁর রওযা শরীফের পাশে।

Yaadri.blogspot.com

ایں کرامت گشت مشہور درمیان مردماں	روضہ پرنور او اندر اکھاوڑا بیگماں
ঈ: কারা-মাত গশ্‌ত মাশহূ-র্ দরমিয়া-নে মরদুমা:	রওযায়ে পুরনূ-র্ উ- আন্দর আখাউড়া বে-গুমা:

লোকদের মধ্যে এ কারামাত প্রসিদ্ধ ছিল,
আখাউড়ায় তার নূরানী রওযা অবস্থিত।

مردماں پرفیض باشند دائما از ذات آں	تربتش را باغ جنت سازای رب جہاں
মরদুমা: পুরফয়য বা-শন্দ দা-ইমান আয যা-তে আ:	তুরবাতাশ্‌ রা- বাগে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:

তাঁর পবিত্র সত্তা থেকে মানুষ সব সময় ফয়যপ্রাপ্ত হচ্ছেন।
হে বিশ্বরব! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুন।

نام ناظم گرتو خواہی شیر بنگالہ بداں	منکران اولیا را سیف براں بیگماں
না-মে না-যেম গরতূ খা-হী শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	মুনকেরা-নে আউলিয়া- রা- সাইফে বোর্‌রা: বে-গুমা:

এর রচয়িতার নাম যদি জানতে চাও, তবে শেরে বাংলা বলে জানো,
ওলীগণের অস্বীকারকারীদের জন্য নিঃসন্দেহে তিনি শানিত তরবারি।

در مدح مقتدائے عالماں پیشوائے فاضلاں، فائق دوراں، مرشد زماں، از خاندان عالماں، مشہور خرد وکلاں مولنٰا الحاج محمد اصغر حسین صدیقی القادری چنوتوی چاٹگامی خلیفہ مجاہد اعظم مبلغ اسلام حضرة الحاج علامہ غازی پیر سید عبد الحمید القادری البغدادی الجیلانی الحسنی والحسینی الازہری علیہما رحمة ربہما الباری وایضا در منقبت جدامجد حضرت الحاج مولانا قاضی شاہ عبدالحکیم منسوب الیہ مدرسہ حکیمیہ چنوتی ساتکانیہ چاٹگام شریف

দর মদহে মুক্বতাদা-য়ে- 'আ-লেমা-ঁ, পে-শ্‌ওয়া-য়ে- ফা-যেলা-ঁ, ফা-ইক্বে দাওরা-ঁ, মুরশিদে যামা-ঁ, আয্ খা-ন্দা-নে 'আ-লেমা-ঁ, মাশহূ-রে খুর্দ্ ও কালা-ঁ, মাওলা-না- আলহা-জ্জ মুহাম্মদ আসগর হুসাঈন সিদ্দী-ক্বী- আলক্বা-দেরী- চুনূ-তী- চা-টগা-মী-, খলী-ফায়ে মুজা-হিদে আ'যম, মুবাল্লিগে ইসলা-ম হযরাতুল হা-জ্জ 'আল্লা-মাহ্ গা-যী- পী-র্ সাইয়্যেদ 'আবদুল হামী-দ আল্‌ক্বা-দেরী- আল্‌বাগদা-দী- আল্‌জী-লা-নী- আল্‌হাসানী- ওয়াল্ হুসাইনী- আল্‌আযহারী-'আলায়হিমা- রাহমাতু রাব্বিহিমাল্ বা-রী- ওয়া আয়যান দর মানক্বাবাতে জাদ্দুল আমজাদ হযরাতুল্ হা-জ্জ মাওলা-না- ক্বা-যী- শা-হ্ 'আবদুল হাকী-ম্ মানসূ-ব ইলায়হি মাদরাসায়ে হাকীমিয়া, চুনূতী, সাতকানিয়া, চাটগাম শরীফ।

মুজাহিদে আ'যম ইসলামের প্রচারক, হযরতুল হাজ্জ আল্লামা গাযী পীর সাইয়্যেদ আবদুল হামীদ আল্-ক্বাদেরী আল্-বাগদাদী আল্-জীলানী আল্-হাসানী ওয়াল হুসাইনী আল-আযহারী'র খলীফা, আলিমকুলের আদর্শ, গুণীজনদের শিরমণি, যুগশ্রেষ্ঠ মুর্শিদ, আলিমদের বংশোদ্ভূত, ছোট-বড় সবার নিকট প্রসিদ্ধ, চট্টগ্রাম শরীফের চুনুতী নিবাসী **মাওলানা আলহাজ্ব মুহাম্মদ আসগর হুসাইন সিদ্দীক্বী** আল্ ক্বাদেরী'র প্রশংসায় (তাঁদের দু'জনের উপরই তাঁদের মহামহিম স্রষ্টার রহমত বর্ষিত হোক)। তদসঙ্গে (তাঁর) সম্মানিত দাদা **হযরত আলহাজ্ব মাওলানা ক্বাযী আবদুল হাকীম শাহ্**, যাঁর নামানুসারে মাদ্রাসা-ই হাকীমিয়া চুনূতী, সাতকানিয়া, চট্টগ্রাম শরীফ নিবাসীর **প্রশংসায়:**

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا	بہر شیخ اصغر حسین قادری اہل صفا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-	বাহ্‌রে শায়খে আসগার হুসাইন ক্বা-দেরী- আহ্‌লে সফা-

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম-
পবিত্রাত্মা শায়খ্ আসগর হুসাঈন সিদ্দীক্বী আল্-ক্বাদেরীকে।

پیشوائے عالمان ومقتدائے فاضلاں	رہبر راہ طریقت بود آں فخر زماں
পে-শওয়া-য়ে- 'আ-লেমা-ন্ ও মুক্বতাদা-য়ে ফা-যেলা-	রাহ্‌বরে রা-হে তুরীক্বত বূ-দ্ আ- ফখ্‌রে যামা-

তিনি আলিমকুল শিরমণি, গুণীজনদের আদর্শ পুরুষ,
ওই যুগের গর্ব ত্বরীকৃত-পথের পথপ্রদর্শক ছিলেন।

از تبار اشرف ست وز گروہ عالماں	سید عبد الحمید ست را خلیفہ بیگماں
আয্ তবা-রে আশরাফাস্ত ও যে গোরো-হে 'আ-লেমা-	সাইয়্যেদ 'আবদুল হামী-দাস্ত রা- খলীফা বে-গুমা-

তিনি অভিজাত বংশের লোক আর আলিমগণের দলভুক্ত।
তিনি হযরত সাইয়্যেদ আবদুল হামীদের খলীফা, এতে সন্দেহ নেই।

بہر مولانا بدانی صد ہزاراں مرحبا	نام آں عبد الحکیم ست یادگار اولیا
বাহ্‌রে মাওলা-না- বেদা-নী সদ হাযা-রা- মারহাবা-	না-মে আ- 'আবদুল হাকী-মাস্ত ইয়া-দগা-রে আউলিয়া-

জেনে রেখো! ওই মাওলানাকে শত-সহস্র স্বাগতম।
তাঁর নাম আবদুল হাকীম ওলীগণের স্মৃতিস্মারক।

جدامجد بہر آں اصغر حسین ست بیگماں	مدرسہ کردہ بنا نامش حکیمیہ بداں
জাদ্দে আমজাদ বাহ্‌রে আ- আসগর হুসাঈনাস্ত বে-গুমা-	মাদরাসাহ্ কর্দাহ্ বেনা- না-মশ হাকী-মিয়া বেদা-

তিনি (মাওলানা আবদুল হাকীম) ওই আসগর হুসাইনের পিতামহ,এতে সন্দেহ নেই।
তিনি মাদরাসা প্রতিষ্ঠা করেছেন, যাঁর নামানুসারে (চুনুতী) হাকীমিয়া মাদরাসা।

Yqadri.blogsp

در چنوتی مرقد انوار او شاں بیگماں	مردماں پرفیض باشند دائما از ذات آں
দর চুনূ-তী- মারক্বাদে আনওয়া-রে উ- শা: বে-গুমা:	মর্দুমা: পুরফয়য্ বা-শন্দ দা-ইমান আয যা-তে আ:

নিঃসন্দেহে চুনূতীতে তাঁর মাযার শরীফ অবস্থিত।
সবসময় মানুষ তাঁর সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হয়ে আসছে।

تربت شاں جنت الفردوس گرداں اے خدا	استجب یارب طفیل سرور ہر دوسرا
তুরবতে শা: জান্নাতুল ফিরদাউস গর্দা: আয় খোদা.	ইস্তাজিব্ এয়া রব্ তোফায়লে সরওয়ারে হার দো-সরা-

হে খোদা! তাঁর ক্ববর শরীফকে জান্নাতুল ফিরদাউস করে দিন!
হে রব! আমার এ ফরিয়াদ ক্ববূল করুন উভয় জাহানের সরদারের ওসীলায়।

پسر او مولنا آں اظہر حسین ست بیگماں	ولد صالح یادگارش تا داشتہ اندر جہاں
পেসরে উ- মাওলা-না আ: আযহার হুসাঈনাস্ত বে-গুমা:	ওয়ালাদে সালেহ্ ইয়াদগা-রশ তা দা-শ্তাহ্ আন্দর জাহা:

নিঃসন্দেহে তাঁর পুত্র হলেন ওই মাওলানা আযহার হুসাঈন।
যিনি তাঁর সুসন্তানকে তাঁর স্মৃতিস্মারক হিসেবে পৃথিবীতে রেখে গেছেন।

آں منیجر مطبع اسلامیہ لیتھو بداں	یاالٰہی زندہ دارش تا بقائے ایں جہاں
আ: ম্যানেজার মাত্ববা'এ ইসলা-মিয়া লিথো বেদা:	ইয়া- ইলা-হী- যিন্দাহ্ দা-রশ তা- বক্বা-এ- ঈ: জাহা:

জেনে রেখো! তিনি হলেন ইসলামিয়া লিথো প্রেসের ম্যানেজার।
হে আল্লাহ! তাকে এ দুনিয়ার স্থায়িত্বকাল পর্যন্ত জীবিত রাখুন!

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں	منکران سنیاں را سیف براں بیگماں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:	মুনকেরা-নে সুন্নিয়া: রা- সায়ফে বোররা: বে-গুমা:

এর রচয়িতার নাম যদি জানতে চাও, তবে জেনে রেখো (তিনি) 'শেরে বাংলা'।
তিনি সুন্নীদের অস্বীকারকারীদের জন্য নিঃসন্দেহে 'শানিত তরবারি'।

در منقبت فخر العلماء، بدر الفضلاء، الحبر القمقام والنحریر الطمطام، العالم الیلمعی والفاضل اللوزعی، شمس المناظرین، سند المدققین، رأس المحققین، زبدۃ المحدثین، بقیۃ السلف، حجۃ الخلف، مصنف ترویج الحسنات فی جواز الخیرات حضرت مولنا وجیہ اللہ سندیپی رحمۃ اللہ تعالی علیہ۔

দর মানক্বাবাতে ফখরুল 'ওলামা-, বাদরুল ফুদ্বালা-, আল্‌হাবরুল ক্বামক্বা-ম, ওয়ান্ নিহরী-রুত্ তামত্বা-ম, আল্'আ-লিমুল ইয়ালমা'ঈ ওয়াল্ ফা-দ্বিলুল লাওযা'ঈ, শামসুল মুনা-যেরী-ন, সানাদুল মুনাক্বক্বিক্বী-ন, রা'সুল মুহাক্বক্বিক্বী-ন, যুবদাতুল মুহাদ্দিসী-ন, বাক্বিয়্যাতুস্ সালাফ, হুজ্জাতুল খালাফ, মুসান্নিফে 'তারভী-জুল হাসানা-ত্ ফী- জাওয়া-যিল্ খায়রা-ত' হযরত মাওলা-না- ওয়াজী-হুল্লা-হ্ সনদী-পী- রাহমাতুল্লা-হি তা'আ-লা- আলায়হি।

ওলামাকুলের গর্ব, গুণীজনদের পূর্ণিমাচাঁদ, প্রসিদ্ধ আলিমে দ্বীন, সুখ্যাত সাহিত্যিক; বিজ্ঞ আলিম, বিশিষ্ট গুণী, মুনাযেরগণের সূর্য, সূক্ষ্মতম গবেষকদের প্রধান, মুহাদ্দিসকুলের মুখ্যব্যক্তি, পূর্ববর্তীদের অবশিষ্ট, পরবর্তীদের দলীল, 'তারভীজুল হাসানাত ফী জাওয়াযিল খায়রাত'-এর প্রণেতা **হযরত মাওলানা ওয়াজীহ্ উল্লাহ্ সন্দ্বীপী** রাহমাতুল্লাহি তা'আলা আলায়হির প্রশংসায়-

بہر مولنا وجیہ اللہ ہزاراں مرحبا বাহরে মাওলা-না- ওয়াজী-হুল্লা-হ্ হাযা-রা: মারহাবা-	فخر علماء در زمانش بود آں مرد خدا ফখরে ওলামা- দর যমা-নশ বূ-দ্ আ: মর্দে খোদা-

মাওলানা ওয়াজীহ্ উল্লাহ্‌কে হাজারো স্বাগতম-
ওই মর্দে খোদা তাঁর যুগের আলিমকুলের গর্ব ছিলেন।

مقتدائے عالماں و پیشوائے فاضلاں মুক্বতাদা-এ- 'আ-লেমা-ন ও পে-শওয়া-এ- ফা-যেলা:	مثل او در ہند و پاکستان نہ بینم بیگماں মিসলে উ- দর হিন্দ্ ও পা-কিস্তা-ন্ নাহ্ বীনাম বে-গুমা:

তিনি আলিমকুলের আদর্শ, গুণীজনদের শ্রেষ্ঠ (পেশোয়া)।
পুরো পাকিস্তান ও ভারতে আমি তাঁর মতো কাউকে দেখিনি।

بود او اعظم مناظر درمیان سنیاں বূ-দ্ উ- আ'যম মুনা-যের দরমিয়া-নে সুন্নিয়া:	زہر قاتل بود لیکن از برائے وہابیاں যাহ্‌রে ক্বা-তিল বূ-দ্ লে-কিন্ আয্ বরা-য়ে ওয়াহ্‌বিয়া:

তিনি ছিলেন সুন্নীদের মধ্যে মুনাযির-ই আ'যম।
তিনি প্রাণনাশক বিষও, তবে তা ওহাবীদের জন্যই।

رکن اعظم بود بہر اہلسنت بیگماں রুকনে আ'যম বূ-দ্ বাহ্‌রে আহলে সুন্নাত বে-গুমা:	صاحب تقریر بود و صاحب تصنیف داں সা-হেবে তাক্বরী-র্ বূ-দ্ ও সা-হেবে তাসনী-ফ্ দা:

তিনি নিঃসন্দেহে সুন্নী মুসলমানদের জন্য মহাস্তম্ভ।
তিনি সুবক্তাও ছিলেন, সুলেখকও -এ কথা মনে রেখো!

مولد او مرقدش ہم اندر آں سندیپ داں মাওলেদে উ- মারক্বাদাশ হাম্ আন্দর আ: সন্দী-প দা:	تربتش را باغ جنت ساز ای رب جہاں তুরবাতাশ্ রা- বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:

জেনে রেখো! তাঁর জন্মস্থান ও ওফাতের স্থান ওই সন্দ্বীপে।
হে বিশ্বের রব! তাঁর ক্ববরকে জান্নাতের বাগান করে দাও।

نام ناظم گر تو خواہی شیر بنگالہ بداں
না-মে না-যেম গরতূ-খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদাঃ
منکران اولیا را سیف براں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা- সায়ফে বোররাঃ বে-গুমাঃ

এর রচয়িতার নাম যদি জানতে চাও তবে জেনে রেখো (তিনি) 'শেরে বাংলা'।
তিনি সুন্নীদের অস্বীকারকারীদের জন্য নিঃসন্দেহে 'শানিত তরবারি'।

در مدح پیشوائے عارفاں، مقتدائے سالکاں، یادگار کاملاں، مشاہیر زماں، مخزن فیوضات وکمالات حضرت محمد اکبر شاہ قرب دیوان ہاٹ، دیگر باشندۂ پٹیہ، ثالث باشندۂ چیکدائر راؤجان، رابع باشندۂ پنجاب لائین پہاڑتلی چاٹگام شریف رضوان اللہ تعالی علیہم اجمعین

দর মদহে পে-শওয়া-এ- 'আ-রেফাঃ মুক্তাদা-এ- সা-লেকাঃ, এয়া-দগা-রে কা-মেলাঃ, মাশা-হী-রে যামাঃ, মাখযানে ফুয়ূ-যা-ত ও কামা-লা-ত হযরত মুহাম্মদ আকবর শা-হ্ কোরবে দী-ওয়া-ন হা-ট, দী-গর বা-শিন্দায়ে পটিয়া, সা-লেস বা-শিন্দায়ে চী-কদা-ইর, রাউজা-ন, রা-বে' বা-শিন্দায়ে পানজা-ব লেইন, পাহা-ড়তলী-, চা-টগা-ম শরী-ফ, রিদ্বওয়া-নুল্লা-হি তা'আ-লা- 'আলায়হিম আজমা'ঈ-ন।

আরিফকুলের শিরমণি, ত্বরীক্বতপন্থীদের আদর্শ, কামিল বুযুর্গদের স্মারক, যুগের প্রসিদ্ধ ব্যক্তিত্ব, ফুয়ূযাত ও কামালাতের খনি **হযরত আকবর শাহ্** চট্টগ্রাম শরীফের দেওয়ান হাটের কাছে, অন্যজন পটিয়ায়, তৃতীয়জন রাউজানের চিকদাইর নিবাসী, চতুর্থজন পাহাড়তলীর পাঞ্জাব লেইনের অধিবাসী (তাঁদের সকলের উপর মহান আল্লাহ্ সন্তুষ্ট থাকুন)-এর প্রশংসায়-

مرحبا صد مرحبا صد مرحبا صد مرحبا
মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা- সদ মারহাবা-
بہر اکبر شاہ اربع یادگار اولیا
বাহ্রে আকবার শা-হ আরবা' এয়াদগা-রে আউলিয়া-

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওলীগণের স্মারক চারজন আকবর শাহ্কে।

روضۂ یک قرب دیوان ہاٹ دانی بیگماں
রওযায়ে এক কোরবে দীওয়ানহাট দা-নী- বে-গুমাঃ
در پٹیہ روضۂ دیگر بدانی بیگماں
দর পটিয়া রওযায়ে দীগর বদা-নী- বে-গুমাঃ

জেনে রেখো! নিঃসন্দেহে একজনের রওযা শরীফ রয়েছে দীওয়ানহাটের নিকটে,
আরো জেনে রেখো! আরেকজনের রওযা শরীফ নিঃসন্দেহে পটিয়ায়।

روضۂ ثالث میان چکدا ئرست بیگماں
রওযায়ে সা-লেস মিয়া-নে চি-কদা-ইরাস্ত বে-গুমা:
اندرآں پنجاب لائنست روضۂ رابع بداں
আন্দর আ: পানজা-ব্ লা-ইনাস্ত রওযায়ে রা-বে' বেদা:

তৃতীয় জনের রওযা শরীফটি নিঃসন্দেহে চিকদাইরে।
জেনে রেখো! পাঞ্জাব লেইনে রয়েছে চতুর্থ বুযুর্গের রওযা মুবারকটি।

مخزن کشف و کرامت بود اوشاں بیگماں
মাখযানে কাশ্‌ফও কারা-মাত বূ-দ উ- শা: বে-গুমা:
مقتدائے عارفان و پیشوائے سالکاں
মুক্বতাদা-য়ে- 'আ-রেফা-ন্ ও পে-শ্‌ওয়ায়ে- সা-লেকা:

ওই মহান ব্যক্তিগণ নিঃসন্দেহে কাশ্‌ফ ও কারামাতের ভাণ্ডার।
আরিফকুলের আদর্শ ও তৃরীক্বতপন্থীদের শিরমণি।

تربت شاں باغ جنت سازای رب جہاں
তুরবাতে শা: বা-গে জান্নাত সা-য্ আয় রব্বে জাহা:
استجب یا رب طفیل سرور پیغمبراں
ইসতাজিব ইয়া- রব তোফায়লে সরওয়ারে পয়গাম্বরা:

হে বিশ্বের রব! তাঁদের কবরসমূহকে বেহেশ্‌তের বাগিচায় পরিণত করুন!
নবীগণের সরদারের ওসীলায় হে (আমার) রব! (এ দো'আ) কবূল করুন।

نام ناظم گر تو خواہ شیر بنگالہ بداں
না-মে না-যেম গর তূ খা-হী- শে-রে বাঙ্গা-লাহ্ বেদা:
منکران اولیاء را سیف برّاں بیگماں
মুনকেরা-নে আউলিয়া- রা- সায়ফে বোররা- বে-গুমা:

এর রচয়িতার নাম যদি জানতে চাও তবে জেনে রেখো (তিনি) 'শেরে বাংলা'।
তিনি সুন্নীদের অস্বীকারকারীদের জন্য নিঃসন্দেহে 'শানিত তরবারি'।

www.Facebook.com/Y.BICS

Www.Facebook.com/Hafezyusuf90

Www.Twitter.com/Aayqadri

Www.Instagram.com/Aayqadri

Www.Yqadri.tumblr.com

Www.Yqadri.blogspot.com

Www.Yqadri.WordPress.com